গ্রন্থাবলী সিরিজ

বৈষ্ণব মহাজন-পদাবলী

(দ্বিতীয় খণ্ড)

বিদ্যাপতি-পদাবলী

জীবনী সহ সমগ্র—সটীক—পরিবর্দ্ধিত সংস্করণ

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়-প্রতিষ্ঠিত

বসুমতী-সাহিত্য-মন্দির হইতে

শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

[নব পর্য্যায়—দ্বিতীয় সংস্করণ]

কলিকাতা, ১৬৬নং বহুবাজার ষ্ট্রীট, "বসুমতী-বৈদ্যুতিক-রোটারি মেসিনে"

শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় মুদ্রিত

মূল্য ১৲ এক টাকা।

গ্রন্থাবলী সিরিজ

বৈষ্ণব মহাজন-পদাবলী

(দ্বিতীয় খণ্ড)

বিদ্যাপতি-পদাবলী

জীবনী সহ সমগ্র—সটীক—পরিবর্দ্ধিত সংস্করণ

[নব পর্য্যায়—দ্বিতীয় সংস্করণ]

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রতিষ্ঠিত
বসুমতী-সাহিত্য-মন্দির হইতে
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

গ্রন্থাবলী সিরিজ

বৈষ্ণব মহাজন-পদাবলী

(দ্বিতীয় খণ্ড)

বিদ্যাপতি-পদাবলী

জীবনী সহ সমগ্র—সটীক—পরিবর্দ্ধিত সংস্করণ

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়-প্রতিষ্ঠিত
বসুমতী-সাহিত্য-মন্দির হইতে
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

[নব পর্য্যায়—দ্বিতীয় সংস্করণ]

কলিকাতা, ১৬৬নং বহুবাজার ষ্ট্রীট, "বসুমতী-বৈদ্যুতিক-রোটারি মেসিনে"
শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় মুদ্রিত

মূল্য ১৲ এক টাকা।

ভূমিকা

কবিশেখর বিদ্যাপতির পদাবলী পাঠের সঙ্গে সঙ্গে তাঁহার সম্বন্ধে অনেকগুলি বিষয় জ্ঞাতব্য, শ্রোতব্য ও দ্রষ্টব্য বিবেচিত হইতে পারে। সেগুলি সবিস্তার লিখিতে হইলে একখানি ক্ষুদ্র গ্রন্থ হইয়া দাঁড়ায়, ভূমিকায় তাহা বিবৃত করা অসম্ভব। সুতরাং সংক্ষেপে কিঞ্চিন্মাত্র প্রকটিত হইল।

পদবিন্যাস

বিদ্যাপতিকৃত পদাবলীর পদবিন্যাস দেখিলে তাঁহার কবিত্ব ও কৃতিত্ব সম্বন্ধে ভূয়সী প্রশংসা না করেন, ঈদৃশ মনীষী অতীব বিরল—নাই বলিলেও অত্যুক্তি হয় না। পদাবলীর লালিত্য, বিন্যাস-কৌশল, ভাবপ্রবাহ যার-পর-নাই সুমধুর। যেমন—

"দিনে দিনে পয়োধর ভৈ গেল পীন।
বাঢ়ল নিতম্ব মাঝ ভেল ক্ষীণ॥"

দেখুন, কি মধুর! কি মনোহারিণী রচনা! কিরূপ প্রাণ-মাতানো ভাবরসে ভরপূর!

ভাষা

বিদ্যাপতি মিথিলাবাসী। মৈথিলী ভাষাতেই তাঁহার পদাবলী বিরচিত। এই ভাষা অনেকটা বঙ্গভাষার অনুরূপ; সুতরাং অর্থবোধ করিতে আমাদিগকে বিশেষ প্রয়াস পাইতে হয় না। তিনি সংস্কৃতে বিশেষ অভিজ্ঞ ছিলেন বটে, কিন্তু পদাবলী রচনায় কবিবর সংস্কৃত ভাষার অনুসরণ করেন নাই। মিথিলায় যেরূপ লিপি-প্রণালী প্রচলিত আছে, সেই প্রণালীর অনুবর্ত্তী হইয়াই তিনি পদাবলী রচনা করিয়াছেন; তবে স্থানে স্থানে তাঁহার স্বেচ্ছাকৃত প্রণালীও দৃষ্টিগোচর হয়। আবৃত্তির সময়ে হ্রস্ব ও দীর্ঘ উচ্চারণের প্রভেদ রক্ষা করা মিথিলাবাসীদিগের একমাত্র লক্ষ্য। অর্থাৎ যাহাতে ছন্দ বজায় থাকে, হ্রস্ব-দীর্ঘ উচ্চারণের দোষে ছন্দোভঙ্গ না হয়, আবৃত্তিকালে মিথিলাবাসীরা সেই দিকে বিশেষ দৃষ্টি রাখিয়া থাকেন। এই জন্যই এক শব্দের বানান স্থানান্তরে অন্যরূপ দৃষ্ট হইয়া থাকে। আমাদের দেশের সঙ্কলনকর্ত্তা বা সম্পাদক মহাশয়রা উহা অশুদ্ধ বিবেচনা করিয়া সংশোধন করিয়াছেন; কিন্তু তাহা যুক্তিসঙ্গত নহে। যেমন—

"সহজহি সুন্দরি বড়ি রাহী।"

আবার—

"রসবতী রমণীরতন ধনী রাই।"

'রাহী' শব্দের অর্থ রাধা, 'রাই' শব্দের অর্থও 'রাধা।' 'রাহী' শব্দের স্থানে যদি 'রাই' শব্দ লিখিত বা পঠিত হয়, তবে ছন্দোভঙ্গ হইয়া যায়।

বিদ্যাপতির গীতে স্থানে স্থানে 'মোরঙ্গ' ভাষার মিশ্রণও দৃষ্ট হইয়া থাকে। বিদ্যাপতির জীবিতাবস্থায় মিথিলার উত্তরে নেপালের তরাইয়ে মোরঙ্গ দেশে ঐ মোরঙ্গ ভাষা প্রচলিত ছিল। বিদ্যাপতির কোন কোন গানের সুরও 'পাহাড়ী মোরঙ্গ' বলিয়া লিখিত আছে।

শুদ্ধাশুদ্ধ

আমাদের দেশে বিদ্যাপতির পদাবলাগ্রন্থ যতগুলি মুদ্রিত হইয়াছে, কোনখানির সঙ্গেই অপরখানির পাঠের মিল দেখিতে পাওয়া যায় না। ইহা সঙ্কলনকর্ত্তাদিগের দোষ। মিথিলাবাসীরা প্রাচীন পুথির পাঠ প্রাণান্তে পরিবর্ত্তিত করেন না; কিন্তু আমাদের দেশের সঙ্কলনকারেরা পরিবর্ত্তন করিয়াই যত গোলযোগ বাধাইয়াছেন। যেমন মৈথিলী ভাষায় 'পথল' ও 'পেথলোঁ' এই দ্বিবিধ আকারের শব্দ দৃষ্ট হয়। ইহার অর্থ একই; কেবল ছন্দের উপযোগী বিবেচনায় যেখানে যেটি পাঠের যোগ্য, সেখানে সেইটিই প্রকৃত পুথিতে দৃষ্ট হয়। কিন্তু আমাদের বঙ্গদেশে মুদ্রিত অধিকাংশ পুস্তকে ঐ শব্দের পরিবর্ত্তে 'পেথনু' সন্নিবেশিত দেখিতে পাওয়া যায়। ইহাতে যে ছন্দোভঙ্গ হয়, সঙ্কলনকর্ত্তারা সে দিকে দৃষ্টি রাখেন না। এই

কারণেই অস্মদ্দেশের মুদ্রিত পুস্তকগুলি ভ্রমপ্রমাদে পরিপূর্ণ হইয়াছে।

উপাধি

মিথিলাতে বিদ্যাপতির যে সকল পদাবলী হস্তলিখিত পুথিতে দেখিতে পাওয়া যায়, তাহাতে তাঁহার পাঁচটি উপাধি পরিলক্ষিত হইয়া থাকে; (১) কবিশেখর, (২) দশাবধান, (৩) কবি-কণ্ঠহার, (৪) পঞ্চানন, (৫) অভিনব জয়দেব। এই পাঁচটি উপাধির মধ্যে কবিশেখর উপাধিটি বঙ্গদেশের অনেকে বিশ্বাস করেন না। তাঁহারা বলেন, বঙ্গদেশে রায়শেখর নামে যে কবি ছিলেন, তাঁহারই উপাধি—কবিশেখর। কিন্তু এ কথা বিশ্বাসযোগ্য নহে। কারণ, মিথিলায় প্রচলিত পুস্তকসমূহে অনেক পদের ভণিতায় 'কবিশেখর' উপাধি দৃষ্ট হইয়া থাকে। 'পদামৃত-সমুদ্র' 'গীত-চিন্তামণি' প্রভৃতি গ্রন্থে উহার ভূরি ভূরি দৃষ্টান্ত আছে।

দৈনিক কার্য্য

বিদ্যাপতি রাজপণ্ডিত ছিলেন এবং রাজসভায় প্রত্যহ যথাকালে উপস্থিত থাকিতেন বটে, কিন্তু অধ্যাপনাকার্য্যে তিনি কোন দিনই অবহেলা করেন নাই। নানা দেশ হইতে বহুসংখ্য ছাত্র তাঁহার নিকট আসিয়া অধ্যয়ন করিত। তিনি ছাত্রদিগের ভরণপোষণের ব্যয় নিজেই প্রদান করিতেন, তজ্জন্য কাহারও নিকট অর্থপ্রত্যাশী হইতেন না। শাস্ত্রনিষিদ্ধ দিন ব্যতীত অন্যান্য দিনে যথাকালে যত্নের সহিত তিনি ছাত্রদিগকে নানাবিধ শাস্ত্র অধ্যয়ন করাইতেন। ছাত্রেরাও তাঁহার প্রতি যথাযোগ্য ভক্তি প্রদর্শন করিত এবং তাঁহার কোন আদেশপালনে বিমুখ হইত না।

কৃতিত্ব

বিদ্যাপতির কৃতিত্ব সম্বন্ধে অধিক বলা নিষ্প্রয়োজন। এইমাত্র বলিলেই যথেষ্ট হইবে—যখন দিল্লীশ্বর রাজা শিবসিংহকে ধরিয়া রাজধানীতে লইয়া যান, তাঁহাকে চিরকারারুদ্ধ রাখিবেন বলিয়া কল্পনা করেন, তখন মহাকবি বিদ্যাপতি স্বয়ং দিল্লীতে গমন পূর্ব্বক মোহকরী কবিতার ছটায় দিল্লীশ্বরকে বিমুগ্ধ ও সন্তুষ্ট করিয়া রাজাকে উদ্ধার করিয়া আনেন। ইহা যে সাধারণ কৃতিত্বের পরিচয় নহে, তাহা বলাই বাহুল্য।

তন্ময়তা

কবিশেখর বিদ্যাপতি যে কেবল পদাবলী-রচনা করিয়া প্রতিষ্ঠালাভের বাসনা করিতেন, তাহা নহে। তিনি তন্ময়ভাবে পরাৎপর পরমেশ্বরের ধ্যানে তদ্‌গতচিত্ত থাকিতেন। মিথিলায় অনেকানেক প্রাচীনগণের মুখে প্রবাদ প্রচলিত আছে যে, যখন তিনি নিত্যপূজাবসানে ভগবদ্ধ্যানে নিবিষ্ট হইতেন, তখন তাঁহার বাহ্যজ্ঞান যেন একেবারে বিলুপ্ত হইয়া যাইত। তিনি নিশ্চল নিস্পন্দভাবে উর্দ্ধনেত্রে এমন ভাবে উপবিষ্ট থাকিতেন, যেন তাঁহার দেহ হইতে প্রাণপাখী বহির্গত হইয়া কোন্ ভাবরাজ্যে উড়িয়া বেড়াইতেছে। এইরূপ ভাবে বহুক্ষণ থাকিয়া একটি সুদীর্ঘ নিশ্বাসত্যাগের পর আবার প্রকৃতিস্থ হইতেন।

সম্প্রদায়নির্ণয়

আমাদের বঙ্গদেশে সাধারণের বিশ্বাস, বিদ্যাপতি বৈষ্ণব ছিলেন; বৈষ্ণব কবি বলিয়াই তিনি প্রসিদ্ধ। কিন্তু প্রকৃতপক্ষে তিনি শৈব ছিলেন—শিবমন্ত্রেই তিনি দীক্ষা লাভ করেন। হরগৌরীই তাঁহার প্রধানতম আরাধনার বস্তু। তাই বলিয়া তিনি যে অন্য দেবদেবীর প্রতি বীতশ্রদ্ধ ছিলেন, তাহা নহে; বিষ্ণু, লক্ষ্মী, দুর্গা, কালী প্রভৃতি সর্ব্বদেবদেবীগণের প্রতিই তাঁহার পরমা ভক্তি বিদ্যমান ছিল। ধীরেশ্বর, বীরেশ্বর, চণ্ডেশ্বর ইত্যাদি নামে তাঁহার পূর্ব্বপুরুষগণ অভিহিত হইতেন; ইহাতেই বুঝা যায় যে, বিদ্যাপতি পুরুষানুক্রমে শৈব-সম্প্রদায়ভুক্ত। মিথিলায় কয়েকটি স্থানে বিদ্যাপতি-প্রতিষ্ঠিত শিবমন্দির ছিল, অনেকের মুখেই এ কথা শুনিতে পাওয়া যায়। কুলদেবী বিশ্বেশ্বরীর মন্দিরও তৎকর্ত্তৃক প্রতিষ্ঠিত ছিল। অন্তিমে বাজিতপুরে যে স্থানে তিনি দেহরক্ষা করেন, তথায় একটি শিবমন্দির প্রতিষ্ঠিত আছে। বিদ্যাপতির বাসভূমি বিসপী গ্রামের উত্তরভাগে ভেড়বা নামে একটি স্থান দৃষ্ট হয়। তথায় বাণেশ্বরলিঙ্গ প্রতিষ্ঠিত আছেন। জনরব—

বিদ্যাপতি তথায় যাইয়া প্রত্যহ ঐ লিঙ্গরাজের উপাসনা করিতেন।

শিবমন্ত্রে দীক্ষিত হইলেও শ্রীশ্রীবিষ্ণুর প্রতি বিদ্যাপতির অগাধ ভক্তি ও বিশ্বাস বিদ্যমান ছিল। তিনি হর ও হরিতে অভেদজ্ঞান করিতেন। সামান্য একটি পদে তাঁহার সেই ভক্তি ও অভেদজ্ঞানের পরিচয় পাওয়া যায়:—

"ভল হরি ভল হর ভল তুঅ কলা।
খন পীত বসন খনহি বঘছলা॥
খনে পঞ্চানন খনে ভুজ চারি।
খন শঙ্কর খন দেব মুরারি॥
খন গোকুল ভঅ চরাবথি গায়।
খন ভিখি মাগিয় ডমরু বজায়॥

* * *

এক শরীর লেল দুই বাস।
খনে বৈকুণ্ঠ খনে কৈলাস॥
ভণই বিদ্যাপতি বিপরীত বাণী।
ও নারায়ণ ও শূলপানী॥"

অহো! হর-হরিতে কি অভেদবুদ্ধি! যে সকল শাক্ত ও শৈব অস্মদ্দেশে পরস্পর দ্বন্দ্ব করিয়া থাকেন, আশা করি, এই পদাবলী পাঠ করিয়া তাঁহারা সে ভেদবুদ্ধি পরিত্যাগ করিবেন।

হরগৌরী সম্বন্ধেও বিদ্যাপতিকৃত মধুর রসের পদাবলী গ্রথিত আছে। দেখুন—

"জয় জয় শঙ্কর জয় ত্রিপুরারি।
জয় আধ পুরুষ জয় আধ নারী॥
আধ ধবল আধ তনু গোরা।
আধ সহজ কুচ আধ কটোরা॥
আধ হাড়মালা আধ গজমোতি।
আধ চন্দন শোভে আধ বিভূতি॥
আধ চেতন মতি আধ বিভোরা।
আধ পটোর আধ মুঞ্জ ডোরা॥
আধ যোগ আধ ভোগ বিলাসা।
আধ পিধান আধ নগবাসা॥
আধ চান্দ আধ সিন্দূর-শোভা।
আধ বিরূপ আধ জগ-লোভা॥
ভণে কবিরঞ্জন বিধাতা জানে।
দুই করি বাটল এক পরাণে॥"

আহা, কি মধুর ভক্তিরসের প্রবাহ! যেন গোমুখী-নিঃসৃত মন্দাকিনীধারার ন্যায় পবিত্র ভক্তিধারার প্রবাহ ত্রিতাপদগ্ধ মানবের অন্তরাত্মা জুড়াইবার জন্য অবিরলধারে উজান বহিয়া চলিতেছে। এরূপ পদাবলী পাঠ করিয়া কোন্ ভক্তের হৃদয় ভক্তিরসে আপ্লুত না হয়? ইহার গূঢ় মর্ম্ম – নিগূঢ় তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিলে কাহার হৃদয়গত আবিলতা বিদূরিত না হইয়া থাকে?

শিবভক্তির পরাকাষ্ঠা

বিদ্যাপতির অলৌকিকী ভক্তিতে প্রীত হইয়া দেবাদিদেব মহাদেব ছদ্মবেশে তাঁহার গৃহে ভৃত্যরূপে অধিষ্ঠান করিতেন, এইরূপ একটি প্রবাদ প্রচলিত আছে। উগনা নামে একটি ভৃত্য বিদ্যাপতির গৃহে অবস্থান পূর্ব্বক তাঁহার দাসত্ব করিত। এই উগনাই স্বয়ং দেবাদিদেব মহেশ্বর। মহাদেব যে স্বয়ং ভৃত্যবেশে অবস্থিতি করিতেছেন, বিদ্যাপতি তাহা জানিতে পারেন নাই। একদা বিদ্যাপতি উগনাকে সঙ্গে লইয়া কোন কার্য্যের জন্য স্থানান্তরে গমন করেন। পথিমধ্যে পিপাসায় তাঁহার কণ্ঠতালু শুষ্ক হইয়া উঠে। তৃষ্ণানিবারণার্থ তিনি ভৃত্যকে পানীয় জল আনিতে আদেশ দেন। উগনার মস্তকে কতকগুলি জটা ছিল; বিদ্যাপতি জানিতে না পারেন, এরূপ ভাবে অলক্ষিতে উগনা জটা হইতে জল বাহির করিয়া প্রভুর হস্তে প্রদান করিল। বিদ্যাপতি উহা পানান্তে পরম পরিতৃপ্ত হইয়া কহিলেন, "হাঁ রে উগনা, বড়ই পরিতৃপ্ত হইলাম। এরূপ সুশীতল সুস্নিগ্ধ গঙ্গাজল কোথায় পাইলি? এ স্থানের নিকটে ত গঙ্গার অস্তিত্বও নাই! তুই কোন্ স্থান হইতে জল আনিলি, আয়, আমাকে দেখাইয়া দে।" উগনার তখন মহাসঙ্কট উপস্থিত। সে কোন উত্তর না দিয়া মৌনভাবে অবস্থিত রহিল। বিদ্যাপতি পুনঃ পুনঃ তাহাকে পীড়াপীড়ি করিতে লাগিলেন। উগনারূপী শঙ্কর তখন কহিলেন, "আমি স্বয়ং কৈলাসেশ্বর সদাশিব। তোমার ভক্তিতে প্রীত হইয়া তোমার গৃহে দাসত্ব স্বীকার করিয়াছি। এখন একটি কথা স্মরণ রাখিও। আমার পরিচয় যাহাতে অন্যের নিকট প্রকাশ না পায়, তাহা করিলেই আমি তোমার গৃহে অধিষ্ঠান করিব; প্রকাশ হইলে আর আমায় দেখিতে

পাইবে না—আঁমাকে অন্তর্হিত হইতে হইবে।” বিদ্যাপতি তাহাতেই সম্মত হইয়া—নানারূপে স্তুতিবাদ পূর্ব্বক তাঁহাকে সঙ্গে করিয়া স্বগৃহে প্রত্যাগত হইলেন। উগনা বিদ্যাপতির গৃহেই রহিল।

বিদ্যাপতির সহধর্ম্মিণী নারীস্বভাবসুলভ ক্রোধের বশবর্ত্তিনী ছিলেন। একদা তিনি কোন দ্রব্য আনয়নের জন্য উগনাকে আদেশ করেন। উগনা আদেশপালনে প্রস্থান করিল। অনেক বিলম্ব হইল, উগনা বহুক্ষণ পরে প্রত্যাবৃত্ত হইতেছে দেখিয়া গৃহিণী ক্রোধে অন্ধপ্রায় হইয়া উঠিলেন; একগাছি যষ্টিহস্তে উগনাকে প্রহার করিতে ধাবমানা হইলেন। অনতিদূর হইতে এই ঘটনা প্রত্যক্ষ করিয়া বিদ্যাপতির আত্মবিস্মরণ হইল—পূর্ব্বপ্রতিশ্রুতি বিস্মৃত হইলেন। তিনি উচ্চৈঃস্বরে বলিয়া উঠিলেন,—“কি কর, কি কর, ক্ষান্ত হও। প্রত্যক্ষ শিবের অঙ্গে আঘাত করিও না। উগনা মনুষ্য নহে, ছদ্মবেশী স্বয়ং সাক্ষাৎ দেবদেব উমাপতি।” যেমন এই কথা বলা, অমনই উগনারূপী সদাশিব তিরোধান প্রাপ্ত হইলেন। তখন বিদ্যাপতির চৈতন্যোদয় হইল। তিনি কান্দিতে কান্দিতে তারস্বরে বলিয়া উঠিলেন,—“হায় হায়! কি হইল? আমার উগনা কোথায়? আমার অন্তরের ধন মহেশ্বর কোথায়? উগনা যখন গেল, তখন ত্রিভুবনের রাজত্বও আমার নিকট তুচ্ছ।”

আহা! কি মহাভাবের অভিব্যক্তি! কি অলৌকিকী ভক্তির পরাকাষ্ঠা! এরূপ অকপট শিবভক্তি একমাত্র বিদ্যাপতি ভিন্ন আর কাহার সম্ভবে?

শ্রীরামচন্দ্রের প্রতিও বিদ্যাপতির পরমা অটলা ভক্তি বিদ্যমান ছিল। নিম্নলিখিত পদাবলীটি পাঠ করিলে উহা সহজেই হৃদয়ঙ্গম হইবে:—

“তাঁত বচনে বেকলে খেপল
জনম দুখহি দুখে গেলা।
স্ত্রীয়ক শোকে স্বামী সন্তাপল
বিরহে বিখিণ তনু ভেলা॥ ১॥
মনে রাঘব জাগে।
রামচরণ চিত লাগে॥ ২॥
কনক মিরিগ মারি বিরাধ বধল বালি
বানর সেনা বটুরাই।
সেতুবন্ধ দিয় রাম লঙ্কা নিয়
রাবণ মারি লড়াই॥ ৩॥
দশরথনন্দন দশশিরখণ্ডন
ত্রিভুবন কে নহি জানে।
সীতাদেবীপতি রামচরণগতি
কবি বিদ্যাপতি ভণে॥ ৪॥”

এই পদাবলীটি পাঠ করিলে স্পষ্টই বুঝিতে পারা যায় যে, রামচন্দ্র যে শ্রীহরির পূর্ণাবতার এবং তিনি যে ব্যক্তিমাত্রেরই উপাস্য, কবিশেখর বিদ্যাপতির হৃদয়ে এ ধারণা প্রস্ফুটরূপে বিদ্যমান ছিল।

হর-হরিতে বিদ্যাপতির যে অভেদ-জ্ঞান ছিল, অনেকগুলি পদাবলীতে তাহার সুস্পষ্ট প্রমাণ পাওয়া যায়। নিম্নে যে পদাবলীটি উদ্ধৃত হইল, একবার তৎপ্রতি দৃষ্টিক্ষেপ করিয়া দেখুন:—

“খেলে লখমী ভবানী ঋতু বসন্ত।
গৌরী ভ্রূকুটিল দেখী করে অনন্ত॥ ১॥
লক্ষ্মী:—ঈশ্বর নাম ধরু কোন অজ্ঞান।
ছাড়ি তুরগ বৃষহা পলান॥ ২॥
জটা ভুজঙ্গম অঙ্গ চাহ।
এ মত উমন গৌরি তোর নাহ॥ ৩॥
গৌরী:—মাছ কছ ব্যাধ বরাহ।
বামন কুবজা তোহার নাহ॥ ৪॥
দছিণা যাচথি বলিক থান।
তব ন বরজলহ আপন কান॥ ৫॥
লক্ষ্মী:—কুলবিহীন তপসীক বেশ।
সঙ্গ লাগি গৌরি ফিরহ দেশ॥ ৬॥
তোহরা নহি সুর মুনিক লাজ।
স্বামী নচৌলহ কোন কাজ॥ ৭॥
গৌরী:—উদবিতনয়া হরু তোহার জ্ঞান।
খোঁজি বিয়হলহ আহীর কান॥ ৮॥
সদা বসথি যমুনাক তীর।
পরযুবতীকের হরথি চীর॥ ৯॥
হস শিবশঙ্কর ও মুরারি।
দুহ জনিকে ভাল হইছ গারি॥ ১০॥
ভণ জয়দেব হরি-হরক দাস।
নীলকণ্ঠ হরি পূরথু আশ॥ ১১॥

অর্থাৎ বসন্তকালে লক্ষ্মী ও ভবানী ক্রীড়া করিতেছেন। গৌরী ভ্রূকুটি করিয়া লক্ষ্মীকে পরিহাসচ্ছলে অনন্ত (অনবরত) গালি দিলে

তিনি বলিতেছেন,—কোন্ অজ্ঞান হরের ঈশ্বর নাম দিয়াছে? অশ্ব ছাড়িয়া তিনি বৃষ আরোহণ করেন। অঙ্গে সাপ ও জটা। গৌরি, এমন পাগল তোর স্বামী?

গৌরী:—তোমার স্বামী মাছ, কচ্ছপ, বরাহ, বামন প্রভৃতি নানা আকার ধারণ করেন, আবার বলির কাছে দক্ষিণা যাচ্ঞা করেন। তবুও তুমি আপনার কানাইকে ত্যাগ করিলে না?

লক্ষ্মী:—তুমি সেই কুলবিহীন তপস্বীর সঙ্গলাভের জন্য দেশে দেশে ঘুরিয়া বেড়াও। সুর, মুনি প্রভৃতি কাহাকেও তোমার লজ্জা নাই। স্বামীকে এরূপে নাচাইয়া লাভ কি?

গৌরী:—লক্ষ্মি! তোমার জ্ঞান কিছুমাত্র নাই। চারিদিক্ খুঁজিয়া গোপ কানাইকে বিবাহ করিয়াছ। সে সর্ব্বদা যমুনাতীরে বসিয়া থাকে এবং পরস্ত্রীর বসন চুরি করে।

শঙ্কর ও হরি উভয়ে হাসিয়া পরস্পরকে বলিতেছেন, উভয়ের চমৎকার গালি হইতেছে! হরি-হরের দাস জয়দেব (বিদ্যাপতি) বলিতেছেন, মহাদেব ও হরি আশা পূর্ণ করুন।

রহস্যচ্ছলে—কৌতুকব্যপদেশে—অন্তর্নিহিত ভক্তির উত্তেজনায় কি রসের লহরী বহিয়া যাইতেছে, ভক্তিপ্রবাহের কি মনোহারিণী পীযূষধারায় কবিশেখরের হৃদয়কন্দর অভিষিক্ত ছিল, এই পদাবলীই তাহার প্রকৃষ্ট উজ্জ্বল প্রমাণ।

রসগ্রাহিতা ও ভাবপ্রবণতা

কবিশেখর বিদ্যাপতির রচিত পদাবলী অভিনিবেশ সহকারে পাঠ করিলে স্পষ্টই বুঝিতে পারা যায় যে, রসগ্রাহিতা ও ভাবপ্রবণতাগুণে তিনি জগতে মহান্ হইতেও মহীয়ান্ ছিলেন। পদাবলী-রচনার সময় সকল প্রকার রসই যেন তাঁহার হৃদয়কন্দরে যুগপৎ সঞ্চিত হইত এবং তিনি যখন পদাবলী রচনা করিতেন, তখন তাঁহার প্রাণ-মন যেন আর নশ্বর পৃথিবীতে অবস্থান করিত না; যেন ভাবরাজ্যে যাইয়া পরমবস্তুর অন্বেষণে ঘুরিয়া বেড়াইত। বস্তুতঃ এরূপ রসগ্রাহিতা ও ভাবপ্রবণতা-গুণ আর কোন কবিরই রচনায় পরিদৃষ্ট হয় না।

রচনার সময়

বিদ্যাপতি কোন্ সময়ে প্রথম পদাবলী-রচনায় প্রবৃত্ত হন, কোন্ কোন্ সময়ে কোন্ কোন্ পদাবলী রচনা করেন, তাহা নিরূপণ করা অসম্ভব। কারণ, কোন্ সময়ে তাঁহার জন্ম হয় এবং কোন্ সময়ে তিনি ইহধাম ত্যাগ করেন, তাহা কিছুতেই স্থির-নির্দ্দিষ্ট করা যায় না। মিথিলায় কুলপঞ্জী আছে বটে, কিন্তু তাহাতে প্রত্যেক বংশের পরম্পরাক্রমে নাম পাওয়া যায়, পরন্তু জন্মমৃত্যুর সময় নির্দ্দেশ করা যায় না। কোন্ কোন্ পদাবলী বিদ্যাপতির তরুণ অবস্থায় রচিত আর কোন্ কোন্ পদাবলী তিনি প্রাচীন বয়সে রচনা করেন, তাহা নির্ণয় করা দুরূহ। তবে অনুমানের উপর নির্ভর করিয়া—পদাবলীর রচনা-কৌশল, পদবিন্যাস ও লালিত্য-মাধুর্য্যাদি বিবেচনা করিয়া বুঝিতে পারা যায় যে, তিনি তরুণবয়সে মৈথিলী ভাষায় পদাবলী এবং প্রবীণ বয়সে সংস্কৃত গ্রন্থাদি রচনা করিয়াছিলেন। অনেকগুলি পদে শিবসিংহের নাম দৃষ্ট হয়; ইহাতে বুঝিতে পারা যায় যে, শিবসিংহের রাজত্বকাল হইতেই কবিবরের প্রতিভা পূর্ণবিকাশপ্রাপ্ত হয়। গঙ্গাসম্বন্ধীয় গীতগুলি পাঠ করিলে সহজেই অনুমান হয়, সেগুলি কবিশেখরের বৃদ্ধবয়সের রচনা।

কবিদিগের যত বয়োবৃদ্ধি হয়, ততই তাঁহাদিগের রচিত ভাষা সরল ও সহজবোধগম্য হইয়া উঠে। বিদ্যাপতিকৃত শিব-গীতাদি অনেকগুলির ভাষা ঐরূপ; সুতরাং অনুমান করা যায় যে, ঐগুলি তাঁহার বৃদ্ধবয়সের রচনা।

যাহা হউক, বিদ্যাপতির পদাবলী যে পাঠকের হৃদয়ে ভক্তির উৎস ফুটাইয়া দেয়, তাহাতে সন্দেহমাত্র নাই। যিনি ভাবের বন্যায় সন্তরণ করিতে অভিলাষী, রসের ছড়াছড়ি দেখিয়া প্রাণ মাতাইতে যাঁহার বাসনা, অনন্ত-সুন্দরের পূতদর্শন লাভের আশায় যাঁহার প্রাণ সর্ব্বদা আকুল, দুরবগাহ ভবসাগরের অতল-স্পর্শ তলদেশে কোথায় কি রত্ন নিহিত আছে, দেখিতে যিনি ইচ্ছুক, তিনি একাগ্রমনে অভিনিবেশ সহকারে বিদ্যাপতিকৃত এই চিত্তবিনোদিনী পদাবলী গলদেশে কণ্ঠহাররূপে ধারণ করুন।

শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়।

সূচীপত্র

—০—

বন্দনা

বরাড়ী

১

নন্দক-নন্দন কদম্বেরি তরুতলে
ধীরে ধীরে মুরলি বলাব ॥ ১ ॥
সময় সঙ্কেত নিকেতন বইসল
বেরি বেরি বোলি পঠাব ॥ ২ ॥
সুন্দরি, তোরা লাগি
অনুখণে বিকল মুরারি ॥ ৩ ॥
যমুনাক তীর উপবন উদবেগল
ফিরি ফিরি ততহি নিহারি ॥ ৪ ॥
গোরস বিকে অবইতে যাইতে
জনি জনি পুছ বনমারি ॥ ৫ ॥
তোঁহে মতিমান সুমতি মধুসূদন
বচন শুনহ কিছু মোরা ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি শুন বরযৌবতি
বন্দহ নন্দকিশোরা ॥ ৭ ॥

২

দেখ দেখ রাধারূপ অপার।
অপরূপ কে বিধি আনি মিলাওল
ক্ষিতিতলে লাবণি সার ॥ ১ ॥
অঙ্গহি অঙ্গ অনঙ্গ মুরছায়ত
হেরএ পড়ই অধীর ॥ ২ ॥
মনমথ কোটি মথনকরু যে জন
সে হেরি মহী মাহ গীর ॥ ৩ ॥
কত কত লছিমী চরণতল নেউছয়
রঙ্গিণি, হেরি বিভোরি ॥ ৪ ॥
করু অভিলাষ মনহি পদপঙ্কজ
অহোনিশ কোর অগোরি ॥ ৫ ॥

১। নন্দক— নন্দের। বলাব—বাজায়।

২। বইসল—বসিল। বেরি বেরি—বার বার। বোলি—আহ্বান। পঠাব—পাঠায়।

৪। উদবেগল—উদ্বিগ্ন হইল।

৫। গোরস—দুগ্ধ। বিকে—বিক্রয়ের জন্য। অবইতে—আসিতে। জনি জনি—জনে জনে, প্রত্যেকে। বনমারি—বনমালী।

২। রাধিকার অঙ্গ-প্রত্যঙ্গ দেখিয়া অনঙ্গ মূর্চ্ছিত ও অস্থির হইয়া পড়ে।

৩। কোটি মদনমথনকারী মাধবও যেন সে রূপ দেখিয়া মাটীর মধ্যে প্রবেশ করেন।

৪-৫। নেউছয়—নির্ম্মঞ্ছন অর্থাৎ আরতি করে। রাধিকাকে দেখিয়া বহুসংখ্যক লক্ষ্মীও যেন বিভোর হইয়া তাঁহার চরণতলে নির্ম্মঞ্ছন রূপে থাকিয়া মনে করেন, ঐ পদপঙ্কজ দিবানিশি কোলে লইয়া আগলাইয়া থাকি।

—

বিদ্যাপতি

শ্রীরাধার বয়ঃসন্ধি

তিরোতা

১

শৈশব যৌবন দুহুঁ মিলি গেল।
শ্রবণক পথ দুহু লোচন নেল ॥ ১ ॥
বচনক চাতুরী লহ লহ হাস।
ধরণীয়ে চাঁদ করত পরকাশ ॥ ২ ॥
মুকুর লেই অব করত সিঙ্গার।
সখীরে পুইছই কৈছে সুরত-বিহার ॥ ৩ ॥
নিরজনে উরজ হেরই কত বেরি।
হাসত আপন পয়োধর হেরি ॥ ৪ ॥
পহিল বদরী সম পুন নবরঙ্গ।
দিনে দিনে অনঙ্গ আগেরল অঙ্গ ॥ ৫ ॥
মাধব পেখল অপরূপ বালা।
শৈশব যৌবন দুহু এক ভেলা ॥ ৬ ॥

১। দুহুঁ—দুই। শ্রবণক—কর্ণের। লোচন—দৃষ্টি। নেল—লইল, অবলম্বন করিল অর্থাৎ কটাক্ষ আরম্ভ হইল।

২। লহ—লঘু, মৃদু। কিশোরী নিজেই চন্দ্রের ন্যায় শোভাময়ী হইল অথবা কিশোরীর ঈষৎ হাস্যই পৃথিবীতে চন্দ্র প্রকাশ করিতে লাগিল। ঈষৎ হাস্য চন্দ্রিকাস্বরূপ হওয়াতে কিশোরীর মুখমণ্ডলই প্রকৃত চন্দ্র বলিয়া প্রতিভাত হইল।

৩। সিঙ্গার—শৃঙ্গার, বেশবিন্যাস। উরজ—কুচযুগল।

৪। বেরি—বার।

৫। পহিল—প্রথমে। বদরী—কুল। নবরঙ্গ—নরঙ্গ, লেবুবিশেষ।

বিদ্যাপতি কহ তুহু অগেয়ানি।
দুহু একযোগ ইহকো কহে সেয়ানি ॥ ৭ ॥

২

তিরোতা ধানশী।

দিনে দিনে পয়োধর ভৈ গেল পীন।
বাঢ়ল নিতম্ব মাঝ ভেল ক্ষীণ ॥ ১ ॥
অবহি মদন বাঢ়ায়ল দীঠ।
শৈশব সকলি চমকি দিল পীঠ ॥ ২ ॥
পহিল বদরী কুচ পুন নবরঙ্গ।
দিনে দিনে বাঢ়য়ে, পীড়য়ে অনঙ্গ ॥ ৩ ॥
সো পুন ভৈ গেল বীজক পোর।
অব কুচ বাঢ়ল শ্রীফল জোর ॥ ৪ ॥
মাধব পেখহু রমণী সন্ধান।
ঝাটহি ভেটহু করত সিনান ॥ ৫ ॥

৭। অগেয়ানি—অজ্ঞানী, অজ্ঞান। সেয়ানি—সেয়ানা বা চতুর। তুহ অগেয়ানী ইত্যাদি—তুমি অজ্ঞান, তাই শৈশব-যৌবনের মিলন বলিতেছ, কিন্তু কোন্ চতুর ব্যক্তি এ অবস্থাকে একযোগ বলিবে? এ যে নব-যৌবন!

১। ভৈ গেল—হইয়া গেল। পীন—স্থূল। মাঝ—কোমর।

২। অবহি—এখন। দীঠ—দৃষ্টি, বুদ্ধি। পীঠ—পৃষ্ঠ দিল, পৃষ্ঠ প্রদর্শন করাইল অর্থাৎ শৈশব সম্বন্ধী সকল ভাবই ভীত হইয়া পলাইল।

এখন মদনের প্রভাবে তীক্ষ্ণদৃষ্টি হইল, বুঝিবার ক্ষমতা অধিক হইল, অথবা মদন তাহার প্রতি অধিকতর দৃষ্টি দিতে লাগিল, কিম্বা মদন তাহাকে অনেকের দৃষ্টিপাতের বিষয়ীভূত করিলেন।

৫। পেখহু—দেখিলাম। ঝাটহি—সত্বর।

তনু শুক বসন তনু হিয় লাগি।
যো পুরুখ দেখত তাকর ভাগি ॥ ৬ ॥
উরহি বিলোলিত চাঁচর কেশ।
চামরে ঝাঁপল জনু কনক-মহেশ ॥ ৭ ॥
ভণয়ে বিদ্যাপতি শুনহ মুরারি।
সুপুরুখ বিলাসই সো বরনারী ॥ ৮ ॥

৩

ধানশী

ক্ষণে ক্ষণে নয়ন কোণ অনুসরই।
ক্ষণে ক্ষণে বসনধূলি তনু ভরই ॥ ১ ॥
ক্ষণে ক্ষণে দশনছটাছট হাস।
ক্ষণে ক্ষণে অধর আগে করু বাস ॥ ২ ॥
চৌঙকি চলয়ে ক্ষণে, ক্ষণে চলু মন্দ।
মনমথ পাঠ পহিল অনুবন্ধ ॥ ৩ ॥
হৃদয়জ মুকুলি হেরি থোর থোর।
ক্ষণে আঁচর দেই ক্ষণে হোয় ভোর ॥ ৪ ॥
বালা শৈশব তারুণ ভেট।
লখই না পারিয়ে জ্যেঠ কনেঠ ॥ ৫ ॥
বিদ্যাপতি কহে শুন বরকান।
তরুণিম শৈশব চিহ্নই না জান ॥ ৬ ॥

৭। উরহি—উরঃস্থলে, বুকে। কনক-মহেশ অর্থাৎ গৌরবর্ণ কুচযুগল বক্ষোবিলম্বী চামরসদৃশ কেশের দ্বারা ঢাকিল।

১-২। নয়ন ক্ষণে ক্ষণে কোণ অনুসরণ করে অর্থাৎ দৃষ্টি মধ্যে মধ্যে বক্র হয়। কখন ধূল্যবলুণ্ঠিত বস্ত্র দেহকে ধূলিধূসরিত করে; কখন স্মিতহাস্যে দন্তপংক্তির শোভা প্রকাশিত হয়, কখনও বা মুখে কাপড় ঢাকা দেয়। দশন ছটাছট—দশনছটার (সমূহের) ছটা (দীপ্তি) আছে যাহাতে।

৩। চৌঙকি—চমকি, শিহরিয়া অর্থাৎ চকিত হইয়া দ্রুতগমনে প্রয়াস পায়।

৪। হৃদয়জ—স্তন। হৃদয়জ মুকুল অর্থাৎ স্তন কম দেখিয়া কখন বক্ষে বস্ত্র দেয়, কখনও বা দিতে বিস্মৃত হয়।

৫। ভেট—সাক্ষাৎ। জ্যেঠ কনেঠ—জ্যেষ্ঠ কনিষ্ঠ।

৪

তিরোতা ধানশী

শৈশব যৌবন দরশন ভেল।
দুহু দল বলে ধনী দ্বন্দ পড়ি গেল ॥ ১ ॥
কবহু বান্ধয়ে কচ কবহু বিথারি।
কবহু ঝাঁপয়ে অঙ্গ কবহু উঘারি ॥ ২ ॥
থির নয়ান অথির কছু ভেল।
উরজ-উদয় থল লালিম দেল ॥ ৩ ॥
চরণ চঞ্চল, চিত চঞ্চল ভাণ।
জাগল মনসিজ মুদিত নয়ান ॥ ৪ ॥
বিদ্যাপতি কহে শুন বরকান।
ধৈরয ধরহ মিলায়ব আন ॥ ৫ ॥

৫

ধানশী

খেলত না খেলত লোক দেখি লাজ।
হেরত না হেরত সহচরী মাঝ ॥ ১ ॥
শুন শুন মাধব তোহারি দোহাই।
বড় অপরূপ আজু পেখনু রাই ॥ ২ ॥
মুখরুচি মনোহর অধর সুরঙ্গ।
ফুটল বান্ধুলি কমলক সঙ্গ ॥ ৩ ॥
লোচনযুগল ভৃঙ্গ আকার।
মধু মাতল কিয়ে উড়ই না পার ॥ ৪ ॥
ভাঙক ভঙ্গিম থোরি জনু।
কাজরে সাজল মদন ধনু ॥ ৫ ॥

১। শৈশব ও যৌবনের পরস্পর সাক্ষাৎ হইল, ফলে বিরোধ উপস্থিত হইল; কারণ, উভয় প্রতিদ্বন্দ্বী (শৈশব ও যৌবন) কখনই একত্র থাকিতে পারে না।

২। কবহু—কখন। কচ—কেশজাল। বিথারি—বিস্তারিত করে। উঘারি—খুলিয়া রাখে।

৩। উরজ-উদয় থল—স্তনের উদ্গমস্থল লালবর্ণ হইল।

১। খেলা করিতেছে, করিতে করিতে আর খেলে না। লোক দেখিলেই লজ্জিত হয়। সহচরীগণের মধ্যে থাকিয়া থাকিয়া চাহিয়া দেখে, আবার তখনই দৃষ্টি নত করে।

৩। সুরঙ্গ—হিঙ্গুল। বান্ধুলি—বন্ধুকপুষ্প।

৫। ভাঙক—ভুরু। জনু—যেন।

ভণয়ে বিদ্যাপতি দোতিক বচনে।
বিকশল অঙ্গ না যাওত ধরণে॥ ৬॥

৬

ধানশী

ক্ষণভরি না রহে গুরুজন মাঝে।
বেকত অঙ্গ না ঝাঁপয়ে লাজে॥ ১॥
বালাজন সঞে যব রহই।
তরুণী পাই পরিহাস তহি করই॥ ২॥
মাধব তুয়া লাগি ভেটলু রমণী।
কো কহে বালা কো কহে রমণী॥ ৩॥
কেলি রভস যব শুনে।
আনত হেরি ততহি দেই কানে॥ ৪॥
ইথে যদি কোই করয়ে পরচারি।
কাঁদন মাখি হাসি দেই গারি॥ ৫॥
সুকবি বিদ্যাপতি ভাণে।
বালা চরিত রসিক জন জানে॥ ৬॥

৭

ধানশী

কিছু কিছু উতপতি অঙ্কুর ভেল।
চরণ চপল গতি লোচন নেল॥ ১॥
অব সবথণ রহ াচরে হাত।
লাজে সখীগণে না পুছয়ে বাত॥ ২॥
কি কহব মাধব বয়স কি সন্ধি।
হেরইতে মনসিজ মন রহ বন্ধী॥ ৩॥

তইও কাম হৃদয়ে অনুপাম।
রোয়ল ঘট অচল করি ঠাম॥ ৪॥
শুনিতে রসের কথা থাপয়ে চিত।
বৈসে কুরঙ্গিণী শুনই সঙ্গীত॥ ৫॥
শৈশব যৌবনে উপজল বাদ।
কোই না মানই জয় অবসাদ॥ ৬॥
বিদ্যাপতি কৌতুক বলিহারি।
শৈশব সো তছু ছোড়ি নাহি পারি॥ ৭॥

৮

ধানশী

আওল যৌবন শৈশব গেল।
চরণ-চপলতা লোচন নেল॥ ১॥
করু দুহু লোচন দূতক কাজ।
হাস গোপত ভেল উপজল লাজ॥ ২॥
অব অনুথণ দেই আঁচরে হাত।
সগর বচন কহ নত করু মাথ॥ ৩॥
কটিক গৌরব পাওল নিতম্ব।
চলইতে সহচরী কর অবলম্ব॥ ৪॥
হাম অবধারলু শুন বরকান।
শুনই অব তুহুঁ করহ বিধান॥ ৫॥
বিদ্যাপতি কবি ইহ রস জানে।
রাজা শিবসিংহ লছিমা পরমাণে॥ ৬॥

৯

বরাড়ী

শৈশব যৌবন দরশন ভেল।
দুহু পথ হেরইতে মনসিজ গেল॥ ১॥
মদনক ভাব পহিল পরচার।
তিন জনে দেল ভিন অধিকার॥ ২॥
কটিক গৌরব পাওল নিতম্ব।
একক ক্ষীণ আওকে অবলম্ব॥ ৩॥

১। বেকত—ব্যক্ত, অনাবৃত। ঝাঁপয়ে—আবৃত করে। গুরুজন সমক্ষে লজ্জাবোধ হয় বলিয়া তথায় অধিকক্ষণ থাকে না।

২। তহি—সেই জন্য। যখন বালিকাদিগের সঙ্গে থাকে, তখন যুবতী দেখিয়া বালিকারা উপহাস করে।

৩। ভেটলু—দেখিলাম।

৪। রভস—রহস্য। আনত—অন্যত্র। ততহি—তাহাতে।

১। উতপতি—উৎপত্তি।

৩। হে মাধব, বয়ঃসন্ধির কথা কি আর বলিব? মদন তাহা দেখিয়া বন্দী হইয়াও তাহার হৃদয়ের উচ্চস্থানে অতুলনীয় মঙ্গল ঘট রোপণ করিয়াছে।

৪। ঠাম—গঠন।

৭। তছু—তাহার।

১। চরণের চাঞ্চল্য নয়ন গ্রহণ করিল।

১। মনসিজ—মদন। শৈশব ও যৌবন দুই পথ দেখিতে মদন গমন করিল।

২। পহিল—প্রথম প্রচার—প্রচারিত।

৩। কটির গুরুতা নিতম্বে আশ্রয় গ্রহণ করিল এবং নিতম্বের ক্ষীণতা কটিতে সংযুক্ত হইল।

প্রকট হাস অব গোপত ভেল।
উরজ প্রকট অব তহিক লেল॥ ৪॥
চরণ চপল গতি লোচন পাব।
লোচনক ধৈরয পদতলে যাব॥ ৫॥
নব কবিশেখর কি কহইত পার।
ভিন ভিন রাজ ভিন বেবহার॥ ৬॥

১০

ভৌহ ভাঙ্গি লোচন ভেল আড়।
তহপি শৈশব সীমা ছাড়॥ ১॥
আবে হসি হৃদয় চীর লএ থোএ।
কুচ-কাঞ্চন অঙ্কুরয়ে গোএ॥ ২॥
হেরি হল মাধব কএ অবধান।
যৌবনপরশে সুমুখী আবে আন॥ ৩॥
সখি পুছইতে আবে দরশয়ে লাজ।
সীঁচি সুধারে অধ বোলিয় বাজ॥ ৪॥
এত দিন শৈশবে লাওল সাঠ।
আবে সহব মদনে পঢ়াউলি পাঠ॥ ৫॥

১১

পীন পয়োধর দুবরি গতা।
মেরু উপজল কনকলতা॥ ১॥
এ কন্‌হা কন্‌হা তোরি দোহাই।
অতি অপরূপ দেখলি সাই॥ ২॥
মুখ মনোহর অধর রঙ্গে।
ফুললি মধুরি কমল সঙ্গে॥ ৩॥
লোচনযুগল ভৃঙ্গ অকারে।
মধুক মাতল উড়য়ে ন পারে॥ ৪॥
ভঁউ হেরি কথা পুছহ জনু।
মদনে জোড়লি কাজর ধনু॥ ৫॥

ভণে বিদ্যাপতি দূতী বচনে।
এত শুনি কাহ্নু করু গমনে॥ ৬॥

১২

যেহে অবয়ব পুরুব সময়
নিচর বিনু বিকার॥ ১॥
সে আবে যাহ তাহ দেখি ঝাঁপয়ে
চিহ্নিমি ন বেবহার॥
কাহ্নু তুরিত শুনসি আয়ে॥ ২॥
রূপ দেখতে নয়ন ভুলল
স্বরূপ তোরি দেখায়ে॥ ৩॥
শৈশববান্ধব বহীরি খেদায়ল
যৌবনে গহিল পাশ॥ ৪॥
যেও কিছু ধনী বিরুহ বোলয়ে
সে লেও সুধাসম ভাস॥ ৫॥
যৌবন শৈশব খেদয়ে লাগল
ছাড়ি দেরে মোর ঠাম॥ ৬॥
এত দিন রস তোহে বিরসল
অবহু নহি বিরাম॥ ৭॥

১৩

ভীমপলাশী

কি আরে নব যৌবন অভিরামা।
যত দেখল তত কহহি ন পারিয়
ছয় অনুপম এক ঠামা॥ ১॥

৪। উরজ অর্থাৎ কুচযুগল এখন উচ্চহাস্যের স্থান অধিকার করিল অর্থাৎ উচ্চ হাস্য এখন বিলীন হইয়া কুচযুগল উচ্চ করিল।

১। ভৌহ ভাঙ্গি—ভ্রূভঙ্গ করিয়া। ২। চীর—বস্ত্র। গোএ—গোপন করিবার জন্য, এখন সুবর্ণবর্ণ কুচাঙ্কুর গোপন করিবার জন্য হাসিয়া বক্ষে কাপড় ঢাকা দেয়। ৪। সীঁচি—সিঞ্চন করিয়া। বাজ—বলে।

১। দুবরি—দুর্ব্বল, শীর্ণা। গতা—গাত্র।

২। সাই—তাঁহাকে। ৩। মধুরি—বান্ধুলী।

৫। ভ্রূ দেখিয়া মনে হইতেছে, মদন যেন ভ্রূরূপ ধনুতে কজ্জলের গুণ সংযোগ করিয়াছে।

১। যেহে—যে। পুরুব সময়—পূর্ব্ব সময়। নিচর—নিশ্চল।

২। আবে—এখন। যাহ তাহ—যাহাকে তাহাকে। তোমার ব্যবহার বুঝিতে পারি না। তুরিত—ত্বরিত।

৪। বহীরি—বাহিরে। গহিল—গ্রহণ করিল।

৫। যেও—যাহাও। বিরুহ—কটু। সুধা সম ভাস—অমৃতের ন্যায় বোধ হয়।

৬-৭। মোর ঠাম—আমার স্থান। বিরসল—রস প্রদান করাইল। যৌবন যেন এই বলিয়া শৈশবকে তাড়াইতেছে যে, এ দেহ এখন আমার অধিকারভুক্ত হইয়াছে, সুতরাং তুই এখন আমাকে ছাড়িয়া দে। এতদিন রস ভোগ করিয়াও কি তোর তৃপ্তি হয় নাই?

১। পারিয়—পারি।

হরিণ ইন্দু অরবিন্দ করিণী হিম
পিক বুঝ অনুমানি ॥ ২ ॥
নয়ন বয়ন পরিমল গতি তনুরুচি
অও অতি সুললিত বাণী ॥ ৩ ॥
কুচযুগ পর চিকুর খুলি পসরল
তা অরুঝায়ল হারা ॥ ৪ ॥
যনি সুমেরু উপর মিলি উগল
চাঁদ বিহুন সবে তারা ॥ ৫ ॥
লোল কপোল ললিত মাল কুণ্ডল
অধরবিম্ব অধ যাই ॥ ৬ ॥
ভৌঁহ ভমর-নাসাপুট সুন্দর
সে দেখি কীর লজাই ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি সে বর নাগরী
আন ন পাবএ কোই ॥ ৮ ॥
কংসদলন নারায়ণ সুন্দর
তসু রঙ্গিণী পএ হোই ॥ ৯ ॥

১৪

লঘু লঘু সঞ্চর কুটিল কটাখ ।
দুওএ নয়ন লহ একহোক নাথ ॥ ১ ॥
নয়ন বয়ন দুই উপমা দেল ।
এক কমল দুই খঞ্জন খেল ॥ ২ ॥
কহ্নাই নয়না হলিয় নিবারি ।
যে অনুপম উপভোগ ন আবয়ে
কি ফল তাহি নিহারি ॥ ৩ ॥

চাঁদ গগন বস অও তারাগণ
সুর উগল পরচারি ॥ ৪ ॥
নিচয় সুমেরু অথিক কনকাচল
আনব কওনে উপারি ॥ ৫ ॥
যে চুরু কর সায়র শোখল
জিনল সুরাসুর মারি ॥ ৬ ॥
জল থল নাব সমহি সম চালয়ে
সে পাবয়ে এহি নারী ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি জনু হরড়াবহ
নাহ ন হিয়রা লাগ ॥ ৮ ॥
দূতী বচন থির কএ মানব
রাজা শিবসিংহ বড় ভাগ ॥ ৯ ॥

১৫

কনকলতা অরবিন্দা ।
দমনা মাঝ উগল যেন চন্দা ॥ ১ ॥
কেও বোলে শৈবল ছপলা ।
কেও বোলে নহি নহি মেঘে ঝাঁপলা ॥ ২ ॥
কেও বোল ভ্রময়ে ভ্রমরা ।
কেও বোল নহি নহি চরয়ে চকোরা ॥ ৩ ॥
সংশয় পড়ল সবে দেখি ।
কেও বোলয়ে তাহি যুকতি বিশেখী ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি গাবে ।
বড় পুণ্যে গুণবতী পুণ্যমত পাবে ॥ ৫ ॥

১৬

মাধব কি কহব সুন্দরীরূপে ।
কতেক যতনে বিধি আনি সমারল
দেখলি নয়ন স্বরূপে ॥ ১ ॥

৩। অও—আর ।

৪-৫। পসরল—প্রসারিত হইল। অরুঝায়ল—জড়াইল। কুচযুগলের উপর কেশজাল এলাইয়া পড়িল, তাহাতে হার জড়াইয়া যাওয়ায় যেন বোধ হইতে লাগিল, সুমেরু পর্ব্বতের উপর চন্দ্রবিহীন নক্ষত্ররাজী উদিত হইয়াছে।

৮। পাবএ—পায় ।

৯। তসু—তাহার। পএ—অব্যয় ।

১। লহ—অনুমিত হয় ।

২। যেন একটি পদ্মের উপর দুইটি খঞ্জন খেলা করিয়া বেড়াইতেছে ।

৩। হলিয়—চল। আবয়ে—আসে। তাহি—তাহাকে ।

৪। বস—বাস করে। অও—এবং। সুর—সূর্য্য। উগল—উদিত। পরচারি—প্রকাশ ।

৫। অথিক—হয়। কওনে—কে। উপারি—উপাড়িয়া ।

৬। চুরু—অঞ্জলি। শোখল—শুষিল ।

৭। নাব—নৌকা ।

৮। জনু—না। হরড়াবহ—ব্যস্ত ।

৯। মানব—মানিবে। ভাগ—ভাগ্যবান্ ।

১। দমনা—দ্রোণপুষ্প ।

২। শৈবল ছপলা—শৈবালাচ্ছন্ন ।

৪। বিশেখী—বিশেষ করিয়া ।

১। সমারল—সাজাইল ।

পল্লবরাজ চরণযুগ শোভিত
গতি গজরাজক ভানে ।
কনক-কদলী পর সিংহ সমারল
তাপর মেরু সমানে ॥ ২ ॥
মেরু উপর দুই কমল ফুটায়ল
নাল বিনা রুচি পাই ।
মণিময় হার ধার বহ সুরসরি
তঁই নহি কমল শুখাই ॥ ৩ ॥
অধরবিম্ব সম দশন দাড়িম্ব-বীজ
রবি শশী উগথিক পাশে ।
রাহু দূরি বস নিকটে ন আবথি
তঁই নহি করথি গরাশে ॥ ৪ ॥
সারঙ্গ (ক) নয়ন বচন পুন সারঙ্গ (খ)
সারঙ্গ (গ) তসু সমধানে ।
সারঙ্গ (ঘ) উপর উগল দশ সারঙ্গ (ঙ)
কেলি করথি মধুপানে ॥ ৫ ॥
ভণহি বিদ্যাপতি শুন বর যৌবতি
এহন জগত নহি আনে ।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেই পতি ভানে ॥ ৬ ॥

১৭

মএ তো আজ দেখনু কুরঙ্গীনয়নীএ ।
শরদক চান্দ বদনীএ ॥ ১ ॥

কনকলতা যনি কুন্দি বৈসায়ল
কুচযুগ রতন কটোরবা লো ।
দশন জ্যোতি যনি মোতি বৈসায়ল
অধর তসু পবারবা লো ॥ ২ ॥

১৮

যুগল শৈল সীম হিমকর দেখল
এক কমল দুই জ্যোতি রে ।
ফুললি মধুরি ফুল সিন্দুর লোটায়ল
পাঁতি বইসলি গজমোতি রে ॥ ১ ॥
আজ দেখল যত কে পতিআয়ত
অপরূব বিধি নিরমাণ রে ॥ ২ ॥
বিপরীত কনক-কদলীতরু-শোভিত
থল-পঙ্কজ কে রূপ রে ।
তহুঁ মনোহর বাজন বাজয়ে
যনি জগে মনসিজ ভূপ রে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি এহ পূরব পুন তহ
ঐসনি ভজয়ে রসমন্ত রে ।
বুঝয়ে সকল রস নৃপ শিবসিংহ
লখিমা দেইকর কান্ত রে ॥ ৪ ॥

১৯

অধর সুশোভিত বদন সুছন্দ ।
মধুরী ফুলে পূজে অরবিন্দ ॥ ১ ॥
তহ দুহ সুললিত নয়ন শামরা ।
বিমল কমল দল বইসল ভ্রমরা ॥ ২ ॥
বিশেখী ন দেখলি এ নিরমলি রমণী ।
সুরপুর সঞো চলি আইলি গজগামিনী ॥ ৩ ॥
গিম সঞো নাবল মুকুতা হারে ।
কুচযুগ চকেব চরই গঙ্গাধারে ॥ ৪ ॥

২। পল্লবরাজ—পদ্ম। ভান—অনুমান ।

৩। বহ—বহিতেছে। সুরসরি—সুরসরিৎ। যেন পর্ব্বতের উপর মৃণালবিহীন পদ্মের ন্যায় তাহার দুইটি পয়োধর শোভা পাইতেছে। মণিময় হার গঙ্গার ধারার ন্যায় প্রবাহিত হইতেছে বলিয়া পদ্ম শুষ্ক হয় না ।

৪। উগথিক—উদয় হইল। বস—বাস করে। আবথি—আসে। করথি—করে ।

৫। সারঙ্গ (ক)—মৃগ। সারঙ্গ (খ)—কোকিল। সারঙ্গ (গ)—মদন। সমধানে—সন্ধানে। সারঙ্গ (ঘ)—পদ্ম। সারঙ্গ (ঙ)—ভ্রমর। শ্রীরাধার বাক্যসকল কোকিল-কণ্ঠের ন্যায়, তাঁহার লোচনযুগল হরিণীর মত, তাঁহার কটাক্ষে মদন বিরাজমান ; তাঁহার ললাটের উপর দশটি চূর্ণ-কুন্তল পড়িয়াছে, তাহাতে বোধ হইতেছে যেন, ভ্রমর-সকল ক্রীড়াচ্ছলে ললাট-পদ্মের মধু পান করিতেছে ।

২। কুন্দি—কুঁদিয়া। যনি—যেন। কটোরবা—কটোরা। পবারবা—প্রবাল ।

২। পতিআয়ত—প্রতীতি হইল ।

৩। জগে—জগতে ।

৪। তহ—হইতে। দেইকর—দেবীর ।

১। সুছন্দ—সুছাঁদ। মধুরী—বান্ধুলী ।

২। তহ—সেখানে। শামরা—শ্যামল ।

৩। বিশেখী—বিশেষ। নিরমলি—নির্ম্মাতা। সঞো—হইতে ।

৪। গিম—গ্রীবা। চকেব—চক্রবাক। চরই—চরিতেছে ।

ভণই বিদ্যাপতি কবিকণ্ঠহার।
রস বুঝ শিবসিংহ নৃপ মহোদার ॥ ৫ ॥

২০

চাঁদ সার লয়ে মুখ ঘটনা করু
লোচন চকিত চকোরে।
অমিয় ধোয়ে আঁচরে যেন পোছল
দশ দিশ ভেল উজোরে ॥ ১
কামিনী কোন গঢ়লি।
রূপ স্বরূপ মোহি কহইতে অসম্ভব
লোচন লাগি রহলি ॥ ২ ॥
গুরু নিতম্বভরে চলয়ে ন পারয়ে
মাঝ ক্ষীণিম নির্মাই।
ভাঙ্গি যাইতি মনসিজে ধরি রাখলি
ত্রিবলীলতা অরুঝাই ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি অদভুত কৌতুক
ই সব বচন স্বরূপে।
রূপনারায়ণ ই রস জানথি
শিবসিংহ মিথিলা-ভূপে ॥ ৪ ॥

২১

শুনহ নাগর কান।
রাজকুমারী রাধিকা নাম ॥ ১ ॥
জটিলাক বধূ নবীন বালি।
আপন স্বভাবে কর খেয়ালি ॥ ২ ॥
রস না পরশে তাকর অঙ্গ।
কৈসনে হোয়ব তোহর সঙ্গ ॥ ৩ ॥
ভণে বিদ্যাপতি ন শুনে নীত।
তা বিনু কানু কি ধরব চিত ॥ ৪ ॥

১। করু—করিল। পোছল—মুছিল।

৩। চলয়ে—চলিতে। ক্ষীণিম—ক্ষীণ। নির্মাই—নির্ম্মাণ করিল। অরুঝাই—জড়াইয়া।

পাছে চলিতে গিয়া গুরু নিতম্বভরে ক্ষীণ কটি ভাঙ্গিয়া পড়ে, এই জন্য কন্দর্প ত্রিবলীলতা জড়াইয়া দিয়াছে।

২। জটিলাক—জটিলার।

৩। যখন তাহার দেহে যৌবন-সমাগম (রসসঞ্চার) হয় নাই, তখন কেমন করিয়া তোমার সহিত তাহার মিলন হওয়া সম্ভব?

২২

সুধামুখী কে বিধি নিরমিল বালা।
অপরূপ রূপ মনোভবমঙ্গল
ত্রিভুবনবিজয়ী মালা ॥ ১ ॥
সুন্দর বদন চারু অরু লোচন
কাজরে রঞ্জিত ভেলা ॥ ২ ॥
কনক-কমল মাঝে কাল ভুজঙ্গিনী
শিরিযুত খঞ্জন খেলা ॥ ৩ ॥
নাভিবিবর সঞে লোম-লতাবলী
ভুজগী নিশাস পিয়াসা।
নাসা খগপতিচঞ্চু ভরম ভয়ে
কুচ-গিরিসন্ধি নিবাশা ॥ ৪ ॥
তিন বাণ মদন তেজল তিন ভুবনে
অবধি রহল দুই বাণে।
বিধি বড় দারুণ বধইতে রসিক জন
সোঁপল তোহর নয়ানে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
ইহ রস কেহু পয় জানে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ
লথিমা দেবী রমাণে ॥ ৬ ॥

২৩

ধনি মুখমণ্ডল চান্দ বিরাজিত
লোচন খঞ্জন ভাঁতি।

১। মনোভব—মদন, তাহার মঙ্গল স্বরূপ।

২। অরু—আর।

৩। শিরিযুত—সুন্দর।

৪। সঞে—হইতে। ভরম—ভ্রম। গিরিসন্ধি—দুই পর্ব্বতের সন্ধিস্থান।

লোমাবলী রূপ ভুজগী নিশ্বাসবায়ু ভোজনে অভিলাষিণী হইয়া নাভিবিবর হইতে নির্গত হয়, কিন্তু নাসিকাকে গরুড়ের চঞ্চু বলিয়া তাহার ভ্রম হয়, তজ্জন্য যাইতে পারিল না, ভয়ে কুচগিরিদ্বয়ের সন্ধিস্থলে প্রবিষ্ট হয়। সর্পজাতি বায়ুভোজী ও গরুড় সর্পভোজী, ইহা প্রসিদ্ধ।

৫। পঞ্চবাণ কামদেব তিন বাণে ত্রিভুবন জয় করিয়াছেন, আর দুই বাণ এ পর্য্যন্ত ছিল; বিধাতা বড়ই নির্দ্দয়, সেই বাণ দুইটি তোমার নয়নে অর্পণ করিয়াছেন।

মদনচাপ জিনি ভৌঁহ লগ যুগ
দশনহি মোতিম পাঁতি ॥ ১ ॥
সখী হের রমণ-মোহিনী রাই।
কত কত বিদগধ হেরিতেছি মুরছিত
মদন পরাভব পাই ॥ ২ ॥
কনক-বিরচি মণিহার বিলম্বিত
অধরহি বিম্বু আকারা।
নব উরজ পর মোতি বিরোচিত
সুমেরু সুরসরি ধারা ॥ ৩ ॥

২৪

যাইতি দেখলি পথ নাগরি সজনি লো,
আগরী সুবুধি সেয়ানি ॥ ১ ॥
কনকলতা সনি সুন্দরী সজনি লো,
বিহি নিরমাওল আনি ॥ ২ ॥
হস্তী গমন যেন চলইতি সজনি লো,
দেখইত রাজকুমারী ॥ ৩ ॥
যনিকর এ হেন সোহাগিনী সজনি লো,
পাওল পদারথ চারি ॥ ৪ ॥
নীলবসন তনু ঘেরলি সজনি লো,
শির দেল চিকুর সমারি ॥ ৫ ॥
তাপর ভমরা পিবয় রস সজনি লো,
পইসল পাঁখি পসারি ॥ ৬ ॥
কেশরী সম কটি গুণ অছি সজনি লো,
লোচন অম্বুজধারী ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি গাওল সজনি লো,
গুণ পাওল অবধারি ॥ ৮ ॥

১। লগ—অনুমান হয়।

২। রমণ-মোহিনী—বল্লভমোহিনী।

৩। উরজ—স্তন। যেমন সুমেরুতে গঙ্গার ধারা শোভা পায়, তেমনই নবীন কুচযুগের উপর মুক্তার মালা শোভা পাইতেছে।

১। আগরী—অগ্রগণ্যা।

২। সনি—সদৃশ।

৪। যনিকর—যাহার।

৫। সমারি—সাজাইয়া।

৬। পইসল—প্রবেশ করিল। পাঁখি—পক্ষ।

৭। গুণ—কলাগুণসমূহ

৮। অবধারি—অবধারিত।

২৫

পথ গতি নয়ান মিলল রাধা কান।
দুহু মনে মনসিজ পূরল সন্ধান ॥ ১ ॥
দুহু মুখ হেরইতে দুহু ভেল ভোর।
সময় নাহি বুঝত অচতুর চোর ॥ ২ ॥
বিদগধি সঙ্গিনী সব রস জান।
কুটিল নয়নে কয়ল সাবধান ॥ ৩ ॥
চলল রাজপথে দুহু উরঝাই।
কহ কবিশেখর দুহু চতুরাই ॥ ৪ ॥

২৬

বরাড়ী

ভাল ভাল দম্পতি শৈশব গেল।
চরণ-চপলতা লোচনে লেল ॥ ১ ॥
দুহুক নয়ন কর দূতক কাজ।
ভূষণ ভয়ে পরিণত ভেল লাজ ॥ ২ ॥
আবে অনুখণ দেয় আঁচর হাথ।
বাচ সখী সঞে নত করে মাথ ॥ ৩ ॥
হমে অবধারল শুন শুন কান।
নাগর করথু অপন অবধান ॥ ৪ ॥
ভঁউহ ধনুকগুণ কাজর রেখ।
মারতি রহত পোথ অবশেখ ॥ ৫ ॥
রসময় বিদ্যাপতি কবি গাব।
রাজা শিবসিংহ বুঝ রস ভাব ॥ ৬ ॥

৪। উরঝাই—শুষ্ক।

১-২। দম্পতির শৈশবকাল গেল, ইহা ভাল হইল; এখন চরণের চপলতা নয়ন গ্রহণ করিল এবং নয়নই দূতের কাজ করিতে লাগিল। হাস্য লুক্কায়িত হইল, তৎপরিবর্ত্তে লজ্জার উদয় হইল।

৩। আবে—এখন। আঁচর—অঞ্চল।

৪। করথু অপন অবধান—আত্মরক্ষা করুক।

৫। পোথ—বাণের শেষাংশ। অবশেখ—অবশেষ।

শ্রীরাধার পূর্ব্বরাগ

১

সুহি

কি কহব রে সখি কানুক রূপ
কো পতিয়ায়ব স্বপন স্বরূপ ॥ ১ ॥
অভিনব জলধর সুন্দর দেহ।
পীত-বসন-পরা সৌদামিনী সেহ ॥ ২ ॥
ঝামর শামর কুটলহি কেশ।
কিয়ে শশিমণ্ডল শিখণ্ড সবেশ ॥ ৩ ॥ *
জাতকী কেতকী কুসুম-সুবাসে।
ফুলশর মনোমত তেজল তরাসে ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ কি বলিব আর।
শূন্য করল বিহি মদন-ভাণ্ডার ॥ ৫ ॥

২

বালা ধানশী

কানু হেরব ছিল মনে সাধ।
কানু হেরইতে এবে ভেল পরমাদ ॥ ১ ॥
তববধি অবোধী মুগধ হাম নারী।
কি কহি কি বলি কছু বুঝই না পারি ॥ ২ ॥
সাঙন ঘনসম ঝরু দুনয়ান।
অবিরত ধক ধক করয়ে পরাণ ॥ ৩ ॥
কাহে লাগি সজনি দরশন ভেল।
রভসে আপন জীউ পর হাতে দেল ॥ ৪ ॥
না জানিয়ে কি করু মোহন চোর।
হেরইতে প্রাণ হরি লয়ে গেল মোর ॥ ৫ ॥
এত সব আদর গেল দরশাই।
যত বিসরয়ে তত বিসর না যাই ॥ ৬ ॥
বিদ্যাপতি কহে শুন বরনারি।
ধৈরয ধর চিতে মিলব মুরারি ॥ ৭ ॥

৩

বালা ধানশী

এ সখি কি পেখনু অপরূপ।
শুনইতে মানবী স্বপন স্বরূপ ॥ ১ ॥
কমলযুগল পর চান্দকি মাল।
তাপর উপজল তরুণ তমাল ॥ ২ ॥
তাপর বেড়ল বিজুরি-লতা।
কালিন্দী-তীর ধীর চলি যাতা ॥ ৩ ॥
শাখাশিখর সুধাকর পাঁতি।
তাহে নবপল্লব অরুণক ভাতি ॥ ৪ ॥
বিমল বিম্বফল যুগল বিকাশ।
তাপর কীর থির করু বাস ॥ ৫ ॥
তাপর চঞ্চল খঞ্জন যোড়।
তাপর সাপিনী বেঢ়ল মোড় ॥ ৬ ॥
এ সখি রঙ্গিনী কহ নিদান।
পুন হেরইতে কাহে হরল গেয়ান ॥ ৭ ॥
ভণয়ে বিদ্যাপতি ইহ রস ভাণ।
সুপুরুখ মরম তুঁহু ভাল জান ॥ ৮ ॥

৪

পঠমঞ্জরী

কি কহব রে সখি ইহ দুখ ওর।
বাঁশী নিশাস গরলে তনু ভোর ॥ ১ ॥
হঠসঞে পৈঠয়ে শ্রবণক মাঝে।
তৈখনে বিগলিত তনু মন লাজে ॥ ২ ॥

১। পতিয়ায়ব—প্রত্যয় যাইবে।
৩। শামর—কৃষ্ণবর্ণ। কুটলহি—কোঁকড়ান।
২। তববধি—সেই অবধি। ৩। সাঙন—শ্রাবণ।
৪। রভসে—ঔৎসুক্যে। ৬। বিসরিয়ে—বিস্মৃত হই।
* কাজরে সাজল মদন সুবেশ—কোন কোন পুস্তকে এইরূপ পাঠ দেখা যায়।

৩। শ্রীকৃষ্ণের দেহ তরুণতমাল ও পীতধড়া বিদ্যুল্লতা বলিয়া উপমিত হইয়াছে।

৫। বিম্বফলযুগলবৎ ওষ্ঠাধরের অতি মনোরম শোভা হইয়াছে; তাহার উপর শুকচঞ্চুর ন্যায় নাসিকা নিশ্চল থাকিয়া সেই শোভা আরও বৃদ্ধি পাইয়াছে।

৬। বেঢ়ল—বেষ্টন করিল। মোড়—মোর, মস্তক।

তাহার উপর চঞ্চল খঞ্জনের ন্যায় দুইটি চক্ষু শোভা পাইতেছে এবং সাপিনীর ন্যায় বেণী মস্তক বেষ্টন করিল।

২। হঠসঞে—হঠাৎ বলপূর্ব্বক। পৈঠয়ে—প্রবেশ করে।

বিপুল পুলকে পরিপূরয়ে দেহ।
নয়নে না হেরি হেরয়ে জনি কেহ ॥ ৩ ॥
গুরুজন সমুখই ভাবতরঙ্গ।
যতনহি বসনে ঝাঁপি সব অঙ্গ ॥ ৪ ॥
লহু লহু চরণে চলিয়ে গৃহ মাঝ।
দৈবে সে বিহি আজু রাখাল লাজ ॥ ৫ ॥
তনু মন বিবশ খসয়ে নীবিবন্ধ।
কি কহব বিদ্যাপতি রহ ধন্দ ॥

৫

বিভাস

একদিন হেরি হেরি হাসি হাসি যায়।
আর দিন নাম ধরি মুরলী বাজায় ॥ ১ ॥
আজু অতি নিয়ড়ে করল পরিহাস।
না জানিয়া গোকুলে কাহার বিলাস ॥ ২ ॥
শুন সজনি ও নাগর শ্যামরাজ।
মূল বিনু পর ধনে মাগয়ে বেয়াজ ॥ ৩ ॥
অতি পরিচয় নাহি দেখি আন কাজ।
না করয়ে সম্ভ্রম না করয়ে লাজ ॥ ৪ ॥
আপনা নেহারি নেহারি তনু মোর।
দেই আলিঙ্গন হোই বিভোর ॥ ৫ ॥
ক্ষণে ক্ষণে বৈদগধি-কলা অনুপাম।
অধিক উদার দেখিয়ে পরিণাম ॥ ৬ ॥
বিদ্যাপতি কহে আরতি ওর।
বুঝ না বুঝ ইহ রস রোল ॥ ৭ ॥

৬

আজ কানাই এ বাটে আওব
বুঝিয়ে না পারলি বেলা ॥ ১ ॥
বিধিক ঘটনে ভেল অকামিক
লোচনে লোচনে মেলা ॥ ২ ॥
নব কলেবর নিজ পরাভব
থম্ভ ভেল বিনু কাজে ॥ ৩ ॥
দরশন রস রভস লীলা
লোভে গরাসলি লাজে ॥ ৪ ॥
সুন্দরি রে মন্দির বাহর ভেলী ॥ ৫ ॥
বিজুর রেখ জলধর নাঞী
পুনু কইসে লুকি গেলি ॥ ৬ ॥

৭

সুহি

সখি সখি কাঁ লাগি কৌতুক দেখল
নিমিখ লোচন আধে ॥ ১ ॥
মোর মনমৃগ মরম বেধল
বিষম বাণ বেয়াধে ॥ ২ ॥
গোরস বিরস বাসি বিশেখল
শুনির ছাড়ল গেহা ॥ ৩ ॥
মুরলীধ্বনি শুনি মন মোহল
বিকেহ ভেল সন্দেহা ॥ ৪ ॥
তীর তরঙ্গিণী কদম্ব কানন
নিকট যমুনা ঘাটে ॥ ৫ ॥
উলটি হেরইত উলটি পড়ল
চরণ চীরল কাঁটে ॥ ৬ ॥
সুকৃতি সুফল শুনহ সুন্দরি
বিদ্যাপতি বচন সারে ॥ ৭ ॥
কংসদলন নারায়ণ সুন্দর
মিলল নন্দকুমারে ॥ ৮ ॥

৮

সখি আজ মধুরিপু ভেটল মো হটিয়া।
লোচন যুগল জুড়ায়ল বটিয়া ॥ ১ ॥

৩। জনি—পাছে।
৫। লহু লহু চরণে—লঘু লঘু, মৃদু মৃদু গতিতে।
২। নিয়ড়ে—নিয়রে, নিকটে।
৩। মূল—মূল্য। বেয়াজ—ব্যাজ, সুদ।
৬। বৈদগধি-কলা—রসিকতাসূচক হাবভাব।
২। অকামিক—আকস্মিক।
৩। থম্ভ—স্তম্ভিত।

৪। গরাসলি—গ্রাস করিল।
৬। নাঞী—ন্যায়।
১। কাঁ লাগি—কিসের লাগিয়া।
১-২। সখি সখি, কিসের জন্য মাধব নিমেষ মাত্র কৌতুকভরে অর্দ্ধ কটাক্ষে আমাকে দেখিল? ইহাতে ব্যাধরূপ মদনের বিষম বাণে আমার মনোমৃগের মর্ম্ম বিদ্ধ হইয়াছে।
৩। বিশেখল—নির্দ্দোষ মনে হইল।
৬। চীরল—চিরিয়া গেল।
১। হটিয়া—হাটে। বটিয়া—পথে।

দরশন লোভে পসার দেল হমে
সখি মুখে মুখে শুনি বতরসী ॥ ২ ॥
তথনে উপজু রস, ভেলিহু মোঞে পরবশ
বিসরলি দুধহু কলসী ॥ ৩ ॥
মধুরিপু সম ন'হ দেখিয় সো'হায়ন
যে দিব তহ্লিক উপাম রে ॥ ৪ ॥
শরদ সুধানিধি যসু মুখ নেঞোছন
পঙ্কজ কী লব নাম রে ॥ ৫ ॥
অধরাঞে লোচনে যখনে নিহারল
বাঙ্ক কইয়ে ভঁউহ ভঙ্গা রে ॥ ৬ ॥
তথনুক অবসর জাগল পঞ্চশর
থানে থানে গেল অঙ্গ রে ॥ ৭ ॥
দান কলপতরু মেদিনী অবতরু
নৃপতি হিন্দু সুরতান রে ॥ ৮ ॥
মেধা দেবীপতি রূপনারায়ণ
সুকবি ভণথি কণ্ঠহার রে ॥ ৯ ॥

৯

হমে হসি হেরলা থোরা রে।
সফল ভেল সখি কৌতুক মোরা রে ॥ ১ ॥
হেরিতহি হরি ভেল আন রে। ।
যনি মনমথে মন বেধল বাণে রে ॥ ২ ॥
লথল ললিত তসু গাতে রে।
মন ভেল পরসিয় সরসিজ পাতে রে ॥ ৩ ॥
তসু পসরল বিন্দু রে।
নেউছি নড়ায়ল সনথত ইন্দু রে ॥ ৪ ॥

কাঁপল পরম রসালে রে।
যনি মনসিজ গরই জপেলু তমালে রে ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি ভাণে রে।
করত কমল মুখী হরি সাবধানে রে ॥ ৬ ॥

১০

শামর সুন্দর এ বাটে আয়ল
তেঁ মোরি লাগলি আঁখি।
আরতি আঁচর সাজি ন ভেলে
সবে সখী জন সাখী ॥ ১ ॥
কহহি মো সখি কহহি মো
কতয়ে তাহারি বাসা।
দুরহু দুগুণ এড়ি মঞে আরও
পুনু দরশন আশা ॥ ২ ॥
কি মোর জীবনে কি মোর যৌবনে
কি মোর চতুরপণে।
মদনবাণে মুরুছলি অছঞো
সহঞো জীব অপনে ॥ ৩ ॥
আধ পদে যো ধরতে মোর দেখল
নাগর জন সমাজে।
কঠিন হৃদয় ভেদি ন ভেলে
যাও রসাতল লাজে ॥ ৪ ॥
সুরপতি পায়ে লোচন মাগঞো
গরুড় মাগঞো পাখী।
নন্দোর নন্দন মঞে দেখি আবঞো
মন মনোরথ রাখি ॥ ৫ ॥

২। বতরসী—কথা বার্ত্তা।
৩। উপজু—উপজিল। বিসরলি—ভুলিলাম।
৪। সোহায়ন—শোভন।
৫। যসু—যাহার। নেঞোছন—নির্ম্মঞ্ছন।
৬। অধরাঞে—অর্দ্ধ। ভঁউহ ভঙ্গা—ভ্রূভঙ্গ।
৮। সুরতান—সম্রাট
৯ মেধা—শিবসিংহের অপরা স্ত্রী।
২। আন—অন্যমনা। বেধল—বিদ্ধ করিল।
৩। তসু—তাহার। গাতে—গাত্র। পাতে—পত্র।
৪। নেউছি—নির্ম্মঞ্ছন করিয়া। সনথত—সনক্ষত্র।

৫। গরই—গলিতেছে। জপেলু—জপ করিল।
১। সাখী—সাক্ষী।
শ্যামল সুন্দর এই পথে আসিতেছিল, তাই আমি তাহাকে দেখিতে পাইলাম, দেখিয়া অনুরাগের প্রাবল্যবশতঃ অঙ্গে অঞ্চল দিতে ভুলিয়া গেলাম, ইহা সখীগণ সাক্ষী আছে।
৩। মুরুছলি—মূর্চ্ছিত হইলাম।
৫। আমি সহস্রলোচনের কাছে লোচন ভিক্ষা করি, গরুড়ের নিকট পাখা ভিক্ষা করি এবং মনকে মনোরথে রাখিয়া আমি নন্দের নন্দনকে দেখিয়া আসি।

১১

যমুনক তীরে তীরে সাঁকড়ি বাটি।
উবটি ন ভেলিহু সঙ্গ পারিপাটী ॥ ১ ॥
তরুতল ভেটল তরুণ কানাই।
নয়নতরঙ্গে যনি গেলিহু সনাই ॥ ২ ॥
কে পতিয়ায়ত নগর ভরলা।
দেখইতে শুনইতে মোর হৃদয় হরলা ॥ ৩ ॥
পলটি ন হেরল গুরুজন লাজে।
বচন মোঞে চুকলিহু সখীর সমাজে ॥ ৪ ॥
এতদিন অছলিহু অপন গেয়ানে।
আবে মোরা মরম লাগল পঞ্চবাণে ॥ ৫ ॥
নিঠুর সখী বিশবাস ন দেই।
পরক বেদন পর বাটি ন লেই ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি এহ রস ভাণে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৭ ॥

১২

অবনত আনন করি হমে রহলিহু
বারিল লোচন চোর।
পিয়া মুখরুচি পিবয়ে ধাওল
যনি সে চাঁদ চকোর ॥ ১ ॥
ততহু সঞো হঠে হটি মোঞে আনল
ধয়ল চরণ রাখি।
মধুক মাতল উড়য়ে ন পারয়ে
তথাপিও পসারয়ে পাখী ॥ ২ ॥
মাধবে বোললি মধুর বাণী
সে শুনি মুদু মোঞে কান।
তাহি অবসর ঠাম বাম ভেল
ধরি ধনু পঞ্চবাণ ॥ ৩ ॥

তনু পসেবে পসাহনি ভাসলি
তইসন পুলক জাগু।
চুনি চুনি ভয়ে কাঁচুলি ফাটলি
বাহু বলয়া ভাগু ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি কম্পিত কর হো
বোলল বোল না যায়।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
শ্যামসুন্দর কায় ॥ ৫ ॥

১৩

সে অবইতে হম রমণী সমাজ।
দিঠি ভরি ন পেখল দারুণ লাজ ॥ ১ ॥
শুনি চিত উমত দেখি আঁখি ভোর।
চাঁদ উদয় বন্দী রহিল চকোর ॥ ২ ॥
মিলল পুরুষবর ন পূরল কাম।
কিবা বিধি দাহিন কিবা বিধি বাম ॥৩॥

১৪

বিকে গেলি মথুরায় মধুরিপু
ভেটল সাধে ॥ ১ ॥
তহিখণে পঞ্চশর লাগল বিধিবশে
কে করু বাধে ॥ ২ ॥
হার ভার ভেল তহিখণে
চীর চাঁদন গেল আগি ॥ ৩ ॥
দখিণেঞো পবন দুসহ ভেল মোহি
পাপিনী বধ লাগি ॥ ৪ ॥

১। সাঁকড়ি—সঙ্কীর্ণ। বাটি—পথ। উবটি—ফিরিয়া।
২। সনাই—স্নান করাইয়া।
৩। পতিয়ায়ত—প্রতীতি করিবে।
৪। চুকলিহু—ভুল হইল।
৫। অছলিহু—ছিলাম।
৬। বাটি—ভাগ করিয়া।
১। রহলিহু—রহিলাম।
২। ততহু—সেইস্থান। সঞো—হইতে। হঠ—বলবান্। হটি—নিবারণ করিয়া।
৩। তাহি—সেই। ঠাম—ঠাঁই।

৪। পসেবে—প্রস্বেদ। পসাহনি—প্রসাধনী। পুলক জাগু—পুলক জাগিল। ভাঁগু—ভাঙ্গিল।
৫। হো—হয়।
১। অবইতে—আসিতে। দিঠি—দৃষ্টি।
২। উমত—উন্মত্ত।
৩। দাহিন—প্রসন্ন।
২। তহিখণে—সেইক্ষণে।
৩। চাঁদন—চন্দন।
১-৪। আমি মথুরায় দুগ্ধ বিক্রয় করিতে গিয়াছিলাম, সেখানে ইচ্ছা করিয়াই যখন মাধবকে দেখিলাম, তখনই কপালগুণে পঞ্চশর লাগিল, কে বাধা দিবে? তখন গলার হার ভার বোধ হইল, লেপিত চন্দন যেন আগুন বলিয়া প্রতীত হইল; পাপিনী আমাকে বধ করিবার জন্যই যেন স্নিগ্ধ দক্ষিণবায়ু দুঃসহ হইয়া উঠিল।

কতনে যতনে ঘর আওলাহু
কেকর নধি দুধ কাজে ॥ ৫ ॥
মনহু ন মধুরিপু বিসরিয়
তেজল গুরুজন লাজে ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি সুবদনি দুই দিঠে
হোএত সমাজে ॥ ৭ ॥
মনক মনোরথ পূরত মধুরিপু
আওব আজে ॥ ৮ ॥

১৫

কত ন বেদন মোহি দেসি মদনা।
হর নহি বালা মোরা যুবতি জনা ॥ ১ ॥
বিভূতিভূষণ নহি চান্দনক-রেণু।
বাঘছাল নহি মোরা নেতক-বসনু ॥ ২ ॥
নহি মোরা জটাভার চিকুরক-বেণী।
সুরসরি নহি মোরা কুসুমক শেণী ॥ ৩ ॥
চান্দনক-বিন্দু মোরা নহি ইন্দু গোটা।
ললাট পাবক নহি সিন্দূরক ফোঁটা ॥ ৪ ॥
নহে কণ্ঠে কালকূট মৃগমদ চারু।
ফণিপতি নহি মোরা মুকুতা হারু ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন দেব কামা।
এক পএ দূষণ অছ ওহি নামক বামা ॥ ৬ ॥

১৬

মনমথ তোরে কি কহব অনেক।
দিঠি অপরাধে পরাণ পয় পীড়সি
ই তুয় কোন বিবেক ॥ ১ ॥
দাহিণ নয়ন পিশুনগণ বারণ
পরিজন বামহি আধ ॥ ২ ॥
আধ নয়ন-কোণে যব হরি পেখল
তাহি ভেল এত পরমাদ ॥ ৩ ॥
পুর বাহির পথ করত গতাগত
কে নহি হেরত কান ॥ ৪ ॥
তোহর কুসুমশর কতহুঁ ন সঞ্চর
হমর হৃদয় পাঁচবাণ ॥ ৫ ॥

১৭

আধ নয়ন করি তহুকর আধ।
কতবে সহব মনসিজ অপরাধ ॥ ১ ॥
কা লাগি সুন্দরী দরশন ভেল।
যাও ছিল জীবন সেও দূরে গেল ॥ ২ ॥
হরি হরি কএোন করল হমে পাপ।
যে সবে সুখদ তাহি তহ তাপু ॥ ৩ ॥
সব দিশ কামিনী দরশন যায়ে।
তইঅও বেয়াধি বিরহ অধিকায়ে ॥ ৪ ॥
কএোনক কহব মেদিনী সে থোল
শিব শিব এহি জনম ভেল ওল ॥ ৫ ॥

৫। অওলাহু—আইলাম।
১। দেসি—দিতেছিস্।
২। নেতক—নেটের।
৩। শেণী—শ্রেণী।
৬। দূষণ আছে—দোষ আছে।
৭। হোএত—হইবে।

'কত না বেদন' ইত্যাদি কবিতাটির তাৎপর্য্য :—

হে মদন, কেন আমাদিগকে এত কষ্ট দিতেছ? আমরা ত মহাদেব নহি। এ বিভূতি নয়, চন্দনের গুঁড়া; এ বাঘছাল নয়, নেটের কাপড়; এ জটাভার নয়, নিবিড় কেশদাম; এ গঙ্গা নয়, ফুলের মালা; কপালে চন্দ্র নয়, চন্দনের তিলক; ললাটে অগ্নি নয়, সিন্দূরের কোঁটা; কণ্ঠে কালকূট বিষ নহে, কস্তুরী; এ সমস্ত ফণী নয়, মুক্তার হার। কিন্তু বিদ্যাপতি বলিতেছেন, হে দেব মদন, এতেও কিন্তু একটা দোষ আছে, সে দোষ ইঁহারা বামা, মহাদেবের অন্যতম নাম বামদেব।

১। দিঠি অপরাধে—দৃষ্টির অপরাধে

হে মন্মথ, তোমাকে আর বেশী কি বলিব! আমার অপরাধ—আমি মাত্র মাধবকে দেখিয়াছি, শুধু এই অপরাধে আমার প্রাণ পীড়ন করিতেছ, এ তোমার কিরূপ বিচার?

২। দাহিণ—দক্ষিণ। পিশুনগণ—দুষ্টগণ।

৪-৫। বাটীর বাহির হইয়া পথে যাইতে যাইতে কে না কানাইকে দেখে? তোমার একটিও কুসুম-শর কারও কাছে যায় না, আর আমারই হৃদয়ে পাঁচটি বাণ প্রবেশ করিল?

১। তহুকর—তাহার। কতবে—কতই বা।
২। কা লাগি—কিসের জন্য।
৩। কএোন—কোন। তাহি তহ—তাহা হইতে।
৪। তইঅও—তথাপি। অধিকায়ে—অধিক হয়।

১৮

এহি বাটে মাধব গেল রে।
মোহি কিছু পুছিও ন ভেল রে ॥ ১ ॥
মাথুর যাইত যমুনা তীর রে।
আন্তর ভেটল আহীর রে ॥ ২ ॥
নয়নহু নয়ন যুঝয়ে রে।
হৃদয় ন ভেল বুঝায়ে রে ॥ ৩ ॥
মোহি ছল হোয়ত রতিরঙ্গ রে।
মধুর মথুরাপতি সঙ্গে রে ॥ ৪ ॥
চিকুর ন ভেল সঁভারি রে।
বুঝলিহু কাহ্নে গোয়ারী রে ॥ ৫ ॥

১৯

প্রথমহি হৃদয় বুঝয়লহ মোহি।
বড়ে পুণে বড়ে তপে পৌলিসি তোহি ॥ ১ ॥
কামকলা-রস দৈব অধীন।
মএে বিকায়ব তএে বচনহু কীন ॥ ২ ॥
দূতি দয়াবতি কহহি বিশেখি।
পুনু বেরা এক কইসে হোয়ত দেখি ॥ ৩ ॥
দূর দূরে দেখলি যাইতে আজ।
মনে ছিল মদন সাধি দিবে কাজ ॥ ৪ ॥
তাহি লয়ে গেল বিধাতা বাম।
পলটলি দিঠি শূন ভেল ঠাম ॥ ৫ ॥

২০

যখনে দুহুক দিঠি বিছুড়লি
দুহু মনে দুখ লাগু।
দুহুক আশা-দীপ মিঝায়ল
মদন আঁকুর ভাঁগু ॥ ১ ॥
বিরহ-দহন দুহু সঁতাবয়ে
দুহু সমীহয়ে মেলি।
একক হৃদয় অওকে ন পায়ল
তেঁ নহি পাউলি কেলি ॥ ২ ॥
বাম নয়না যেন ভেল দূতে
ও দাহিণ রহু লজাই।
চেতন চেতন গুপুতি পিরীতি
পর কহহু ন যাই ॥ ৩ ॥
যই নব চন্দ পুরন্দর অন্তর
চন্দ ন তাসু সমানে।
দশম দশা পথ অঁগিরএো
ন করএো তেসর কানে ॥ ৪ ॥
মোহন শর মনোভবে সাজল
তনু পসাহল আগি।
বিনু অবসরে কি সখি বোলতি
পুনু দরশন লাগি ॥ ৫ ॥
শীতলি উকুতি যেহো যুগুতি
সমদল ছল আনে।
অব সয়ঁনা জানি কহাই
মানি হল ধনী ধানে ॥ ৬ ॥
দর্পণ মুখ প্রতিবিম্ব নাএী
বেকত ভেল বিকারে।
পুনুক আশা কাম পূরাবও
ভণে কবিকণ্ঠহারে ॥ ৭ ॥
হরি সরীসে জগত জানিয়
রূপনারায়ণ রান্তা।
রাজা শিবসিংহ সুচিরে জীবও
লখিমা দেবী সুকান্তা ॥ ৮ ॥

২। মাথুর—মথুরা।
৫। সঁভারি—সংযত করা। গোয়ারী—গোপী।
১। পৌলিসি—পাইলি।
২। মএে—আমি। তএে—তুই। কীন—ক্রয় করা।
৩। বিশেখি—বিশেষ করিয়া।
৫। পলটলি দিঠি—দৃষ্টি ফিরাইয়া। ঠাম—স্থান।
১। বিছুড়লি—ছাড়াছড়ি হইল। মিঝায়ল—নিভিল। আঁকুর—অঙ্কুর।
২। সঁতাবয়ে—সন্তাপিত করে। সমীহয়ে—অভিলাষ করে।
৪। পুরন্দর—শিব। অঁগিরএো—অঙ্গীকার করিবে। তেসর তৃতীয় ব্যক্তি।
৬। শীতলি—শীতল সমদল—কহিয়াছিল। সয়ঁনা—সেয়ানা। হল যায়। ধানে—সন্নিধানে।
৭। নাএী—ন্যায়। পূরাবও—পূরাইবে।
৮। সরীসে—সদৃশ। রান্তা—রাজা। জীবও—জীবিত থাকুন।

২১

আইলি নিকট বাটে, ছুইলি মদন সাটে,
দৃঢ় বান্ধে দরশিল কেশ ॥ ১ ॥
রমণ-ভবন বেরি, পলটি পাছু হেরি,
আলি দিঠি দিয়ে গেলি সন্দেশ ॥ ২ ॥
আওর কি করতি সখি, পরিণত শশিমুখি,
কানু যদি ন বুঝ বিশেষ ॥ ৩ ॥
আচর ধরইতে করে, নউলি লাজ ভরে,
নমইতে মুখেরি উপাম ॥ ৪ ॥
ন জানঞো কমন জঞো, কমল নাল সঞো,
কমল মমোলল কাম ॥ ৫ ॥
কবি ভণে বিদ্যাপতি, অভিনব রতিপতি,
সকল কলারস জান ॥ ৬ ॥
রাজবল্লভ জীবও, মতি শিরি মহেশ্বর
রেণুক দেবী রমাণ ॥ ৭ ॥

২২

যুবতি-চরিত, বড় বিপরীত,
বুঝয়ে কে দহ পার ॥ ১ ॥
বুঝয়ে চেতন, গুণ-নিকেতন,
ভুলল রহ গমার ॥ ২ ॥
সাজনি নাগরী নাগররঙ্গ।
সঙ্গহি রহিয়, তেসর ন বুঝ,
লোচন লোল তরঙ্গ ॥ ৩ ॥
বলিত বদন, বাঙ্ক বিলোকন,
কপটে গমন মন্দা ॥ ৪ ॥
দুই মন মিলল, ঠাম অঙ্কুরল,
পেম তরুবর কন্দা ॥ ৫ ॥

১। সাট—কষা।
২। রমণ—বল্লভ। আলি—বক্র।
৪। নউলি—নমিত হইল। ৫। কমন জঞো—কেমন করিয়া। মমোলল—মুচড়াইল। ৭। মতি—মন্ত্রী।

১। দহ—কি।
২। চেতন—চতুর। গমার—গ্রামবাসী মূর্খ।
৪। বলিত—বলয়িত।
৫। কন্দা—কন্দ, মূল।

২৩

কর কিশলয় শয়ন রচিত
গগন-মণ্ডল পেখি ॥ ১ ॥
যনি সরোরুহ অরুণ শুতল
বিনু বিরোধে উপেখি ॥ ২ ॥
নব ঘন জঞো নীর বরিষয়ে
নয়ন উজ্জ্বল তোরা ॥ ৩ ॥
যনি সুধাকর করে কবলিত
অমিয় বম চকোরা ॥ ৪ ॥
কহ কমলবদনি!
কমনে পুরুষে হর আরাধিয়
জসু কারণে তোঞে ক্ষীণী ॥ ৫ ॥
উত্তঙ্গ পীন পয়োধর উপর
লখিয় অধরছায়া ॥ ৬ ॥
কনক-গিরি প্রবাল উপজল
বাপু মনোভব মায়া ॥ ৭ ॥

১। শয়ন—শয্যা।
২। শুতল—শয়ন করিল।

তুমি কিশলয়ের ন্যায় হস্তদ্বারা মুখের শয্যা রচনা করিয়াছ এবং গগনমণ্ডল দেখিতেছ, অর্থাৎ গালে হাত দিয়া আকাশের দিকে চাহিয়া আছ। তাহাতে বোধ হইল, যেন মুখপদ্ম অরুণবর্ণ করতলে শয়ন করিল।

৩। জঞো—যেমন। বরিষয়ে—বর্ষণ করে।
৪। করে—কর দ্বারা। বম—উদ্গীরণ।

৩ ৪। তোমার উজ্জ্বল নয়ন নূতন মেঘের মত বারি বর্ষণ করিতেছে; তাহাতে বোধ হইতেছে, চকোর চন্দ্রকিরণে কবলিত হইয়া সুধা বমন করিতেছে।

৫। কমনে—কোন। পুরুষে—পুরুষের জন্য। তোঞে—তুই।

বল কমলমুখি, মহাদেবের আরাধনা করিয়া তোমার শরীর যে এত ক্ষীণ করিয়াছ, তাহা কোন্ পুরুষের জন্য?

৬। লখিয়—দেখিতেছি। ৭। বাপু—শ্রেষ্ঠ।

৬-৭। তোমার উত্তুঙ্গ পয়োধরের উপর অধরের ছায়াপাত দেখিয়া মনে হইতেছে, যেন মদনের ইন্দ্রজালপ্রভাবে সুবর্ণ-গিরির উপর প্রবাল উৎপন্ন হইতেছে।

তৌঁ পুনু সে নারী বিরহে ঝামরি
পলটি পরলি বেণী ॥ ৮ ॥
শাস সমীরণ পিবয়ে ধাবলি
যনি সে কারি নাগিনী ॥ ৯ ॥
ভণ বিদ্যাপতি শুনহ যউবতি
স্বরূপ মোর বচনা ॥ ১০ ॥
অপন মনা থির পয়ে চাহিয়
পরে বিবচনে কোনা ॥ ১১ ॥

২৪

স্বপনেহু ন পূরল মনক সাধে।
নয়নে দেখল হরি এত অপরাধে ॥ ১ ॥
মন্দ মনোভব মন জর আগি।
দুর্লভ প্রেম ভেল পরাভব লাগি ॥ ২ ॥
চাঁদবদনী ধনী চকোরনয়না।
দিবসে দিবসে ভেলি চউগুণ মলিনী ॥ ৩ ॥
কি করতি চাঁদনে কি অরবিন্দে।
বিরহ বিসব জঞো শুতিয় নিন্দে ॥ ৪ ॥
অবুঝ সখীজন ন বুঝয়ে আধি।
আন ঔখধ কর আন বেয়াধি ॥ ৫ ॥
মনসিজ জনকে মন্দি বেবথা।
ছাড়ি কলেবর মানস বেথা ॥ ৬ ॥
চিন্তায়ে বিকল হৃদয় নাহি থিরে।
বদন নেহারি নয়ন বহ নীরে ॥ ৭ ॥

৮। তৌঁ পুনু—তাহাতে আবার। ঝামরি—মলিন।
৯। কারি—কালো।
১১। মনা—মন। পয়ে—মধ্যে। কোনা—কোন।

২। জর—জ্বালায়।
৪। জঞো—যদি। শুতিয়—শয়ন করে।
৬। বেবথা—ব্যবস্থা।

শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ

১

গেলি কামিনী গজবরগামিনী
বিহসি পালটি নেহারি।
ইন্দ্রজালক কুসুমসায়ক
কুহকে কেলি বরনারী ॥ ১ ॥
জোরি ভুজযুগ মোরি বেঢ়ল
ততহি বয়ান সুছন্দ।
দাম চম্পকে কাম পূজল
যৈছে শারদ চন্দ ॥ ২ ॥
উরহি অঞ্চল ঝাঁপই চঞ্চল
আধ পয়োধর হেরু।
পবন পরাভবে শারদ ঘন জন
বেকত করল সুমেরু ॥ ৩ ॥
পুনহি দরশনে জীবন জুড়াবে
টুটব বিরহক ওর।
চরণে যাবক হৃদয় পাবক
দহই সব অঙ্গ মোর ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি শুনহ যৌবতি
চিত থির নাহি হোয়।
সে যে রমণী পরম গুণমণি
পুন কি মিলব মোয় ॥ ৫ ॥

২

কবরী-ভয়ে চামরী গিরি-কন্দরে
মুখ-ভয়ে চাঁদ আকাশে।

১। গজবরগামিনী—গজেন্দ্রগামিনী। বিহসি—হাসিয়া। পালটি—ফিরিয়া চাওয়া। কুসুম-সায়ক—মদন। কুহকী—মুগ্ধকর। মদন নিজে ঐন্দ্রজালিক হইলেও এখানে নারীশ্রেষ্ঠা শ্রীরাধার কুহকে অভিভূত হইল।

২। জোরি—জুড়িয়া। মোরি—বদন মুড়িয়া। ততহি—অনন্তর। যৈছে—যেমন।

৩। উরহি—বক্ষঃস্থলে। করল—করিল। চঞ্চল অঞ্চলে বক্ষঃস্থল ঢাকিতে যাইয়া পয়োধরের অর্দ্ধাংশ দেখা গেল, তাহাতে বোধ হইল, যেন বায়ু-সঞ্চালনে শরতের মেঘ সুমেরুকে প্রসারিত করিল।

৪। ওর—সীমা। যাবক—আল্তা।

হরিণী নয়ন-ভয়ে স্বর-ভয়ে কোকিল
গতি-ভয়ে গজ বনবাসে ॥ ১ ॥
সুন্দরি কাহে মোহে সম্ভাষি না যাসি।
তুয়া ডরে ইহ সব দূরহি পলায়ল,
তুহু পুনঃ কাহে ডরাসি ॥ ২ ॥
কুচভয়ে কমল-কোরক জলে মুদি রহু,
ঘট পরবেশে হুতাশে।
দাড়িম্ব শ্রীফল গগনে বাস করু,
শম্ভু গরল করু গ্রাসে ॥ ৩ ॥
ভুজভয়ে কনক-মৃণাল পঙ্কে রহু,
করভয়ে কিসলয় কাঁপে।
বিদ্যাপতি কহ কত কত ঐছন,
কহব মদনপরতাপে ॥ ৪ ॥

৩

কিয়ে মম দিঠি পড়ল শশিবয়না।
নিমিখ নেহরি রহল দুহুঁ নয়না ॥ ১ ॥
দারুণ বঙ্ক বিলোকন থোর।
কাল হোই কিয়ে উপজল মোর ॥ ২ ॥
মানস রহল পয়োধর লাগি।
অন্তরে রহল মনোভব জাগি ॥ ৩ ॥
শ্রবণ রহল ঐছে শুনইতে রাব।
চলইতে চাহি চরণ নাহি যাব ॥ ৪ ॥
আশা-পাশ না তেজই অঙ্গ।
বিদ্যাপতি কহ প্রেম-তরঙ্গ ॥ ৫ ॥

৪

সুন্দর বদনে সিন্দূর-বিন্দু
সাঙর চিকুর ভার।
জনু রবি শশী সঙ্গহি উয়ল
পিছে করি আঁন্ধিয়ার ॥ ১ ॥
রামা হে অধিক চন্দিম ভেল।
কত না যতনে কত অদভুত
বিহি বহি তোহে দেল ॥ ২ ॥
উরজ-অঙ্কুর চীরে ঝাঁপায়সি
থোর থোর দরশায়।
কত না যতনে কত না গোপসি
হিমে গিরি না লুকায় ॥ ৩ ॥
চঞ্চল লোচনে বঙ্ক নেহারনি
অঞ্জন শোভন তায়।
যেন ইন্দীবর পবনে ঠেলল
অলি-ভরে উলটায় ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি শুনহ যুবতি
এ সব রূপ জান।
রায় শিবসিংহ, রূপনারায়ণ,
লছিমা দেবা পরমাণ ॥ ৫ ॥

৫

নয়ুঞা-বদনী ধনী বচন কহসি হসি।
অমিয়া বরিখে জনু শরদ পূণিমশশী ॥ ১ ॥
অপরূপ রূপ রমণী-মণি।
যাইতে পেখনু গজরাজগমনী ধনী ॥ ২ ॥
সিংহ জিনিয়া মাঝারি খীনি,
তনু অতি কোমলনী।
কুচ ছিরিফল-ভরে ভাঙ্গিয়া পড়য়ে জনি ॥ ৩ ॥
কাজরে রঞ্জিত বলি ধবল-নয়ন-বর।
ভ্রমর ভুলল জনু বিমল কমল-পর ॥ ৪ ॥

১। সুন্দরীর কবরী দেখিয়া ভয়ে চমরী গিরি-কন্দরে পলাইল; মুখ দেখিয়া চাঁদ আকাশে উঠিল; নয়নের ভয়ে হরিণ, সুস্বরের ভয়ে কোকিল এবং গমনের ভঙ্গী দেখিয়া হরিণী বনে গমন করিল।

২। তুয়া—তোমার। তুহু—তুমি। কাহে—কাহাকে।

৩। রহু—থাকে। হুতাসে অগ্নিতে। কুচ-ভয়ে পদ্মকলি জলমধ্যে মুদিত থাকে, ঘট অগ্নিতে প্রবেশ করে, দাড়িম্ব ও শ্রীফল গগনে বাস করে এবং শম্ভু গরল গ্রাস করেন। ৩। মনোভব—মদন।

৪। রাব—রব, কথা।

৫। তেজই ত্যাগ করে।

২। বহি—উহা।

৩। উরজ-অঙ্কুর—কুচকলি। চীর—বস্ত্র। ঝাঁপয়সি—আবৃত করিতেছে।

১। নয়ুঞাবদনী—নতমুখী। কহসি—কহিতেছে। হসি—হাসি, হাসিয়া। বরিখে—বরিষে, বর্ষণ করে। পূণিম—পূর্ণিমার।

৩। ছিরিফল—শ্রীফল। জনি—যেন, পাছে। ধনীর কটিদেশ ক্ষীণ দেখিয়া আমার মনে হইল, শ্রীফল-তুল্য কুচভারে তাহা ভাঙ্গিয়া যাইবে।

ভণয়ে বিদ্যাপতি সো বর-নাগর।
রাই-রূপ হেরি গর গর অন্তর ॥ ৫ ॥

৬

সজনি ভাল করি পেখনা না ভেল।
মেঘমালা সঞে তড়িত-লতা জনু
হৃদয়ে শেল দেই গেল ॥ ১ ॥
আধ আঁচল খসি আধ-বদনে হসি
আধ হি নয়ান-তরঙ্গ।
আধ-উরজ হেরি আধ-আঁচর ভরি
তদবধি দগধে অনঙ্গ ॥ ২ ॥
একে তনু গোরা কনক কটোরা
অতনু কাঁচলা উপাম।
হারে হরি লব মন, জনু বুঝি ঐছন
ফাঁস পসারল কাম ॥ ৩ ॥
দশন মুকুতা-পাঁতি অধরু মিলায়ত
মৃদু মৃদু কহতহি ভাষা।
বিদ্যাপতি কহ অতরে সে দুঃখ রহ
হেরি হেরি না পূরল আশা ॥ ৪ ॥

৭

যাইতে পেখনু নাহলি গোরী।
কতি সঞে রূপ ধনি আনলি চোরি ॥ ১ ॥
কেশ নিঙ্গারিতে বহে জল-ধারা।
চামরে গলয়ে জনু মোতিমহারা ॥ ২ ॥
অলকহি তিতল তহি অতি শোভা।
অলিকুল কমলে বেঢ়ল মধুলোভা ॥ ৩ ॥
নীরে নিরঞ্জন লোচন রাতা।
সিন্দুরে মণ্ডিত জনু পঙ্কজ পাতা ॥ ৪ ॥
সজল চীর পয়োধর সীমা।
কনক বেলে জনু পড়ি গেও হিমা ॥ ৫ ॥
ও নুকি করতহি দেহা।
অবহি ছোড়বি মোয় তেজবি লেহা ॥ ৬ ॥
ঐছে ফেরি রস না পাওব আর।
ইথে লাগি রোই গলয়ে জলধার ॥ ৭ ॥
বিদ্যাপতি কহে শুনহ মুরারি।
বসনের ভাব ওরূপ নেহারি ॥ ৮ ॥

৮

কামিনী করই সিনান।
হেরইতে হৃদয়ে হানল পাঁচ বাণ ॥ ১ ॥
চিকুরে গলয়ে জলধারা।
মুখশশী ভয়ে কিয়ে রোয়ে আন্ধিয়ারা ॥ ২ ॥
তিতল বসন তনু লাগি।
মুনিহক মানস মনমথ জাগি ॥ ৩ ॥
কুচযুগ চারু চকেবা।
নিজকুল আনি মিলায়ল দেবা ॥ ৪ ॥
তেঞি শঙ্কা ভুজপাশে।
বান্ধি ধয়ল জনু উড়ব তরাসে ॥ ৫ ॥
কবি বিদ্যাপতি গাওয়ে।
গুণবতী নারী রসিক জন পাওয়ে ॥ ৬ ॥

৯

আজু মঝু শুভ দিন ভেলা।
কামিনী পেখলু সিনানক বেলা ॥ ১ ॥

১। পেখনা—দেখা। সঞে—হইতে। মেঘ-মালা হইতে বিদ্যুৎ বাহির হইয়া যেমন মানুষকে যন্ত্রণা দেয়, অথচ সে ব্যক্তি বিদ্যুল্লতা ভাল করিয়া দেখিতে পায় না, তেমনই নীলবসনপরিহিত বিদ্যু-দ্দামতুল্য রাধার রূপ আমি ভাল করিয়া দেখিতেও পাই নাই, অথচ যন্ত্রণায় পীড়িত হইতেছি।

৩। কটোরা—বাটি। কাঁচলা উপাম—কাঁচুলির মত।

৪। অধরু—অধরে। মিলায়ত—মিলাইয়া। কহতহি—কহিতেছে। অতরে—অন্তরে।

১। নাহলি—স্নান করিল। গোরী—সুন্দরী। কতিসঞে—কত হইতে অর্থাৎ কত স্থান বা কত দ্রব্য হইতে। আনলি—আনল।

২। গলয়ে—ঝরিতেছে। মোতিম—মুক্তা।

৪। নিরঞ্জন—কজ্জলশূন্য। রাতা—রক্তবর্ণ, লোহিত।

৬। অবহি—এখনই। ছোড়বি—ছাড়বে। লেহা—স্নেহ।

৭। রোই—কাঁদিয়া। গলয়ে—ঝরিতেছে।

১। সিনান—স্নান।

৩। মুনিহক—মুনিরও।

৪। চকেবা—চক্রবাক।

চিকুর গলয়ে জলধারা।
মেহ বরিখে জনু মোতিমহারা ॥ ২ ॥
বদন মোছল পরচুর।
মাজি ধয়ল জনু কনক-মুকুর ॥ ৩ ॥
তেঞি উদাসল কুচজোরা।
পললটি বৈঠায়া কনক-কটোরা ॥ ৪ ॥
নীবিবন্ধ করল উদেস।
বিদ্যাপতি কহ মনোরথ শেষ ॥ ৫ ॥

১০

নাহি উঠল তীরে　　রাই কমলমুখী
　সমুখে হেরল বরকান।
গুরুজন সঙ্গে　　লাজে ধনী নতমুখী
　কৈছনে হেরব বয়ান ॥ ১ ॥
সখি হে অপরূপ চাতুরী গোরী।
সব জন তেজিয়া　　আগুসরি ফুকরই
　আড় বদন তঁহি ফেরি ॥ ২ ॥
তঁহি পুন মোতি-　　হার টুটি ফেলল
　কহত হার টুটি গেল।
সব জন এক এক　　চুনি সঞ্চরু
　শ্যাম দরশ ধনী কেল ॥ ৩ ॥
নয়ন-চকোর　　কানু-মুখ শশিবর
　কয়ল অমিয়া রসপান।
দুহু দোহাঁ দরশনে　　রসহুঁ পসারল
　বিদ্যাপতি ভালে জান ॥ ৪ ॥

১১

অলখিতে হামে হেরি বিসহলি থোরি।
জনু রজনী ভেল চাঁদ উজোরি ॥ ১ ॥
কুটিরকটাক্ষ ছটা পড়ি গেল।
মধুকর ডম্বর অম্বর ভেল ॥ ২ ॥
কাহার রমণী কে উহ জান।
আকুল করি গেও হামারি পরাণ ॥ ৩ ॥
লীল-কমলে ভ্রমরা কিয়ে বারি।
চমকি চললি ধনী চকিত নেহারি ॥ ৪ ॥
তৈ ভেল বেকত পয়োধর-শোভা।
কনক-কমল নাহি কাহে মনোলোভা ॥ ৫ ॥
আধ লুকায়লি আধ উদাস।
কুচকুম্ভ কহি গেও আপন কি আশ ॥ ৬ ॥
বিদ্যাপতি কহ নব অনুরাগ।
গোপত মদন-শর কাহে না লাগ ॥ ৭ ॥

১২

কণ্টক মাহ কুসুম-পরকাশ।
ভ্রমর বিকল নাহি পাওয়ে বাস ॥ ১ ॥
রসবতী মালতী পুনঃ পুনঃ দেখি।
পিবইতে চাহে মধু জীউ উপেখি ॥ ২ ॥
উহ মধু-জীব তুহু মধু বশে।
সঞ্চি তুহু ধর মধু অবহু লজ্জাসে ॥ ৩ ॥
ভ্রমর বিকল কবহু নাহি ঠাম।
তুয়া বিনু মালতী নাহি বিশরাম ॥ ৪ ॥
আপন মনে ধরি বুঝহ অবগাহে।
ভ্রমর-বধ পাপ লাগত কাহে ॥ ৫ ॥
ভণহি বিদ্যাপতি পায়ব জীবে।
অধর সুধারস যদি বোহ পীবে ॥ ৬ ॥

১৩

যাঁহা যাঁহা পদযুগ ধরই।
তাঁহি তাঁহি সরোরুহ ভরই ॥ ১ ॥
যাঁহা যাঁহা ঝলকত অঙ্গ।
তাঁহা তাঁহা বিজুরি-তরঙ্গ ॥ ২ ॥
কি হেরিলোঁ অপরুব গোরী।
পৈঠল হিয়া মাহা মোরি ॥ ৩ ॥

২। মেহ—মেঘ। বরিখে—বর্ষে। মোতিম-হারা—মুক্তাহার।
৩। পরচুর—প্রচুর। ধয়ল—ধরল, ধরিল।
৪। তেঁঞি—তেঁহ, সে। উদাসল—অনাবৃত করিল।
৫। নীবিবন্ধ—কটিবন্ধ। করল উদেস—অনাবৃত করিল।
৩। টুটি—ছিড়ি। চুনি—চুনই, সংগ্রহ করিয়া। সঞ্চরু—সঞ্চরণ করিতে লাগিল।
৪। রসহু পসারল—রস বিস্তার করিল।
১। বিহসলি—বিহসল, হাসিল। চাঁদ উজোরি—চন্দ্রসমুজ্জ্বল, চন্দ্রে বা চন্দ্রের শোভায় উজ্জ্বল।

৪। বারি—বারই, নিবারণ করিয়া।
২। পিবইতে—পান করিতে। জীউ উপেখি—জীবন উপেক্ষা করিয়া। ৩। সঞ্চি—সঞ্চয় করিয়া। অবহু—এখন। লজ্জাসে—লজ্জায়। ৪। কবহু—কোথাও। ঠাম—ঠাঁই, স্থান। বিশরাম—বিশ্রাম।
৫। বুঝহ অবগাহে—স্থির করিয়া বুঝ।

যাঁহা যাঁহা নয়ন বিকাশ।
তাঁহি কমল পরকাশ ॥ ৪ ॥
যাঁহা যাঁহা লহু হাস সঞ্চার।
তাঁহা তাঁহা অমিঞা-বিকার ॥ ৫ ॥
যাঁহা যাঁহা কুটিল কটাখ।
তাঁহি মদন-শর লাখ ॥ ৬ ॥
হেরইতে সো ধনী থোর।
অব তিন ভুবন আগোর ॥ ৭ ॥
পুন কি দরশন পাব।
তব মোহে ইহ দুঃখ যাব ॥ ৮ ॥
বিদ্যাপতি কহ জানি।
তুয়া গুণে দেয়ব আনি ॥ ৯ ॥

১৪

কুজলি কবরী অবনত আনন
　কুচ পরশয়ে পরচারি।
কামে কমল লয়ে কনক-শম্ভু যনি
　পূজল চামর ঢারি ॥ ১ ॥
পলটি হেরি হল পেয়সী বয়না
　মদন শপথ তোহি রে ॥ ২ ॥
শ্যামর লোমলতা কালিন্দী
　হারা সুরসরি ধারা।
মজ্জন করি মাধবে বর মাগল
　পুনু দরশন এক বেরা ॥ ৩ ॥

১৫

চিকুর নিকর তম সম
　পুনু আনন পূণিম শশী।
নয়নপঙ্কজ কে পতিয়ায়ব
　এক ঠাম রহু বসি ॥ ১ ॥
আজে মোঞে দেখলি বারা।
লুবধ মানস চালক মদন
　কর কি পরকারা ॥ ২ ॥
সহজ সুন্দর গোর কলেবর
　পীন পয়োধর-শিরী।
কনকলতা অতি বিপরীত
　ফলল যুগল গিরি ॥ ৩ ॥

ভণ বিদ্যাপতি বিহিক ঘটন
　কে ন অদভুদ জানে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

১৬

অমিয়ক লহরী বম অরবিন্দ।
বিদ্রুম পল্লব ফুলল কুন্দ ॥ ১ ॥
নিরখি নিরখি মোঞে পুনু পুনু হের।
দমন লতা পর দেখল সুমের ॥ ২ ॥
সাঁচ কহঞো মোঞে সাখী অনঙ্গ।
চান্দকমণ্ডল যমুনা-তরঙ্গ ॥ ৩ ॥
কোমল কনককেয়া মূতি পাত।
মসি লয়ে মদনে লিখল নিজ বাত ॥ ৪ ॥
পঢ়হি ন পারিয় আখর পাতি।
হেরইতে পুলকিত হো তনু কাতি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি কহঞো বুঝায়ে।
অরথ অসম্ভব কে পতিয়ায়ে ॥ ৬ ॥

১৭

খশন পরশ খসু অম্বর রে
　দেখল ধনী দেহ।
নব জলধর তলে সঞ্চর রে
　যনি বীজুরী-রেহ ॥ ১ ॥
আজ দেখলি ধনী যাইতে রে
　মোহি উপজল রঙ্গ।
কনক-লতা যনি সঞ্চর রে
　মহি নিরয়বলম্ব ॥ ২ ॥
তা পুন অপরূপ দেখল রে
　কুচযুগ অরবিন্দ।
বিকসিত নহি কিছু কারণ রে
　সোঝা মুখ চন্দ ॥ ৩ ॥

৫। আমিঞা-বিকার—অমৃত বিকীরণ।
২। বারা—বালা। পরকারা—প্রকার। অদভুদ—অদ্ভুত।

১। বম—উদ্গীরণ করে। বিদ্রুম—প্রবাল।
২। নিরখি—নির্ণয় করিয়া। দমন—দ্রোণ।
৩। সাঁচ—সত্য।
৪। মূতি—মূর্ত্তি।
৫। কাতি—কান্তি।
১। খসু—খসিল।
২। মোহি—আমার।
৩। সোঝা—সোজা, সম্মুখে।

বিদ্যাপতি কবি গাওল রে
রস বুঝ রসমন্ত।
দেবসিংহ নৃপ নাগর রে
হাসিনী দেবী কান্ত ॥ ৪ ॥

১৮

াইতে মিললি কলাবতী রামা।
সে নহি দেখল যে দিয় উপমা ॥ ১ ॥
ধৈরযে বুঝল চাতুরি নারী।
অনুভব করে গেল কুটিল নিহারি ॥ ২ ॥
সৌরভে জানল পদুমিনী জাতি।
অন্তরে লাগি রহল দিন রাতি ॥ ৩ ॥

১৯

অপরূপ পেখল সোই।
কনকলতাঞে উয়ল কিএ হিমকর
ঐসন লাগল মোই ॥ ১ ॥
কুটিল কেশ চঞ্চল অতি লোচন
নাসা আঁতর ভিন ॥ ২ ॥
রাগ অধর দশন মণি ভেটল
দুহু কুচ দুহু কঠিন ॥ ৩ ॥
ত্রিবলিক মাঝে তনু নিবি বান্ধল
নাভি-সরোবর গোই ॥ ৪ ॥
ভারি জঘন সম্বল রহ দুবরি
পরদুখে দুখী নই কোই ॥ ৫ ॥

২০

সজনি অপরূপ পেখল রামা।
কনকলতা অবলম্বন উয়ল
হরিণহীন হিমধামা ॥ ১ ॥

নয়ন-নলিনী দউ অঞ্জনে রঞ্জই
ভৌঁহ বিভঙ্গ বিলাসা।
চকিত চকোর জোর বিধি বান্ধল
কেবল কাজর পাশা ॥ ২ ॥
গিরিবর গরুয় পয়োধর পরশিত
গীমে গজমোতিম হারা।
কাম কম্বু ভরি কনক শম্ভুপরি
ঢারত সুরধুনী ধারা ॥ ৩ ॥
পয়সি পয়াগে যাগ শত যাগই
নেই পায়ে বহুভাগী।
বিদ্যাপতি কহ গোকুল-নায়ক
গোপীজন অনুরাগী ॥ ৪ ॥

২১

নাহি উঠল তীরে সে ধনী রাহি।
মুঝ মুখ সুন্দরী অবনত চাহি ॥ ১ ॥
এ সখি পেখল অপরূপ গোরী।
বল করি চিত চোরায়ল মোরি ॥ ২ ॥
একলি চললি ধনী হোই আগুয়ান।
উমগি কহই সখি করহ পয়াণ ॥ ৩ ॥
কিয়ে ধনী রাগি বিরাগিনী হোয়।
আশ নিরাশ দগধ তনু মোয় ॥ ৪ ॥
কৈসে মিলব হমে সে ধনী অবলা।
চিত নয়ন মঝু দুহু তাহে রহলা ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ শুনহ মুরারি।
ধৈরয ধরি রহ মিলব বর-নারী ॥ ৬ ॥

১। সোই—তাহাকে।
২। আঁতর—অন্তর।
৪। গোই—গোপন করিয়া।
৫। দুবরী—তন্বী।
১। পেখলু—দেখিলাম। উয়ল—উদিত হইল। হিমধামা—চন্দ্র। হরিণহীন হিমধামা—চন্দ্রের অঙ্কে যে হরিণের ন্যায় চিহ্ন থাকে, তাহাকেই কলঙ্ক বলে, এখানে চন্দ্র (রাধার মুখ) হরিণহীন অর্থাৎ—নিষ্কলঙ্ক।

২। দউ—দুই। ভৌঁহ—ভ্রূ। জোর—জোড়া। পাশা—রজ্জু।
৩। গরুয়—গুরু। গীম—গ্রীবা। কম্বু—শঙ্খ। ঢারত—ঢালিতেছে।
কণ্ঠস্থিত গজমুক্তার মালা পর্ব্বতের ন্যায় কঠিন গুরু পয়োধর স্পর্শ করিতেছে, তাহাতে যেন বোধ হইতেছে, কাম কম্বু ভরিয়া গঙ্গার জলধারা কনক-শম্ভুর (সুবর্ণ-বর্ণ পয়োধরের) উপর ঢালিতেছে।
১। নাহি—নাহিয়া, স্নান করিয়া। রাহি—রাই।
৩। উমগি—ফিরিয়া।

২২

মুখ দরশনে সুখ পাওলা
রস বিলাসি ন ভেলা ॥ ১ ॥
শরদ চান্দ সোহাঞোন্
উগিতহি অস্ত গেলা ॥ ২ ॥
যদি হরি বিহি বিঘটাওলি
গজগামিনী বালা ॥ ৩ ॥
গুণ অনুভবে মন মোহলা
অবসাদল দেহা ॥ ৪ ॥
দুলভ লোভে ফল পাওলা
আবে প্রাণ সন্দেহা ॥ ৫ ॥
মেনকা দেবীপতি ভূপতি
রস পরিণতি জানে ॥ ৬ ॥
নরনারায়ণ নাগরা কবি
ধীরে সরস ভাণে ॥ ৭ ॥

২৩

গোধূলি পেখল বালা
যব মন্দির বাহির ভেলা।
নব জলধর বিজুরি-রেহা
দ্বন্দ্ব পসারিয় গেলা ॥ ১ ॥
ধনী অলপ বয়সি বালা
জনি গাঁথলি পুষ্পকি মালা।
থোরি দরশনে আশ ন পূরল
রহল মদন-জ্বালা ॥ ২ ॥

গোরী কলেবর ন্যূনা
জনি কাজরে উজোর সোনা।
কেশরী জিনি মাঝ ক্ষিণি
দুলহ লোচন কোণা ॥ ৩ ॥
ঈষত হাসনি সনে
মুঝে হানল নয়ন-বাণে।
চিরজীবী রহু রূপনারায়ণ
কবি বিদ্যাপতি ভাণে ॥ ৪ ॥

২৪

অপরূপ পেখল আই।
কনক-গিরি আউধ মুখে
চাঁদহু গরাসে যাই ॥ ১ ॥
আওর পেখল কুচ-যুগ মাঝে
লোলিত মোতিমহারে ॥ ২ ॥
কনক-মহেশ কামহু পূজল
যনি সুরনদী ধারে ॥ ৩ ॥
হেরি হসি উর অম্বরে ঝাঁপল
বঙ্কিম নয়ানে সেহ ॥ ৪ ॥
সে বিনু মোর চিত বেয়াকুল
ধৈরয নহি ধর দেহ ॥ ৫ ॥

২৫

আধ বদন হেরি লোচন আধ।
দেখব কিয়ে অরু পুন ভেল সাধ ॥ ১ ॥
পুন নহি দিঠি ভরি পেখল ভেলা।
মেঘ বিজুরি যইসে উগি লুকি গেলা ॥ ২ ॥
যাইতে পেখল নাগরী নারী।
হৃদয়ে বুঝায়ল পলটি নেহারি ॥ ৩ ॥

২। সোহাঞোন—শোভন। উগিতহি—উদিত হইতেই। শরতের চন্দ্র উদিত হইয়াই অস্তাচলে গমন করিল।
৩। বিবটাওলি—মন্দ ঘটাইল।
৪। অবসাদল—অবসাদিত করিল
১। গোধূলি সময়ে বালা মন্দিরের (গৃহের) বাহির হইল। তাহাতে বোধ হইল যেন, নব জলধর ও বিদ্যুৎ-রেখার দ্বন্দ্ব প্রসার লাভ করিল। দ্বন্দ্ব শব্দ পরস্পর বিরোধিভাবের দ্যোতক; মেঘেতে বিদ্যুদ্বিকাশ হইলে সেইরূপ দ্বন্দ্ব হইয়া থাকে, এখানে বালা বিদ্যুৎ—গোধূলি মেঘ, সুতরাং বালা যতই যাইতে লাগিল, ততই সেই দ্বন্দ্ব দীর্ঘতর হইতে লাগিল।

৩। কাজরে—কৃষ্ণবর্ণ (নীল) বস্ত্রে। উজোর—উজ্জ্বল।
১। আই—আজি। আউধমুখে—অধোমুখে।
২। আওর—আর।
৩। কুচযুগল মধ্যে দোদুল্যমান মুক্তা-হার দেখিয়া বোধ হইল, যেন মদন গঙ্গাতীরে কনক-মহেশ পূজা করিতেছে।
১। অরু—আবার।
২। দিঠি—দৃষ্টি। উগি—উদিত হইল। লুকি—লুক্কায়িত হইল।

মন্থর গমনে বুঝল অনুরাগি।
তিল এক দেখল অবহু মন জাগি ॥ ৪ ॥
রূপ ভুলল আঁখি গেলই গেল।
তবধরি জগ ভরি ফুলশর ভেল ॥ ৫ ॥

২৬

লোচন চপল বদন সানন্দ।
নীল নলিনীদলে পূজল চন্দ ॥ ১ ॥
পীন পয়োধর রুচি উজরী।
শিরিফলে ফললি কনক-মঞ্জরী ॥ ২ ॥
গুণবতী রমণী গজরাজ গতি।
দেখলি মোঞে যাইতে বর যুবতী ॥ ৩ ॥
গরুঅ নিতম্ব উপর কুচভার।
ভাঁগিবাকে চাহয়ে থেঘিবাকে পার ॥ ৪ ॥
তনু রোমাবলী দেখিয়ে ন ভেলি।
নিজ ধনু মনমথে থেব ন দেলি ॥ ৫ ॥
সম্ভ্রম সকল সখীজন বারি।
প্রেম বুঝওলক পলটি নিহারি ॥ ৬ ॥
আওর চতুর পণ কহহি ন যায়ে।
নয়নে নয়ন মিলি রহলি লুকায়ে ॥ ৭ ॥
তখন সঞো চাঁদ চন্দন ন সোহাব।
অবোধ নয়ন পুনু তঠমাহি ধাব ॥ ৮ ॥

২৭

দেখল কমলমুখী বরণি ন যাই।
মন মোর হরলক মদন জগাই ॥ ১ ॥
তনু সুকুমার পয়োধর গোরা।
কনকলতা জনি শিরিফল জোরা ॥ ২ ॥
কুঞ্জরগমনী অমিয় রস বোলে।
শ্রবণে সোহঙ্গম কুণ্ডল দোলে ॥ ৩ ॥
ভৌহ কমান ধএল তনু আগু।
তীথ কটাথ মদনশর লাগু ॥ ৪ ॥
সব তহ শুনিয় ঐসন বেবহারা।
মারিয় নাগর উবর গমরা ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি কৌতুক গাব।
বড় পুণে রসবতী রসিক রিঝাব ॥ ৬ ॥

২৮

অম্বর বিঘটু অকামিক কামিনী
করে কুচ ঝাঁপু সুছন্দা।
কনক-শম্ভু সম অনুপম সুন্দর
দুই পঙ্কজ দশ চন্দা ॥ ১ ॥
কত রূপ কহব বুঝাই।
মন মোর চঞ্চল লোচন বিকলে
ও ও অনইতে যাই ॥ ২ ॥
আড় বদন করে মধুর হাস দএ
সুন্দরী রহু সির নাই।
অওঁধা কমল কান্তি নহি পূরএ
হেরইত যুগ বহি যাই ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
পৃথিবী নব পঞ্চবাণে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

৪। তাহার মন্থর গমন দেখিয়া সে যে অনুরাগিণী, তাহা বুঝিলাম; কারণ, মন্থর গমনই অনুরাগের লক্ষণ।

৫। আমার চক্ষু রূপে ভুলিয়া তাহার সহিত গেল, তদবধি জগৎময় কেবল ফুলশরই দেখিতেছি, অর্থাৎ আমি মদন-শরে আচ্ছন্ন হইয়াছি।

৪। ভাঁগিবাকে— ভাঙ্গিতে। থেঘিবা— অবলম্বন দিতে।

৮। সোহাব—শোভন বলিয়া বোধ হয়। তঠমাহি—সেই স্থানে।

১। বরণি—বর্ণন করা।

৩। সোহঙ্গম—সুন্দর।

৪। কমান—ধনু।

৫। উবর—মুক্ত হয়। গমারা—গোঁয়ার।

৬। রিঝাব—প্রসন্ন করে।

১। বিঘটু—স্থানান্তরিত। অকামিক—অকস্মাৎ। সুছন্দা—সুছাঁদে।

অকস্মাৎ বস্ত্র সরিয়া যাওয়াতে কামিনী হস্ত দ্বারা সুন্দর ভঙ্গীতে কনক-শম্ভুর ন্যায় নিজ কুচযুগল আচ্ছাদিত করিল।

২। ও ও—ঐ ঐ। অনইতে—অনায়ত্ত।

৩। নাই—নমিয়া। দএ—দিয়া। অওঁধা—নতমুখ।

২৯

সহজহি আনন সুন্দর রে
ভঁউহ সুরেখলি আঁখি।
পঙ্কজ মধু পিবি মধুকর
উড়য়ে পসারয়ে পাখী ॥ ১ ॥
ততহি ধাওল দুহু লোচন রে
যতহি গেলি বরনারী।
আশা লুবুধল ন তেজয়ে রে
কৃপণক পাছু ভিখারী ॥ ২ ॥
ইঙ্গিত নয়ন তরঙ্গিত দেখল
বাম ভঁউহ ভেল ভঙ্গ।
তখনে ন জানল তেসরে
গুপত মনোভব রঙ্গ ॥ ৩ ॥
চন্দনে চরচু পয়োধর, গীব
গজ মুকুতা হার।
ভসমে ভরল জনি শঙ্কর
শির সুরসরি জলধার ॥ ৪ ॥
বাম চরণ অগুসারল দাহিণ
তেজইতে লাজ।
তখন বদন শরে পূরল
গতি গঞ্জয়ে গজরাজ ॥ ৫ ॥
আজ যাইতে পথে দেখলি রে
রূপে রহল মন লাগি।
তেহি ক্ষণ সঞো গুণ-গৌরব রে
ধৈরয গেল ভাগি ॥ ৬ ॥
রূপ লাগি মন ধায়ল রে
কুচ-কাঞ্চন গিরি সাঁধি।
তে অপরাধে মনোভব রে
ততহি ধএল জনি বাঁধি ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি গাওল রে
রস বুঝ রসমন্তা।
রূপনারায়ণ নাগর রে
লখিমা দেবীক সুকান্তা ॥ ৮ ॥

৩০

পথগতি পেখল মো রাধা।
তখনুক ভাব পরাণ পৈ পীড়লি
রহল কুমুদনিধি সাধা ॥ ১ ॥
নয়ুয়া-নয়নী নলিনী জনি অনুপম
বঙ্ক নিহারই থোরা।
জনি শৃঙ্খল মে খগবর বাঁধল
দিঠিহু নুকায়ল মোরা ॥ ২ ॥
আধ বদনশশী বিহাসি দেখাউলি
আধ পিহলি নিজ বাহু।
কিছু এক ভাগ বলাহকে ঝাঁপল
কিছু এক গরাসল রাহু ॥ ৩ ॥
করযুগ পিহিত পয়োধর অঞ্চল
চঞ্চল দেখি চিত ভেলা।
হেম কমলিনী জনি অরুণিত চঞ্চল
মিহির তর নিন্দ গেলা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মথুরাপতি
ইহ রস কে পর বাধা।
হাস দরশ রসে সবহু বুঝায়ল
নাল কমল দুই আধা ॥ ৫ ॥

৩১

দিয়া গেলি সুন্দরি দিয়া গেলি রে
দিয়া গেলি দুই দিঠে মেরা।
পুনু মন কর ততহি যাইয়
দেখিয় দোসরি বেরা ॥ ১ ॥
সার চুনি চুনি হার যে গাঁথল
কেবল তারা জ্যোতি।
অধর রূপ অনুপম সুন্দর
চান্দে পরীহলি মোতি ॥ ২ ॥

১। সহজাহ—স্বভাবতঃ।

৩। তেসরে—তৃতীয় ব্যক্তি।

১। পথগতি—পথে যাইতে। পৈ—মধ্যে।

২। নয়ুয়া—সুন্দর।

৩। পিহলি—ঢাকিল। বলাহক—মেঘ।

৪। পিহিত—আবৃত।

১। মেরা—মিলন। দোসরি—দ্বিতীয়। বেরা—বার।

২। চুনি চুনি—বাছিয়া বাছিয়া।

ভমর মধু পিবি পিবি মাতল
শিশিরে ভিজল পাখী।
অলপে কাজরে নয়ন আঁজল
নহুমি দেখিয় আঁখি ॥ ৩ ॥
কতে যতনে দূতী পঠায়ল
আনয় গুয়া পান।
সগরে রজনী বইসি গমাওল
হৃদয় তহু পখান ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি শুনহ নাগর
ও নহি ও রস জান।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণ। ৫ ॥

দূতী-সংবাদ

১

ধনি ধনি রমণি, জনম ধনি তোর।
সব জন কানু করি ঝুরয়ে
সো তুয়া ভাবে বিভোর ॥ ১ ॥
চাতক চাহি তিয়াষল অম্বুদ,
চকোর চাহি রহু চন্দা।
তরুলতিকা অবলম্বনকারী
মঝু মনে লাগল ধন্দা ॥ ২ ॥
কেশ পসারি যব তুহু আছলি,
উর-পর অম্বর আধা।
সো সব হেরি কানু ভেল আকুল,
কহ ধনি ইথে কি সমাধা ॥ ৩ ॥
হসইতে কর তুহু দশন দেখায়লি,
করে করে জোরহি মোর।
অলখিতে দিঠি কর হৃদয়ে পসারলি,
পুন হেরি সখি করি কোর ॥ ৪ ॥
এতহু নিদেশ কহলু তোঁহে সুন্দরি,
জানি তুহু করহ বিধান।

হৃদয়-পুতলি তুহু সো শূন কলেবর
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৫ ॥

২

জীবন চাহি যৌবন বড় রঙ্গ।
তবে যৌবন যব সুপুরুখ সঙ্গ ॥ ১ ॥
সুপুরুখ প্রেমিক বহু নাহি ছাড়ি।
দিনে দিনে চান্দকলা সম বাঢ়ি ॥ ২ ॥
তুহু যৈসে নাগরী কানু রসবন্ত।
বড় পুণ্যে রসবতি মিলে রসবন্ত ॥ ৩ ॥
তুহু যদি কহসি করিঞা অনুষঙ্গ।
চৌরি পিরীতি হোয় লাখগুণ রঙ্গ ॥ ৪ ॥
সুপুরুখ ঐছন নাহি জগমাঝ।
আর তাহে অনুরত বরজ সমাজ ॥ ৫ ॥
বিদ্যাপতি কহে ইথে নাহি লাজ।
রূপ-গুণবতীকা ইহ বড় কাজ ॥ ৬ ॥

৩

শুন শুন গুণবতী রাধে।
মাধব বধিহে কি সাধবি সাধে ॥ ১ ॥
চান্দ দিনহি দীনহীনা।
সো পুন পালটি ক্ষণে ক্ষণে ক্ষীণা ॥ ২ ॥
অঙ্গুরী বলয়া পুন ফেরি
ভাঙ্গি গড়য়েব বুঝি কত বেরি ॥ ৩ ॥
তোহারি চরিত নাহি জানি।
বিদ্যাপতি পুন শিরে কর হানি ॥ ৪ ॥

৪

এ ধনি কর অবধান।
তো বিনে উনমত কান ॥ ১ ॥
কারণ বিনু ক্ষণে হাস।
কি কহয়ে গদ গদ ভাষ ॥ ২ ॥
আকুল অতি উতরোল।
হা ধিক্ হা ধিক্ বোল ॥ ৩ ॥
কাঁপয়ে দুরবল দেহ।
ধরই না পারই কেহ ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ভাখী।
রূপনারায়ণ সাখী ॥ ৫ ॥

৩। পাখী—পাখা। আঁজল—অঞ্জন করিল। নহুমি—কোমল।
৪। সগরে—সমস্ত। পখান—পাষাণ।
৫। জান—জানে।
১। ধনি—ধন্য। ঝুরয়ে—অশ্রু মোচন করে।
৪। জোরহি—যুক্ত করিয়া।

৪। অনুষঙ্গ—অনুকম্প।
৫। ভাখী—ভাষা, বাণী।

৫

শুন শুন সুন্দরি হিত উপদেশ।
হাম শিখায়ব বচন বিশেষ ॥ ১ ॥
পহিলহি বৈঠবি শয়নক সীম।
আধ নেহারবি বঙ্কিম গীম ॥ ২ ॥
যব পিয়ে পরশয়ে ঠেলবি পানি।
মৌন ধরবি কিছু না কহিব বাণী ॥ ৩ ॥
যব পিয়ে ধরি বলে লেয় নিজপাশ।
নহি নহি বোলবি গদ গদ ভাষ ॥ ৪ ॥
পিয়-পরিরম্ভণে মোড়বি অঙ্গ।
রভস-সময়ে পুন দেয়ব ভঙ্গ ॥ ৫ ॥
ভণহি বিদ্যাপতি কি বোলব হাম।
আপহি গুরু হোই শিখায়ব কাম ॥ ৬ ॥

৬

এ ধনি কমলিনি শুন হিতবাণী।।
প্রেম করবি অব সুপুরুখ জানি ॥ ১ ॥
সুজনক প্রেম হেম সমতুল।
দহিতে কনক দ্বিগুণ হয়ে মূল ॥ ২ ॥
টুটইতে নাহি টুটে প্রেম অদভুত।
যৈছনে বাঢ়ত মৃণালক সূত ॥ ৩ ॥
সবহু মতঙ্গজে মোতি নাহি মানি।
সকল কণ্ঠে নাহি কোকিল-বাণী ॥ ৪ ॥
সকল সময় নহে ঋতু বসন্ত।
সকল পুরুষ নারী নহে গুণবন্ত ॥ ৫ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
প্রেমক রীত অব বুঝহ বিচারি ॥ ৬ ॥

৭

শুন লো রাজার ঝি।
তোরে কহিতে আসিয়াছি।
কানু হেন ধন, পরাণে বধিলি ॥ ১ ॥

এ কাজ করিলি কি ?
বেলি অবসান-কালে।
গিয়াছিলি না কি জলে ॥ ২ ॥
তাহারে দেখিয়া, মুচকি হাসিয়া,
ধরিলি সখীর গলে ॥ ৩ ॥
দেখায়া বদন চান্দে।
তারে ফেলিলি বিষম ফান্দে ॥ ৪ ॥
তুহু ত্বরিতে আওলি, লখিতে নারিলি,
ওই ওই করি কান্দে ॥ ৫ ॥
তাহে হৃদয় দরশি থোরি।
মন করিলি চোরি ॥ ৬ ॥
বিদ্যাপতি কহ শুনহি সুন্দরি।
কানু জিয়াবে কি করি ? ॥ ৭ ॥

৮

শুন শুন মুগধিনি মঝু উপদেশ।
হাম শিখায়ব চরিত বিশেষ ॥ ১ ॥
পহিলহি অলকা তিলক করি সাজ।
বঙ্কিম লোচনে কাজর রাজ ॥ ২ ॥
বাওবি বসনে ঝাঁপি সব অঙ্গ।
দূরে রহবি জনু বাত বিভঙ্গ ॥ ৩ ॥
সজনি পহিলহি নিয়ড়ে যাবি।
কুটিল নয়নে ধরি মদন জগাবি ॥ ৪ ॥
ঝাঁপবি কুচ দরশায়বি কন্দ।
দৃঢ় করি বান্ধবি নীবিহক বন্ধ ॥ ৫ ॥
মান করবি কছু রখবি ভাব।
রাখবি রস জনু পুন পুন আব ॥ ৬ ॥
ভণয়ে বিদ্যাপতি প্রথমক ভাব।
যো গুণবন্ত সোই ফল পাব ॥ ৭ ॥

২। শয়নক সীম—শয্যার প্রান্তে। বঙ্কিম গীম—গ্রীবা বাঁকাইয়া। প্রথমে শয্যার প্রান্তে বসিবি, পরে গ্রীবা বাঁকাইয়া অর্থাৎ আড় চোখে চাহিবি।
৫। পরিরম্ভণ—আলিঙ্গন মোড়বি—ফিরাইবি। রসভ-সময়ে—বিহারকালে।
৩। পদ্মের সূতা যেমন যতই টানা যায়, ততই বাড়ে, তেমনই প্রেমও অদ্ভুত জিনিষ, যতই টান, ততই বাড়িতে থাকে, ভাঙ্গিয়াও ভাঙ্গে না।
৪। মতঙ্গজে—হস্তী।

৫। লখিতে—লক্ষ্য করিতে।
৬। হৃদয়—স্তন।
৬। আব—আবে, আওয়ে, আসে, আগমন করে।
১। মুগধিনি—মুগ্ধে। মঝু—আমার।
৪। নিয়ড়ে—নিকটে।
৫। নীবিহক—নীবীর। বন্ধ—বাঁধন, কটিবন্ধ।

৯

না জানি প্রেমের নাহি রতিরঙ্গ।
কেমনে মিলব ধনি সুপুরুখ সঙ্গ ॥ ১ ॥
তোহারি বচনে যদি করব পিরীত।
হাম শিশুমতি তাহে অপযশভীত ॥ ২ ॥
সখি হে হাম অব কি বলিব তোয়।
তা সঞে রভস কবহু নাহি হোয় ॥ ৩ ॥
সো বর-নাগর নব অনুরাগ।
পাঁচ শরে মদন মনোরথ জাগ ॥ ৪ ॥
দরশে আলিঙ্গন দেয়ব সোই।
জীউ নিকসব যব রাখব কোই ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ মিছাই তরাস।
শুনহ ঐছে নহ তাক বিলাস ॥ ৬ ॥

১০

পরিহর এ সখি তোহে পরণাম।
হাম নাহি যাওব সো পিয়া ঠাম ১ ॥
বচন-চাতুরী হাম কছু নাহি জান।
ইঙ্গিত না বুঝিয়ে না জানিয়ে মান ॥ ২ ॥
সহচরী মেলি বনায়ত কেশ।
বান্ধিতে না জানিয়ে হাম কভু বেশ ॥ ৩ ॥
কভু নাহি শুনিয়ে সুরত কি বাত।
কৈছনে মিলব মাধব সাথ ॥ ৪ ॥
সো বর নাগর রসিক সুজান।
হাম অবলা অতি অলপ গেয়ান ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ কি বলব তোয়।
অবকে মিলন সমুচিত হোয় ॥ ৬ ॥

১১

এ সখি এ সখি না বোলহ আন।
তুয়া গুণে লুবুধল সুন্দর কান ॥ ১ ॥
নিতি নিতি নিয়র আব বিনু কাজ।
বেকতয় হৃদয় লুকাওয়ে লাজ ॥ ২ ॥
অনতহি গমনে এতহি নিহার।
লুবুধল নয়ন ফিরায় কে পার ॥ ৩ ॥
বিদগধ সেই তোঁহ তনু তুল।
এক নলে গাঁথা জনু দুই ফুল ॥ ৪ ॥
ভণহি বিদ্যাপতি কবিকণ্ঠ গায়ে।
একশর মনোমথ দুই জীব মারে ॥ ৫ ॥

১২

যেই ক্ষণে গমন হোয় মোর।
সেই ক্ষণে কানু কুশল পুছ তোর ॥ ১ ॥
মন দিয়ে বুঝল তোহার অনুরাগ।
পুণ্যফলে গুণবতি পিয়া মনে জাগ ॥ ২ ॥
পুনু পুছ পুনু পুছ মোর মুখ হেরি।
কহিলিও কাহিনী কহবি কত বেরি ॥ ৩ ॥
আন বেরি অবসর চাল আন।
অপনে রভস কর কাহিনী কান ॥ ৪ ॥
লুবধল ভমরা কি দেব উপাম।
বাধল হরিণ না ছাড়য়ে ঠাম ॥ ৫ ॥

১৩

শুন শুন এ সখি কহন ন হোই।
রাই রাই করি তনু মন খোই ॥ ১ ॥
কহইতে নাম প্রেমে হই ভোর।
পুলক কম্প তনু ঘরমহি নোর ॥ ২ ॥
গদ গদ ভাষা কহই বর কান।
রাই দরশ বিনু নিকশে পরাণ ॥ ৩ ॥
যব নহি হেরব তকর সে মুখ।
তব জীউ ভার ধরব কোন সুখ ॥ ৪ ॥

৩। রভস—হর্ষ।
৫। নিকসব—বাহির হবে।
৩। বনায়ত—বানায়, বিন্যাস করে।
৬। অবকে—এখন, অধুনা।
১। আন—অন্য। লুবুধল—লুব্ধ।
২। নিতি—নিত্যই। নিয়র—নিকট। আব—আসে। বেকতয়—ব্যক্ত করে।
৩। অনতহি—অন্যত্রও। এতহি—এই দিকেই।
৪। বিদগধ—বিদগ্ধ, রসিক। তোঁহে তনু তুল—তুমিতাহার সমান।
৫। একশর—একেশ্বর, একা।
১। যখনই আমি কানুর নিকট গমন করি, তখনই সে তোর কুশল জিজ্ঞাসা করে।
৩। কহিলিও কাহিনী—কহা কথা।
৫। বাধল—বাঁধা। ঠাম—স্থানে।
১। কহন না হোই—কহা যায় না। খোই—খোয়ায়, নষ্ট করে।
২। ঘরমহি—ঘর্ম্ম। নোর—অশ্রু।

তহু বিনু আন নহি ইথে কোই।
বিসরয়ে চাহ বিসর নহি হোই ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নহি বিবাদ।
পুরব তোহর সব মনসাধ ॥ ১ ॥

১৪

আপনা করজ কওন নহি বন্ধ।
কে ন করয়ে নিজ প্রতি অনুবন্ধ ॥ ১ ॥
অপন অপন হিত সব কেও চাহ।
সে সুপুরুষ যে কর নিরবাহ ॥ ২ ॥
সজনি তাক জীবন থিক সার।
যে মন দিয়ে কর পর উপকার ॥ ৩ ॥
আরতি অরতন আবয়ে পাস।
অছইতে বস্তু নহি করিয় উদাস ॥ ৪ ॥
সে পুনু অনতহু গেলে পাব।
অপনা মন পও রহ পচতাব ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি দৈন ন ভাথ।
বড় অনুরোধ বড়ে পও রাথ ॥ ৬ ॥

১৫

মুদিত নয়নে হিয় ভুজযুগ চাপি।
শুতি রহল তঁহি কিছু ন অলাপি ॥ ১ ॥
পরসঙ্গে করলহি নামহি তোরি।
তবহি মিলিয় আঁখি চাহে মুখ মোরি ॥ ২ ॥
শুন ধনি ইথে নহি কহি আন ছন্দ।
তোহে অনুরত ভেল শামর চন্দ ॥ ৩ ॥
যেই নয়নভ'ঙ্গ ন সহ অনঙ্গ।
সেই নয়নে অব নোর-তরঙ্গ ॥ ৪ ॥
যেই অধর সদা মধুরিম হাস।
সেই নীরস ভেল দীঘ নিশাস ॥ ৫ ॥
বিদ্যাপতি ভণ মিথ নহ ভাখি।
গোবিন্দদাস কহ তুহু তহি সাখী ॥ ৬ ॥

১৬

কত অছ যুবতী কলাবতী আনে।
তোহি মানয়ে জনি দোসরি পরাণে ॥ ১ ॥
তুয় দরশন বিনু তিলাও ন জীবই।
দারুণ মদন-বেদন কত সহই ॥ ২ ॥
শুন শুন গুণবতী পুণ্যবতী রমনি।
না কর বিলম্ব ছোটি মধু রজনী ॥ ৩ ॥
শামর অম্বর তনুক রঙ্গা।
তিমির মিলও শশী তুলিত তরঙ্গা ॥ ৪ ॥
সপুণ সুধাকর আনন তোরা।
পিউত অমিয় হসি চান্দ চকোরা ॥ ৫ ॥

১৭

আজু হম পেখল কালিন্দী কূলে।
তুয় বিনু মাধব বিলুঠয় ধূলে ॥ ১ ॥
কত শত রমণী মনহি নহি আনে।
কিয় বিষদহ সময় জল দানে ॥ ২ ॥

৫। তুমি ব্যতীত মাধবের আর কেহ ভাল-বাসার পাত্র নাই, তোমাকে ভুলিতে চেষ্টা করে কিন্তু পারে না।
১। কওন—কে। বন্ধ—বন্ধ। অনুবন্ধ—চেষ্টা।
২। নিরবাহ—নির্ব্বাহ। সকলেই নিজের মঙ্গল কামনা করে; যে তাহা নির্ব্বাহ করিতে পারে, সেই সু পুরুষ।
৩। থিক—হয়।
১। সে মুদিত নয়নে বক্ষস্থল দুই হাতে চাপিয়া ধরিয়া শয়ন করিয়া রহিল, কিছুমাত্র আলাপ করিল না।
২। পরসঙ্গে—প্রসঙ্গ ক্রমে। মোরি—ফিরাইয়া। যখন প্রসঙ্গক্রমে তোর নাম করিলাম, তখন সে মুখ ফিরাইয়া নয়ন উন্মীলন করিল।
৩। আন ছন্দ—অন্য রূপ। অনুরত—অনুরক্ত। শামর চন্দ—শ্যামচন্দ্র।
৪। নোর-তরঙ্গ—অশ্রুপ্রবাহ।
১। আনে—আছে। দোসরি পরাণে—প্রাণের দোসর স্বরূপ।
২। মধু রজনী—চৈত্র মাসের রাত্রি।
৪। মিলও—মিলিত। তুলিত তরঙ্গা—তুল্য, উপমা। নীলবস্ত্রে ও দেহের বর্ণে তিমিরাবগুণ্ঠিত শ্যামচন্দ্রের শরীর উপমাস্থল হইয়াছে।
১। বিলুঠয়—লুণ্ঠিত হয়।
২। অন্য শত শত রমণী আছে কিন্তু সে কাহা-রও কথা মনে আনে না; যখন বিষের জ্বালা আরম্ভ হয়, তখন জলদান করিয়া কি হইবে?

মদন-ভুজঙ্গমে দংশল কান।
বিনহি অমিয় রস কি করব আন ॥ ৩ ॥
কুবরতী ধরম কাচ সমতুল।
মদন দলাল ভেল অনুকূল ॥ ৪ ॥
আনল বেচি নীলমণি হার।
সে তুহ পহিরবি করি অভিসার ॥ ৫ ॥
নীল নিচোলে ঝাঁপবি নিজ দেহ।
জনি ঘন ভিতরে দামিনী-রেহ ॥ ৬ ॥
চৌদিগে চতুর সখী চলু সঙ্গে।
আজু নিকুঞ্জে করহ রস রঙ্গে ॥ ৭ ॥
বল্লভ উজ্জ্বল নিকষ সমান।
নিজ তনু পরিখ হেম দশবাণ ॥ ৮ ॥

১৮

আজ পেখল নন্দকিশোর।
কেলি বিলাস সবহু অব তেজল
অহ নিশি রহত বিভোর ॥ ১ ॥
যবধরি চকিত বিলোকি বিপিন-তটে
পলটি আওলি মুখ মোরি।
তবধরি মদনমোহন তরু কাননে
লুটই ধীরজ পুন ছোরি ॥ ২ ॥
পুন ফিরি সোই নয়নে যদি হেরবি
পাওব চেতন নাহ।
ভুজঙ্গিনী দংশি পুনহি যদি দংশয়
তবহি সময় বিব যাহ ॥ ৩ ॥
অব শুভখণ ধনি মণিময়-ভূষণ
ভূষিত তনু অনুপাম।
অভিসরু বল্লভ হৃদয় বিরাজহ
জনি মণি কাঞ্চনদাম ॥ ৪ ॥

৫। পহিরবি—পরিধান করিবি।

২। যবধরি—যদবধি। মোরি—ফিরাইয়া। তবধরি—তদবধি। ছোরি—ছাড়িয়া।

৩। নাহ—নাথ। যাহ—যায়।

৪। এখন শুভক্ষণ উপস্থিত, এইবার তুমি মণিময় ভূষণে সুন্দর তনু বিভূষিত করিয়া অভিসারে গমন কর। সুবর্ণের মালায় যেমন মণি শোভা পায়, তুমিও তদ্রূপ বল্লভের হৃদয়ে বিরাজ কর।

১৯

প্রথম শিরীফল গরবে গোঁয়ায়ল
যব গুণ গাহক আবে।
গেল যৌবন পুনু পলটি ন আবয়ে
কেবল রহ পচতাবে ॥ ১ ॥
সুন্দরি বচনে করহ সমধানে।
তোর সনি নারী দিবস দশ অছলিহ
ঐসন উপজু মোহি ভানে ॥ ২ ॥
যৌবন রূপ তাবে ধরি সাজত
যাব মদন অধিকারী।
দিন দশ গেলে সেহও পলায়ত
সকল জগত পরচারী ॥ ৩ ॥
বিদ্যাপতি ভণ যুবতি লাথে লহ
পড়ল পয়োধর তূলে।
দিনে দিনে ওগো সখি ঐসনি হোয়বহ
ঘোষিণী ঘোলক মূলে ॥ ৪ ॥

১। গোঁয়াইলে—কাটাইলে। যব—যমন। গাহক—গ্রাহক। আবয়ে—আসে। রহ—রহে। পচতাব—পশ্চাত্তাপ।

প্রথমে শ্রীফল- (পয়োধর) গরবে অর্থাৎ যৌবন-গর্ব্বে গুণগ্রাহককে গ্রহণ না করিয়া সময় কাটাইয়া দিলে, সে যৌবন আর ফিরিয়া আইলে না। পশ্চাত্তাপ মাত্র রহিয়া যায়।

২। সমধানে—সমাধান। সনি—সম। অছলিহ—ছিলাম। ঐসন—এমন। উপজু—উপজিতেছে। মোহি—আমার। ভানে—ভাব, অনুমান।

৩। তাবে ধরি—তাবৎ কাল। সেহও—সেও। পরচারী—প্রচার হইয়াছে। যৌবনের রূপ তত দিন সাজে, যত দিন মদন তাহার অধিকারী থাকে, দশ (কিছু) দিন গেলে মদন চলিয়া যায়, ইহা সকলেই জানে।

৪। লহ—অনুমান হয়। তূলে—তুলাযন্ত্র। হোয়বহ—হইবে। ঘোষিণী—গোয়ালিনী। ঘোলক—ঘোলের। বিদ্যাপতি কহিতেছে, ওগো সখি, গোয়ালিনীর ঘোলের মূল্য যেমন দিন দিন কমিয়া যায়, তেমনই যৌবনও দিন দিন সেইরূপ কমিয়া যায়; কেন না, পয়োধর রূপ তুলাযন্ত্রে যৌবন নির্ণীত হইয়া থাকে।

২০

সে অতি নাগর তোঞে সব সার।
পসরও মল্লী প্রেম-পসার ॥ ১ ॥
যৌবন-নগরী বেসাহব রূপ।
ততে মূল হোইত যতে স্বরূপ ॥ ২ ॥
সজনি রে হরি রস বণিজার।
গোপ ভরমে জনু বোলত গমার ॥ ৩ ॥
বিধিবশে অধিক কর জনু মান।
ষোড়শ সহস্র গোপীপতি কান ॥ ৪ ॥
তোহ উনি উচিত রহত নহি ভেদ।
মনমথ মধথে করব পরিছেদ ॥ ৫ ॥

২১

সে অতি নাগর গোকুল কান।
নগরহু নাগরী তোহি সবে জান ॥ ১ ॥
কত বেরি সজনি কি কহব বুঝায়ে।
কঙ্গলে ধন্ধে ধরম দূর যায়ে ॥ ২ ॥
সুন্দরি রূপগুণহু সঞো সার।
আদি অন্ত নাহি মহঘ পসার ॥ ৩ ॥
স্বরূপ নিরূপি বুঝউলিসি তোহি।
জনু পরতারি পঠাবসি মোহ ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ বুঝ রসমন্ত।
শিরি শিবসিংহ লখিমা দেবী কন্ত ॥ ৫ ॥

১। নাগর—রসিক। তোঞে সব সার—তুমি সকলের সার। পসরও—প্রসারিত কর। মল্লী—মল্লিকা, রাধিকার সম্বোধন। পসরা—দোকান।

২। বেসাহব—বিক্রয় করিবে। যৌবনরূপ নগরীতে বিক্রয় করিবে, তাহা হইলেই স্বরূপ মূল্য হইবে।

৩। বণিজার—বণিকের। গমার—গোঁয়ার, মূর্খ।

৫। উনি—সে। মধথে—মধ্যস্থ। পরিছেদ—পরিচ্ছেদ।

১। গোকুল নাগরীতে কানাই অতি নাগর, আর তুমিও নগরী মধ্যে প্রধানা নাগরী, তাহাও সকলে বিদিত আছে।

২। ধন্ধ—সংশয়।

৩। মহঘ—মহার্ঘ। পসার—বিক্রেয় সামগ্রী।

৪। বুঝওলিসি—বুঝাইলাম। পরতারি—প্রতারণা করিয়া।

২২

মাসে পক্ষে উগয়ে কলানিধি
লইয়ে সকল নিজ সাজ।
তসু মুখ সম দেখিয়
তেঁ খিণ মনে গণি লাজ ॥ ১ ॥
কওন পুরুষ ধনি
যাহি করবহ অনুরাগ।
কে অছ এহি মহীতল
যে অরজল হেন ভাগ ॥ ২ ॥
শামর চামর নিন্দয়
কোমল কেশ কলাপ।
ভৌহ মনোহর কি কহব
ক মে তেজল শর চাপ।
পবন চলিত নব পল্লব
কুন্দ-কোরক ডরে কাঁপ ॥ ৩ ॥
বেগে ধাওল নহি পাওল
আশা লুবুধল লোভ।
এমনি রমণী নৃপ সিংহ কহ
হরিহি নিকট পৈ শোভ ॥ ৪ ॥

২৩

কত ন জাতকী কত ন কেতকী
কুসুম বন বিকাশ।
তইঅও ভমর তোহি সুমর
ন লেয় কতহু বাস ॥ ১ ॥
মালতি বধও জাএত লাগি।
ভমর ব পুর বিরহে আকুল
তুয়া দরশন লাগি ॥ ২ ॥

১। উগয়ে—উদিত হয়। তেঁ—সেই জন্য। খিণ—ক্ষীণ।

২। যহি—যাহাকে। অছ—আছে। অরজল—অর্জ্জন করিল।

৩। শামর—কৃষ্ণবর্ণ।

৪। লুবুধল—লুব্ধ। পৈ—পায়। শোভ—শোভা।

১। তইঅও—তথাপি। সুমর—স্মরণ করে। জাতকী কেতকী—কুসুমবিশেষ।

২। বাপুর—বেচারা। মালতি—রাধার সম্বোধন।

যথনে ধিতয়ে বন উপবন
তততহি তোহি নিহার।
লিখি মহীতল তোহি পরেথয়
তোহর জীবন সার॥ ৩॥
সময় গেলে স্নেহ বঢ়ওবহ
কুসুম হোয়ত শাল।
ভমর জনু অচেতন বুঝহ
ছুইতে কর নিমাল॥ ৪॥

২৪

লাথে তরুবর কোটিহি লতা
যুবতী কত ন লেথ।
সব ফুলমধু মধুর নহি
ফুলাহ ফুল f শেথ॥ ১॥
যে ফুল ভমর নিন্দহ সুমর
বাসি বিসরয়ে ন পার।
যাহি মধুকর উড়ি উড়ি পর
সে হে সংসারক সার॥ ২॥
সুন্দরি অবহু বচন শুন।
সবে পরিহার তোহি ইছ হরি
আপু সরাহহি পুন॥ ৩॥
তোরিএ তোরিএ কথা
শেজহু তোরিএ চাঞো।
স্বপনহু হরি পুনু পুনু করি
লয়ে উঠি তোরিএ নাঞো॥ ৪॥
আলিঙ্গন দিয়ে পাছু নিহারয়ে
তোহি বিনু শূন কোর।
অকথ কথা আপু অবথা
নয়নে তেজয়ে নোর॥ ৫॥

রাহি রাহি যাহি মুহ শুনি
তততহি অপএ কান।
শিরি শিবসিংহ ই রস জানয়ে
কবি বিস্তাপতি ভাণ॥ ৬॥

২৫

স্বরূপ কথা কামিনি শুনু
পরেরি আগে কহহি জনু॥ ১॥
তঞে অতি নিঠুরী ও অনুরাগী।
সগরি নিশি গমাবএ জাগি॥ ২॥
এ রে রাধে জানি ন জান।
তোরে বিরহে বিমুখ কান॥ ৩॥
তোরি এ চিন্তা তোরি এ নাম।
তোরি কাহিনী কহয়ে সব ঠাম॥ ৪॥
আওর কি কহব সিনেহ তোর।
সুমরি সুমরি নয়ন-নোর॥ ৫॥
নিতে সে আবিয়ে নিতে সে জাএ।
হেরইতে হসইতে সে ন লজাএ॥ ৬॥
ন পিন্ধ কুসুম ন বান্ধ কেশ।
সবহি শুনাব তোর উপদেশ॥ ৭॥

২৬

হেরিতহি দিঠি চিহ্নসি হরি গোরী।
চান্দ কিরণ যইসে লুবুধি চকোরী॥ ১॥
হরি বড় চেতন তো'র বড়ি কলা।
তেসর ন জানয়ে দুহু মন মেলা॥ ২॥
মোঞে তঞো ভাব লাগি ভল দুজনা।
মনসিজ শর সন্ধান তরুণা॥ ৩॥

৩। যতয়ে—যেথানে। লিথি—চিত্রিত করিয়া। পরেথয়—পরীক্ষা করে।

৪। বঢ়ওবহ—বাড়াইবে। শাল—শেল। অচেতন—অচতুর। নিমাল—নির্ম্মাল্য।

১। লেথ—সংখ্যা।

২। নিন্দহু—নিদ্রাতেও। সুমর—স্মরণ করে। বাসি—গন্ধ। বিসরয়ে—বিস্মৃত হইতে।

৩। ইছ—ইচ্ছা করে। আপু—আপনি। সরাহহি—প্রশংসা করে।

৪। শেজহু—শয্যাতেও। চাঞো—চায়। নাঞো—নাম। ৫। কোর—ক্রোড়। নোর—অশ্রু।

৬। রাহি—রাই। যাহি—যাহার। অপএ—অর্পণ করে, দেয়।

১। কহহি জনু—যেন কহিও না।

২। তঞে—তুই। নিঠুরী—নিষ্ঠুরা। সগরি—সমস্ত। গমাবএ—কাটায়।

৫। সুমরি—স্মরণ করিয়া। নোর - অশ্রু।

৭। পিন্ধ—পরিধান করে। শুনাব—শোনায়।

১। হেরিতহি—দেখিতেই। চিহ্নসি—চিনিতে পারা।

২। চেতন—চতুর। তেসর—তৃতীয় ব্যক্তি।

৩। মোঞে—আমি। তঞো—সেই কারণে। তরুণা তরুণ।

জীবন মাহ যৌবন দিন চারি।
তথিহি সকল রস অনুভব নারী॥ ৪॥
ভণই বিস্তাপতি বুঝ রসমন্ত।
রাজা অরজুন কমলা দেবী কান্ত॥ ৫॥

২৭

আজ পেথল ধনি তোহর বড়াই।
তুয়া সম রমণী ভুবনে আর নাই॥ ১॥
কত কত রমণী কানুক সঙ্গ।
অনুখণ কর‌ই তোহর পরসঙ্গ॥ ২॥
হম কহল কিছু তোহর সম্বাদ।
চৌদিশে নাহেরি তোহার মুখ সাধ॥ ৩॥
তুয় গুণ কহই রমণীগণ আগে।
বুঝিলাম নিশ্চয় তোহর অনুরাগে॥ ৪॥
ছল ছল নয়ন হরি ভেল আন।
ভাবে ভরল রহু তোহর ধেয়ান॥ ৫॥
ভণই বিস্তাপতি এহি বিচার।
আবে উচিত ধনি হরি অভিসার॥ ৬॥

২৮

যদি অবকাশ কুইও নহি তোহি।
কাঁ লাগি ততয়ে পঠওলয়ে মোহি॥ ১॥
তোহরা হৃদয় বচন নহি থির।
নলিনী পাত যইসন বহ নীর॥ ২॥
আবে কি কহব সথি কহইতে অকাজ।
অথিরক মধথ ভেল সম কাজ॥ ৩॥
আশা লাগি সহত কত শাঠ।
গুরুয় ন হো অমড়াকাঁ কাঠ॥ ৪॥

তোঁহে নাগরি গুণ রূপক গেহ।
অনুদিনে বুঝল কঠিন তুয় স্নেহ॥ ৫॥
তহ্নিকা সতত তোহর পরথাব।
জনি নিরধন মন কতয়ে ন ধাব॥ ৬॥
ভণই বিস্তাপতি ই রস গাব।
মগলে কানট কে নহি পাব॥ ৭॥

২৯

সুন্দর মন্দিরে থির ন থাকয়
বচনে না দেয় কান।
চীর চিকুর এক ন সম্বর
কত ন বুঝাওব আন॥ ১॥
রামা সবহু তোহর উদেশ।
বিরহে আকুল কানাই ফিরয়
দেশ বিদেশ॥ ২॥
স্বপন কারণ শয়ন বরই
তুয়া পরশন লাগি।
নয়ন মুদয় মদন ন দেই
হৃদয়ে উঠয়ে আগি॥ ৩॥

৩০

তোহে কুলমতি-রতি কুলবতী নারী।
বাঁকে দরশনে ভুলল মুরারি॥ ১॥
উচিতহু বোলইতে আবে অবধান।
সংশয় মেললহু তহ্নিক পরাণ॥ ২॥
সুন্দরি কি কহব কহইতে লাজ।
ভোরু ভেলা সে পরহু সঞো বাজ॥ ৩॥
থাবর জঙ্গম মনহি অনুমান।
সবহিক বিসর তোহর হোয় ভাণ॥ ৪॥

৪। মাহ—মধ্যে। জীবনের মধ্যে বার দিন (অল্প দিন) মাত্র যৌবন থাকে, তাহার মধ্যেই নারী সকল রস অনুভব করিয়া থাকে।

১। বড়াই—গৌরব।

২। পরসঙ্গ—প্রসঙ্গ।

৩। নাহেরি - নাথের, মাধবের।

১। কইও—কথনও। কাঁ—কিসের। ততয়ে—সেথানে। পঠওলয়ে—পাঠাইলে

২। পাত—পত্র।

৩। আবে—এথন। অথিরক—অস্থির ব্যক্তির। মধথ—মধ্যস্থ।

৪। শাঠ—শাস্তি। গুরুয়—ভারি।

৬। তহ্নিকা—তাঁহার। পরথাব—প্রস্তাব।

৭। মগলে—চাহিলে। কানট—জীর্ণ বস্ত্রথণ্ড।

১। চীর—বস্ত্র।

২। উদেশ—উদ্দেশে।

৩। আগি—অগ্নি। স্বপন—নিদ্রা।

১। বাঁকে দরশনে—বক্র দৃষ্টিতে।

২। মেললহু—নিক্ষিপ্ত হইল। তহ্নিক—তাঁহার।

৩। ভোরু—বিহ্বল। পরহু—পর। সঞো—সহিত। বাজ—কথা কহিতে।

আওর কহি কি বুঝওবিসি তোহি।
জনি উধমতি উমতাবয়ে মোহি ॥ ৫ ॥

৩১

আসাএ্রে মন্দির নিশি গমাবয়ে
সুখে ন শুত শএ্রান।
যখনে যত এ যাহি নিহারয়ে
তাহি তাহি তোহি ভাণ ॥ ১ ॥
মালতি, সফল জীবন তোর।
তোর বিরহে ভুবন ভ্রময়ে
ভেল মধুকর ভোর ॥ ২ ॥
জাতকী কেতকী কত ন অছএ
সবহি রস সমান।
স্বপনেহু নহি তাহি নিহারয়ে
মধু কি করত পান ॥ ৩ ॥
বন উপবন কুঞ্জ কুটীরহি
সবহি তোহি নিরূপ।
তোহি বিনু পুনু পুনু মুরুছয়ে
অইসন প্রেম স্বরূপ ॥ ৪ ॥
সাহর নবহ সৌরভ ন সহ
গুঞ্জরি গীত ন গাব।
চেতন পাপ চিন্তাএ্রে আকুল
হরখে সবে শোহাব ॥ ৫ ॥
যাকর হৃদয় যতহি রতল
সে ধসি ততহি যাএ।
যইঅও যতনে বাঁধি নিরোধিয়
নিমন নীর থিরাএ ॥ ৬ ॥
ই রস রাজা শিবসিংহ জানয়ে
কবি বিদ্যাপতি ভাণ।
রাণী লখিমা দেবীবল্লভ
সকল গুণনিধান ॥ ৭ ॥

৩২

আনহু তোরহি নামে বজাব।
তোরি কাহিনী দিন গমাব ॥ ১ ॥
স্বপনেহু তোর সঙ্গম পাএ।
কখনে কি নহি কি বিসুনাএ ॥ ২ ॥
কি সখি পুছসি তাহোর কথা।
তাহি তহ ভলি তোরি অবথা ॥ ৩ ॥
যাহি যাহি তুয় সঙ্গ মেরি
চকিত লোচন চউদিশ হেরি ॥ ৪ ॥
উঠি আলিঙ্গয়ে আপন ছায়া।
এতেহ পাপিনি তোহি ন দয়া ॥ ৫ ॥ *

৩৩

কি কহব মাধব পুণফল তোর।
তোহার মুরলী-রবে রাই বিভোর ॥ ১ ॥
তাহি পুন শুনল নাম তোহার।
সে সব ভাব হম কহহি ন পার ॥ ২ ॥
অঙ্গ অবশ ভেল কাঁপি অগেয়ান।
মুরছিত ভেল ধনী কিছু নাহি জান ॥ ৩ ॥
বুঝই ন পারিয় কৈসন রীত।
কি এ ভেল কিছু নহ পরতীত ॥ ৪ ॥
আবএ সে অব কাল পয় আজ।
বিদ্যাপতি কহ অবইতে কাজ ॥ ৫ ॥

৫। আওর—আর। বুঝওবিসি—বুঝাইব। উধমতি—উন্মত্ত। উমতাবয়ে—উন্মত্ত করে।

১। আসাএ্রে—আশাতে। গমাবয়ে—কাটায়। শুত—শয়ন করে। শএ্রান—শয্যা।

২। মালতি রাধার সম্বোধন।

তোর আসার আশায় শয়নগৃহে নিশা কাটাইয়া দেয়। যেখানে যা কিছু দেখে, তাতেই তুই বলিয়া অনুমান করে। এই কবিতায় রাধাকে পুষ্প এবং মাধবকে মধুকরের সহিত উপমা দেওয়া হইতেছে।

৩। জাতকী কেতকী—পুষ্পবিশেষ বা অপরা রমণী।

৫। সাহর—সহকার। নবহ—নব। চেতন—চতুর। শোহাব—শোভা পায়।

৬। রতল—অনুরক্ত। ধসি—বেগে।

৬। নিরোধিয়—রোধ কর। নিমন—নিম্ন স্থানে। থিরাএ—স্থির হয়।

১। আনহু—অপরকেও। বজাব—বলে, ডাকে। গমাব—কাটায়।

২। বিসুনাএ—বিস্মৃত হয়।

৩। তাহেরি—তাহার। তাহি—তাহার। তহ—হইতে। অবথা—অবস্থা।

* এই পর্য্যন্ত মাধবের দূতীর উক্তি। অতঃপর শ্রীরাধার দূতীর কথা আরম্ভ হইল ॥

৪। কৈসন—কেমন। পরতীত—প্রতীতি।

৩৪

তুহু মনোমোহন কি কহব তোয়।
মুগুধিনী রমণী তুয় লাগি রোয় ॥ ১ ॥
নিশি দিশি জাগি জপয় তুয় নাম।
থর থর কাঁপি পড়য় সোই ঠাম ॥ ২ ॥
যামিনী আধ অধিক যব হোয়।
বিগলিত লাজ উঠয় তব রোয় ॥ ৩ ॥
সখীগণ যত পরবোধয় তায়।
তাপিনী তাপে ততহি নহি ভায় ॥ ৪ ॥
কহ কবিশেখর তাক উপায়।
রচইতে তবহি রজনী বহি যায় ॥ ৫ ॥

৩৫

এ হরি এ হরি কর অবধান।
দরশ দান দিয়া রাখ পরাণ ॥ ১ ॥
খণে খণ বর তনু ঝামর ভেল।
সরসুঁ বিলাস হাস সব দূরে গেল ॥ ২ ॥
ঢরকি ঢরকি বহ লোচন-নোর।
অধর সুখায়ল নহি নিকসই বোল ॥ ৩ ॥
দূরে গেল বসন দূরে গেল লাজ।
তোহর সিনেহ ভেল এতেক অকাজ ॥ ৪ ॥
উঠই ধরণী ধরি তেজই নিশাস।
জীবন অছয় পুন তুয় প্রতি আশ ॥ ৫ ॥

৩৬

মাধব কি কহব সে বিপরীতে।
তনু ভেল জর জর ভাবিনী অন্তর
চিত রহল তসু ভীতে ॥ ১ ॥
নীরস কমলমুখ করে অবলম্বই
সখী মাঝে বৈসলি গোই।
নয়নক নীর থির নহি বান্ধই
পঙ্ক কয়ল মহী রোই ॥ ২ ॥
মরমক বোল বয়নে নহি বোলত
তনু ভেল কুহু শশীখীণা।
অবনী উপর ধনী উঠয়ে ন পারই
ধয়লি ভুজা ধরি দীনা ॥ ৩ ॥
তপত কনয়া জনি কাজর ভেল তনু
অতি ভেল বিরহ হুতাশে।
কবি বিদ্যাপতি মনে অভিলাষত
কান চলহ তসু পাশে ॥ ৪ ॥

৩৭

লোটই ধরণী ধরণী ধরি শোই।
খণে খণ শ্বাস খণে খণ রোই ॥ ১ ॥
খণে খণ মুরছই কণ্ঠ পরাণ।
ইথি পর কি গতি দৈবে সে জান ॥ ২ ॥
এ হরি পেখলো সে বর নারী।
ন জীবই বিনু কর পরশ তোহারি ॥ ৩ ॥
কেহো কেহো জপয় বেদ দিঠি জানি।
কেহো নবগ্রহ পুছ জোতিষ আনি ॥ ৪ ॥
কেহো কেহো ধরি ধাতু বিচারি।
বিরহ বিখিন কোই লখই ন পারি ॥ ৫ ॥

৩৮

নয়নক নীর চরণতল গেল।
থলহুক কমল অম্ভোরুহ ভেল ॥ ১ ॥

১। মুগুধিনী—মুগ্ধা।

মনোমোহন তুমি, তোমায় আর কি বলিব। মুগ্ধা রমণী (রাধা) কেবল তোমার নিমিত্ত রোদন করে।

৩। যামিনী অর্দ্ধেকের অধিকও যখন অতীত হইয়া যায়, তখন লজ্জা ত্যাগ করতঃ তোমার জন্য রোদন করিতে থাকে।

৩। নিকসই—বাহির হয়। হু হু করিয়া নয়নের জল পড়িতেছে, অধর শুষ্ক হইয়া গিয়াছে, মুখ দিয়া কথা বাহির হইতেছে না।

২। নীরস কমলমুখ হস্ত দ্বারা অবলম্বন করিয়া সখীগণের মধ্যে লুকাইয়া বসিয়া রহিল। নয়নের জল স্থির অর্থাৎ বন্ধ হয় না, তাহাতে মাটী ভিজিয়া কাদা হইল।

৩। কুহু—অমাবস্যা।

৪। তপত কনয়া—তপ্ত কাঞ্চন।

১। লোটই—লোটায়। শোয়—শয়ন করে।

৪। বেদ—মন্ত্র। দিঠি—নজর। জোতিষ—জ্যোতিষী।

৫। ধাতু—নাড়ী। বিখিন—খিন্ন।

১। থলহুক কমল—স্থলপদ্ম। অম্ভোরুহ—জলপদ্ম।

চরণ এতক্ষণ শুধু মাটিতে থাকিয়া স্থল-পদ্মের ন্যায় প্রতিভাত হইতেছিল, এখন নয়নের জল তাহাতে পড়িয়া জলপদ্মের ন্যায় বোধ হইতে লাগিল।

অধর অরুণ নিমিষ নহি হোয়ে।
কিশলয় শিশিরে ছাড়ি হলু ধোয়ে ॥ ২ ॥
শশিমুখী নোরে ওর নহি হোয়।
তুয় অনুরাগে শিথিল সব কোয় ॥ ৩ ॥

৩৯

অবিরল নয়ন গরয়ে জলধার।
নব জলবিন্দু সহএ কে পার ॥ ১ ॥
কি কহব সজান তাহেরি কাহিনী।
কহহি ন পারিয় দেখলি যহিনী ॥ ২ ॥
কুচযুগ উপর আনন হেরু।
চান্দ রাহু ডরে চড়ল সুমেরু ॥ ৩ ॥
অনিল অনল বম মলয়জ বিখ।
যাও ছিল শীতল সেও ভেল তীখ ॥ ৪ ॥
চান্দ সতাবএ সবিতাহু জিনি।
নহি জীবন একমত ভেল তিনি ॥ ৫ ॥
কিছু উপচার মান নহি আন।
তাহি বেয়াধি ভেষজ পঞ্চবাণ ॥ ৬ ॥
তুয় দরশন বিনু তিলাও ন জীব।
যইঅও কলাবতী পীয়ূষ পীব ॥ ৭ ॥

৪০

রাহিক নবীন প্রেম শুনি দূতীমুখে
মনহি উলসিত কান।
মনোরথ কতহি হৃদয়ে পরিপূরল
আনন্দে হরল গেয়ান ॥ ১ ॥
সজনি বিহি পুরায়ব সাধা।
কত কত জনমক পুণফলে মিলব
সেহে গুণবতী রাধা ॥ ২ ॥
এত কহি মাধব ত্বরিত গমন করু
পথ বিপথ নহি মান।
সুন্দরী মনে করি দূতী বদন হেরি
মনমথে জর জর প্রাণ ॥ ৩ ॥
ঐসন কুঞ্জে মিলল নব নাগর
সখিগণ সঞে জঁহা রাই।
দুহু দুহু বদন হেরি দুহু আকুল
বিদ্যাপতি কবি গাই ॥ ৪ ॥

সন্দর্শন

১

সহজ প্রসন্ন মুখ, দরশে হৃদয়ে সুখ,
লোচনে তরল তরঙ্গ।
আকাশ পাতাল বস, সেও কইসে ভেল অস,
চাঁদ সরোরুহ সঙ্গ ॥ ১ ॥
বিধি নিরমলি রামা, দোসরি লক্ষ্মী সমা,
ভাল তুলায়ল নিরমাণ ॥ ২ ॥
কুচমণ্ডল-শিরি, হেরি কনক-গিরি,
লাজে দিগন্তর গেল।
কেও অইসন কহ, সেও ন যুকতি সহ,
অচল সচল কইসে ভেল। ৩ ॥
মাঝ খীণ তনু, ভরে ভাঁগি জায়ে জনু,
বিধি অনুশয়ে ভেল সাজি।
নীল পটোর আনি, অতি সে সুদৃঢ় জানি,
যতনে সৃজিল রোমরাজি ॥ ৪ ॥

২। নিমিষ—নিমেষের তরে। ছাড়ি হলু—ছাড়িয়াছে। ধোয়—ধুইয়া।

৩। নোরে—অশ্রু। ওর—সীমা। সব কোর—সকলে।

৪। বিখ—বিষ।

৩। কুচযুগলের উপর মুখ দেখিয়াছি, তাহাতে মনে হইতেছে, যেন রাহুর ভয়ে চন্দ্র সুমেরু পর্ব্বতের উপর উঠিয়াছে।

৪। তীখ—তীক্ষ্ণ।

৫-৬। সতাবএ— সন্তাপিত করে। তিনি—তিন। কিছুতেই কিছু হইতেছে না, এ রোগের ঔষধ একমাত্র পঞ্চবাণ।

৭। তিলাও—তিলমাত্র। পীব—পান করে।

১। রাহিক—রাইয়ের।

১। অস—অছ, হইয়াছে।

২। নিরমলি—নির্ম্মাণ করিল। দোসরি—দ্বিতীয়। শিরি—শ্রী। সেও—তাহাও।

৩। কনক-গিরি কুচমণ্ডলের শ্রী দেখিয়া লজ্জায় দিগন্তরে গমন করিল। কেহ এমনও বলে যে, ইহাও যুক্তিসহ নহে; কেন না, অচল কেমন করিয়া সচল হইতে পারে?

৪। ভাঁগি—ভাঙ্গিয়া। অনুশয়—অনুতপ্ত। সাজি—নির্ম্মাণ করিয়া। পটোর—পট্টসূত্র, রেশম। বিধাতা তাহার ক্ষীণকটি নির্ম্মাণ করিয়া অনুতপ্ত

ভণ কবি বিদ্যাপতি, কামে রমণী রতি,
কৌতুক বুঝ রসমন্ত।
শিরি শিবসিংহ রায়, পূরুব সুকৃতে পায়,
লখিমা দেবী রাণী কন্ত ॥ ৫ ॥

২

যাকর নয়ন যতহি লাগল
ততহি শিথিল গেলা।
তাকর রূপ স্বরূপ নিরূপয়ে
কাহু দেখি নহি ভেলা ॥ ১ ॥
কমলবদনী রাই জগতে তাহার।
পুন সরাহিয় সুন্দরি মিনতি যাহার ॥ ২ ॥
পীন পয়োধর চিবুক চুম্বয়ে
কিয়ে পটতর দেলা।
বদন চান্দ তরাসে লুকায়ল
পলটি হের চকোরা ॥ ৩ ॥

৩

রামা অধিক শোভা ভেল।
কতনে যতনে কত অদভুত
বিহি বিধান তোহি দেল ॥ ১ ॥
সুন্দর বদনে সিন্দূরাবিন্দু
শামর চিকুরভার।
জনি রবি শশী সঙ্গহি উগল
পাছু করি অন্ধকার ॥ ২ ॥
চঞ্চল লোচন বাঙ্কে নিহারয়ে
অঞ্জন শোভা পায়।
জনি ইন্দীবর পবনে পেলল
অলি ভরে উলটায়। ৩ ॥
উন্নত উরজ চীরে ঝপাবএ
পুনু পুনু দরশাএ।
যইঅও যতনে গোঅএ চাহএ
হিমগিরি ন লুকাএ ॥ ৪ ॥
এ হেন সুন্দরী গুণক আগরী
পুণে পুণ্যমত পাব।
ই রস বিন্দক রূপনারায়ণ
কবি বিদ্যাপতি গাব ॥ ৫ ॥

৪

জনি হুতবহে হবি আনি মিলায়ল
তা সম ভেল বিকার।
দুঅও নয়ন তোর বিষম মদন-শর
শালয় হৃদয় হামার ॥ ১ ॥
হরি হরি কাঁ লাগি সুমুখি বিহুসি হসি
হেরহ জীবন পরল সন্দেহ ॥ ২ ॥
পীন পয়োধর অপরূপ সুন্দর
উপর মোতিম হার।
জনি কনকাচল উপর বিমল জল
দুই বহ সুরসরি ধার ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বর নাগর
সবহু হোয়ত পরকার।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা কন্ত উদার ॥ ৪ ॥

৫

সুন্দরি, গরুঅ তোর বিবেক ॥
বিনু পরিচয়ে পেমক আঁকুর
পল্লব মেল অনেক ॥ ১ ॥

হইলেন; পাছে তাহা ভাঙ্গিয়া যায়, সেই জন্য অতিশয় সুদৃঢ় জ্ঞানে রেশমসূত্র আনিয়া তাহার রোমরাজি সৃজন করিলেন।

১। শিথিল—নিশ্চেষ্ট। কাহু কাহাকেও।

২। সরাহিয়—প্রশংসা করি।

৩। পটতর—উপমা।

২। সঙ্গহি—সঙ্গেই, একত্রে।

৩। বাঙ্কে—বক্র ভাবে। পেলল—আন্দোলিত।

৪। চীরে—বস্ত্রে। ঝপাবএ—ঢাকে। দরশাএ—দেখাইয়া। পুনঃ পুনঃ উন্নত পয়োধর দেখাইয়া বস্ত্র দ্বারা তাহা যত্নের সহিত ঢাকিতে চেষ্টা করে, কিন্তু হিমালয়কে কি কখন লুকান যায়?

৫। গুণক—গুণের। আগরী—অগ্রগণ্যা। পাব—পায়। ই—এই। বিন্দক—জ্ঞাতা। গাব—গায়।

১। হুতবহে—প্রজ্জলিত অগ্নিতে। হবি—ঘৃত। শালয়—শেল বিদ্ধ করে। বিকার—যাতনা। প্রজ্জলিত হুতাশনে হবি নিক্ষেপ করিলে যেরূপ তাহা দ্বিগুণতর বেগে জ্বলিয়া উঠে, সেইরূপ মদন-শররূপ তোমার দুই চক্ষু আমার উপর শেল বিদ্ধ করিতেছে।

২। বিহুসি হসি—স্মিত হাস্য করিয়া।

১। পেমক—প্রেমের। মেল—বিকাশ।

কথনে হোয়িত সুফল দিবস
বদন দেখব তোর।
বহল দিবস ভুখল ভমর
পিউত চাঁদ চকোর ॥ ২ ॥
ভণ বিদ্যাপতি শুন রমাপতি
সকল গুণনিধান।
চীর জীবে জীবও রাজা দামোদর
দশ শত অবধান ॥ ৩ ॥

৬

ভৌঁহলতা বড় দেখিয় কঠোর।
অঞ্জনে আঁজি হাসি গুণ জোর ॥ ১ ॥
সায়ক তীর কটাখ অতি চোখ।
ব্যাধ মদন বধই বড় দোখ ॥ ২ ॥
সুন্দরি শুনহ বচন মন লায়ে।
মদন হাত মোহি লেহ ছড়ায়ে ॥ ৩ ॥
সহএ কে পার কাম পরহার।
কত পরাভব হো কি পরকার ॥ ৪ ॥
এহি জগ তিনিহু বিমল যশ লেহ।
কুচযুগ-শম্ভু শরণ মোহি দেহ ॥ ৫ ॥

৭

তোড়এ মোঞে গেলহু ফুল।
মোতি মাণিকে তুল ॥ ১ ॥
সজনি সাজি অছোরসি মোরি।
গরুবি গরুবি আরতি তোরি।
দিঠি দেখইতে দিবস চোরি ॥ ২ ॥
এত কহ্নাই পরধনে লোভ।
যে নহি লুবধ সেহে পএ শোভ ॥ ৩ ॥
নিকুঞ্জকের সমাজ।
ইথি নহি মুখ লাজ ॥ ৪ ॥
ঢাকি রহে-ন অপযশ রাশি।
সে করয়ে কান যেঁন লজাসি।
যখনে নাগর নগর যাসি ॥ ৫ ।
পীন পয়োধরভার।
মদন রাজার ভাণ্ডার ॥ ৬ ।
রতনে জড়িত তাহেরি মাথ।
মলিন হোয়ত ন দেহে হাথ ॥ ৭ ॥
ভণ কবি কণ্ঠহার।
বস এতয়ে কে পার ॥ ৮ ॥
শিরি শিবসিংহ জানে তন্ত।
রতন সম লখীমা কন্ত।
সকল কলা-রস যে গুণমন্ত ॥ ৯ ।

৮

কুঞ্জভবন সঞো নিকসলি রে
রোকল গিরিধারী।
একহি নগর বস মাধব হে
জনু কর বটবারী ॥ ১ ।
ছাড় কানাই মোর আঁচর রে
ফাটত নব সারী।
অপযশ হোয় জগত ভরি হে
জনু করিঅ উঘারী ॥ ২ ॥

২। ভুখল—ক্ষুধিত। পিউত—পান করিবে। চাঁদ—চন্দ্রর সুধা।

১। আঁজি—রঞ্জিত করিয়া। জোর জুড়িয়াছে

২। চোখ—তীক্ষ্ণ। দোখ দোষ।

৩। লাএ—লাগাইয়া।

৪। সহএ—সহিতে। পরহার—প্রহার। পরকার—প্রকার।

৫। তিনিহু—তিনই।

১। তোড়এ—ভাঙ্গিতে।

২। অছোরসি—কাড়িয়া লয়। গরুবি গুরু। তোরি—ভাঙ্গে। দিঠি দেখইতে—চক্ষের উপর। যেন—যাহাতে।

১। সঞো—হইতে। নিকসিলি—বাহির হইল। বস—বাস কর। বটবারী—বাটপাড়ি।

রাধা যখন কুঞ্জভবন হইতে বাহির হইল, তখন গিরিধারী তাহার পথরোধ করিয়া দাঁড়াইল। রাধা কহিল, মাধব, আমরা একই নগরে বাস করি, এরূপ বাটপাড়ি করিও না।

২। ফাটত—ছিঁড়িয়া যাইবে। সারী সাড়ী। উঘারী—বিবস্ত্রা।

কানাই, আম্যর আঁচল ছাড়িয়া দাও, আমার নূতন কাপড় ছিঁড়িয়া যাইবে যে! আমাকে বিবস্ত্রা করিলে জগৎ-জুড়িয়া তোমার অপযশ হইবে।

সঙ্গক সখি অগুআইলি হে
হম একসরি নারী।
দামিনী আএ তুলায়ল হে
এক রাতি আঁধারী ॥ ৩ ।
ভণহি বিদ্যাপতি গাওল রে
শুনু গুণমতি নারী।
হরিক সঙ্গ কিছু ডর নহি হে
তোঁহ পরম গমারী ॥ ৪

৯

কর ধরি কর মোরে পারে।
দিব মেঁ অপরূপ হারে কানাইয়া ॥ ১ ॥
সখি সব তেজি চলি গেলী।
ন জানু কোন পথ ভেলি কানাইয়া ॥ ২ ॥
হম ন যায়ব তুয় পাশে।
যায়ব ঔঘটঘাটে কানাইয়া ॥ ৩ ।
বিদ্যাপতি এহো ভাণে।
গুঞ্জরি ভজ ভগবানে কানাইয়া ॥ ৪ ।

১০

তুয় গুণ গৌরব শীল স্বভাব।
সেহে লএ চঢ়লিহু তোহরি নাব ॥ ১ ॥
হঠ ন করিয়া কানাই কর মোহি পার।
সব তহ বড় থিক পর উপকার ॥ ২ ॥
আইলি সখী সবে সাথে হামার।
সে সবে ভেলি নিকহি বিধি পার ॥ ৩ ॥
হামরা ভেলি কানু তোহরেও আশ।
যে আঁগিরিয় তা ন হোইঅ উদাস ॥ ৪ ॥
ভাল মন্দ জানি করিয় পরিণাম।
যশ অপযশ দুই রহ গয়ে ঠাম ॥ ৫ ॥
হমে অবলা কত কহব অনেক।
আইতি পড়লে বুঝিয় বিবেক ॥ ৬ ॥
তোহেঁ পর নাগর হমে পরনারী।
কাঁপে হৃদয় তুঅ প্রকৃতি বিচারি ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি গাবে।
রাজা শিবসিংহ রূপনরায়ণ ই রস সকল
সে পাবে ॥ ৮ ॥

১১

নাব দোলায় অহীরে
জীবইতে ন পাওব তীরে
থর নীরে লো।
খেব ন লেয়এ মোলে
হসি হসি কি দহু বোলে
জীব দোলে লো ॥ ১ ॥

৩। সঙ্গক—সঙ্গের। অগুআইলি—অগ্রসর হইল। একসরি—একাকিনী। আএ—আসিয়া। তুলায়ল—ব্যক্ত হইল।

১। মেঁ—আমি।

২। জানু—জানি। পথ ভেলি—পথে গমন করিল।

৩। ঔঘটঘাটে—আঘাটায়, যে পথে লোক-চলা-চল হয় না।

১। সেহে লএ—সেই লাগিয়া। চঢ়লিহু—চড়িয়াছি।

২। থিক—হয়।

৩। নিকহি—উত্তম।

৪। আঁগিরিয়—অঙ্গীকার।

৬। আইতি—আয়ত্ত।

তাৎপর্য্য :—কানাই, তোমার গুণ, গৌরব, স্বভাব ও শীলতা দেখিয়া তবে তোমার নৌকায় চড়িয়াছি; তুমি জিদ করিও না, আমাকে পার করিয়া দাও। আমার সখীরা ভাল ভাবেই পার হইয়া গিয়াছে, কিন্তু কানাই, আমি তোমারই ভরসা করি, তুমি যাহা অঙ্গীকার করিয়াছ, তাহা প্রতিপালনে উদাসীন থাকিও না। এ জগতে যশ ও অপযশ দুই-ই আছে, সুতরাং পরিণাম চিন্তা করিয়া ভাল কিংবা মন্দ কার্য্য কর। বেশী কি আর বলিব, আমি অবলা, তোমার আয়ত্তে পাড়য়াছি, ইহা বিচার করিয়া দেখ। তুমি পরপুরুষ—আমি পরস্ত্রী, তোমার প্রকৃতি বিচার করিয়া আমার হৃদয় কাঁপিতেছ।

১। নাব—নৌকা। অহীরে—গোপ। জীবইতে—জীবিত থাকিতে! খেব—খেয়া। লেয়এ—লয়। মোলে—মূল্য। জীব—জীবন। দহু—পাদপূরণে।

কেন বিকে ঐলিহু আপে।
বেঢ়লিহু মোহি বড়ে সাপে
মোরে পাপে লো।
করিতহুঁ পর উপহাসে
পড়িলিহুঁ তহ্নি বিধি ফাঁসে
নহি আশে লো ॥ ২ ॥
ন বুঝসি অবুঝ গোয়ারী
ভজি রহ দেব মুরারি
নহি গারি লো।
কবি বিদ্যাপতি ভাণে
নৃপ শিবসিংহ রস জানে
নর-কায়ে লো ॥ ৩ ॥

১২

কুচে নখ লাগত সখিজন দেখ।
গিরি কইসে লুকায়ত নবশশি-রেখ ॥ ১ ॥
আরতি অধিক ন করিয়ে লোভ।
সবে রাখয়ে পহিলহি মুখশোভ ॥ ২ ॥
ন হর ন হর হরি হৃদয়ক হার।
ছুহু কুল অপযশ পহিল পসার ॥ ৩ ॥
খর করি খেব লেহে নিজ দান।
রসিক পএ রাখ গোপীজন মান ॥ ৪ ॥
তোহেঁ যদুকুল-হমে কুলীন গোয়ালী।
অনুচিত বাট না কর বনমালী ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি আরে রে গোয়ারী।
বড়ে পুণে সম্ভব আদর মুরারি ॥ ৬ ॥
রাজা রূপনারায়ণ জান।
রাজা শিবসিংহ সুখলা দেবী রমাণ ॥ ৭ ॥ *

সখী-সংবাদ

১

শুন শুন বিনোদিনি রাই।
তোহে পুনু কহওঁ বুঝাই ॥ ১ ॥
কানুক ভাব যো হোই।
হিয় মাহ রাখব গোই ॥ ২ ॥
কেহো জনু লখইতে পার।
বেকত করবি কুলাচারি ॥ ৩ ॥
কানু উয়ব হিয় মাহ।
আন ছলে বিসরবি তাহ ॥ ৪ ॥
গুরু দুরুজন তুয় পাপ।
দেখলে দেয়ব বহু তাপ ॥ ৫ ॥

২। ঐলিহু—আসলাম। আপে—আপনি নিজে। পড়িলিহুঁ—পড়িলাম।

৩। গোয়ারী—গোয়ালিনী। গারি—গালি।

তাৎপর্য্য:—গোপ অর্থাৎ মাধব রঙ্গ করিয়া নৌকা দোলাইতেছেন, রাধা ডুবিয়া যাইবার ভয়ে বলিতেছেন, নদীর খরস্রোতে পড়িয়া গেলে, জীবন থাকিতে তীরে উঠিতে পারিব না। এ কেমন পাটুনী, পারাণীর পয়সা লয় না, অথচ হাসিয়া হাসিয়া কি যে বলে, বুঝিতে পারি না; ভয়ে প্রাণ কাঁপিতেছে। হায় হায়, কেন আমি আপনি দুগ্ধ বিক্রয় করিতে আসিলাম! বৃহৎ সর্প আমাকে বেড়িয়া ধরিয়াছে। আমি অপরকে যেমন উপহাস করিতাম, তেমনই এখন বিধির ফাঁসে পড়িয়াছি। বিদ্যাপতি বলিতেছেন, ওলো, অবুঝ গোয়ালিনি! মুরারিকে ভজনা কর, তাহা হইলেই পার হইবে। গালাগালিতে কোন ফল নাই।

১। লাগত—লাগিবে। দেখ—দেখিবে।

পর্ব্বত যেমন নূতন শশিরেখা লুকাইতে পারে না, তেমনই আমার নবীন কুচে তোমার নখরেখা সখীজনের নিকট গোপন করিতে পারিব না।

৪। খর—সমুচিত। খেব—খেয়া। দান—পারাণী—শুল্ক। ৫। হে বনমালী, তোমার যদুকুলে জন্ম—আমিও কুলীন বংশের গোপী; আমার প্রতি তোমার অনুচিত ব্যবহার কর্ত্তব্য নয়।

* অতঃপর সখী রাধাকে উপদেশ দিতেছে।

১। কহওঁ—কহই।

২। মাহ—মধ্যে।

৩। কুলাচার অর্থাৎ স্ত্রীকুলের যে ভাব, তাহা ব্যক্ত করিবে, কেহ যেন মনোভাব লক্ষ্য করিতে না পারে।

৪। গোই—গোপন করিয়া।

৫। তোর দুর্জ্জন গুরুজনই পাপ হইয়াছে, সুতরাং তাহারা যদি দেখিতে পায়, তাহা হইলে তোকে কষ্ট দিবে।

খর করবি সদা চিত।
যৈসন সে কুলবতী রীত ॥ ৬ ॥
পুনু জনু ভাবহ আন।
ইহ কবিশেখর ভাণ ॥ ৭ ॥

২

প্রথমহি সুন্দরি কুটিল কটাখ।
জীব জোখে নাগর দে দশ লাখ ॥ ১ ॥
কেও দে হাস সুধা সম নীক।
যইসন পড়ঞোক তইসন বিক ॥ ২ ॥
শুনু সুন্দরি হে নব মদন-পসার ॥
জনু গোপহ আওব বণিজার ॥ ৩ ॥
রোস দরশি রস রাখব গোএ।
ধয়লে রতনে অধিক মূল হোএ ॥ ৪ ॥
ভলহি ন হৃদয় বুঝাওব নাহ।
আরতি গাহক মহগ বেসাহ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনহ সয়ানি।
সুহিত বচন রাখব হিয় আনি ॥ ৬ ॥

৩

প্রথমহি অলক তিলক লেব সাজি।
চঞ্চল লোচন কাজরে আঁজি ॥ ১ ॥
জাএব বসনে অঙ্গ লেব গোএ।
দূরহি রহব তেঁ অরথিত হোএ ॥ ২ ॥
মোরে বোলে সজনি রহব লজাএ।
কুটিল নয়নে দেব মদন জগায়ে ॥ ৩ ॥
ঝাঁপব কুচ দরশাওব আধ।
ক্ষণে ক্ষণে সুদৃঢ় নিবিহক বাঁধ ॥ ৪ ॥
মান করিয়ে কিছু দরশব ভাব।
রস রাখব তেঁ পুনু পুনু আব ॥ ৫ ॥
হমে কি শিখায়ব হে অওর সে রঙ্গ।
অপনহি গুরু ভএ কহত অনঙ্গ ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি ই রস গাব।
নাগরী কামিনী ভাব বুঝাব ॥ ৭ ॥

৪

অপনহি নাগরী অপনহি দূত।
সে অভিসার ন জান বহুত ॥ ১ ॥
কি ফল তেসর কান জনাএ।
আনব নাগর নয়নে বঝাএ ॥ ২ ॥
এ সখি রাখহিসি আপনক লাজ।
পরক দুয়ারে করহ জনু কাজ ॥ ৩ ॥

১। জীব—জীবন। জোখে—ওজন করতঃ।

২। নীক—ভাল। পড়ঞোক—বউনি। বিক—বিক্রয়।

৩। পসার—দোকান। গোপহ—গোপন করিও। বণিজার—বণিক। হে সুন্দরি, শুন, ইহা মদনের নূতন দোকান, যদি কোন বণিক্ আইসে, তাহা হইলে গোপন অর্থাৎ লুকাইও না।

৪। গোএ—গোপন করিয়া। ধয়লে—রাখিলে। অনুরাগ দেখাইবে, অথচ রস অর্থাৎ অভিলাষ গোপন রাখিবে। রত্ন ধরিয়া রাখিলে তবে মূল্য অধিক হইয়া থাকে।

৫। ভলহি—ভাল করিয়া। নাহ—নাথ। আরতি—অনুরক্ত, আগ্রহপূর্ণ। মহগ—মহার্ঘ। বেসাহ—বিক্রয়। নাথকে (নায়ককে) কখনও ভাল করিয়া হৃদয়ের ভাব বুঝিতে দিবে না। যদি আগ্রহপূর্ণ গ্রাহক আইসে, তবেই অধিক মূল্যে রত্ন বিক্রয় হইয়া থাকে।

১। আঁজি—অঞ্জন করিয়া। প্রথমে তিলক দিয়া অলকা সাজাইবে, পরে চঞ্চল লোচন কজ্জলের দ্বারা রঞ্জিত করিবে।

২। গোএ—গোপন করিয়া। অরথিত—প্রার্থিত।

৩। বোলে—কথায়। লজাএ—লজ্জায় মৌন হইয়া। সজনি, আমার কথা শুন, তুমি লজ্জায় অবনত-মুখী হইয়া থাকিবে অথচ কুটিলনয়নে কটাক্ষপাত করিয়া মাধবের মনে মদন জাগাইয়া দিবে।

৪। নিবিহক—নীবিবন্ধনের। ঢাকিবার ছলে কুচের অর্দ্ধাংশ দেখাইবে, মাঝে মাঝে সুদৃঢ় করিয়া নীবি বন্ধন করিবে।

৫। আব—আসিবে। তুমি মান করিয়া কিছু ভাব দেখাইবে এবং রস রাখিবে, তাহা হইলে সে পুনঃ পুনঃ আসিবে।

৬। অওর—আর। ভএ—হইয়া। সে রস আমি আর কি শিখাইব, মদন নিজেই গুরু হইয়া তোমাকে সব শিখাইবে।

১। দূত—দূতী,—এখানে ছন্দানুরোধে এরূপ ভাবে ব্যবহৃত হইয়াছে।

২। বঝাএ—পাশ বদ্ধ করিয়া।

৩। রাখহিসি—রাখ, রক্ষা কর। দুয়ারে—দ্বারা।

পরক দুয়ারে করিয় অঞো কাজ।
অনুদিন অনুখণে পাইয় লাজ ॥ ৪ ॥
দুহু দিক এক সঞো হোইক বিরোধ।
তকরা বজইতে কতএ নিরোধ ॥ ৫ ॥

৫

তোহার সজনি পহিল পসার।
হমরে বচনে করিয় বেবহার ॥ ১ ॥
অমিয়ক সাগর অধরক পাশ।
পওলে নাগর করব গরাস ॥ ২ ॥
লহু লহু কাহিনী কহব বুঝাএ।
পিয়ত কুগয়াঁ গোমুখ লাএ ॥ ৩ ॥
পহিল পড়ঞোক ভলাকে হাথ।
তে উপহাস নহি গোপী সাথ ॥ ৪ ॥
মন্দা কাজ মন্দে কর রোষ।
ভাল পওলেহি অলপহি কর তোষ ॥ ৫ ॥

৬

কাহে ডরসি সখি চল মোর সঙ্গ।
মাধব না পরশিবে তব অঙ্গ ॥ ১ ॥
ইহ রজনী কুল-কানন মাঝ।
কে এক ফিরত সাজি বহু সাজ ॥ ২ ॥
কুসুমক ঘোর ধনুক ধরি পানি।
মারত শর বালাজন জানি ॥ ৩ ॥
অতএব চলহ সখি ভিতর কুঞ্জ।
যঁহা রহ হরি মহাবলপুঞ্জ ॥ ৪ ॥
এত কহি আনল ধনী হরি পাশ।
পূরল বল্লভ সুখ অভিলাষ ॥ ৫ ॥

৭

শয়ন সীম রহি আবে।
দূর কর সে সব সকল স্বভাবে ॥ ১ ॥
মুখ অবনত তেজ লাজে।
কত মহী লিখসি চরণ বেয়াজে ॥ ২ ॥
রামা রহ পিয়া পাশে।
অভিনব সঙ্গম তেজহ তরাসে ॥ ৩ ॥
পিয়া সঞো পহিলকি মেলি।
হোক কমলকে অলি কেলি ॥ ৪ ॥
তরতম তঞে কর দূরে।
রসিক ইছহি—ছোড়হ মোর চীরে ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি ভাষা।
অভিনব সঙ্গম তেজল তরাসা ॥ ৬ ॥ *

৫। তকরা তাহার। বজইত—বলিতে।

২। এখন তোমার অধরের পাশে অমৃতের সাগর, নাগর নিকটে পাইলেই তাহা গ্রাস করিয়া ফেলিবে।

৩। পিয়ত—পান করে। কুগয়াঁ—কুগ্রামবাসী। লাএ—দিয়া। লঘু অর্থাৎ অল্প কথায় তাহাকে বুঝাইয়া বলিবে, কুগ্রামবাসী লোক গরুর ন্যায় মুখ দিয়া পান করিয়া থাকে।

৪। পড়ঞোক—বউনি। ভলাকে—ভাল-লোকের। তোমার এখন নূতন দোকান, ভাল-লোকের হাতে যদি বউনি হয়, তাহা হইলে গোপী-সমাজে তোমাকে হাস্যাস্পদ হইতে হইবে না।

৫। তোষ—তুষ্ট।

১। তাৎপর্য্য—সখি, আমি যখন তোর সঙ্গে যাচ্ছি, তখন তোর ভয় কি? বহুবিধ সজ্জায় সজ্জিত কে এক জন কুসুমের ঘোর ধনু হস্তে করিয়া ফিরি-তেছে, যুবতী দেখিলেই তাহাকে শরাঘাত করিবে; অতএব সখি, চল আমরা কুঞ্জের ভিতর যাই, সেখানে মহাবলযুক্ত হরি আছেন। এই বলিয়া ধনী হরির নিকট শ্রীমতীকে আনিয়া উপস্থিত করিল। সুতরাং বল্লভ শ্রীমাধবের অভিলাষ পূর্ণ হইল।

১। রহি রহিয়া। আবে—এখন।

২। বেয়াজে—ছলনা।

৪। পহিলকি—প্রথম। মেলি—মিলন।

৫। তরতম—তারতম্য, সংশয়। তঞে—তুই। ইছহি—ইচ্ছা করে অর্থাৎ চায়।

তাৎপর্য্য:—ওলো সখি, তুই এখন শয্যার পাশে আসিয়াছিস সুতরাং পূর্ব্বস্বভাব অর্থাৎ লজ্জা পরি-ত্যাগ কর। ছলনা করিয়া পা দিয়া মাটীতে কি লিখিতেছ? হে রামা, তুমি প্রিয়তমের পাশে থাক, এ অভিনব মিলন, অতএব ত্রাস ত্যাগ কর। কমলের সহিত অলির কেলি হোক—প্রিয়তমের সহিত তোমার প্রথম মিলন হোক। তুমি সংশয় ত্যাগ কর, রসিক মাধব তোকে চায়—আমার কাপড় ধরছিস কেন, ছেড়ে দে।

* অতঃপর দূতী শ্রীরাধাকে কুঞ্জের ভিতর প্রবেশ করাইয়া দিয়া মাধবকে উপদেশ দিতেছে।

৮

হমে দরশইতে কতহুঁ বেশ করু
হমে হেরইতে তনু ঝাঁপ।
সুরত শিঙ্গারে আজু ধনী আওলি
পরশইত থর থর কাঁপ ॥ ১ ॥
শুন হে কানু কহিয় অবধারি।
সকল কাজু হম বুঝল বুঝায়ল
ন বুঝল অন্তর নারী ॥ ২ ॥
অভিনব কাম নাম পুন শুনইতে
রোখত গুণ দরশাই।
অরি সম গঞ্জয়ে মন পুন রঞ্জয়ে
অপন মনোরথ সাই ॥ ৩ ॥
অন্তরে জীউ অধিক করি মানয়ে
বাহর না গণয়ে তরাসে।
কহ কবিশেখর সহজ বিষয়রত
বিদগধ কেলি-বিলাসে ॥ ৪ ॥

৯

যাবে ন মালতী কর পরকাশ।
তাবে ন তাহি-মধুকর বিলাস ॥ ১ ॥
লোভ পরিহরি শূনহি রাঁক।
ধকে কি কেও কূপ ডুব বিপাক ॥ ২ ॥
তেজ মধুকর এহন অনুবন্ধ।
কোমল কমল লীন মকরন্দ ॥ ৩ ॥
এখনে ইছসি এহন সঙ্গ।
ও অতি শৈশব ন বুঝ রঙ্গ ॥ ৪ ॥
কর মধুকর তোঁহে দৃঢ় গেয়ান।
অপনে আরতি ন মিল আন ॥ ৫ ॥

১০

বালা বিলাসিনী যতনে আনিহু
রমণ করব রাখি।
জৈসে মধুকর কুসুম ন তোল
মধু পিব মুখ মাখি ॥ ১ ॥
মাধব করব তৈসনি মেরা।
বিনু হকারে তুয় নিকতেন আবয়ে
দোসরি বেরা ॥ ২ ॥
শিরীষ কুসুম কোমল ও ধনী
তোহহু কোমল কান।
ইঙ্গিত উপর কেলি যে করব
যে ন পরাভব জান ॥ ৩ ॥
দিনে দিনে দুন প্রেম বঢ়ায়ব
জৈসে বাঢ়সি সুশশী।
কৌতুকহু কিছু বাম ন বোলব
নিয়র যাইবে হসি ॥ ৪ ॥

২। কহিয় অবধারি—নিশ্চয় করিয়া কহিতেছি।

৩। সাই—সে। অভিনব অর্থাৎ প্রথম কামের নাম শুনিলেই গুণ দেখাইয়া রোষ প্রকাশ করে, শত্রুর ন্যায় গঞ্জনা দেয়; পরে আপনার ইচ্ছায় মনোরঞ্জন করে।

১। যাবে—যাবৎ। পরকাশ—প্রকাশ অর্থাৎ বিকশিত। তাবে—তাবৎ।

২। শূনহি—শূন্য। রাঁক—দরিদ্র। ধকে—বেগে, সহসা।

৩। মধুকর—মাধবের সম্বোধন।

৪। এখন তুমি এরূপ সঙ্গ কেন ইচ্ছা করিতেছ? ও অর্থাৎ রাধা এখনও বালিকা; রঙ্গ বুঝিতে পারে না।

৫। আরতি—আর্ত্তি।

১। রাখি—রক্ষা করিয়া। তোল—তুলিয়া। বিলাসিনী বালাকে যত্ন করিয়া আনিয়াছি। মধুকর যেমন কুসুম না তুলিয়াও মুখে মধু মাখিয়া মধু পান করে, তুমিও তদ্রূপ ইহাকে রক্ষা করিয়া উপভোগ করিবে।

২। মেরা—মিলন। হকার—হাঁকা, আহ্বান। মাধব, তুমি ইহার সহিত এরূপ ভাবে মিলিত হইবে যে, তুমি না আহ্বান করিলেও সে পুনরায় তোমার নিকেতনে আইসে।

৩। সেই ধনী যেরূপ শিরীষ কুসুমের মতন কোমল, হে কানাই, তুমিও তদ্রূপ কোমল, সুতরাং ইঙ্গিতের উপর কেলি করিবে, সে যেন তোমার পরাভব জানিতে না পারে।

৪। বঢ়ায়ব—বাড়াইবে। বাম—মন্দ। শশী যেমন দিন দিন বর্দ্ধিত হয়, তদ্রূপ দ্বিগুণ প্রেমও বাড়াইবে। কৌতুক করিয়াও কিছু মন্দ বলিবে না এবং হাসিয়া হাসিয়া নিকটে যাইবে।

১১

বুঝব ছয়লপণ আজ।
রাহি মণি রতনে আনিনু অতি যতনে
বঞ্চি সব রমণী-সমাজ ॥ ১ ॥
শিরীষ কুসুম তনি অতি সুকুমার ধনী
আলিঙ্গব দৃঢ় অনুরাগে।
নির্ভয়ে করিবে কেলি কেহো নাহি বুঝ মেলি
ভমরা ভরে মাজরী না ভাঁগে ॥ ২ ॥
পিরীতিক বোলে, নিয়রে বইসাওবি
নখ হানি আনব কোল।
নহি নহি করি ধনী কপটে ভুলবি জনু
যদি কহ কাতর বোল ॥ ৩ ॥

১২

কোমল তনু পরাভব পাওব
তেজি ন যাইবি তেঁহ।
ভমর ভরে কি মাজরী ভাঁগয়ে
দেখল কতহু কেহু ॥ ১ ॥
মাধব, বচন ধরব মোর।
নহি নহি কয় ন পতিয়াএব
অপদ লাগত ভোর ॥ ২ ॥
অধর নিরসি ধূসর করব
ভাব উপজাত ভলা।
ক্ষণে ক্ষণে রতি রভস অধিক
দিনে দিনে শশিকলা ॥ ৩ ॥

১৩

সহজহি তনু খিণি মাঝ দুই সনি
শিরীষ কুসুম সম কায়া।
তোহে মধুরিপুপতি কৈসে কএ ধরতি রতি
অপরূপ মনমথ মায়া ॥ ১ ॥
মাধব পরিহর দৃঢ় পরিরম্ভা।
ভাঁগি যায়েত মন জীব সএে মদন
বিটপী আরম্ভা ॥ ২ ॥
শৈশব আছিল সে ডরে পলায়ল
যৌবন নূতন বাসী।
কামিনী কোমল পাহুন পচশর
হয়ে জনু যাহু উদাসী ॥ ৩ ॥
তোহর চতুর পণ যখনে ধরতি মন
রস বুঝতি অবশেখি।
এখনে অলপ বুধি ন বুঝ অধিক সুধী
কেলি করব জীয় রাখি ॥ ৪ ॥

১। ছয়লপণ—রসিকপণা।
২। তনি—তনু। ভাঁগে—ভাঙ্গে। মাজরী—মঞ্জরী।

তাৎপর্য্য :—হে রসিক মাধব, আজ তোমার রসিকপণা বুঝা যাইবে। ধনীর শিরীষ কুসুমতুল্য শরীর গাঢ় অনুরাগের সহিত অলিঙ্গন করিবে। নির্ভয়ে কেলি করিবে, কেহ তোমাদের মিলন বুঝিতে পারিবে না ; কারণ, ভ্রমরার ভরে মঞ্জরী কখন ভাঙ্গে না। পিরীতের কথায় নিকটে বসাইবে, নখাবাত করিয়া কোলে টানিয়া লইবে ; যদি ধনী কপটতা করিয়া কাতরস্বরে না না বলে, তাহা হইলেও ভুলিবে না।

১। তেঁহ—তাহাতে। কতহু—কোথাও। ভাঁগয়ে—ভাঙ্গে।
২। অপদ—অস্থানে। ভোর—ভ্রম।

তাৎপর্য্য :—তাহার কোমল দেহের পরাভবের আশঙ্কায় তাহাকে ত্যাগ করিবে না। ভ্রমরের ভরে মঞ্জরী ভাঙ্গিয়া যায়, ইহা কি কখন কেহ দেখিয়াছে ? মাধব, আমার কথা শুন, সে না না বলিলেও তাহা যদি বিশ্বাস কর, তাহা হইলে অস্থানে তোমার ভ্রম হইবে। যদি অধর নীরস করিয়া ধূসর করিতে পার, তাহা হইলে ভাল ভাব উপস্থিত হইবে। শশিকলা যেমন দিন দিন বর্দ্ধিত হয়, রতির আনন্দও তেমনই ক্ষণে ক্ষণে বর্দ্ধিত হইবে।

১। সনি—তুল্য। শিরীষ কুসুম তুল্য স্বভাবতঃ ক্ষীণ তাহার কটি যেন ভাঙ্গিয়া দুই খানি হইয়া গিয়াছে। অতএব হে মধুরিপুপতি, তুমি বল, সে কেমন করিয়া তোমার রতি ধারণ করিবে। কিন্তু মন্মথের মায়া অপূর্ব্ব !

২। মাধব, তুমি দৃঢ় আলিঙ্গন পরিহার করিও। কারণ, আমার মনে হয়, তাহাতে মদন-বিটপীর মূল ভাঙ্গিয়া যাইবে অর্থাৎ আরম্ভেই প্রণয় ভঙ্গ হইবে।

৩। পাহুন—অতিথি। পচশর—মদন। শৈশব ছিল কিন্তু সে ত ভয়ে পলাইয়াছে। এখন যৌবন তাহার দেহে নূতন বাস করিয়াছে, সুতরাং তুমি যেন উদাসী হইও না অর্থাৎ তাহা ভুলিও না।

৪। অবশেখি—সম্পূর্ণরূপে। সুধী—জ্ঞান। বুধি—বুদ্ধি। তোমার চতুরপণা যখন তাহার মনে

তোহে যে নাগর মানও ধনী জীব সনি
কোমল কাচ শরীরা।
তে পর করব কেলি যে পুনু হোয় মেলি
মূল রাখি বণিজারা ॥ ৫ ॥
হমরি অইসনি মতি মন দিয়ে শুন দূতি
দূর কর সবে অনুতাপে।
কমল অতি কোমল তৈয়ও স ঢলি পল
কবহু ভমর ভরে কাপে ॥ ৬ ॥

১৪

প্রথম সমাগম ভুখল অনঙ্গ।
ধনী বল জানি করব রতিরঙ্গ ॥ ১ ॥
হঠ নহি করিবে আইতি পাএ।
বড়েও ভুখল নহি দুহু হাতে খাএ ॥ ২ ॥
চেতন কান তোঁহহি যদি আতি।
কে নহি জান মাহুতে নম্র হাতী ॥ ৩ ॥
তুয় গুণ গান কহি কত অনুবোধি।
পহিলহি সবহি হললি পরবোধি ॥ ৪ ॥
হঠ নহি করিবে রতি পরিপাটি।
কোমল কামিনী বিঘটতি সাটি ॥ ৫ ॥
যাবে রভস সহ তাবে বিলাস।
বিমতি বুঝিঅ জএো ন যাএব পাশ ॥ ৬ ॥
ধসি পরিহরি নহি ধরবিয়ে বাহু।
উগিলল চন্দ গিলয় জনি রাহু ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি কোমল কাঁতি।
কৌশল শিরীষ কুসুম অলি ভাঁতি ॥ ৮ ॥

অভিসার

১

সুন্দরী চললিহু প্রভু ঘর লো।
চহুদিশ সখী সব কর ধর লো ॥ ১ ॥
যাইতহুঁ লাগু পরেম ডর।
যইসে শশী কাঁপ রাহু ডর ॥ ২ ॥
যাইতেহি হার টুটিএ গেল।
ভূষণ বসন মলিন ভেল ॥ ৩ ॥

ধরিবে, তখন সে সম্পূর্ণরূপে রস বুঝিবে। এখন সে অল্পবুদ্ধি, রস বুঝিবার মত অধিক জ্ঞান তাহার নাই। জীবন রাখিয়া তবে কেলি করিবে।

৫। মানও—মানিবে। তে পরি—সেই রূপে। মূল—মূল ধন। বণিজারা—সদাগর। হে নাগর, তুমি ধনীর জীবনের ন্যায় তাহার শরীরও যে কোমল ও কাঁচা তাহা মানিয়া চলিবে। তুমি সেইরূপে কেলি করিবে, যাহাতে পুনরায় মিলন হয়। সদাগর তাহার মূল ধন রক্ষা করিয়া থাকে।

৬। কবি বলিতেছেন, হে দূতি, মন দিয়া আমার কথা শুন ; তুমি সব অনুতাপ দূর কর। কমল যদিও অত্যন্ত কোমল, তথাপি ভ্রমরের ভরে তাহা কাঁপিয়া ঢলিয়া পড়ে না।

১। ভুখল—ক্ষুধিত। প্রথম মিলনকালে অনঙ্গ ক্ষুধিত অর্থাৎ প্রবল থাকে, সুতরাং ধনীর বল বুঝিয়া তবে রতিরঙ্গ করিবে।

২। আইতি—আয়ত্ত। তাহাকে আয়ত্তে পাইয়াছ বলিয়া বল প্রকাশ করিও না ; কারণ, অত্যন্ত ক্ষুধার্ত্ত ব্যক্তিও দুই হাতে খায় না।

৩। আতি—অস্তি, হও। চেতন—চতুর। মাহুতের নিকট হস্তী নম্র হয়, এ কথা কে না জানে ? অতএব হে কানাই, তুমি যদি চতুর হও, তাহা হইলে নিশ্চয়ই তুমি তাহাকে বশ করিতে পারিবে।

৫। সাটি—শাস্তি। যদি বল প্রকাশ কর, তাহা হইলে পরিপাটি রতি হইবে না। কোমলা কামিনীর শাস্তি মাত্র সার হইবে।

৬। যাবে—যাবৎ। রভস—বেগে। সহ—সহ্য। তাবে—তাবৎ। বিমতি—অসম্মতি। যাবৎ বেগ সহ্য করিতে পারিবে, তাবৎ বিলাস করিবে। যদি অসম্মতি বুঝিতে পার, তাহা হইলে নিকটে যাইও না।

৭। ধসি—বেগে। চন্দ্র যেমন রাহুকে উদ্গীর্ণ করিয়া আবার গ্রাস করে, সেইরূপ তুমি তাহাকে ছাড়িয়া দিয়া পুনরায় বেগে তাহার বাহু ধরিবে না।

৮। কাঁতি—কান্তি। বিদ্যাপতি বলিতেছেন, কোমল কান্তি শিরীষ কুসুমকে অলি যেমন কৌশলে উপভোগ করে, তদ্রূপ নায়কও নায়িকাকে কৌশলে উপভোগ করিবে।

১। চহুদিশ—চারিদিক্।
২। লাগু—লাগিল। পরেম—প্রেম। ডর—আতঙ্ক। কাঁপ—কাঁপে।

রোয়েঁ রোয়ে কজলি বহায় দেল।
আতঙ্কহি সিন্দূর মেটায় গেল ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি গাওল লো।
দুখ সহি সহি সুখ পাওল লো ॥ ৫ ॥

২

করিবর রাজহংস- গতিগামিনী
চললিহ সঙ্কেত-গেহা।
অমল তড়িতদন্ত হেম-মঞ্জরী
জিনি অতি সুন্দরদেহা ॥ ১ ॥
জলধর, তিমির, চামর জিনি কুন্তল
অলকা ভৃঙ্গ শৈবালে।
ভাঙলতা ধনু ভ্রমরভুজঙ্গিনী
জিনি আধবিধু বর ভালে ॥ ২ ॥
নলিনী চকোর সফরি সব মধুকর
মৃগী খঞ্জন জিনি আঁখি।
নাসা তিলফুল গরুড়-চঞ্চু জিনি
গিধিনী শ্রবণ বিশেখি ॥ ৩ ॥
কনকমুকুর শশী কমল জিনিয়া মুখ
জিনি বিম্ব-অধর প্রবালে।
দশন মুকুতা জিনি কুন্দ করগবীজ
জিনি কম্বু কণ্ঠ আকারে॥ ৪ ॥
বেল, তালযুগ, হেমকলস, গিরি
কটরি জিনিয়া কুচ সাজা।
বাহু মৃণাল পাশ বল্লরী জিনি,
ডমরু, সিংহ জিনি মাঝা ॥ ৫ ॥
লোমলতাবলী, শৈবাল, কজ্জল
ত্রিবলী তরঙ্গিণী রঙ্গা।
নাভি-সরোবর সরোরুহদল জিনি
নিতম্ব জিনিয়া গজকুম্ভা ॥ ৬ ॥
উরুযুগ কদলী করিবরকর জিনি
স্থলপঙ্কজ পদপাণি।
নখ দাড়িমবীজ ইন্দুরতন জিনি,
পিক জিনি অমিয়া বাণী ॥ ৭ ॥
ভণয়ে বিদ্যাপতি, অপরূপ মুরতি,
রাধারূপ অপারা।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
একাদশ অবতারা ॥ ৮ ॥

৩

নব অনুরাগিণী রাধা।
কিছু নাহি মানয়ে বাধা ॥ ১ ॥
একলি কয়ল পয়াণ।
পথ বিপথ নাহি মান ॥ ২ ॥
তেজল মণিময় হার।
উচ কুচ মানয়ে ভার ॥ ৩ ॥
কর সঞে কঙ্কণ মুদরি।
পন্থ হি তেজল সগরি॥ ৪ ॥
মণিময় মঞ্জীর পায়।
দূরহি তেজি চলি যায় ॥ ৫ ॥

৪। রোয়ে—কাঁদিয়া। কজলি—কজ্জল।

২। ভাঙলতা—ভ্রূলতা। আধবিধু—অর্দ্ধচন্দ্র। বর—সুন্দর।

৩। গিধিনী—গৃধ্র হইতে।

৪। করগবীজ—করকবীজ, দাড়িম্ববীজ। ৫। কটরি কটরা, বাটি। ৬। তরঙ্গিণী-রঙ্গা।—তটিনীর তরঙ্গলীলা। ইন্দুরত্ন—মুক্তা। অথবা দুই পদ ইন্দু—চন্দ্র ও রত্ন।

তাৎপর্য্য :—কবিবর-রাজহংস গতিগামিনী শ্রীমতী সঙ্কেত-গৃহে গমন করিতেছেন। শ্রীমতীর দেহ—তড়িতদন্ত ও হেমমঞ্জরী; কুন্তল—জলধর, তিমির ও চামর; অলকা—ভৃঙ্গ ও শৈবাল; ভ্রূলতা—ধনু, ভ্রমর ও ভুজঙ্গিনী; ভাল—আধবিধু; আঁখি—নলিনী, চকোর, সফরী, ভ্রমর, মৃগী ও খঞ্জন; নাসা—তিলফুল ও গরুড়চঞ্চু; শ্রবণ—গৃধিনী; মুখ—কনকমুকুর, শশী ও কমল; অধর—বিম্ব ও প্রবাল; দশন—কুন্দ ও করকবীজ; কণ্ঠ—কম্বু; কুচ—বেল, তাল, হেমকলস, গিরি ও কটোরা; বাহু—মৃণালপাশ ও বল্লরী; মধ্যদেশ—ডমরু ও সিংহ; লোমলতাবলী—শৈবাল ও কজ্জল; ত্রিবলী—তরঙ্গিণীরঙ্গ; নাভি—সরোবর ও সরোরুহদল; নিতম্ব—গজকুম্ভ; উরু—কদলী ও কবিবর-কর অর্থাৎ হস্তীর শুণ্ড; পদ ও করতল—স্থলপদ্ম; নখ—দাড়িম্ববীজ ও ইন্দুরত্ন এবং বাণী পিক অপেক্ষাও উৎকৃষ্ট।

৪। মুদরি—উন্মোচন করিয়া। সগরি—সাগর সকল।

যামিনী ঘন আন্ধিয়ার।
মনমথে হেরি উজিয়ার ॥ ৬ ॥
বিঘিনি বিথারিত বাট।
প্রেমক আয়ুধে কাট ॥ ৭ ॥
বিদ্যাপতি মতি জান।
ঐছে না হেরি আন ॥ ৮ ॥

৪

রয়নী ছোটি অতি ভীরু রমণী।
কতি খণে আওব কুঞ্জর-গমনী ॥ ১ ॥
ভীমভুজঙ্গম সরণা।
কত সঙ্কট তাহে কোমল চরণা ॥ ২ ॥
গিহি পায়ে করি পরিহার।
অবিঘিদে সুন্দরী করু অভিসার ॥ ৩ ॥
গগন সঘন মহী পঙ্কা।
বিঘিনি বিথারিত উপজয়ে শঙ্কা ॥ ৪ ॥
দশ দিশ ঘন আন্ধিয়ারা।
চলইতে খলই, লখই নাহি পারা ॥ ৫ ॥
সবযোনি পালটি ভুলালি।
আওত মানবীভাণত লোলী ॥ ৬ ॥
বিদ্যাপতি কবি কহই।
প্রেমহি কুলবধূ পরাভব সহই ॥ ৭ ॥

৫

আঁচরে বদন ঝাঁপহ গোরি।
রাজা শুনইছে চাওকি চোরি ॥ ১ ॥
ঘরে ঘরে পহরী ছোড়ি গেল যোয়।
অবহি দেখব ধনি নাগরী তোয় ॥ ২ ॥
হাসি সুধামুখি না কর বিজোরি।
বাণীক ধ্বনি ধনি বোলবি থোরি ॥ ৩ ॥
অধর সমীপ দশন করু জ্যোতি।
সিন্দূর সমীপ বসায়ল মোতি ॥ ৪ ॥
শুন শুন সুন্দরি হিত উপদেশ।
স্বপনে হোয় জনি বিপদক লেশ ॥ ৫ ॥
চান্দক আছয়ে ভেদ কলঙ্ক।
ও যে কলঙ্কী তুহুঁ নিকলঙ্ক ॥ ৬ ॥
রাজা শিবসিংহ লছিমাদেবী সঙ্গ।
ভণহ বিদ্যাপতি মনহহ নিশঙ্ক ॥ ৭ ॥

৬

অবহুঁ রাজপথে পুরজন জাগি।
চাঁদকিরণ জগমণ্ডলে লাগি ॥ ১ ॥
রহিতে সোয়াথ নাহি নৌতুন লেহ।
হেরি হেরি সুন্দরী পড়ল সন্দেহ ॥ ২ ॥
কামিনী কয়ল কতয়ে প্রকার।
পুরুষক বেশে করল অভিসার ॥ ৩ ॥
ধম্মিল্ল লোল ঝুট করি বন্ধ।
পহিরণ বসন আনহি করি ছন্দ ॥ ৪ ॥
অম্বরে কুচ নাহি সম্বরু গেল।
বাজনযন্ত্র হৃদয়ে করি নেল ॥ ৫ ॥
ঐছনে মিলল কুঞ্জক মাঝ।
হেরি না চিহ্নই নাগররাজ ॥ ৬ ॥
হেরইতে মাধব পড়লহি ধন্দ।
পরশিতে ভাঙ্গল হৃদয়ক দ্বন্দ্ব ॥ ৭ ॥
বিদ্যাপতি কহ কিয়ে ভেলি।
উপজল কত কত মনমথ-কেলি ॥ ৮ ॥

৭

একে ধনী পদুমিনী সহজহি ছোটি।
করে ধরইতে কত করুণা কোটি ॥ ১ ॥
হঠ পরিরম্ভণে "নহি নহি" বোল।
হরি ডরে হরিণী হরি হিয়ে ডোল ॥ ২ ॥

৬। উজিয়ার—উজ্জ্বল।

৭। বিঘিনি—বিঘ্ন। বিথারিত—বিস্তারিত। বাট—পথ।

১। রয়নী—রজনী। ...

২। সরণা,—সরণি, প...

৬। পালটি—ফিরিয়... —সর্প, পিশাচাদি সর্ব্বপ্র... ভাণ করিয়া, রূপ ধরিয়া...

১। আঁচরে—অঞ্চলে...

৩। বিজোরি—বি...

৫। জনি—যেন না।

সামল। ... ৩। সেই অবসরে প্রভুসোয়াথ... অর্থাৎ কামযুক্ত হইল, সুতরাং কাপ। ... আমার প্রাণান্ত হইল।

৪। ঢর—বহে। ঝিক ঝোরে—টর। ... না না বলিতে বলিতে আমার চক্ষু দিয়া জলক—এ... লাগিল, তথাপি ভ্রমর কাঁচা কমল লইয়া টানারণ ... আরম্ভ করিল।

১। অথিক—হয়।

...পেষিত ... বিম্ব- ... যায়।

বাল-বিলাসিনী আকুল কান।
মদন কৌতুকী কিয়ে হঠ নাহি মান ॥ ৩ ॥
নয়নক অঞ্চল চঞ্চল ভান।
জাগল মনমথ মুদিত নয়ান ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ঐছন রঙ্গ।
রাধা মাধব পহিলহি সঙ্গ ॥ ৫ ॥

৮

অহে সখি অহে সখি লই জনু যাহে।
হম অতি বালিকা আকুল নাহে ॥ ১ ॥
গোট গোট সখী সব গেলি বহরায়।
বজর কবাট পহু দেলহি লগায় ॥ ২ ॥
তেহি অবসর পহু জাগল কন্তে।
চীর সম্ভারলি জীউ ভেল অন্তে ॥ ৩ ॥
নহি নহি করে নয়ন ঢর নোরে।
কাঁচ কমল ভমরা ঝিক ঝোরে ॥ ৪ ॥
জইসে ডগমগ নলনীক নীরে।
তইসে ডগমগ ধনিক শরীরে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনু কবিরাজে।
আগি জারি পুনু আগিক কাজে ॥ ৬ ॥

৯

অথিক নবোঢ়া সহজহি ভীতি।
আইলি মোর বচনে পরতীতি ॥ ১ ॥
চরণ ন চলএ নিকট পহু পাশ।
রহলি ধরণী ধরি মান তরাস ॥ ২ ॥
অবনত আনন লোচন বারি।
নিজ তনু মিলি রহলি বরনারী ॥ ৩ ॥

১০

কত অনুনয়ে অনুগত অনুবোধি।
পতিগৃহে সখিহি শোয়াউলি বোধি ॥ ১ ॥
বিমুখী শুতলি ধনী সুমুখী ন হোয়ে।
ভাগল দল বহলাবএ কোয়ে ॥ ২ ॥
বল্লভ বেসনি বিলাসিনী ছোটি।
মেলি ন মিলএ দেলহু হেম কোটি ॥ ৩ ॥
বসন ঝপাএ বদন ধর গোএ।
বাদর তর শশী বেকত ন হোএ ॥ ৪ ॥
ভুজযুগ চাপ জীব যেন সাঁচ।
কুচ কাঞ্চন কোরী ফল কাঁচ ॥ ৫ ॥
লগ নহি সরয়ে করয়ে কসি কোর।
করে কর বাঁধি করহি কর জোর ॥ ৬ ॥
এত দিন শৈশব আনিল সাঠ।
এখন মদন পঢ়াওব পাঠ ॥ ৭ ॥
গুরুজন পরিজন হুঅও নিবার।
মোহরে মুদল আছে মদন-ভাণ্ডার ॥ ৮ ॥

৩। বাল—বালিকা।
৪। অঞ্চল—প্রান্ত।
১। লই—লইয়া। যাহে যাইও। আকুল—কামাকুল অর্থাৎ কামাসক্ত। নাহে—নাথ।
২। গোট গোট গুটি গুটি। বহরায়—বাহির হইয়া। বজর—বজ্র। দেলহি—দিলেন। লগায়—লাগাইয়া।
৩ [illegible] —সেই। কন্তে—কান্ত। সন্তারলি [illegible] সামলা[illegible]৩। সেই অবসরে প্র[illegible] অর্থাৎ কামযুক্ত হইল, সুতরাং কাপ[illegible] আমার প্রাণান্ত হইল।
৪। ঢর—বহে। ঝিক ঝোরে—ট[illegible] না না বলিতে বলিতে আমার চক্ষু দিয়া জল [illegible] লাগিল, তথাপি ভ্রমর কাঁচা কমল লইয়া টান[illegible] আরম্ভ করিল।
[illegible]—ভৃঙ্গ [illegible]ঙ্গনী; [illegible] সফরী [illegible] কড়চ [illegible] প্রবাল; কুচ—বেল, তা[illegible]
১। অথিক—হয়।

২। মান—মানিয়া।
১। অনুবোধি—বুঝাইয়া। শোয়াউলি—শয়ন করাইল। বোধি—প্রবোধ দিয়া।
২। বিমুখী—মুখ ফিরাইয়া। সুমুখী—সম্মুখীন। ভাগল—পলায়িত। দল—সৈন্য। বহলাবএ—ফিরায়। কোয়ে—কেহ।
৩। বেসনি—তরুণ। হেম—স্বর্ণ।
৪। ঝপাএ—ঢাকিয়া। ধর—রাখে। গোএ—গোপন করিয়া। বাদর—মেঘ।
[illegible] চাপি[illegible] রাখে। জীব—জীবন। [illegible] উরু[illegible]রা, নবীন। কাঁচ—[illegible] —কসিয়া, বলপূর্ব্বক। [illegible] জোর—জোড়া। [illegible] পঢ়াওব—পড়াইবে। [illegible] নিবারণ। মোহরে [illegible]

ভণই বিদ্যাপতি এহো রস ভাণ।
রাজা শিবসিংহ লখিমা বিরমান ॥ ৯ ॥

১১

ধনী বেয়াকুল কোমল কন্ত।
কোন পরবোধব সখি পরযন্ত ॥ ১ ॥
সখী পরবোধি শেয় যব দিল।
প্রিয় হরষি উঠি কর ধরি নিল ॥ ২ ॥
নহি নহি করয় নয়ন ঢরু নোর।
শুতি রহিল ধনী শেযক ওর ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি হে যুবরাজ।
সব সঞো বড় থিক আঁথিক লাজ ॥ ৪ ॥

মিলন

১

পহিল চলিল ধনী পিয়াক পাশে।
হৃদয় আঁকুল ভেল লাজ তরাসে ॥ ১ ॥
ঠাঢ়ি রহল রাই নাহি আগুসারে।
হেম-মূরতি জনি ন চল পিছারে ॥ ২ ॥
কর দুহু ধরি পহু নিয়রে বৈসায়।
কোপ সরমে ধনী বদন লুকায় ॥ ৩ ॥
খোলি বয়ান যব চুম্বই মুখে।
সরমহি লুকাওল মাধববুকে ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি কৌতুক গীত।
রাজা শিবসিংহ শুনি হরষিত ॥ ৫ ॥

২

সখী পরবোধিয়ে যতনে আনি।
পিয়া হিয় হরষি ধয়ল নিজপাণি ॥ ১ ॥
ছুঁইতে রাই মলিন ভৈ গেলি।
বিধু-কোরে কুমুদিনী মলিন ভেলি ॥ ২ ॥
"নহি নহি" কহয়ে নয়নে ঝরে লোর।
শুতি রহল রাই শয়নক ওর ॥ ৩ ॥
আলিঙ্গনে নীবিবন্ধ বিনিথোরি।
করে কুচ পরশে সেহ ভেল থোরি ॥ ৪ ॥
আঁচল লেই বদন পর ঝাঁপে।
থির নাহি হোয়ত থরথরি কাঁপে ॥ ৫ ॥
ভণয়ে বিদ্যাপতি ধৈরয-সার।
দিনে দিনে মদনক হোয় অধিকার ॥ ৬ ॥

৩

বালা রমণী—রমণে নাহি সুখ।
অন্তরে মদন দ্বিগুণ দেই দুখ ॥ ১ ॥
সব সখী মেলি শুতায়ল পাশ।
চমকি চমকি ধনী ছাড়য়ে নিশ্বাস ॥ ২ ॥
করইতে কোরে মোড়ই সব অঙ্গ।
মন্ত্র না শুনয়ে জনু বাল-ভুজঙ্গ ॥ ৩ ॥
বেরি এক কর ধনী মুদিত নয়ান।
রোগী করয়ে জনু ঔখদ পান ॥ ৪ ॥
তিল আধ দুখ জনম ভরি সুখ।
ইথে কাহে ধনি তুহু মোড়সি মুখ ॥ ৫ ॥
ভণয়ে বিদ্যাপতি শুনহ মুরারি।
তুহু রস-সাগর, মুগধিনী নারী ॥ ৬ ॥

৪

কহ সখি সাঙরি ঝামরি দেহা।
কোন পুরুখ সঞে নয়লি লেহা ॥ ১ ॥

৯। ভাণ—জ্ঞান। বিরমান—রমণ, বল্লভ।
১। বেয়াকুল—ব্যাকুলা। কন্ত—কান্তি। পরবোধব—প্রবোধ দিয়া। পরযন্ত—শেষ পর্য্যন্ত।
২। সখীরা যখন প্রবোধ দিয়া শ্রীমতীকে শয্যায় শয়ন করাইয়া দিল, তখন প্রিয় অর্থাৎ মাধব উঠিয়া সানন্দে শ্রীমতীর হাত ধরিয়া নিকটে লইল।
৩। ঢরু—প্রবাহিত হইল। শেযক—শয্যার। ওর—সীমা, প্রান্ত। না না বলিতে বলিতে শ্রীমতীর নয়নে অশ্রুধারা প্রবাহিত হইতে লাগিল। ধনী শয্যার প্রান্তে শয়ন করিয়া রহিল।
৪। বিদ্যাপতি বলিতেছেন, হে যুবরাজ অর্থাৎ মাধব, জগতে চক্ষুলজ্জাই সকলের অপেক্ষা বড়।
১। পহিল—প্রথমে। পিয়াক—প্রিয়তমের।
২। ঠাঢ়ি—স্থির হইয়া, দাঁড়াইয়া।
৪। বিনিথোরি—না খুলিয়া। থোরি—অল্প।
২। শুতায়ল—শোয়াইল, শয়ন করাইল।
৩। মোড়ই, ফিরায়। কোলে করিতেই সমস্ত অঙ্গ ফিরাইয়া লয়।
৪। বেরি এক—একবার
১। সাঙরি—স্মরণ করিয়া। ঝামরি—বিমর্দ্দিত। ঝামরিদেহা—নিষ্পেষিত হইয়াছে দেহ যার। নয়লি—নূতন।

অধর সুরঙ্গ জনু নীরস পাঙার।
কোন লুটল তুয়া অমিয়া-ভাণ্ডার ॥ ২ ॥
রঙ্গ পয়োধর অতি ভেল গোর।
মাজি ধরল জনু কনয়া কটোর ॥ ৩ ॥
না যাইহ সো পিয়া তহি এক গুণে।
ফেলি আওলি তুহ পুরবক পুণে ॥ ৪ ॥
কবি বিদ্যাপতি ইহ রস জানে।
রাজা শিবসিংহ লছিমা পরমাণে ॥ ৬ ॥

৫

কি কহব রে সখি রজনী কি বাত।
কত দুখে গোঙায়নু মাধব সাথ ॥ ১ ॥
করে কুচ ঝাঁপয়ে অধরমধু পান।
বদনে বদন দিয়া বধয় পরাণ ॥ ২ ॥
নবযৌবন তাহে রস-পরচার।
রতিরস না জানয়ে কানু সে গোঁয়ার ॥ ৩ ॥
মদনে বিভোর কিছুই না জান।
কতয়ে মিনতি করে তবু নাহি মান ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
তুহ মুগধিনী সোই লুবধ মুরারি ॥ ৫ ॥

৬

কি কহিব রে সখি কহইতে লাজ।
যোই করল সোই নাগর-রাজ ॥ ১ ॥
পহিল বয়স মঝু নাহি রতিরঙ্গ।
দূতী মিলায়ল কানুক সঙ্গ ॥ ২ ॥
হেরইতে দেহ মঝু থরথরি কাঁপ।
সেই লুবধ-মতি তাহে করু ঝাঁপ ॥ ৩ ॥
চেতন হরল আলিঙ্গন বেলি।
কি কহব কিয়ে করল রসকেলি ॥ ৪ ॥

হঠ করি নাহ করল যত কাজ।
সো কি কহব ইহ সঙ্গিনী-সমাজ ॥ ৫ ॥
জানসি তব কাহে করসি পুছারি।
সো ধনি যো থির তাহে নেহারি ॥ ৬ ॥
বিদ্যাপতি-কহ না কর তরাস।
ঐছন হোয়ত পহিল বিলাস ॥ ৭ ॥

৭

পুছমো এ সখি পুছমো তোয়।
কেলিকলা রস কহবি মোয় ॥ ১ ॥
বেশ-ভূষণ তোর সব ছিল পূর।
অলকা তিলক মিটি গেলহি দূর ॥ ২ ॥
কুসুমকুল সব ভেল ভিন ভিন।
অধরহি লাগল দশনক চিন ॥ ৩ ॥
কোন্ অবুঝ হেন কুচে নখ দেল।
হা! হা! শম্ভু ভগন ভৈ গেল ॥ ৪ ॥
আলসহি পূরল সকলহি গা।
বসন লেই ঘন ঘন কর বা ॥ ৫ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
সব রস লেয়ল রসিক মুরারি ॥ ৬ ॥

৮

না কর না কর সখি মোহে অনুরোধে।
কি করব হাম তাক পরবোধে ॥ ১ ॥

২। সুরঙ্গ—হিঙ্গুল, সুন্দর। পাঙার - প্রণালী।
৩। রঙ্গ—রমণীয়। গোর—গৌর, রক্তবর্ণ। ধরল—রাখিল

১। গোঙায়নু—যাপন করিলাম।
২। মঝু—আমার। পহিল—প্রথম, নূতন।
৩। তাহাকে দেখিয়া আমার দেহ থরথর করিয়া কাঁপিতে লাগিল। সে লুব্ধমতি তাহাতে অর্থাৎ আমার দেহে ঝাঁপাইয়া পড়িল।
৪। বেলি—বেলায়, সময়ে।

৫। নাহ—নাথ।
৬। ধান—ধন্য।
৫-৬। নাথ আমার সহিত যে সমস্ত কাজ করিল, তাহা আর তোদের বলব কি! যদি জানিস্, তবে জিজ্ঞাসা করছিস কেন? সেই ধন্য, যে তাহাকে দেখিয়া স্থির থাকিতে পারে!
৭। বিদ্যাপতি বলিতেছেন, তুমি ভয় করিও না, প্রথম বিলাস (মিলন) এইরূপই হইয়া থাকে!
২। মিটি- মুছিয়া।
৩। ভিন ভিন—ভিন্ন ভিন্ন।
৪। কোন্ অবুঝ এরূপ কুচে নখাঘাত করিল! হায় হায়, কুচশম্ভু নখাঘাতে ভাঙ্গিয়া গেল!
৫। বা—বাতাস।
১। তাক পরবোধে—তাহার প্রবোধে, তাহার আশ্বাসবাক্যে।

অলপ বয়স হাম কানুসে করুণা।
অতিহু লাজ ডর অতিহু করুণা ॥ ২ ॥
লোভে নিঠুর হরি কয়লহি কেলি।
কি কহব যামিনী যত দুঃখ দেলি ॥ ৩ ॥
হঠ ভৈল রস হাম হরল গেয়ান।
নীবিবন্ধ তোড়ল কথন কে জান ॥ ৪ ॥
দেহলহি আলিঙ্গন ভুজযুগ চাপি।
তৈখন হৃদয় মম উঠিল কাঁপি ॥ ৫ ॥
নয়নে বারি দরশায়নু রোই।
তবহু কানু উপশম নাহি হোই ॥ ৬ ॥
অধর নীরস মঝু করলহি মন্দা।
রাহু গরাসি নিশি তেজল চন্দা ॥ ৭ ॥
কুচযুগে দেয়ল নখ-পরহারে।
কেশরী জনু গজকুম্ভ বিদারে ॥ ৮ ॥
ভণয়ে বিদ্যাপতি রসবতি নারি।
তুহু সচেতনী লুবধ মুরারি ॥ ৯ ।

৯

হাম অতি ভীতা রহনু তনু গোই।
সো রস-সাগর থির নাহি হোই ॥ ১ ॥
রস নাই হোয়ল কয়ল যোশাতি।
দমনলতা জনু দংশল হাতী ॥ ২ ॥
কত পুন কাকুতি কয়ল অনুকূল।
তবহু পাপ হিয়ে মঝু নাহি ভুল ॥ ৩ ॥

হামারি আছল কত পূরবক ভাগি।
ফিরি আওনু হাম সে ফল লাগি ॥ ৪ ।
বিদ্যাপতি কহে না করহ খেদ।
ঐছন হোয়ল পহিল সম্ভেদ ॥ ৫ ।

১০

সুবলের সনে বসিয়া শ্যাম।
কহয়ে রজনী-বিলাস কাম ॥ ১ ॥
সে যে সুবদনী সুন্দরী রাই।
আবেশে হিয়ার মাঝারে লই ॥ ২ ।
চুম্বন করল কতহুঁ ছন্দ।
রভসে বিহসি মন্দ মন্দ ॥ ৩ ॥
বহুবিধ কেলি কয়ল সোই।
সে সব স্বপন হোয়ল মোই ॥ ৪ ॥
কি বা সে বচন অমিয়া মিঠ।
ভাঙর-ভঙ্গিম কুটিল দিঠ ॥ ৫ ॥
সে ধনী হিয়ার মাঝারে জাগে।
বিদ্যাপতি কহে নবীন রাগে ॥ ৬ ॥

১১

নব কুচে নখ দেখি জীউ মোর কাঁপে।
জনু নব কমলে ভ্রমরা করু ঝাঁপে ॥ ১ ॥
টুটল গীমক মোতিমহার।
রুধিরে ভরল কিয়ে সুরঙ্গ পঙার ॥ ২ ॥
সুন্দর পয়োধর নখক্ষত ভারি।
কেশরী জনু গজকুম্ভ বিদারি ॥ ৩ ॥
পুন না যাইও ধনি সে পিয়া ঠাম।
জীবন রহিলে পূরাইহ কাম ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি সুন্দরী আজ।
অনলে পুড়িলে পুনঃ অনলে কাজ ॥ ৫ ॥

১২

এ সখি এ সখি লইয়া না যাহ।
মুক্তি অতি বালী সো আরত নাহ ॥ ১ ॥

২। করুণা—কোমলা।
৩। নিঠুর হরি লোভপরবশ হইয়া যামিনীতে কেলি করিয়া যে দুঃখ দিল, তাহা আর তোকে কি বলিব!
৪। বলপ্রকাশের ফলে আমি অজ্ঞান হইয়া পড়িলাম, সুতরাং কখন নীবিবন্ধ খুলিয়া ফেলিল, তাহা কেমন করিয়া জানিব।
৬। কাঁদিয়া নয়নের বারি দেখাইলাম, তথাপি কানাই নিবৃত্ত হইল না।
৭। রাহু রাত্রিতে যেমন চন্দ্রকে গ্রাস করিয়া ত্যাগ করে, সেইরূপ মাধব আমার অধর নীরস করিয়া ত্যাগ করিল।
৯। বিদ্যাপতি বলিতেছেন, হে রসবতি নারি, তুমি চেতনযুক্ত আর মুরারিও লুব্ধ।
১। গোই—গোপন করিয়া।
২। শাতি—শান্তি। দমনলতা—দ্রোণপুষ্প। নাহ—নাথ।

৫। সম্ভেদ—মিলন।
৩। ছন্দ—প্রকার। রভসে—আনন্দে।
৫। ভাঙর-ভঙ্গিম—ভ্রূভঙ্গী। দিঠ—দৃষ্টি।
১। করু ঝাঁপে—আচ্ছাদন করিয়াছে।
২। গীমক—গলার। মোতিমহার—মুক্তাহার।
১। বালী—বালিকা। আরত—কামার্ত্ত।

পাশ যাইতে জীউ মোর কাঁপে।
কাঁচা কমলে ভ্রমর করু ঝাঁপে ॥ ২ ॥
দুরবল দেহ মোর ঝাঁপল চীর।
জনু ডগমগ করে নলিনীক নীর ॥ ৩ ॥
মাইহে কি সহত জীবক শাতি।
কোন বিহি সিরজিল পাপিনী রাতি ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি তখনক ভান।
কোন্ ন দেখত সখি হোত বিহান ? ৫ ॥

১৩

থরথরি কাঁপল লহু লহু ভাস।
লাজে না বচন করয়ে পরকাশ॥ ১ ॥
আজ ধনী পেখল বড় বিপরীত।
ক্ষণে অনুমতি ক্ষণে মানই ভীত ॥ ২ ॥
সুরতক নামে মুদই দুই আঁখি।
পাওল মদন মহোদধি সাখী ॥ ৩ ॥
চুম্বন বেরি করয়ে মুখ বঙ্কা।
মিলনহ চাঁদ সরোরুহ অঙ্কা ॥ ৪ ॥
নীবিবন্ধ পরশে চমকি উঠে গোরী।
জানল মদন-ভণ্ডারক চোরি ॥ ৫ ॥
ফুয়ল বসন হিয়া ভুজে বাহু সাঠি।
বাহিরে রতন আঁচরে দেই গাঁঠি ॥ ৬ ॥

বিদ্যাপতি কি বুঝব বল হেরি।
তেজি তলপ পরিরম্ভণ বেরি ॥ ৭ ॥

১৪

নীবিবন্ধন হরি কাহে কর দূর।
এহো পয় তোহার মনোরথ পূর ॥ ১ ॥
হেরনে কেমন সুখ না বুঝ বিছারি।
বড় তুহু ঢীট বুঝলু বনমালী ॥ ২ ॥
হামারি শপথ যদি হেরহ মুরারি।
লহু লহু তবে হাম পাড়ব গারি ॥ ৩ ॥
বিহর সে হরিষ, হেরনে কৈছে কাম।
সো নাহি সহব হি হামার পরাণ ॥ ৪ ॥
কাঁহা নাহি শুনিয়ে এমতি প্রকার।
করয়ে বিলাস দীপ লই জারি ॥ ৫ ॥
পরিজন শুনি শুনি তেজব নিশ্বাস।
লহু লহু রমহ পরিজন পাশ ॥ ৬ ॥
ভণয়ে বিদ্যাপতি ইহ রস জান।
নৃপ শিবসিংহ লছিমা পরমাণ ॥ ৭ ॥

১৫

রতি-সুবিশারদ তুহু রাখ মান।
বাড়িলে যৌবন তোহে দিব দান ॥ ১ ॥

২। ঝাঁপ—আক্রমণ।

৩। ঝাঁপল—ঢাকিল। চীর—বস্ত্র।

৪। মাইহে—মা গো। মা গো! জীবনে কত শাস্তিই সহিতে হয়। ৫। ভান—ভাব।

৩। সুরতের নামে দুই চক্ষু মুদিত করিল। মদন মহাসাগরের দেখা পাইল।

৪। বঙ্ক—বক্র।

চুম্বনের সময় মুখ ফিরাইয়া লয়। চাঁদ পদ্মকে যেন নিজ ক্রোড়ে পাইল। অর্থাৎ চন্দ্রোদয় হইলে পদ্ম যেমন সঙ্কুচিত হইয়া থাকে, শ্রীমতীও সেইরূপ মাধব সমাগমে সঙ্কুচিত হইল।

৫। নীবিবন্ধ স্পর্শে গোরী অর্থাৎ শ্রীমতী চমকিয়া উঠিল। বুঝিতে পারিল, আজ মদন-ভাণ্ডার চুরি যাইবে।

৬। ফুয়ল—উন্মুক্ত। সাঠি—সাটিয়া, দৃঢ় করিয়া। বসন উন্মুক্ত হইয়া গিয়াছে কিন্তু বক্ষ অর্থাৎ কুচ-যুগল হাত দিয়া চাপিয়া ধরিয়াছে। রত্ন বাহিরে পড়িয়া রহিল অথচ অঞ্চলে গাঁট দিতেছে।

৭। তলপ—তল্প. শয্যা, গৃহ, ভার্য্যা। পরিরম্ভণ বেরি—আলিঙ্গন সময়ে।

১। এহো পয়—এই ভাবে।

২। ঢীট—শঠ। ৬। লহু—ধীরে।

তাৎপর্য্য :—হে হরি, নীবিবন্ধন কেন দূর করিতেছ? এরূপ ভাবেই অর্থাৎ নীবিবন্ধন মুক্ত না করিয়াই তোমার মনোরথ পূর্ণ কর। দেখিয়া যে কি সুখ, তাহা বিচার করিয়া দেখিতেছ না। হে বনমালী, আমি বুঝিতেছি, তুমি অত্যন্ত শঠ। তুমি যদি দেখ, তবে হে মুরারি, তোমায় আমার শপথ লাগিবে; এও যদি না শুন, তবে আমি ধীরে ধীরে গালি দিব। মনের আনন্দে বিহার কর, দেখিয়া কাজ কি? এ আমার প্রাণে সহ্য হইবে না। কোথাও এমন শুনি নাই যে প্রদীপ জ্বালিয়া বিলাস করে। পরিজনদিগের সাড়াশব্দ শুনিয়া তবে নিশ্বাস ত্যাগ করিবে। পাশেই তাঁহারা রহিয়াছেন, অতএব ধীরে ধীরে রমণ (বিহার) কর।

হে রতি-সুবিশারদ, তুমি আমার মান রাখ। যখন যৌবন বাড়িবে, তখন তোমাকেই দিব। এখন অল্প রস, অতএব আশা মিটিবে না, অল্প জলে

এবে সে অলপ রসে না পূরব আশ।
থোরি সলিলে তুয়া না যাব পিয়াস ॥ ২ ॥
অলপে অলপে যদি চাহ নিতি।
প্রতিপদ চান্দ-কলা সম রীতি ॥ ৩ ॥
থোরি পয়োধরে না পূরব পাণি।
না দিহ নখ রেহ হরি রস জানি ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি কৈছন রীত।
কাঁচা দাড়িম প্রতি ঐছন প্রীত ॥ ৫ ॥

১৬

গরবে না কর হঠ লুবধ মুরারি।
তুয়া অনুরাগে না জীয়ে বরনারী ॥ ১ ॥
তুহু ত নাগর-গুরু হাম অগেয়ান।
কেলি-কলা সব তুহু ভালে জান ॥ ২ ॥
ফুয়ল কবরী মোর টুটল হার।
হাম অবুঝ নারী তুহু ত গোঁয়ার ॥ ৩ ॥
বিদ্যাপতি কহে কর অবধান।
রোগী করয়ে যৈছে ঔখদ পান ॥ ৪ ॥

১৭

চাণূর-মরদন তুহু বনমালী।
শিরীষ-কুসুম হাম কমলিনী নারী ॥ ১ ॥
দূতী বড় দারুণ সাধল বাদ।
করি-করে সোঁপল মালতী মাদ ॥ ২ ॥
নয়নক অঞ্জন নিরঞ্জন ভেল।
মৃগমদ চন্দন ঘামে ভিগি গেল ॥ ৩ ॥

বিদগধ মাধব তোহে পরণাম।
অবলারে বলি দিয়া না পূজহ কাম ॥ ৪ ॥
এ হরি এ হরি কর অবধান।
আন দিন লাগি রাখহ পরাণ ॥ ৫ ॥
রসবতী নাগরী রস মরিযাদ।
বিদ্যাপতি কহ পূরব সাধ ॥ ৬ ॥

১৮

বোলন রসিক বিলাসিনী ছোটি।
করে ধরইতে কত করুণা কোটি ॥ ১ ॥
কত পরবোধে আনল অনুরোধি।
নাহ গেহে সখী শুতায়ল বোধি ॥ ২ ॥
শুতলি বিমুখে ধনী অতি ক্ষীণ হোই।
বাঢল মদন বাহুড়াব কোই ॥ ৩ ॥
আঁচরে ঝাঁপি বদন ধরু গোই।
বাদর ডরে শশী বেকত না হোই ॥ ৪ ॥
লগ নাহি সরয়ে শুনয়ে নাহি বোল।
অরু বেরি বেরি করহি কর জোর ॥ ৫ ॥
দুহু ভুজ চাপি জীবন ধন সাঁচে।
কুচ কাঁচলকো বিফল কাঁচে ॥ ৬ ॥
দরশন পরশন দুয় অনিবারে।
মূহিরে মুদল জনু রতন ভাণ্ডারে ॥ ৭ ॥
এত দিন সখী সব আছিল ঠাট।
অবহি মদন পঢ়ায়ব পাঠ ॥ ৮ ॥
বিদ্যাপতি অতিশয় সুখ ভেলি।
পরশিতে তরসি করহি কর ঠেলি ॥ ৯ ॥

১৯

পরিহর মনে কছু না কর তরাস।
সাধস নাহি কর, চলু পিয়-পাশ ॥ ১ ॥

তোমার পিপাসা যাইবে না। প্রতিপদ হইতে চন্দ্রকলা যেমন বৃদ্ধি পায়, সেইরূপ অল্প অল্প রতি যদি চাও, তাহা হইলে নিত্য হইতে পারে। অল্প পয়োধরে তোমার হাত পূরিবে না। হে হরি, রস জানিয়া পয়োধরে নখরেখা দিও না। বিদ্যাপতি কহিতেছেন, কাঁচা দাড়িম্বের প্রতি এরূপ প্রীতি, এ তোমার কিরূপ রীত?

৩। ফুয়ল—এলাইল, খুলিয়া গেল। টুটল—ছিঁড়িল।

১। চাণূর মরদন, চাণূর দৈত্যকে যিনি দমন করিয়াছেন। হে বনমালি, তুমি চাণূরদৈত্যদমনকারী, আর আমি পদ্মিনী নারী।

৩। নিরঞ্জন—অঞ্জনশূন্য। ভিগি—ভিজিয়া।

৪। হে মাধব, অবলাকে বলি দিয়া কামের পূজা করিও না।

৫। আন—অন্য।

৬। মরিযাদ—মর্য্যাদা।

৫। হে হরি হে হরি, শুন, অন্য দিবসের জন্য প্রাণ রাখ।

১। বোলন—বর, নাগর।

৩। বাহুড়াব—ফিরাইবে। কোই—কে।

৪। ধরু—ধরে।

৫। লগ—নিকটে।

দূর কর দুরমতি কহলম তোয় ।
বিনি দুখে সুখ কবহি নাহি হোয় ॥ ২ ॥
তিল আধ দুখ, জনম ভরি সুখ ।
ইথে লাগি ধনি কাহে হোয়বি বিমুখ ? ৩ ॥
তিল এক মুদি রহ দুনয়ান ।
রোগী করয়ে জনু ঔখদ পান ॥ ৪ ॥
চল চল সুন্দরি কর শিঙ্গার ।
বিদ্যাপতি কহ এহিসে বিচার ॥ ৫ ॥

২০

এ হরি বলে যদি পরশবি মোয় ।
তিরিবধ পাতক লাগয়ে তোয় ॥ ১ ॥
তুহু রস-আগর নাগর ঢীঠ ।
হাম না বুঝয়ে রস তীত কি মীঠ ॥ ২ ॥
রস পরসঙ্গে উদয়ে মঝু কাঁপ ।
বাণে হরিণী জনু কয়লহি ঝাঁপ ॥ ৩ ॥
অসময়ে আশ না পুরই কান ।
ভালজন না করে বিরস পরিণাম ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ বুঝলহু সাঁচ ।
ফলহু না মিঠই হোয়ত কাঁচ ॥ ৫ ॥

২১

তরল নয়ন শর অথির সন্ধান ।
নবীন শিখায়ল গুরু পাঁচবাণ ॥ ১ ॥
অগেয়ান কোন করয়ে ব্যবহার ।
বলে নাহি লেওত জীবন হামার ॥ ২ ॥
আরতি না কর কানু না ধর চীর ।
হাম অবলা অতি রতি-রণ-ভীর ॥ ৩ ॥
প্রথম বয়স লেশ না পূরব আশ ।
না পূরে অলপধনে দারিদ পিয়াস ॥ ৪ ॥
মাধবী মুকুলিত মালতী ফুল ।
তাহে নাহি ভোখিল ভ্রমর অনুকূল ॥ ৫ ॥

অনুচিত কাজে ভাল নহে পরিণাম ।
সাহস না করয়ে সংশয়ঠাম ॥ ৬ ॥
কহই বিদ্যাপতি নাগর কান ।
মাতল করী নাহি অঙ্কুশ মান ॥ ৭ ॥

২২

সকল সখী পরবোধি কামিনী
আনি দিল পিয়াপাশ ।
জনু ব্যাধবন্ধে বিপিনসো মৃগী
তেজই তীখনি শাস ॥ ১ ॥
বৈঠলি শয়ন সমীপ সুবদনী
যতনে সমুখ না হোয় ।
ভেলি মানস ভ্রমই দশদিশি
দেখি মনমথ ফোয় ॥ ২ ॥
কঠিন কাম কঠোর কামিনী
মানে নাহি পরবোধ ।
নিবিড় নীবি-বন্ধ কঠিন কুঞ্চকী
অধরে অধিক নিরোধ ॥ ৩ ॥
সকল গীত দুকূল দৃঢ় অতি
কতিহু নাহি পরকাশ ।
পানি পরশিতে পরাণ পরিহরে
পূরব কি রীতে আশ ? ৪ ॥
কান্ত কাতর কতহু কাকুতি
করত কামিনী পায় ।
প্রাণ পীড়ন রাই মানই
বিদ্যাপতি কবি গায় ॥ ৫ ॥

২৩

যতনে আইল ধনী শয়নক সীম ।
পাঙ্গুর লিখি ক্ষিতি নত রহু গীম ॥ ১ ॥
সখী হে পিয়া পাশে বৈঠলি রাহি ।
কুটিল ভৌঁহ করি হেরইছি কাহি ॥ ২ ॥
নবি বর নারী পহিল পিয়া মেলি ।
অনুনয় করইতে যামিনী আধ গেলি ॥ ৩ ॥
করে ধরি বল্লভ বৈসাওল কোর ।
এক পয় কহ ধনী নহি নহি বোল ॥ ৪ ॥

৩-৪ । ক্ষণমাত্র দুঃখ কিন্তু পরে জীবনভোর সুখ ; হে ধনি, এতে কেন বিমুখ হইবি ? মুহূর্ত্তমাত্র চক্ষু মুদিয়া থাক, রোগী যেমন ঔষধ পান করিয়া থাকে ।

১ । তিরিবধ—স্ত্রীবধ । ২ । ঢীঠ—চতুর, শঠ । রস আগর—রসে অগ্রগণ্য, রসিক ।

৩ । আরতি—আগ্রহ প্রকাশ । চীর—বস্ত্র । রতি রণ-ভীর—রতিসমরভয়ে কাতর ।

৫ । ভোখিল—ক্ষুধিত ।

৬ । সংশয়ঠাম - সংশয়স্থলে ।

১ । তীখনি—তীক্ষ্ণ ।

১ । পাঙ্গুর—পদাঙ্গুলি । গীম—গ্রীবা ।

৪ । কোর—ক্রোড় ।

কোরে করইতে মোড়ই সব অঙ্গ ।
পরবোধ ন মানে জনি বাল ভুজঙ্গ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নাগরী রামা ।
অন্তরে দাহিন বাহিরে বামা ॥ ৬ ॥

২৪

অধর চাহিতে অবনত কর মাথ ।
সহএ ন পারি পয়োধরে হাথ ॥ ১ ॥
বিঘটল নীবী করে ধরি জাঁতি ।
অঙ্কুরল মদন ধরএ কত ভাঁতি ॥ ২ ॥
কোমল কামিনী নাগর নাহ ।
কওঞোনে পরি হোয়েত কেলি নিরবাহ ॥ ৩ ॥
কুচ-কোরক তবে কর গহি নেল ।
কাঁচ বদর অরুণ রুচি ভেল ॥ ৪ ॥
লাবএ চাহিঅ নথর বিশেখ ।
ভৌঁহ ন আবএ চান্দক রেখ ॥ ৫ ॥
তসু মুখ সো লোভে রহু হেরি ।
চান্দ ঝপাব বসন কত বেরি ॥ ৬ ॥

২৫

পরশইতে চমকি চলয় পদ আধ ।
অনুমতি না দয়ে না করে রসবাধ ॥ ১ ॥
অভিনব নাগর সুনাগরী মেলি ।
রসবৈদগধি অবধি ভই গেলি ॥ ২ ॥
হঠ পরিরম্ভ আরম্ভন বেলি ।
ধনী মুখ মোড়ি রহল কর ঠেলি । ৩ ॥

আন কহইতে আন কহে তঙ্কে ।
মরম কহইতে বিহসি মুখ বঙ্কে ॥ ৪ ॥
রতিরণ-রঙ্গহি ভঙ্গ না দেল ।
না জানি কাম কেমন যশ লেল ॥ ৫ ॥

২৬

বামা বয়ন নয়ন বহ নোর ।
কাঁপ কুরঙ্গিনী কেশরি-কোর ॥ ১ ॥
একে গহ চিকুর দোসরে গহ গীম ।
তেসরে চিবুক চউঠে কুচ-সীম ॥ ২ ॥
নিবিবন্ধ ফোয়েক নহি অবকাশ ।
পানি পঞ্চমকে বাঢ়লি আশ ॥ ৩ ॥
রাধা মাধব প্রথমক মেলি ।
ন পূরল কাম মনোরথ কেলি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি প্রথমক রীতি ।
দিনে দিনে বালা বুঝতি পিরীতি ॥ ৫ ॥

২৭

বালা বিলাসিনী আকুল কান ।
মদন কৌতুকিয়া হটল ন মান ॥ ১ ॥
একে ধনী পদুমিনী সহজহি ছোটি ।
করে ধরইতে করুণা কর কোটি ॥ ২ ॥
হঠ পরিরম্ভণে নহি নহি বোল ।
হরি ডরে হরিণী হরি হিয়ে ডোল ॥ ৩ ॥
নয়নক অঞ্চল চঞ্চল ভাণ ।
জাগল মনমথ মুদিত নয়ান ॥ ৪ ॥

---

৬ । দাহিন—প্রসন্ন । বামা—বিমুখ ।

২ । বিঘটল নীবী—মুক্ত নীবী । জাঁতি—চাপিয়া রাখে । ভাঁতি—রূপ, আকার ।

৩ । কওঞোনে পরি—কেমন করিয়া ।

৪ । গহি—গ্রহণ করিয়া । কাঁচ—কাঁচা । বদর—বদরি, কুলফল । রুচি—বর্ণ ।

৫ । লাবএ—ঘটাইতে । বিশেখ—বিশেষ, সুন্দর । আবএ—আসে ।

৬ । তসু—তাহার । ঝপাব—ঢাকিবে ।

১ । চলয় পদ আধ—অর্দ্ধপদ চলিয়া যায় । রসবাধ—রসে বাধাও দেয় না ।

২ । মেলি—মিলন । রসবৈদগধি—বৈদগ্ধ রস । অবধি—সীমা ।

৩ । আরম্ভন বেলি—আরম্ভের সময় ।

৪ । তঙ্ক—আতঙ্ক ।

৩ । ফোয়েক—খুলিবার ।

তাৎপর্য্যঃ—শ্রীমতীর চক্ষুতে এবং মুখে অশ্রু-ধারা বহিতেছে, যেন কুরঙ্গিণী কেশরীর ক্রোড়ে কাঁপিতেছে । মাধব (মাধবকে এখানে চতুর্ভুজ কল্পনা করা হইতেছে, নহিলে এই কবিতার অর্থ হয় না) এক হাতে চিবুক গ্রহণ করিয়াছেন, দ্বিতীয় হাতে গ্রীবা, তৃতীয় হাতে চিবুক আর চতুর্থ হাত দিয়াছেন কুচসীমায়, সুতরাং নীবিবন্ধ খুলিবার অবকাশ নাই । অতএব মাধবের পঞ্চম হাতের ইচ্ছা হইল ।

১ । বিলাসিনী—নায়িকা । আকুল—কামাকুল । কৌতুকিয়া—কুতূহলী, উদ্রিক্ত । হটল—নিষেধ ।

বিদ্যাপতি কহ ঐসন রঙ্গ।
রাধামাধব পহিলহি সঙ্গ ॥ ৫ ॥

২৮

একে অবলা তাহে সহজক ছোটি।
কর ধরইতে করুণা কর কোটি ॥ ১ ॥
আলিঙ্গন নামে রহয়ে হিয় হারি।
জনি করিবরতল পড়িল পঞোনারি ॥ ২ ॥
নয়ন নীর ভরি নহি নহি বোল।
হরি ডরে হরিণ জইসে জীব ডোল ॥ ৩ ॥
কৌশলে কুচ-কোরক করে লেল।
মুখ দেখি নারীবধ সংশয় ভেল ॥ ৪ ॥
বালা বিলাসিনী তরুণ কান।
মদন কৌতুকিয়া হটল ন মান ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মুরারি।
অতি রতি হটে নহি জীবয়ে নারী ॥ ৬ ॥

২৯

পহিলহি রাধা মাধব ভেট।
চকিতহি চাহি বয়ন করু হেট ॥ ১ ॥
অনুনয় কাকুতি করতহি কান।
নবীন রমণী ধনী রস নাহি জান ॥ ২ ॥
হেরি হরি নাগর পুলক ভেল।
কাঁপি উঠিল তনু স্বেদ বহি গেল ॥ ৩ ॥
অধির মাধব ধরু রাহিক হাথ।
করে কর বাধি ধর ধনী মাথ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি নহি মন আন।
রাজা শিবসিংহ লখিমা রমাণ ॥ ৫ ॥

৩০

হৃদয় আরতি বহু ভয় তনু কাঁপ।
নূতন হরিণী জনি হরিণ করু ঝাঁপ ॥ ১ ॥
ভুখল চকোর জনি পিবইতে আশ।
ঐসন সময় মেঘ নহি পরকাশ ॥ ২ ॥
পহিল সমাগম রস নহি জান।
কত কত কাকুতি করতহি কান ॥ ৩ ॥
পরিরম্ভণ বেরি উঠই তরাস।
লাজে বচন নহি কর পরকাশ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ইহ নহি ভায়।
রসবন্ত সেহো রস পায় ॥ ৫ ॥

৩১

যখনে লেল হরি কাঁচুলি অছোড়ি।
কতে পরযুকতি করল অঙ্গ মোড়ি ॥ ১ ॥
তখনুকি কাহিনী কহহি ন যাএ।
লাজে সুমুখী ধনী রহলি লজাএ ॥ ২ ॥
করে না নিভায়, দূর জল দীপ।
লাজে ন মরয়ে নারী কঠজীব ॥ ৩ ॥
কঠিন আলিঙ্গন সহএ কে পার।
কোমল হৃদয় উখড়ি গেল হার ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি তখনুক ভান।
কওনে কহল সখি হোয়ত বিহান ॥ ৫ ॥

৩২

মাধব এ বেরি দূরহু দূর সেবা।
দিন দশ ধৈরয কর যদুনন্দন
হমে তপ বর বরু দেবা ॥ ১ ॥
কোরি কুসুম মধু বেকত ন রহতে
হঠ জনু করিয় মুরারি।
তুয় ইহ দাপ সহএ কে পারত
হম কোমল তনু নারী ॥ ২ ॥

১। করুণা—মিনতি।

২। হিয় হারি—হৃদয় হারাইয়া। পঞোনারি—পদ্মনাল, মৃণাল।

৩। হরি—সিংহ। জীব—জীবন। ডোল—দোলে, কাঁপে।

৫। হটল—নিষেধ।

৪। রাহিক—রাধার।

১। করু—ক্রোড়।

২। পিবইতে—পান করিতে।

১। অছোড়ি—ছিনাইয়া, কাড়িয়া। পরযুকতি—প্রযুক্তি। মোড়ি—মোড়া দিয়া, ফিরাইয়া।

৩। কঠজীব—কঠিন প্রাণ। দূরে দীপ জলিতেছে, নিবাইয়া দেয় নাই, কঠিন প্রাণ নারী লজ্জায় মরিয়াও ত যায় না!

৪। উখড়ি—ফুটিয়া, চিহ্ন হওয়া।

১। এ বেরি—এবার। সেবা—নমস্কার। বরু—বরং। দেবা—দিবে।

২। কোরি—কলিকা। রহতে—রহে।

আইতি হঠ যঞো করবহ মাধব
তঞো আইতি নহি মোরি।
কাঁচি বদরী উপভোগে ন আওত
উহে কি ফল তোরি ॥ ৩ ॥
এতিখণে অমিয় বচন উপভোগহ
আরতি অনদিনে দেবা।
লখিমীনাথ ভণ শুন যদুনন্দন
কলি যুগে নিতে মোরি সেবা ॥ ৪ ॥

৩৩

অবলা অংশুক বল্লভ নেলা।
পানিপল্লব ধনী অন্তর দেলা ॥ ১ ॥
হঠ ন করিহ কান ন পূরত কাম।
প্রথমক রভস বিচারক ঠাম ॥ ২ ॥
মদন-ভাণ্ডার সুরত রস আনি।
মোহরে মুন্দল আছে অসময় জানি ॥ ৩ ॥
মুকুলিত লোচন নহি পরকাশে।
কাঁপ কলেবর হৃদয় তরাসে ॥ ৪ ॥
আবে নব যৌবন সময় নিহারি।
অপনহি বেকত হোয়ত পরচারি ॥ ৫ ॥

ভণই বিদ্যাপতি নব অনুরাগী।
সহিও পরাভব পিয় হিত লাগি ॥ ৬ ॥

৩৪

এ হরি বলে যদি পরশবি মোয়।
তিরিবধ পাতক লাগয় তোয় ॥ ১ ॥
তুহু রস-আগর নাগর ঢীঠ।
হম ন বুঝিয় রস তিত কি মিঠ ॥ ২ ॥
রস পরসঙ্গে উঠয় মনু কাঁপ।
বাণে হরিণী জনি কয়লহি ঝাঁপ ॥ ৩ ॥
অসময় আশ ন পূরএ কাম।
ভল জন ন কর বিরস পরিণাম ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ বুঝলহু সাঁচ।
ফলহু ন মিঠ হোয়ত কাঁচ ॥ ৫ ॥

৩৫

হমে অবলা তোহে বলমত নাহ।
জীবক বদলে পেম নিরবাহ ॥ ১ ॥
পঠি মনসিজ মন্ত্র দরশন ভাব।
কৌতুকে করিবর করিণী খেলাব ॥ ২ ॥
পরিহর কান্ত দেহ জীব দান।
আজ ন হোয়তে নিশি অবসান ॥ ৩ ॥
দৈন্য দয়া নাহি দারুণ তোহি।
নহি নারীবধ ডর হৃদয় ন মোহি ॥ ৪ ॥
রমণ সুখ জঞো রমণী জীব।
মধুকর কুসুম রাখি মধু পীব ॥ ৫ ॥

৩। আইতি—আয়ত্ত। তঞো—তবে। আইতি—আগমন। কাঁচি—কাঁচা। বদরী—কুল।

৪। এতিখণে—এক্ষণে। অনদিনে—অন্য দিন। নিতে—নিত্য।

১। অংশুক—বস্ত্র। অন্তর—অন্তরাল। অবলার বস্ত্র বল্লভ গ্রহণ করিলেন। ধনী পানি-পল্লব দ্বারা অন্তরাল করিলেন অর্থাৎ ঢাকা দিলেন।

২। হঠ—বল প্রকাশ। পূরত—পূরিবে। রভস—হর্ষ, বেগ। বিচারক—বিচারের। ঠাম—ঠাঁই, স্থান।

৩। আনি—আনিয়াছে। মোহরে—মোহর দ্বারা। মুন্দল—মুদ্রিত, বন্ধ। মদন নিজ ভাণ্ডার হইতে সুরত-রস আনিয়াছে। কিন্তু অসময় জানিয়া তাহা মোহরাঙ্কিত করিয়া বন্ধ রাখিয়াছে।

৪। তরাসে—ত্রাসে।

৫। আবে—এখন। পরচারি—প্রকাশ।

৬। অনুরাগী—অনুরাগিণী। সহিও—সহ্য করিও। পিয়—প্রিয়।

১। তিরিবধ—স্ত্রীবধ।

২। আগর—অগ্রণী। ঢীঠ—নির্ভয় ও শঠ। তিত—তিক্ত।

৩। পরসঙ্গে—প্রসঙ্গে।

১। বলমত—বলবন্ত, বলবান্। নাহ—নাথ। জীবক—জীবনের। নিরবাহ—নির্ব্বাহ।

২। পঠি—পাঠ করিয়া। খেলাব—খেলা করে।

৩। জীবদান—প্রাণদান।

৪। মোহি—মোহিত।

৫। জঞো—যদি। রমণী যদি বাঁচিয়া থাকে, তবেই রমণে সুখ।

ভণই বিদ্যাপতি প্রভু রসমন্ত ।
রতিরস রভস হোয়ত নহি অন্ত ॥ ৬ ॥

৩৬

শুনহ নাগর নীবিবন্ধ ছোর ।
গাঁঠিতে নহি সুরত ধন মোর ॥ ১ ॥
সুরতক নাম শুনল হম আজ ।
না জানি সুরত করয় কোন কাজ ॥ ২ ॥
সুরতক খোঁজ করিব যথা পাই ।
ঘরে কি অছয় নাহি সখীরে সুধাই ॥ ৩ ॥
বেরি এক মাধব শুন মঝু বাণী ।
সখী সঞো খোঁজি মাগি দেব আনি ॥ ৪ ॥
বিনতি করয় ধনী মাগে পরিহার ।
নাগরী চাতুরি ভণ কবিকণ্ঠহার ॥ ৫ ॥

৩৭

বুঝল মোহে হরি বহুত আকার ।
হিয়া মোর ধস ধস তুহ সে গোঁয়ার ॥ ১ ॥
ধীরে ধীরে রমহ টুটয় জনু হার ।
চোরি রভস নাহি কর পরচার ॥ ২ ॥
না দিহ কুচে নখরেখাঘাত ।
কইসে নুকায়ব কালি পরভাত ॥ ৩ ॥
ন কর বিঘাতন অধরহি দশনে ।
লাজ ভয় দুহ নাহি তুয় স্থানে ॥ ৪ ॥
ন ধর কেশ ন কর চিঠপণ ।
অলপে অলপে করহ নিধুবন ॥ ৫ ॥
তোহে সোঁপল তনু জনমক মত ।
অলপে সমাধান আজু অভিমত ॥ ৫ ॥
নাগরি শুন কহে কবিকণ্ঠহার ।
বিহ্বিল কুসুমশরে নাহি সে বিচার ॥ ৭ ॥

৩৮

একি এ অনলহ ন আবয়ে পাশে ।
কোরহ করইতে কাঁপে তরাসে ॥ ১ ॥
নহি নহি নহি পএ ভাখে ।
যইঅও যতন করিয় পএ লাখে ॥ ২ ॥
সুমুখী বিমুখী রহ শোই ।
পদে পরলহু নহি পরসনি হোই ॥ ৩ ॥
শেজ চকিত রহ জাগী ।
ছট ফট কর জনি পরশিল আগি ॥ ৪ ॥

৩৯

বেরা এক জীব রাথ কানাই ।
পরক পেয়সী দেহ পাঠাই ॥ ১ ॥
চুম্বনে লেপি কাজর ধার ।
অধর নীরস করি তোড়লহ হার ॥ ২ ॥
নখেরি ক্ষত কুচযুগে লাগু ।
সে কইসে যায়তি গুরুজন আগু ॥ ৩ ॥
ভণে বিদ্যাপতি রস শিঙ্গার ।
সঙ্কেত আইলি তেজএ কে পার ॥ ৪ ॥

৪০

হৃদয় তোহার জানি ন ভেলা ।
পরক রতন আনি মোঞে দেলা ॥ ১ ॥
কএল মাধব হমে অকাজ ।
হাতী মিলায়লি সিংহসমাজ ॥ ২ ॥
রাখহ মাধব মোরি বিনতি ।
দেহ পরিহরি পরযুবতী ॥ ৩ ॥
চুম্বনে নয়ন কাজর গেলা ।
দশনে অধর খণ্ডিত ভেলা ॥ ৪ ॥

১। ছার—ছাড়। গাঁঠিতে—অঞ্চলে।
৩। অছয়—আছে।
১। আকার—প্রকার।
২। পরচার—প্রচার, প্রকাশ।
৫। চিঠপণ—চিঠপণা, বল প্রকাশ।
১। অনলহু—আনিলেও। কোরহ—ক্রোড়ে।
২। লাখে—লক্ষ।
৩। শোই—শয়ন করিয়া। পরলহু—পড়িলেও। পরসনি—প্রসন্ন।
৪। পরশিল—স্পর্শ করিল। আগি—অগ্নি।
১। বেরা—বার। পেয়সী—প্রেয়সী।
২। লেপি—লিপ্ত হইয়াছে। তোড়লহ—ছিঁড়িয়াছে।
৪। তেজএ—ত্যাগ করিতে।
১। মোঞে—আমি।
২। কএল—করিলাম। হমে—আমি।
৪। মিলাউলি—মিলাইলাম। সমাজ—সম্মুখে, নিকটে।
৩। বিনতি—মিনতি।

পীন পয়োধরে নখর মন্দা ।
জনি মহেশ্বরশিখর চন্দা ॥ ৫ ॥
না মুখে বচন ন চিত থিরে ।
কাঁপ ঘন হন সব শরীরে ॥ ৬ ॥
ঘর গুরুজন দুরজন শঙ্কা ।
ন গুণহ মাধব মোহি কলঙ্কা ॥ ৭ ॥
কবি বিদ্যাপতি ভাণ ।
আনক বেদন নই বুঝ আন ॥ ৮ ॥

৪১

সজনি অকথ কহি ন যাএ ।
অবল অরুণ শশিক মণ্ডল
ভিতর রহ নুকাএ ॥ ১ ॥
কদলী উপর কেশরী দেখল
কেশরী মেরু চড়লা ।
তাহি উপর নিশাকর দেখল
কীর তা উপর বইসলা ॥ ২ ॥
কীর উপর কুরঙ্গিনী দেখল
চকিত ভ্রময়ে জনি ।
কীর কুরঙ্গিনী উপর দেখল
ভ্রমর উপর ফণী ॥ ৩ ॥
এক অসম্ভব আওর দেখল
জল বিনা অরবিন্দা ।
দুহু সরোরুহ উপর দেখল
যইসন দ্বিতীয় চন্দা ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি অকথ কথা
ই রস কেও কেও জান ।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণ ॥ ৫ ॥

৪২

প্রথম দরশ রস রভস ন জানএ
কি করতি পহু সঞো কেলি ।
নব নলিনী জনি কুঞ্জরে গঞ্জলি
দমনে দমন তনু ভেলী ॥ ১ ॥
কি আরে দেখিঅ অনুপে ।
মধুলোভে মুকুল কুসুমদল কলপএ
আরতি ভুখল মধুপে ॥ ২ ॥

৪৩

কুচ কোরী ফল নখক্ষত-রেহ ।
নব শশী ছন্দে অঙ্কুরল নব নেহ ॥ ১ ॥
জীব জঞো জনি নিরধনে নিধি পাএ ।
খণে হেরএ খণে রাখ ঝপাএ ॥ ২ ॥
নব অভিসারিণী প্রথমক সঙ্গ ।
পুলকিত হোএ সুমরি রতিরঙ্গ ॥ ৩ ॥
গুরুজন পরিজন নয়ন নিবারি ।
হাথ রতন ধরি বদন নিহারি ॥ ৪ ॥
অবনত মুখ করে পর জন দেখি ।
অধরে দশনক্ষত নিরখি নিরেখি ॥ ৫ ॥

৪৪

আজ দেখলসি কালি দেখলসি
আজি কালি কত ভেদ ।
শৈশব বেচারা সীমা ছাড়ল
যৌবনে বাঁধল ফেদ ॥ ১ ॥
সুন্দরি কনককেআ মৃতি গৌরী ।
দিনে দিনে চান্দকলা সঞো বাড়লি
যৌবন শোভা তোরি ॥ ২ ॥

৬। হন—আঘাত করে। থির—স্থির।
৭। গুণহ—গণনা কর, বিবেচনা কর। মোহি—আমার।
১। অকথ—অকথ্য, অবর্ণনীয়। কহি—কহা। অবল অরুণ—কোমল অরুণ। শশিক মণ্ডল—শশীর মণ্ডল। নুকাএ—লুকাইয়া।
২। চড়লা—আরোহণ করিয়াছে। তাহি—তাহার। কীর—শুকপক্ষী। বইসলা—বসিল।
৪। আওর—আরও।
১। রভস—হর্ষ, বেগ। দমনে—দলিত। দমন—দ্রোণপুষ্প।
২। আরে—আহা। অনুপে—অনুপম। কলপএ—কল্প, তুল্য বিবেচনা করে। ভুখল—ক্ষুধিত।
১। কোরী—কোরা, নূতন।
২। জীব—জীবন। পাএ—পাইয়া।
৩। সুমরি—স্মরণ করিয়া।
৪। হাথ ধতন—হস্তস্থিত রত্ন।
৫। নিরখি—নির্ণয় করিয়া।
১। দেখলসি—দেখিলে। ফেদ—তাড়া করিয়া।
২। কনককেআ—কনকীয়া। মৃতি—মূর্ত্তি।

বাল পয়োধর বদন সহোধর
অনুমাপিয় অনুরাগে।
কওনে পুরুষ করে পরশএ পাওল
যে তনু জিনল পরাগে ॥ ৩ ॥
মন্দ হাসে বঙ্কিম করি দরশএ
উজ্জ্বল ভঁউই বিভঙ্গে।
লাজে বেয়াকুলি সামু ন হেরএ
আকুল নয়ন তরঙ্গে ॥ ৪ ॥
বিদ্যাপতি কবিবর এহ গাবএ
নব যৌবন নব কান্তা।
শিবসিংহ রাজা এহো রস জানএ
মধুমতী দেবী সুকান্তা ॥ ৫ ॥

৪৫

আজি বিপরীত ধনি দেখিয় তোয়।
বুঝই ন পারিয় সংশয় মোয় ॥ ১ ॥
তুয় মুখমণ্ডল পুণিমক চাঁদ।
কাঁ লাগি ভেল ঐসন ছাঁদ ॥ ২ ॥
নয়নযুগল ভেল কজর বিথার।
অধর নিরস করু কওন গমার ॥ ৩ ॥
পীন পয়োধরে নখরেখ দেল।
কনক কুম্ভ জনি ভগনহ ভেল ॥৪॥
অঙ্গ বিলেপন কুঙ্কুম ভার।
পিতাম্বর ধরু ইথে কি বিচার ॥ ৫ ॥
সুজন রমণি তুহু কুলবতীবাদ।
কা সঞে ভুঞ্জলি মরমক সাধ ॥ ৬ ॥
কামিনি কাহিনী কহ সম্বাদ।
কহ কবিশেখর নহ পরমাদ ॥ ৭ ॥

৪৬

এ ধনি ঐসন কহবি মোয়।
আজু যে কৈসন দেখিয় তোয় ॥ ১ ॥
নয়ন বয়ন আনহি ভাঁতি।
কহইতে কাহিনী ভুলসি পাতি ॥ ২ ॥
সুরঙ্গ অধর বিরঙ্গ ভেলি।
কা সঞো কামিনি কয়লি কেলি ॥ ৩ ॥
বেকত ভই গেল গুপত কাজ।
অতএ কাহারে করহ লাজ ॥ ৪ ॥
সঘন জঘন কাঁপয় তোর।
মদন মথন কয়ল জোর ॥ ৫ ॥
গোর পয়োধর রাতুল গাত।
নখক আঁচর ঝাপসি হাত ॥ ৬ ॥
অমিয় সাগর তুহু সে রাহি।
মুকুন্দ মাতঙ্গ বিহরে তাহি ॥ ৭ ॥
তেঁ বুঝিয় মন বিতথ দেখি।
বেকত কয় ন কহ দেখি ॥ ৮ ॥
কহ কবিশেখর কি কর লাজে।
কহ না কাহিনী সখিনী-সমাজে ॥ ৯ ॥

৪৭

শুন শুন সুন্দরী নারি।
মদন ভাণ্ডার কে লেল কারি ॥ ১ ॥
কুন্তল কুসুম অতীতে।
হার তোড়ল কোন রীতে ॥ ২ ॥
হেরইতে নখর বিধানে।
বুঝি মঝু ন টুটে পিন্ধানে ॥ ৩ ॥
অলক তিলক মুছি গেল।
সিন্দূর বিন্দুহি বিগলিত ভেল ॥ ৪ ॥
বিদ্যাপতি ই রস গাব।
প্রথম সমাগম পুণমতি পাব ॥ ৫ ॥

৩। অনুমাপিয়—অনুমান হয়। অনুমান হয়, বাল পয়োধর ও বদন উভয়ে অনুরাগে সহোদর সদৃশ হইয়াছে অর্থাৎ উভয়েই লোহিতবর্ণ ধারণ করিয়াছে। কোন্ পুরুষের কর-স্পর্শ পাইয়া তনু পরাগকে পরাজয় করিল?

৪। সামু—সম্মুখ।

১। দেখিয়—দেখিতেছি।

২। কাঁ লাগি—কিসের জন্য।

৩। গমার—অজ্ঞ, গোঁয়ার। বিথার—বিস্তার।

৬। কুলবতীবাদ—কুলবতীর বিপরীত।

৬। আঁচর—আঁচড়।

৮। বিতথ—মিথ্যা, বিফল। কয়—করিয়া।

১। কারি—কাড়িয়া।

২। কুন্তলের কুসুম অতীত হইয়াছে অর্থাৎ কুন্তলে কুসুম নাই।

৫। গাব—গায়। পাব—পাইয়াছে।

৪৮

শামরি লো ঝামর তোর দেহ।
কি কহ কইসে লাবলি নেহ ॥ ১ ॥
নিন্দে ভরল আছে লোচন তোর।
অমিয় ভরমে জানি লুবুধ চকোর ॥২ ॥
নিরসি ধূসর করু অধর পবার।
কোন কুবুধি লুটিল মদন-ভাণ্ডার ॥ ৩ ॥
কোন কুমতি কুচে নখক্ষত দেল।
হা হা শম্ভু ভগন ভই গেল ॥ ৪ ॥
দমনলতা সম তনু সুকুমার।
ফুটল বলয় টুটল গ্রীম হার ॥ ৫ ॥
কেশ কুসুম তোর শিরক সিন্দূর।
অলক তিলক হে সেহও গেল দূর ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি রতি অবসান।
রাজা শিবসিংহ ই রস জান ॥ ৭ ॥

৪৯

তুয় অঙ্গে পীতহু চীরে।
কুচ-যুগ দংশল কীরে ॥ ১ ॥
অধর বিম্বফল তোরি।
কে রস লেল নিচোরি ॥ ২ ॥
বচন কহসি আন ভাঁতি।
কা সঞে বঞ্চিল রাতি ॥ ৩ ॥
হৃদয় নয়ন গতি রীত।
হেরইতে পাওল ভীত ॥ ৪ ॥
ইহ রস কাহিনী কহই।
জরতিক উচিত বচন তহিঁ রচই ॥ ৫ ॥
কবিশেখর অনুমানে।
রাহিক অমিয় সিনানে ॥ ৬ ॥

৫০

কহ কহ এ সখি মরমক বাত।
সে তোহে কি করল শামর গাত ॥ ১ ॥
মনমথ কোটি মথন তনু রেহ।
কইসে উবরি তুহু আওলি গেহ ॥২ ॥
কুলবতী কোটি হোয় যহি অন্ধ।
পাওলি কিছু কিয়ে সে মুখ ধন্ধ ॥ ৩ ॥
যকর মুরলি শ্রবণে যদি লাগে।
খসতহি বসন শাশুপতি আগে ॥ ৪ ॥
অব নীর ঢারসি কওন বিচার।
বল্লভ সে রস-সাগর সার ॥ ৫ ॥

৫১

সখী।—আজ দেখিয় সখি বড় অনমন সনি
বদন মলিন যেন তোরা।
মন্দ বচন তোহি কে না কহল অছি
সে ন কহিয় কিছু মোরা ॥ ১ ॥
রাধা।—আজুক রজনী সখি কঠিন বিতল অছি
কান রভস কর মন্দা।
গুণ অবগুণ পহু একও ন বুঝলনি
রাহু গরাসল চন্দা ॥ ২ ॥
সখী।—অধর শুখায়ল কেশ ওরঝায়ল
ঘাম তিলক বহি গেলা।
বারি বিলাসিনী কেলি ন জানথি
ভাল অরুণ উড়ি গেলা ॥ ৩ ॥
ভণহি বিদ্যাপতি শুন বর যৌবতি
তাহে কহব কিয় বাধে।

১। শামরী—শ্যামা, সুন্দরী। ঝামরি—মলিনা। লাবলি—ঘটিল। নেহ—স্নেহ।

২। নিন্দে—নিদ্রায়। ভরল—ভরা। ভরম—ভ্রমে। লুবুধ—লুব্ধ।

৩। নিরসি—রসহীন করিয়া। করু—করিল। পবার- প্রবাল। কুবুধি—কুবুদ্ধি।

৫। ফুটল - ভাঙ্গিল। গ্রীম—গ্রীবা।

৬। শিরক—মস্তকের।

১। পীতহু—পীত। কীরে—শুকপক্ষী।

২। নিচোরি—নিঙ্গড়াইয়া। ৫। জরতিক—জটিলার। ৬। রাহিক—রাধার।

১। মরমক—মর্ম্মের। বাত—কথা। শামর গাত—শ্যামগাত্র অর্থাৎ মাধব।

২। রেহ—রেখা। উবরি—মুক্ত হইয়া।

৪। যকর—যাহার। শাশুপতি—শ্বশ্রূ ও পতি।

১। অনমন—অন্যমনস্ক। সনি—যেন। কহল আছি—কহিয়াছে।

২। বিতল অছি—কাটিয়াছে। রভস—বেগ। মন্দ—পীড়াদায়ক। অবগুণ—অপগুণ, অগুণ। গরাসল—গ্রাস করিল।

৩। শুখায়ল—শুষ্ক হইল। ওরঝায়ল—জড়াইয়া গেল। বারি—বালিকা। জানথি—জানে। অরুণ—সিন্দূর বিন্দু। উড়ি—উড়িয়া।

যে কিছু পহু দেল আঁচল ঝাঁপি লেল
সখী সব কর উপহাসে ॥ ৪ ॥

৫২

প্রথম সমাগম কে নহি জান।
সম করি তৌলল প্রেম পরাণ ॥ ১ ॥
কষল কষউটা ন ভেল মলান।
বিহু হুতবহে ভেল বারহ বাণ ॥ ২ ॥
বিকলএ গেলিহু রতন অমোল।
চিহ্নকহু বণিকে ঘটাওল মোল ॥ ৩ ॥
সুলভ সখি ন রহএ ভার।
কাচ কনক লএ গাঁথ গমার ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি অসময় বাণী।
লাভ লাই গেলাহু মুলহু ভেল হানি ॥ ৫ ॥

৫৩

কি কহব হে সখি আজুক বাত।
মাণিক পড়ল কুবণিক হাত ॥ ১ ॥
কাচ কাঞ্চন ন জানয় মূল।
গুঞ্জা রতন করয় সমতুল ॥ ২ ॥
যে কিছু কভু নহি কলারস জান।
নীর ক্ষীর দুহুঁ করয় সমান ॥ ৩ ॥
তহি সৌ কঁহা পিরিতি রসাল।
বানরকণ্ঠে কি মোতিম মাল ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ইহ রস জান।
বানরমুখে কি শোভয় পান ॥ ৫ ॥

৫৪

দৃঢ় পরিরম্ভনে পীড়লি মদনে।
উবরি অয়লাহুঁ সখি পূরুব পুণে ॥ ১ ॥
টুটি ছিড়িয়ায়ল মোতিম হারে।
সিন্দূরে লুটায়ল সুরঙ্গ পবারে ॥ ২ ॥
সুন্দর কুচযুগ নখক্ষত ভরি।
জনি গজকুম্ভ বিদারল হরি ॥ ৩ ॥
অধর দশন দেখি জীব মোর কাঁপে।
চাঁদমণ্ডল জনি রাহুক ঝাঁপে ॥ ৪ ॥
সমুদ্র ঐসনি নিশি ন৹পাবিয় উরে।
কখন উগত মোর হিত ভই সূরে ॥ ৫ ॥
মোঞে নহি যাএব সখি তহি পিয় ঠামে।
বরু জীব মারি নড়াবথু কামে ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি তেজ ভয় লাজে।
আগি জাড়িয় পুনু আগিহিক কাজে ॥ ৭ ॥

৫৫

কি কহব হে সখি আজুক বিচার।
সে সুপুরুখ মোহে কয়ল শিঙ্গার ॥ ১ ॥

৪। পহু—প্রভু অর্থাৎ মাধব।

১। তৌলল—ওজন করিল।

২। কষল—কষিলে। কষউটা—কষ্টি পাথর। হুতবহ—অগ্নি। বারহ বাণ—বারোগুণ মূল্য অর্থাৎ মহামূল্য।

৩। বিকলএ—বিক্রয় করিবার জন্য। অমোল অমূল্য। চিহ্নিকহু—চিহ্ন করিয়া। ঘটাওল—কমাইল, হ্রাস করিল। মোল—মূল্য।

৪। ভার—অধিক মূল্য। গমার—মূর্খ।

৫। লাই—লাগিয়া।

৪। রসাল—রসযুক্ত। মাল—মালা।

১। মদনে—মদনের দ্বারা। উপরি—ফিরিয়া।

২। ছিড়িয়ায়ল—ছড়াইয়া গিয়াছে। সুরঙ্গ—সুন্দর। পবার—প্রবাল।

৪। ঝাপে—আক্রমণ করে।

৫। ঐসনি—তুল্য। পাবিয়—পাই। উর—ওর, শেষ। হিত—হিতৈষী।

৬। ঠামে—ঠাঁই, নিকটে। জীব—জীবন। নড়াবথু—ফেলিয়া দিব।

৭। জাড়িয়—জ্বালায়।

সখি, মদনের দ্বারা অর্থাৎ মাধব কর্তৃক আমি দৃঢ় আলিঙ্গনে পীড়িত হইয়া পূর্ব্বপুণ্যফলে ফিরিয়া আসিয়াছি। মুক্তাহার চারিদিকে ছড়াইয়া গিয়াছে, সুন্দর প্রবালসদৃশ অধরে সিন্দূর মাখাইয়া দিয়াছে অর্থাৎ অধরে দশনক্ষত প্রকটিত হইয়াছে। সুন্দর কুচযুগল নখক্ষতে পূর্ণ; সিংহ যেন গজ-কুম্ভ বিদীর্ণ করিয়াছে। অধরে দশনক্ষত দেখিয়া আমার প্রাণ কম্পিত হইতেছে, রাহু যেন চন্দ্রমণ্ডলকে আক্রমণ করিয়াছে। রাত্রি অপার সমুদ্রতুল্য—যেন শেষ হয় না। সূর্য্য আমার হিতৈষি-রূপে কখন উদিত হইবেন? সখি, বরং আমি কামকে মারিয়া ফেলিব, তথাপি সেই প্রিয়তমের (মাধবের) নিকট আর যাইব না। বিদ্যাপতি বলিতেছেন, লজ্জা, ভয় ত্যাগ কর, আগুনের কাজে আগুন জালিতেই হয়।

হসি হসি পহু আলিঙ্গন দেল।
মনমথ অঙ্কুর কুসুমিত ভেল ॥ ২ ॥
আঁচর পরশি পয়োধর হেরু।
জনম পঙ্গু জনি ভেটল সুমেরু ॥ ৩ ॥
যব নীবিবন্ধ খসাওল কান।
তোহর শপথ হম কিছু যদি জান ॥ ৪ ॥
রতি চিনে জানলু কঠিন মুরারি।
তোহর পুণে জীয়ল হম নারী ॥ ৫ ॥
কহ কবিরঞ্জন সহজ মধু রাই।
না কহ সুধামুখি গেল চতুরাই ॥ ৬ ॥

৫৬

কি করতি অবলা হঠ করি নাহ।
নিরদএ ভই উপভোগএ চাহ ॥ ১ ॥
পরম প্রবল পহু কোমল নারী।
হাথি-হাথ জনি পড়লি পঞোনারি ॥ ২ ॥
কি কহব হে সখি নাহ বিবেক।
একহি বেরি রস মাগ অনেক ॥ ৩ ॥
করল কাকু কত করযুগ লাএ।
তইঅও মুগুধ রতি রচএ উপাএ ॥ ৪ ॥
বিনু অবসর হঠ রস নহি আব।
ফুললা ফুল মধুকর মধু পাব ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি গুণক নিধান।
যে বুঝ তাহি লাগ পঞ্চবাণ ॥ ৬ ॥

৫৭

রামা তোরি বঢ়াউলি কেলি।
কতই দেখলি নবি নলিনী
মত্ত মতঙ্গজ মেলি ॥ ১ ॥
গৌর শরীর পয়োধর কোরী।
পরশে অরুণ ভেল।
কনক বল্লরী জনি রক্তোপলে।
মুকুলে উদয় দেল ॥ ২ ॥
রসিক জন যদি দৈনে ন পাইঅ
তাহেরি হৃদয় মন্দ।
খণে খণে রতি রভসে আগর
দিনে দিনে নব চন্দ ॥ ৩ ॥
মঞে নবীনা পিয়া সয়ানা
কুপিত কুসুমবাণ।
কেশরিকর করিণী পড়লি
তাসু মহতে ছোড়ান ॥ ৪ ॥
সে যে অবসর মন ন বিসর
নয়নে চলয়ে নীর।
শিরীষ কুসুম খগে খেলিলহি
ভমর ভরে যে ভীর ॥ ৫ ॥
ভণে বিদ্যাপতি শুনহ যৌবতি
পেমক গাহক কন্ত।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
সুরস বিন্দ সুতন্ত ॥ ৬ ॥

৫। চিনে—চিহ্নে। জীয়ল—বাঁচিলাম।

সখি, আজকের বিষয় আর তোকে কি বলিব। সেই সুপুরুষ মাধব আজ শৃঙ্গার করিল। প্রভু হাসিয়া হাসিয়া আলিঙ্গন দিল, ফলে মন্মথের অঙ্কুর কুসুমিত হইল, অঞ্চল স্পর্শ করিয়া পয়োধর দেখিল, যেন জন্মপঙ্গু সুমেরুর সাক্ষাৎ পাইল। যখন কানাই নীবিবন্ধ খসাইল, তোর শপথ আমি যদি জানিতে পারিয়া থাকি। রতিচিহ্নে জানিলাম, মুরারি অতি কঠিন, তোর পুণ্যে আমি নারী বাঁচিয়া গেলাম। কবিরঞ্জন (বিদ্যাপতি) বলিতেছেন, রাই স্বভাবতঃ মধু অর্থাৎ সুন্দর। সুধামুখি, তোমার চাতুর্য্য নষ্ট হইয়াছে, ইহা প্রকাশ করিও না।

১। করি—করিলে। ভই—হইয়া।

২। পঞোনারি—পদ্মনাল, মৃণাল।

৪। কাকু—কাকুতি। লাএ—দিয়া।

৫; ফুললা—প্রস্ফুটিত।

১। বঢ়াউলি—বাড়ান, বর্দ্ধিত। কতয়—কোথায়। নবি নলিনী—প্রস্ফুটিত পদ্ম। মেলি—মিলন।

২। কোরী—কোরা, নূতন। রক্তোপলে—রক্তোৎপলে।

৩। দৈন—দৈন্য। পাইঅ—পায়। তাহেরি—তাহার। মন্দ—ক্ষুব্ধ।

৪। মঞে—আমি। তাসু—তাহার, তাহাকে। মহতে—কঠিন।

৫। বিসর—বিস্মরণ হয়। খগে—পক্ষী। ভীর—ভীত।

৬। বিন্দ—জানেন। পেমক গাহক—প্রেমের গ্রাহক। সুতন্ত—সুতত্ত্ব

৫৮

পহিলকি পরিচয় পেমক সঞ্চয়
রজনী আধ সমাজে।
সকল কলারস সভরি ন ভেলে
বৈরিণী ভেলি মোরি লাজে॥ ১॥
সাএ সাএ অনুসএ রহলি বহুতে
তহ্নিহি সুবন্ধকে কহিএ পঠাইঅ
যদি ভমরা হোয় দূতে॥ ২॥
খণহি চীর ধর খণহি চিকুর গহ
করয় চাহ কুচ ভঙ্গে।
একলি নারী হমে কত অনুরঞ্জব
একহি বেরি সবে রঙ্গে॥ ৩॥
তখনে বিনয় যত সে সবে কহব কত
কহএ চাহল করে জোলী।
নবএ রস রঙ্গ ভইএ গেল ভঙ্গ
ওড় ধরি ন ভেলে বোলী॥ ৪॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
পহু অভিমত অভিমানে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী বিরমানে॥ ৫॥

৫৯

পিয় রস পেসল প্রথম সমাজে।
বত খণ রাখব অখণ্ডিত লাজে॥ ১॥
কহ গজগামিনি যত মনে জাগে।
আপন নাগরীপণ পিয় অনুরাগে॥ ২॥
আচর চীর ধরই হসি হেরি।
নহি নহি বচন ভণব কতি বেরি॥ ৩॥
দুহু মন পূরল উভয় রতিরঙ্গে।
তইঅও সে ধনুগুণ ন ছাড় অনঙ্গে॥ ৪॥
ভণই বিদ্যাপতি এহ রস জানে।
নৃপ শিবসিংহ লখিমা দেবী রমাণে॥ ৫॥

৬০

সুবল মিতা হে কি কহব সে সব রঙ্গ।
সে যে মুগুধিনী হেরি মুখানি
বাঢ়ল রস তরঙ্গ॥ ১॥
কত ন যতনে বচন বোলল
হসি মিটাওল আধ।
সে যে কুলবহু কহু লহু লহু
শুনইতে ভই গেল সাধ॥ ২॥
গাঢ় আলিঙ্গনে চমকি উঠএ
অলসে শুতল কোর।
পবনে আকুল নবীন কমল
ভমর রহল অগোর॥ ৩॥

৬১

বেলাজ সঞো যব বসন উতারল
লাজে লজাওলি গোরী।
করে কুচ ঝাঁপইতে বিহসি বয়নি ধনী
অঙ্গ কয়ল কত মোরি॥ ১॥
নীবিবন্ধ খসইতে করে কর ধরু ধনী
পুহু বেকতে কুচ জোর।
দুহু সমধানে বিকল ভেল শশিমুখী
তব হম কোরে অগোর॥ ২॥

১। পহিলকি—প্রথম। সমাজে—নিকট। সভরি—সামলান।
২। সাএ—সই। অনুসএ—অনুতাপ। তহ্নিহি—তাঁহাকে। পঠাইঅ—পাঠাইব।
৩। গহ—গ্রহণ করে। অনুরঞ্জব—অনুরঞ্জন করিব। বেরি—বার, সময়।
৪। চাহল—চাহিল। করে জোলী—কর জুড়িয়া। বোলী—কথা।
৫। বিরমানে—রমণ, বল্লভ।
১। পেসল—কোমল। সমাজে—মিলনে।

১। বেলাজ—নির্লজ্জ। উতারল—নামাইলাম, খুলিয়া লইলাম। লজাওলি—লজ্জায় নীরব হইয়া রহিল। বিহসি বয়নি—ঈষৎ হাস্য করিয়া। মোরি—মোড়ি, ফিরাইয়া।
২। জোর—জোড়া। সমধানে—সমাধান করিতে। অগোর—আচ্ছাদন করিলাম।

মাধব সুবল মিতাকে বলিতেছেন, আমি যখন নির্লজ্জের ন্যায় শ্রীমতীর বসন খুলিয়া লইলাম, তখন গৌরী (শ্রীমতী) লজ্জা পাইয়া নীরব হইয়া রহিল। যখন হাত কুচের নিকট লইয়া গেলাম, তখন ধনী ঈষৎ হাস্য করিয়া কতবার অঙ্গ মুড়িল অর্থাৎ ফিরিয়া ঘুরিয়া বাধা দিবার চেষ্টা করিল। নীবিবন্ধ খুলিবার সময় ধনী হাত দিয়া আমার হাত ধরিল সুতরাং পুনরায় কুচযুগল ব্যক্ত হইয়া পড়িল। দুই সমাপন অর্থাৎ নীবিবন্ধ রক্ষা ও

এত কহি বিষাদ ভাবি রহু মাধব
রাহিক প্রেমে ভেল ভোর।
ভণই বিদ্যাপতি গোবিন্দদাস তথি
পূরল ইহ রস ওর॥ ৩॥

৬২

দেখলি কমলমুখী কোমল দেহ।
তিল এক লাগি কত উপজল নেহ॥ ১॥
নূতন মনসিজ গুরুতর লাজ।
বেকত পেম কত করয় বেয়াজ॥ ২॥
খণ পরিতেজ খণ আবয় পাশ।
ন মিলয় মন ভরি ন হোয় উদাস॥ ৩॥
নয়নক গোচর থির নহি হোয়।
কর ধরইতে ধনী মুখ ধরু গোয়॥ ৪॥
ভণই বিদ্যাপতি এহো রস গাব।
অভিনব কামিনী উকুতি জানাব॥ ৫॥

৬৩

করে কর ধরি যে কিছু কহল
বদন বিহসি থোর।
যইসে হিমকর মৃগ পরিহরি
কুমুদ কয়ল কোর॥ ১॥
রামা হে শপথ করহু তোর।
সোই গুণবতী গুণ গনি গনি
ন জানিয় কিয় গতি মোর॥ ২॥
গলিত বসন লুলিত ভূষণ
ফুয়ল কবরীভার।
আহা উহু করি যে কিছু কহল
সে কিয় বিসরি পার॥ ৩॥
নিভৃত কেতন হরল চেতন
হৃদয়ে রহল বাধা।
ভণে বিদ্যাপতি ভল সে উমতি
বিপতি পড়ল রাধা॥ ৪॥

বসন্ত-বিহার

১

আওল ঋতুপতিরাজ বসন্ত।
ধাওল অলিকুল মাধবী পন্থ॥ ১॥
দিনকর কিরণ ভেল পৌগণ্ড।
কেশরকুসুম ধরল হেমদণ্ড॥ ২॥
নৃপ আসন নব পীঠল পাত।
কাঞ্চনকুসুম ছত্র ধরু মাথ॥ ৩॥
মৌলি রসাল মুকুল ভেল তায়।
সমুখহি কোকিল পঞ্চম গায়॥ ৪॥
শিখিকুল নাচত অলিকুল যন্ত্র।
আন দ্বিজকুল পড় আশিস্ মন্ত্র॥ ৫॥
চন্দ্রাতপ উড়ে কুসুমপরাগ।
মলয় পবন সহ ভেল অনুরাগ॥ ৬॥

কুচযুগল আচ্ছাদন করিতে যাইয়া শশিমুখী বিকল হইল; আমি তখন তাহাকে ক্রোড়ে আচ্ছাদন করিলাম। মাধব এই অবধি বলিয়া রাইয়ের প্রেমে বিভোর হইয়া বিষাদিত মনে নীরব হইলেন।

১। নেহ—স্নেহ।
২। বেয়াজ—ব্যাজ, ছলনা।
৪। ধরু—ধরে, রাখে।
৫। উকুতি—উক্তি।
৩। বিসরি পার—বিস্মৃত হইতে পারি।
৪। কেতন—কুঞ্জগৃহ। বাধা—ব্যথা।

১। অলিকুল মাধবীলতার পথে ধাবিত হইল।
২। পৌগণ্ড—কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি। অর্থাৎ পঞ্চম বর্ষের পর দশম বর্ষ পর্য্যন্ত পৌগণ্ড। শীতে সূর্যকিরণের শৈশব অর্থাৎ কৌমারাবস্থা, বসন্তে শৈশব অতিক্রান্ত, প্রখরতার দ্বিতীয় সোপানে উত্থিত, কবি এই জন্য পৌগণ্ড শব্দ উপমা দিয়াছেন। কেশরকুসুম—হরিদ্রাভ নাগকেশর পুষ্প।
৩। কাঞ্চনকুসুম—ধুস্তূরপুষ্প, ধুস্তূরপুষ্প ছত্রাকার।
৪। মৌলি—মুকুট। রসাল—আম্র। তায়—মাথায়।
৫। দ্বিজকুল—পক্ষিগণ অথবা ব্রাহ্মণগণ।
৬—৮। কুসুমরেণু চন্দ্রাতপস্বরূপ হইল। কুন্দ ও বিল্লিতরু (বেলফুলের গাছ) নিশান ধরিল, পাটল (পারুল) পুষ্প তূণ এবং অশোক

কুন্দ বিল্লি তরু ধয়ল নিশান।
পাটল তুণ অশোক দলবান ॥ ৭ ॥
কিংশুক লবঙ্গলতা এক সঙ্গ।
হেরি শিশির ঋতু আগে দিল ভঙ্গ ॥ ৮ ॥
সৈন্য সাজল মধুমক্ষিকাকুল
শিশিরক সবহু করল নিরমূল ॥ ৯ ॥
উধারল সরসিজ পাওল প্রাণ।
নিজ নবদলে কর আসন দান ॥ ১০ ॥
নব বৃন্দাবন রাজ্যে বিহার।
বিদ্যাপতি কহ সময়ক সার ॥ ১১ ॥

২

নব বৃন্দাবন　　নবীন তরুগণ
নব নব বিকসিত ফুল।
নবীন বসন্ত　　নবীন মলয়ানিল
মাতল নব অলিকুল ॥ ১ ॥
বিহরই নওল কিশোর।
কালিন্দী-পুলিন　　কুঞ্জ নব শোভন
নব নব প্রেম-বিভোর ॥ ২ ॥
নবীন রসাল　　বকুল মধু মাতিয়া
নব কোকিলকুল গায়।
নব যুবতীগণ　　চিত উনমতোই
নবরসে কাননে ধায় ॥ ৩ ॥
নব যুবরাজ　　নবীন নবনাগরী
মিলয়ে নব নব ভাতি।
নিতি নিতি ঐছন　　নব নব খেলন
বিদ্যাপতি মতি মাতি ॥ ৪ ॥

৩

মাঘ মাস শিরি পঞ্চমী আওল
নবএ মাস পঞ্চমহু রুয়াই।
অতিঘন পীড়া দুখ বড় পাওল
বনস্পতী ভেলি ধাই হে ॥ ১ ॥
শুভখণ বেরা শুকল পক্ষ হে
দিনকর উদিত সমাই।
ষোড়শ সপুনে বতিশ লক্ষণে
জনম লেল রিতুরাই হে ॥ ২ ॥
নাচত যুবতীগণ হরষিত
জনম লেল বাল মাধাই হে।
মধুর মহারস মঙ্গল গাবয়ে
মানিনীর মান গেল হে ॥ ৩ ॥
বহ মলয়ানিল ওত উচিত হে
নব ঘন ভেল উজিয়ারা।
মাধবীফুল ভল গজমুকুতা তুল
তেঁ দেল মন্দ নীবারা ॥ ৪ ॥
পীয়ত পাটলী মধুকরী গাবয়ে
কাহরকার ধুতুরা।
নাগেশ্বর কলি শঙ্খধ্বনি পুর
তাকর তাল সমতুলা ॥ ৫ ॥
মধু লয়ে মধুকর বালকে দিয়া দিল
কমল পখুরিয়া ঝুলাই।
পদ্মনাল তোড়ি করি সুত বাঁধল
কেশর কইলি বঘনাহী ॥ ৬ ॥
নব নব পল্লব শেজ বিছায়ল
শিরে দিল কদম্বেরি মালা।
বৈসলি ভমরী হর উদগারএ
চকা চন্দ নিহারা ॥ ৭ ॥

পুষ্পের দল (পাপড়ি) বাণ। কিংশুক—পলাশ-কুসুম, ইহার আকার ধনুকের ন্যায়, লবঙ্গলতা ধনুকের জ্যা—ছিলা, সুতরাং কিংশুক ও লবঙ্গ-লতা জ্যাযুক্ত ধনুঃস্বরূপ। এই সব একত্র দেখিয়া শিশির ঋতু আগেই ভঙ্গ দিল।

৯। মধুমক্ষিকাকুল সৈন্য সাজিয়া শিশির ঋতুর সমস্তই নির্মূল করিল।

১০। উধারল—উদ্ধার করিল। সরসিজ—পদ্ম। পদ্ম প্রাণ পাইয়া নিজ দলবলে আসন দান করিল।

২। নওল কিশোর—নবীন যুবক, নব নাগর।
৩। উনমতোই—উন্মত্ত করিয়া।
৪। মাতি—মত্ত বা মত্ত করে।

২। শুভখণ—শুভক্ষণ। সমাই—সময়। সপুনে—সম্পূর্ণ।
৩। বাল—শিশু। মাধাই—মাধব, বসন্তকাল।
৪। ওত—অন্তর্যামী।
৫। কাহরকার—তূর্য্যবাহক। তাকর—তাহার।
৬। পখুরিয়া—পুষ্করিণী। বঘনাহী—ব্যাঘ্র-নখ।

কনয়া কেশুআ সুতি পত্র লিখিএ হলু
রাশি নক্ষত্র কএ লোলা।
কোকিল গণিত গুণিত ভাল জানএ
রিতু বসন্ত নাম থোলা ॥ ৮ ॥
বাল বসন্ত তরুণ ভই ধাওল
বঢ়এ সকল সংসারা ॥ ৯ ॥
দখিণ পবন ঘন আঁঙ্গ উগারএ
কিসলয় কুসুমপরাগে।
সুললিত হার মঞ্জরী ঘন কজ্জল
আঁখিতে অঞ্জন লাগে ॥ ১০ ॥
নব বসন্ত রিতু অনুসর যৌবতি
বিদ্যাপতি কবি গায়া।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
সকল কলা মন ভায়া ॥ ১১ ॥

৪

নাচহু রে তরুণি তেজহু লাজ।
আওল বসন্ত রিতু বণিকরাজ ॥ ১ ॥
হস্তিনী চিত্রিনী পদুমিনী নারী।
গোরী শামরী এক বুড়ী বারি ॥ ২ ॥
বিবিধ ভাঁতি করলহি শিঙ্গার।
পরিধান পটোর গীম ঝুল হার ॥ ৩ ॥
কেউ অগুরু চন্দন ঘসি ভর কটোর।
ককরহু আঁচর কপুরু তবোঁর ॥ ৪ ॥
কেও কুঙ্কুম মরদাব আগ।
ককরহু মোতিআ ভল সাজ মাগ ॥ ৫ ॥

৫

মলয়ানিলে সাহর ডার ডোল।
কল কোকিলরবে মদন বোল ॥ ১ ॥
হেমন্ত হরন্তা দুহুক মান।
ভ্রমি ভ্রমর করয়ে মকরন্দ-পান ॥ ২ ॥
রঙ্গ লাগএ ঋতু বসন্ত।
সানন্দিত তরুণী অবরু কন্ত ॥ ৩ ॥
সারঙ্গিনী কৌতুকে কাম কেলি।
মাধব নাগরী জন মেলি ॥ ৪ ॥

৬

চল দেখনে যাই ঋতু বসন্ত।
জহাঁ কুন্দ কুসুম কেতকী হসন্ত ॥ ১ ॥
জহাঁ চন্দা নিরমল ভমর কার।
রজনী উজাগরী দিন অন্ধার ॥ ২ ॥
মুগুধলি মানিনী করয়ে মান।
পরিপন্থিহি পেখএ পঞ্চবাণ ॥ ৩ ॥
ভণই সরস কবি কণ্ঠহার।
মধুসূদন রাধা বন-বিহার ॥ ৪ ॥

৭

মধুঋতু মধুকর পাঁতি
মধুর কুসুম মধুমাতি ॥ ১ ॥
মধুর বৃন্দাবন মাঝ।
মধুর মধুর রসরাজ ॥ ২ ॥
মধুর যুবতীগণ সঙ্গ।
মধুর মধুর রসরঙ্গ ॥ ৩ ॥
মধুর যন্ত্র রসাল।
মধুর মধুর করতাল ॥ ৪ ॥
মধুর নটন গতি ভঙ্গ।
মধুর নটনী নটরঙ্গ ॥ ৫ ॥
মধুর মধুর রসগান।
মধুর বিদ্যাপতি ভাণ ॥ ৬ ॥

৮

আওল বসন্ত সকল রসমণ্ডল
কুসুম ভেল সানন্দ।
ফুললি মল্লী ভুখল ভ্রমরা
পীবি গেল মকরন্দ ॥ ১ ॥

২। বারি—বালা। শামরী—শ্যামাঙ্গিনী।
৩। পটোর—পট্টবস্ত্র। গীম—গ্রীবা।
৪। ককরহু—কাহারও। কপুরু—কর্পূর। তবোঁর—তাম্বূল।
৫। মরদাব—মর্দ্দন করিতেছে। আগ—অঙ্গে।

১। সাহর—সহকার। ডার—শাখা।
২। হরন্তা—হরণ করিয়াছে।

৩। অবরু—আর।

১। জহাঁ—যেথানে। হসন্ত—হাসিতেছে।
২। কার—কালো। উজাগরী—উজ্জ্বল।
৩। মুগুধলি—মুগ্ধা। পরিপন্থিহি—শত্রু।

১। মধুঋতু—বসন্তকাল।
৫। নটন—নৃত্য।

১। ফুললি—প্রস্ফুটিত। ভুখল—ক্ষুধিত।

ভাবিনি আমে কি করহ সমধানে।
নহি নহি করি পরিজন পরবোধহ।
লখণ দেখিয় আবে আনে ॥ ২ ॥
নখ পদ কেসু পয়োধর পূজল
পরতখ ভয়ে গেল লোতে।
সুমেরুশিখর চঢ়ি উগল শশধর
দশ দিক ভেল উজোতে ॥ ৩ ॥
বিহু কারণে কুন্তল কৈসে আকুল
এহও যুকতি নহি ওছী।
কুমকুমকের চোরি ভোলি ফাউলি
কাঁধ ন ভেলিএ পোছী ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি অরে বর যৌবতি
এহ পরতখ পঁচবাণে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৯

অভিনব কোমল সুন্দর পাত।
সকল বন জনি পরিহল রাত ॥ ১ ॥
মলয় পবন ডোলয় বহু ভাতি।
আপন কুসুম-রসে আপনি মাতি ॥ ২ ॥
দেখি দেখি মাধব মন উলসন্ত।
বৃন্দাবন ভেল বেকত বসন্ত ॥ ৩ ॥
কোকিল বোলএ সাহর ডার।
মদনে পাওল জগ নব অধিকার ॥ ৪ ॥
পাইয়া মধুকর কর মধু পান।
ভমি ভমি জোহএ মানিনী জন মান ॥ ৫ ॥
দিশি দিশি সে ভমি বিপিন নিহারি।
রাস বুঝায়ে মুদিত মুরারি ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি ই রস গাব।
রাধা মাধব অভিনব ভাব ॥ ৭ ॥

১০

লতা তরুবর মণ্ডপ জিতি।
নিরমল শশধর ধবলিয় ভীতি ॥ ১ ॥
পদ্মনাল অইপন ভাল ভেল।
রাত পরিধানে পল্লব দেল ॥ ২ ॥
দেখহ মাইহে মনচিত লায়।
বসন্ত বিবাহ বননেথলি আয় ॥ ৩ ॥
মধুকর-রমণী মঙ্গল গাব।
দ্বিজবর কোকিল মন্ত্র পঢ়াব ॥ ৪ ॥
করু মতরন্দ হথোদক নীর।
বিধু বরিয়াতী ধীর সমীর ॥ ৫ ॥
কনয় কেসুয়া সূতি তোরণ তুল।
লাজ বিথরল বেলিক ফুল ॥ ৬ ॥
কেশু কুসুম করু সিন্দুর দান।
যৌতুক পাওল মানিনীমান ॥ ৭ ॥

২। লখণ—লক্ষণ।
৩। উগল—উদিত হইল। উজোতে—উজ্জ্বল।
৪। ওছী—ভাল। ভোলি ফাউলি—প্রকাশিত হইয়াছে।
৫। পরতখ—প্রত্যক্ষ।
সকল রসের আধার বসন্ত ঋতু আগমন করিয়াছে। ক্ষুধিত ভ্রমর প্রস্ফুটিত মল্লিকার মধু পান করিয়া গেল। ভাবিনি, তুমি এখন কি সমাধান করিতেছ? পরিজনগণকে না না বলিয়া প্রবোধ দিতেছিলে, কিন্তু এখন অন্যরূপ লক্ষণ দেখিতেছি। রক্তবর্ণ নখক্ষত দ্বারা পয়োধরের পূজা হইয়া গিয়াছে, সুতরাং সব প্রত্যক্ষ হইয়া গিয়াছে। শশধর সুমেরুশিখরে উদিত হওয়ায় দশ দিক উজ্জ্বল হইয়াছে। অকারণে কুন্তল কিরূপে এলায়িত হইল, এ যুক্তি ত ভাল নয়। কুঙ্কুম চুরি ভালরূপে প্রকাশিত হইয়া গিয়াছে, কারণ, স্কন্ধ হইতে তাহা মোছা হয় নাই। বিদ্যাপতি বলিতেছেন, হে বর-যুবতি, ইহাই প্রত্যক্ষ পঞ্চবাণ।
১। পাত—পত্র।
৩। উলসন্ত—উল্লাসিত। বেকত—ব্যক্ত, প্রকাশিত।
৪। ডার—শাখা। সাহর—সহকার।
৫। জোহএ—খুঁজিতেছে।
১। জিতি—জয় করিল। ধবলিয়—ধবল করিল। ভীতি—ভিত্তি, দেয়াল।
২। অইপন—আলিপন।
৩। মাইহে—সখী। লায়—দিয়া। বননেথলি—বনস্থলী। আয়—আজ।
৪। মধুকর-রমণী—ভ্রমরী।
৫। হথোদক—হস্তোদক। বরিয়াতী—বরযাত্রী।
৬। কেসু—কিংশুক। সূতি—মূর্তি। বিথরল—বিস্তার করিল। বেলিক—বেলফুলের।

খেলএ কৌতুকে নব পঁচবাণ।
বিদ্যাপতি কবি দৃঢ় কয় ভাণ ॥ ৮ ॥
অভিনব নাগর বুঝয় বসন্ত।
মতি মহেশ রেণুক দেবীকন্ত ॥ ৯ ॥

১১

বাজন দ্রিগি দ্রিগি থোদ্রিমী দ্রিমিয়া।
নটতি কলাবতী শ্যাম সঙ্গে মাতি
করে তরু তাল প্রবন্ধক ধ্বনিয়া ॥ ১ ॥
ডম্ব মগ ডম্ফ ডিমিকি ডিকি মাদল
রুণু ঝুণু মঞ্জীর বোল।
কিঙ্কিনী রণরণি বলিয়া কনয়ামণি
নিধুবনে রান তুমুল উতরোল ॥ ২ ॥
বীণা রবাব, মুরজ, স্বরমণ্ডল,
সা রি গ ম প ধ নি সা বহুবিধ ভাব।
খেটিতা ঘেটিতা ঘেনি মৃদঙ্গ গরজনি,
চঞ্চল স্বরমণ্ডল করু রাব ॥ ৩ ॥
শ্রমভরে গলিত লোলিত কবরীযুত,
মালতীমাল বিথারল মোতি।
সময় বসন্ত রাস-রস বর্ণনে
বিদ্যাপতিমতি ক্ষোভিত হোতি ॥ ৪ ॥

১২

ঋতুপতি রাতি রসিকবর রাজ।
রসময় রাস রভসরস মাঝ ॥ ১ ॥
রসবতী রমণীরতন ধনী রাহি।
রাস-রসিক সহ রস অবগাহি ॥ ২ ॥
রঙ্গিনীগণ সব রঙ্গহি নটই।
রণরণি কঙ্কণ কিঙ্কিণি রটই ॥ ৩ ॥
রহি রহি রাগ রচয়ে রসবন্ত।
রতিরত রাগিণী রমণ বসন্ত ॥ ৪ ॥
রটতি রবাব মহতীক পিনাশ।
রাধারমণ করু মুরলী বিলাস ॥ ৫ ॥
রসময় বিদ্যাপতি কবি ভাণ।
রূপনারায়ণ ভূপতি জান ॥ ৬ ॥

১৩

মলয় পবন বহ।
বসন্ত বিজয় কহ ॥ ১ ॥
ভ্রমর করই রোল।
পরিমল নহি ওল ॥ ২ ॥
ঋতুপতি রঙ্গ দেলা।
হৃদয়ে রভস ভেলা ॥ ৩ ॥
অনঙ্গ মঙ্গল মেলি।
কামিনী করথু কেলি ॥ ৪ ॥
তরুণ তরুণী সঙ্গে।
রজনী খেপবি রঙ্গে ॥ ৫ ॥
বিরহী বিপদ লাগি।
কেসু উথজল আগি ॥ ৬ ॥
কবি বিদ্যাপতি ভাণ।
মানিনী জীবন জান ॥ ৭ ॥
নৃপ রুদ্রসিংহ বরু।
মেদিনী কলপতরু ॥ ৮ ॥

১৪

অভিনব পল্লব বইসক দেল।
ধবল কমল ফুল পুরহর ভেল ॥ ১ ॥
করু মকরন্দ মন্দাকিনী পানি।
অরুণ অশোক দীপ দিল আনি ॥ ২ ॥

৮। কয়—করিয়া।
৯। মতি—মন্ত্রী।
১। নটতি—নৃত্য করিতেছে। কলাবতী—নৃত্যগীতাদি বিদ্যায় বিভূষিতা রমণী।
২। মঞ্জীর—নূপুর। উতরোল—উচ্চ শব্দ।
৩। স্বরমণ্ডল—এক প্রকার তারের যন্ত্র।
১। রাজ—শোভা পাইতেছে। রভসরস—আনন্দরস।
২। অবগাহি—অবগাহন করিতেছে।
৩। নটই—নৃত্য করিতেছে। রটই—বাজিতেছে।
৫। রবাব—বাদ্যযন্ত্রবিশেষ। মহতীক—বীণা-বিশেষ। পিনাশ—পিনাকযন্ত্র, কোদণ্ডাকৃতি বাদ্যযন্ত্র।
২। ওল—ওর, সীমা।
৫। খেপবি—ক্ষেপণ করিবে, কাটাইবে।
৬। কেসু—কুসুমফুল। আগি—অগ্নি।
৮। বরু—বর, শ্রেষ্ঠ।
১। বইসক—বসিবার জন্য। পুরহর—মাঙ্গলিক পাত্র।

মাই হে আজ দিবস পুণমন্ত।
করিয়া বরণ রাজ বসন্ত ॥ ৩ ॥
সপূণ সুধানিধি দধি ভাল ভেল।
ভমি ভমি ভমরই হকারই দেল ॥ ৪ ॥
কেশু কুসুম সিঁদুর সম ভাস।
কেতকী ধূলি বিথুরলহু পরবাস ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি কবিকণ্ঠহার।
রস বুঝ শিবসিংহ শিব অবতার ॥ ৬ ॥

১৫

দখিণ পবন বহ দশ দিশ রোল।
সে জনি বাদী ভাসা বোল ॥ ১ ॥
মনমথ কাঁ সাধন নহি আন।
নিরসাবল সে মানিনী মান ॥ ২ ॥
মাই হে শীত বসন্ত বিবাদ।
কওন বিচারে জয় অবসাদ ॥ ৩ ॥
দুহু দিশ মধথ দিবাকর ভেল।
দ্বিজবর কোকিল সাখিতা দেল ॥ ৪ ॥
নবপল্লব জয়পত্রস ভাতি।
মধুকর মালা আখর পাতি ॥ ৫ ॥
বাদী তহ প্রতিবাদী ভীত।
শিশিরবিন্দু হো অন্তর শীত ॥ ৬ ॥
কুন্দ কুসুম অনুপম বিকসন্ত।
সতত জিতি বেকতাউ বসন্ত ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি এহো রস ভাণ।
রাজা শিবসিংহ এহো রস জান ॥ ৮ ॥

১৬

চৌদিষে চারু অঙ্গনা বেঢ়ি
রঙ্গিণী কত গাউনী।
ক্রুতা ত্তা থৈয়া থৈয়া
থৈয়া বোলনী ॥ ১ ॥
মাঝে বিরাজে শ্যাম
রসিকশিরোমণি
কিঙ্কিণী কিনি কিনি রোলনী ॥ ২ ॥
তাগরণ ধোঁগ্ গা ঘেটিতা ঘেটিতা
ঘেটিতা ঘেনে ঘাঙ্
তিস্ত ঘতিস্ত ঘনাঙ
গরন ঘেনা তিনিতা থিটিতৃঘং
তীগর ঝাঙ ॥ ৩ ॥
বর্ণিত রাস বিদ্যাপতি শূর।
রাধামোহন দাস রসপূর ॥ ৪ ॥

রসালাপ

১

পিয়া পরদেশ আশ তুয় পাশহি
তেঁ বোলহ সখি আন।
যে পতিপালক সে ভেল পাবক
ইথি কি বোলত আন ॥ ১ ॥
সজনি অঘটন ঘটাবহ মোহি।
পহিলহি আনি পানি পিয়জমে গহি
করে ধরি সোঁপলিহু তোহি ॥ ২ ॥
কুলটা ভই যদি পেম বঢ়ায়ব
তেঁ জীবনে কি কাজ।
তিল এক রঙ্গ রভস সুখ পাওব
রহত জনম ভরি লাজ ॥ ৩ ॥

৩। মাই হে—সখী। পুণমন্ত—পুণ্যবান্।
৪। সপূণ—সম্পূর্ণ। হকারই—আহ্বান।
৫। কেশু—কিংশুক। ভাস—দীপ্তি। বিথুরলহু—বিস্তার করিল।
২। নিরসাবল—নীরস করিল।
৩। কওন—কে।
৪। মধথ—মধ্যস্থ। সাখিতা—সাক্ষ্য।
৫। জয়পত্রস—ডিক্রী। ভাতি—তুল্য। পাতি—পংক্তি।
৬। তহ—হইতে।
৭। বিকসন্ত—ফুটন্ত; বেকতাউ—ব্যক্ত করে।

১। গাউনা—গায়িকা।
১। আশ—আশা। পতিপালক—প্রতিপালক। পাবক—অগ্নি। ইথি—ইহাতে। আন—অপর লোক।
২। ঘটাবহ—ঘটিবে। মোহি—আমার।

কুলকামিনী ভই নিজ পিয় বিলসে
অপথে কতহু নহি যাই।
কি মালতী মধুকর উপভোভয়
কিম্বা লতাহি সুখাই ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ কুল রখলে রহ
দূতী-বচনে নহি কাজ।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী সমাজ ॥ ৫ ॥

২

নিধনকা জএো ধন কিছু হো
করএ চাহ উছাহ।
শিয়ার কাঁ জএো শৃঙ্গ জনমএ
গিরি উপারএ চাহ ॥ ১ ॥
দূতি বুঝলি তোহরি মতি।
চাড়য়ে চন্দা ভরইতে বুলহ
কি হরহ তাহে বিপতি ॥ ২ ॥
পিপড়ীকা জএো পাখা জনমএ
অনল করএ ঝপান।
ছোটা পানি চহ চহ কর পোঠী
কে মহি জান ॥ ৩ ॥
বইও যাকর মুহ পেছক সম
দুষএ চাহএ আন।
হম তহ কে বিষহু আগর
ঢোঁঢ়হু কা থিক ভান ॥ ৪ ॥
ঝরক পানি ডোভক কুমুদ
গরদ উপজু যাহি।
ভণে বিদ্যাপতি দহক কমল
দূষয় চাহএ তাহি ॥ ৫ ॥

৩

কৌড়ি পঠওলে পায় নহি ঘোর।
সুত উধার মাগ মতিভোর ॥ ১ ॥
বাস ন পাবএ মাগ উপাতি।
লোভক রাশি পুরুষ থিক জাতি ॥ ২ ॥
কি কহব আজ কি কৌতুক ভেল।
অপদহি কানুক গৌরব গেল ॥ ৩ ॥
আওলে বইসএ পাব পোয়ার।
শেজক কাহিনী পুছএ বিচার ॥ ৪ ॥
ওছাওন খণ্ডতরি পলিয়া চাহ।
অওর কহব কত আহিরিণী-নাহ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি পহু গুণমন্ত।
শিরি শিবসিংহ লখিমা দেবী কন্ত ॥ ৬ ॥

৪

গাব চরাবএ গোকুলে বাস।
গোপক সঙ্গম কর পরিহাস ॥ ১ ॥
অপনহি গোপ গরুঅ কি কাজ।
গুপতহি বোলসি মোহি বড়ি লাজ ॥ ২ ॥
সজনি বোলহ কানু সএো মেলি।
গোপবধূ সএো যহ্নিকা কেলি ॥ ৩ ॥
গ্রামক বসলে বোলিয় গমার।
নগরহু নাগর বোলিয় সংসার ॥ ৪ ॥

৪। বিলসে—বিলাস করে। কতহু—কখনও।
৫। রখলে রহ—লইয়া থাক।
১। নিধনকা—নির্ধনের। জএো—যদি। উছাহ—উৎসাহ। শিয়ার—শৃগাল। উপারএ—উপাড়িতে।
২। ভরইতে—নিয়মিত ভ্রমণ। হরহ—হরণ করে।
৩। ছোটা পানি—অল্প জল। পোঠী—পুঁটিমাছ। চহ চহ কর—ফর্ ফর্ করে।
৪। হম তহ—আমার মত। কে—কাহার। ঢোঁঢ়হু—ঢোঁড়া সাপ।
৫। ঝরক—ঝরণার। ডোভক—ডোবার।
৫। দহক—হ্রদের।
১। কৌড়ি—কড়ি। ঘোর—ঘোল। উধার—ধার। মাগ—চায়। মতিভোর—মতিচ্ছন্ন ব্যক্তি।
২। বাস—বাসস্থান। উপাতি—অত্যুচ্চ সম্মান। থিক—হয়।
৩। অপদহি—অযোগ্য স্থানে। কানুক—কানাইয়ের।
৪। পোয়ার—খড়, বিচালি। শেজক—শয্যার।
৫। ওছাওন—বিছানা। খণ্ডতরি—ছেঁড়া মাদুর। পলিয়া—পালঙ্ক। আহিরিণী নাহ—গোয়ালিনীর স্বামী।
১। গাব—গরু।
৩। যহ্নিকা—যাঁহার।
৪। সংসার—সংসারী ব্যক্তি।

বস বথানশালি দোহ গাএ।
তহ্নি কি বিলসব নাগরী পাএ॥ ৫ ॥

৫

রাহু তরাসে চাঁদ হয় মানি।
অধরসুধা মনমথে ধরু আনি॥ ১ ॥
জীবজওঁ জোগাএব ধরব অগোরি।
পিবি না যাইয় লগতি হমে চোরি॥ ২ ॥
সহজহি কামিনী কুটিল সিনেহ।
আস্ত পসাহ বাঁক শশিরেহ॥ ৩ ॥
কি কাহু নিরখহ ভৌহক ভঙ্গ।
ধনু হমে সোঁপি গেল আপনি অনঙ্গ॥৪॥
কাঞ্চনে কাম গঢ়ল কুচকুম্ভ।
ভঙ্গইতে মানব দেইতে পরিরম্ভ॥ ৫ ॥
কৈতব করথি কলাবতী নারী।
গুণগাহক পহু বুঝথি বিচারি॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি ন করহি বাধ।
আশা বচনে পূরহি ধনি সাধ॥ ৭ ॥
গরুড়নারায়ণ নন্দন জান।
রাজা শিবসিংহ লখিমা দেবী পরমাণ॥ ৮ ॥

৬

হঠে না দিও মোর ভুজযুগ জাঁতি।
ভাঙ্গি যায়েত বিস-কিসলয় কাঁতি॥ ১ ॥
হঠ ন করিয় হরি ন করিয় লোভ।
আরতি অধিক ন রহ সুখ শোভ॥ ২ ॥
হটি এ হলিয় নিজ নয়ন চকোর।
পীরি হলত ধসি শশিমুখ মোর॥ ৩ ॥
পরশি ন যাইও পয়োধর মোর।
ভাঙ্গি যায়েত গিরি কনক-কটোর॥ ৪॥
ভণই বিদ্যাপতি ই রস ভান।
লখিমাপতি শিবসিংহ নৃপ জান॥ ৫ ॥

৭

পহিল পসার সংসারে সার রস
পরহোঁক পহিল তোহার হে।
হঠে আঁচর মোর ফেরি ন যাইবে তুহুঁ
রস ভএ যায়েত উধার হে॥ ১॥
এ হরি এ হরি আরতি পরিহরি
হঠ ন করিয় পহু বাট হে।
যেহে বিকায়ল সে কি বিকায়ব
উচিত মনোভব হাট হে॥ ২॥
কাঞ্চনে গড়িল পয়োধর সুন্দর
নাগর জীবন আধার হে।
ছুয়ইতে রতন তুল ন রহ অধিক মূল
কিনহি ন পার গমার হে॥ ৩॥
ভণই বিদ্যাপতি শুন হে সুচেতনি
হরি সঞো কইসন সমান হে।
কপট তেজি কহু ভজহ যে হরি সঞো
অন্তকালে হোয় ঠাম হে॥ ৪॥

৮

সকল সংসারক সারে।
আছয়ে সুরত-রস আমার পসারে॥ ১॥
ছুই জনু না দিও কানাই।
আরতি মান না হলিঅ নড়াই॥ ২॥

৫। বথানশালি—গোয়ালঘর। দোহ—দোহন করে। তহ্নি—তিনি।
১। মানি—মানিয়া।
২। জীবজওঁ—প্রাণের মত। জোগাএব—যোগাইব। অগোরি—আগলাইয়া। লগতি—লাগিবে।
৩। সিনেহ—স্নেহ। পসাহ—সাজ। আস্ত—মুখ।
৪। ভৌহক ভঙ্গ—ভ্রূভঙ্গ।
৫। মানব—মনে হইবে। দেইতে—দিতে। পরিরম্ভ—আলিঙ্গন।
৬। পহু—প্রভু।
১। হঠে—বলপূর্ব্বক। জাঁতি—চাপিয়া। বিস—মৃণাল। কাঁতি—কান্তি।
২। আরতি—অনুরাগ।
৩। ধসি—বেগে আসিয়া। হলত—যাওয়া।
১। পসার—দোকান। পরহোঁক—প্রথম বিক্রয়, বউনী। উধার—উদ্‌ঘাটিত। ফেরি—ফিরাইয়া।
২। আরতি—অনুরাগ।
৩। কিনহি—কিনিতে। গমার—গোঁয়ার।
৪। তেজি কহু—ত্যাগ করিয়া।
১। সংসারক—সংসারের। পসারে—দোকানে।
২। আরতি—আর্ত্তি। নড়াই—নড়া, সরাইয়া।

দূরহি রহও মোরি সেবা।
পহিল পঢ়ওঁক উধারি ন দেবা॥ ৩॥
হৃদয় হার মোর দেখি।
লোভে নিকট নহি হোয়েব বিশেখি॥ ৪॥
মিলত উচিত পরিপাটী।
মধথ মনোজ ঘরহি ঘর সাটী॥ ৫॥
বিদ্যাপতি কহ নারি।
হরি সঞো কৈসন রোক উধারি॥ ৬॥

৯

গুণ অগুণ সম কয় মানএ
ভেদ ন জান পহু।
নিজ চতুরিম কত শিখাউবি
হমহু ভেলিহু লহু॥ ১॥
সজনি হৃদয় কহওঁ তোহি।
জগত ভরল নাগর অছএ
বিহি ছললিহ মোহি॥ ২॥
কাম কলারস কত শিখাউবি
পূব পছিম ন জান।
রভস বেরা নিন্দে বেয়াকুল
কিছু ন তাঁহি গেয়ান॥ ৩॥

১০

কুটিল বিলোক তত্ত্ব নাহি জান।
মধুরস বচনে দেই নহি কান॥ ১॥
মনসিজ ভঙ্গে বচন মঞে যেও।
হৃদয় বুঝাএ বুঝএ নহি সেও॥ ২॥
কি সখি করব কওঁন পরকার।
মিলল কন্ত মোহি গোপ গমার॥ ৩॥
কপট গমন হমে লাউলি বেরি।
বাহুমূল দরশন হসি হেরি॥ ৪॥
কুচযুগ বসন সম্ভরিকহু দেল।
তইঅও ন মন তহ্নিক বহরি ভেল॥ ৫॥
বিমুখ হোইতে আবে পর উপহাস।
তহ্নিকে সঙ্গে কলা সহবাস॥ ৬॥
কি কএ কি করব হমে ঝখইতে জাএ।
কহদহু অরে সখি জীবন উপাএ॥ ৭॥

১১

বড় কৌশল তুয় রাধে।
কিনল কানাই লোচন আধে॥ ১॥
ঋতুপতি হটবএ নহি পরমাদী।
মনমথ মধথ উচিত মুলবাদী॥ ২॥
দ্বিজ পিক লেখক মসি মকরন্দা।
কাঁপ ভমরপদ সাখী চন্দা॥ ৩॥
বহি রতিরঙ্গ লিখাপন মানে।
শ্রীশিবসিংহ সরস কবি ভাণে॥ ৪॥

১২

সাঁঝক বেরি উগল নব শশধর
ভরমে বিদিত সবতহু।
কুণ্ডল চক্র তরাসে লুকায়ল
দূর ভেল হেরথি রাহু॥ ১॥
জনু বৈসসি রে বদন হাথ বলাই।
তুয় মুখভঙ্গিম অধিক চপল ভেল
কতি খণ ধরব লুকাই॥ ২॥
রতোপল জনি কমল বৈসায়ল
নীল নলিন দল তহু।
তিলক কুসুম তহু মাঝ দেখিকহু
ভমর আবথি লহু লহু॥ ৩॥

৩। সেবা—নমস্কার। পঢ়ওঁক—বউনী। উধারি—ধার। দেবা—দিব।
৫। মধথ—মধ্যস্থ। সাটী—শাস্তি।
৬। রোক—নগদ।
১। চতুরিম—চাতুরী।
২। ভরল—ভরিয়া। ছললিহ—ছলনা করিল।
৪। লাউলি—আনিলাম।
৫। সম্ভরিকহু—সামলাইয়া। বহরি—বাহির।
৭। ঝখইতে—শোকাকুল হইয়া ভাবিতে। কহদহু—বলিয়া দাও।
১। লোচন আধে—অর্দ্ধলোচনে অর্থাৎ অপাঙ্গদৃষ্টিতে।
২। হটবএ—দোকানী।
৩। কাঁপ—কলম। সাখী—সাক্ষী।
১। সাঁঝক বেরি—সন্ধ্যার সময়।
২। বৈসসি—বসিও। বলাই—বেষ্টন করিয়া।
৩। রতোপল—রক্তোৎপল। আবথি—আসিবে।

পানি পল্লব গত অধর বিম্ব রত
দশন দালিম বীজ তোরে।
কীর দূর ভেল পাশ ন আবয়ে
ভৌহ ধনুহি কে ভোরে॥ ৪॥

১৩

কুণ্ডল তিলক বিরাজ মুখ
শোভিত সিন্দুরবিন্দু।
হেমলতায়ে সমারু বিধি
কবি রবি তারা ইন্দু॥ ১॥
ইন্দুবদনী ধনী নয়ন বিশালা।
কমলকলিত জনি মধুকর মালা॥ ২॥
দেখলি কলাবতী অপরূপ রমণী।
জনি আইলি সুরপুর গজগমনী॥ ৩॥
বেণী বিমল বিরাজ
তনু বস কুসুমাবলি হার।
শ্যাম ভুজঙ্গম দেখিকহ
কিয়ো কাম পরহার॥ ৪॥
করু পরহার মদন-শর বালা।
কুটিল কটাখ বাণ কনিয়ালা॥ ৫॥
কম্বু কণ্ঠ মৃণাল ভুজ
বলিত পয়োধর হার।
কনক কলস রসে পূরি রহ
সঞ্চিত মদনভাণ্ডার॥ ৬॥
মদন-ভাণ্ডার পয়োধর গোরা।
জনি উলটাওল কনক-কটোরা॥ ৭॥
শ্যামা সুলোচনী সুরতি রতি
অপরূপ ভূষণসার।
বিদ্যাপতি কবিরাজ কহ
সুফলে করথু অভিসার॥ ৮॥

১৪

কুন্দ কুমুদ গজমোতিম হার।
পহিরল হৃদয় ঝাঁপি কুচভার॥ ১॥
থোরহি শশধর কিরণ বিথার।
ঐসন সময় কয়ল অভিসার॥ ২॥
চহুদিশ সচকিত নয়ন নিহার।
মদন মদালসে চলই ন পার॥ ৩॥
মিললি নিকুঞ্জে কুঞ্জ নৃপ পাশ।
কহ কবিশেখর কেলিবিলাস॥ ৪॥

১৫

কাজর রুচিহর রয়না বিশালা।
তসু পর অভিসার করু ব্রজবালা॥ ১॥
ঘর সঞে নিকসয় যইসন চোর।
নিশবদ পদগতি চললিহু থোর॥ ২॥
উনমত চিত অতি আরতি-বিথার।
গুরুয় নিতম্ব নব যৌবন-ভার॥ ৩॥
কমলিনী মাঝ খীণি উচ্চ কুচ জোর।
সভয়ে চলু কত ভাবে বিভোর॥ ৪॥
রঙ্গিণী সঙ্গিনী নিব নব জোরা।
নব অনুরাগিণী নব রসে ভোরা॥ ৫॥
অঙ্গক অভরণ বাসয় ভার।
নূপুর কিঙ্কিণী তেজল হার॥ ৬॥
লীলাকমল উপেখলি রামা।
মন্থর গতি চলু ধরি সখি শামা॥ ৭॥
যতনহি নিসরু নগয় দুরন্তা।
শেখর অভরণ ভেল বহন্তা॥ ৮॥

১৬

লহ কয় কহলহ গুরুতর ভার।
দুতর রজনী দূর অভিসার॥ ১॥
বাট ভুজঙ্গম উপর পানি।
দুহু কুল অপযশ অঙ্গিরল জানি॥ ২॥
পরনিধি হরি লয় সাহস তোর।
কে জান কওন গতি করবএ মোর॥ ৩॥
তোরে বোলে দূতী তেজল নিজ গেহ।
জীব সঞে তৌলল গুরুয় সিনেহ॥ ৪॥

১। সমারু-সাজাইল। কবি—ব্রহ্মা।
৪। দেখিকহ—দেখিয়া। পরহার-প্রহার।
৫। কনিয়ালা—তীক্ষ্ণ।
৭। উলটাওল কনক-কটোরা—যেন উপুড় করা সোনার বাটী।
৮। করথু—করুক।
১। ঝাঁপি—ঢাকিয়া।

৩। চহুদিশ—চারিদিক্।
৫। জোরা—জোড়া।
৮। নিসরু—নিঃসরণ। বহন্তা—বাহক।
১। কহলহ—কহিলে। দুতর—দুস্তর।
২। অঙ্গিরল—অঙ্গীকার করিলাম।
৪। তৌলল—তৌল করিয়া। গুরুয়—ভারী।

দশমী দশাহে বোলব কি তোহি।
অমিঞ বোলি বিখ দেলহে মোহি॥ ৫।

১৭

কুসুমিত কুঞ্জহি কাতর কান।
কামিনী লাগি কত করু অনুমান॥ ১॥
কি করব কহ মোরে সুবল সঙ্ঘাতি।
কলাবতী কাঁঞি অবধি করু আতি॥ ২॥
দারুণ গুরুজন কিয় করু বাধা।
কিয় লাগি মানিনী ভৈ গেল রাধা॥ ৩॥
তপনক তাপে কিয় চলএ ন পার।
গুরুয় নিতম্ব পীন কুচভার॥ ৪॥
স্বজন সহিত কিয় বাঢ়ল নেহ।
ইথে কিয় ধনী নহি তেজল গেহ॥ ৫॥
বিপদ সম্পদ কিয় বুঝই ন পারি।
কৈসনে বঞ্চয় সে সুকুমারী॥ ৬॥
বোধি সুবল কহ শুন গুণমন্ত।
শেখর কহ ধনী মিলব নিতন্ত॥ ৭॥

১৮

আজু সাজিল ধনী অভিসারে।
চকিত চকিত কত বেরি বিলোকই
গুরুজন ভবন দুয়ারে॥ ১॥
অতি ভয় লাজে সঘন তনু কাঁপই
ঝাঁপই নীল নিচোল।
কত কত মনহি মনোরথ উপজত
মনসিজু মনহি হিলোল॥ ২॥
মন্থরগমনী পন্থ দরশাওলি
চতুর সখী চলু সাথ।
পরিমলে দশ দিশ করি বাসিত
ভাবিনী অবনত মাথ॥ ৩॥
তরুণ তমাল সঙ্গ সুখ কারণ
জঙ্গম কাঞ্চন বেলি।
কেলি বিপিন নিপুণ রস অনুসরি
বল্লভ লোচন মেলি॥ ৪॥

১৯

সহচরী বাত ধয়ল ধনী শ্রবণে।
হৃদয়ে উল্লাস কহত নহি বচনে॥ ১॥
সহচরী সমুঝল মরমক বাত।
সজাওল যইসে কিছু লখই ন যাত॥ ২॥
শ্বেতাম্বরে তনু আবরি দেলি।
বাহু পবনগতি সঙ্গে করি লেলি॥ ৩॥
যইসন চাঁদ পবনে চলি যাই।
ঐসন কুঞ্জে উদয় ভেলি রাই॥ ৪॥
কানু ধরল যব রাহিক হাত।
কৈসল সুবদনী কহ লহু বাত॥ ৫॥
কুচযুগ পরশে তরসি মুখ মোর।
ভণই বিদ্যাপতি আনন্দ ওর॥ ৬॥

২০

অরুণ কিরুণ কিছু অম্বর দেল।
দীপক শিখা মলিন ভই গেল॥ ১॥
হঠ তেজ মাধব যায়ত দেহ।
রাথএ চাহিয় গুপত সিনেহ॥ ২॥
দুরজনে যায়েত পরিজন কান।
সকল চতুরপণ হোয়ত মলান॥ ৩॥
ভমর কুসুম রমি ন রহ অগোরি।
কেও নহি বেকত করয়ে নিজ চোরি॥ ৪॥

২। সঙ্ঘাতি—সুহৃৎ। কাঁঞি—কেন। আতি—আসিতে।

কানাই কুসুমিত কুঞ্জে কাতর-হৃদয়ে কামিনী অর্থাৎ রাধার না আসার জন্য কত কি অনুমান করিতেছেন, হে সুহৃৎ সুবল, আমি কি করি, তা বল। সময় উত্তীর্ণ হইয়া গিয়াছে, তথাপি কেন কুলবতী রাধা এখনও আসিল না। দারুণ গুরুজন কি বাধা দিতেছে, নইলে রাধা কিসের জন্য মানিনী হইয়া গেল। গুরু নিতম্ব ও পীন-পয়োধরভারের জন্য সূর্য্যতাপে কি চলিতে পারিতেছে না? স্বজনের সহিত তাহার স্নেহ বাড়িয়াছে, সেই জন্যই কি সেই ধনী গৃহ ত্যাগ করিতেছে না? বিপদ বা সম্পদ কি যে হইল, কিছুই বুঝিতে পারিতেছি না—সে সুকুমারী কেন বঞ্চনা করিতেছে?

৪। বেলি—বল্লী।
১। ধয়ল শ্রবণে—শুনিল।
৫। কহ লহু বাত—মৃদুস্বরে কথা কহিতে লাগিল।
২। হঠ—জিদ। তেজ—ত্যাগ কর।
৩। দুরজনে—দুর্জ্জন কর্ত্তৃক।

আপনাক ধন হে ধনিক ধর গোএ।
পুরক রতন পরকট কর কোএ ॥ ৫ ॥
সাজ চোরি যদি চতুর চোর।
জাগি যায়েত পুর পরিজন মোর ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি সখি কহ সার।
সে জীবন যে পর উপকার ॥ ৭ ॥

২১

পূরল পুর পুরজন পিসুনে
যামিনী আধ আঁধার।
বাহু তরি হরি পলটি যাএব
পুহু যমুনা পার ॥ ১ ॥
এ কুলে কুলকলঙ্ক ডরাইঅ
ও কুলে আরতি তোরি।
পিরিতি লাগি পরাভব সহব
ইথি অনুমান মোরি ॥ ২ ॥
কানু তেজ ভুজ গিম পাশ।
পহু জনলে দুরন্ত বাঢ়ত
হোয়েত রে উপহাস ॥ ৩ ॥
জগতে কত ন যুব-যুবতী
কত ন লাবএ পেম।
বাপু পুরুষ বিচখণ চাহিয়
যে কর আগিল খেম ॥ ৪ ॥
গোচর এক মোর পএ রাখব
রাখবি দুঅও লাজ।
কবহু মুখ মলান ন করব
হোয়েত পুহু সমাজ ॥ ৫ ॥
বল্লভ সমদি চলিল বালা
কবি বিদ্যাপতি ভাণ।
ই রস রাণী লখিমাবল্লভ
রাজা শিবসিংহ জান ॥ ৬।

২২

রজনী সমাপলি ফুলল সরোজ।
ভমি ভমি ভমরী ভমরা খোঁজ ॥ ১ ॥
দীপ মন্দ রুচি অম্বর রাত।
জুগুতিহি জানিল হইল প্রভাত ॥ ২ ॥
অবহু তেজহ পহু মোহি ন শোহাএ।
পুহু দরশন হোত মোহি মদন দোহাএ ॥৩
নাগর রাখ নারী-মান রঙ্গ।
হঠ কয়লে পহু হো রসভঙ্গ ॥ ৪ ॥
তত করিঅ এ যত সাজে চোরি।
পরশন রস লএ ন রহিয় অগোরি ॥ ৫ ॥

১। পূরল—পূর্ণ। পুর—গ্রাম। তরি—সন্তরণ করিয়া।

২। ডরাইঅ—ভয় পাই। ইথি—ইহা।

৩। পাস—পাশ, বেষ্টন। পহু—প্রভু, স্বামী। দুরন্ত—উৎপাত।

৪। বাপু—শ্রেষ্ঠ। আগিল—পূর্ব্ব ঘটনা।

৫। গোচর—অনুরোধ। সমাজ—সন্নিধি, মিলন।

৬। সমদি—সম্বাদ দিয়া।

গ্রাম, পুরবাসী ও খল লোকে পরিপূর্ণ, অন্ধকার রাত্রি অর্দ্ধেক অতীত হইয়াছে, হে হরি, আবার কি বাহু দ্বারা সাঁতরাইয়া যমুনাপারে ফিরিয়া যাইব? এ কূলে কলঙ্কের ভয় এবং ও কূলে তোমার কাতরতা, আমার অনুমান হইতেছে, প্রীতির জন্য আমাকে পরাভব সহ্য করিতে হইবে। হে কানাই, গ্রীবার বাহুবেষ্টন ত্যাগ কর, স্বামী জানিতে পারিলে উৎপাত করিবে এবং উপহাস-ভাজন হইব। জগতে কত যুবক-যুবতী পরস্পরে প্রেম করিয়া থাকে, যে বিচক্ষণ শ্রেষ্ঠ পুরুষ, সে অতীতকে ক্ষমা করিয়া থাকে। এখন আমার একটি অনুরোধ রাখ, যেন উভয় কুলের লজ্জা আমার থাকে। আবার মিলন হইলে যেন মুখ ম্লান করিয়া থাকিও না।

২। জুগুতিহি—যুক্তিতে।

৩। শোহাএ—শোভা পায়। দোহাএ—দোহাই।

৫। অগোরি—আগলাইয়া।

রজনী শেষ হইয়াছে, পদ্মসকল প্রস্ফুটিত হইল। ভ্রমর ঘুরিয়া ফিরিয়া চারিদিকে ভ্রমরীকে খুঁজিয়া বেড়াইতেছে। দীপের রুচি এবং রাত্রির আকাশ ম্লান হইয়া গিয়াছে। যুক্তিতে বুঝা যাইতেছে, প্রভাত হইয়াছে। প্রভু—মাধব, এখন আমাকে ছাড়িয়া দাও—আর এ অবস্থা শোভা পায় না। মদনের দোহাই, আবার আমাদের মিলন হইবে। রঙ্গের সময় নাগর

২৩

পরক বিলাসিনী তুয় অনুবন্ধ।
আনলি কত ন বচন করি ধন্ধ ॥ ১ ॥
কেমন করি যাইতি নিজ মন্দির রামা।
অতিশয় চিন্তা ভেলি এহি ঠামা ॥ ২ ॥
নিকটহু বাহির ডরে ন নিহার।
যতনে আনলি এত দূর অভিসার ॥ ৩ ॥
তিল এক যা সঞে মহঘ সমাজ।
বহলি বিভাবরী মনে নাহি লাজ ॥ ৪ ॥
তোহর মনোরথ তহ্নিকি পরাণ।
নাগর সে যে হিতাহিত জান ॥ ৫ ॥
নখত মলিন বেকতায়ত বিহান।
পথ সঞ্চরইতে লখতই কে আন ॥ ৬ ॥
পাশ পিশুন বস কি করতি লাথ।
কোনে পরি সন্তরতি গুরুজন হাথ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি তথনুক ভাণ।
আদরি আনি ন খণ্ডির মান ॥ ৮ ॥

২৪

রজনী শেষ বর নাগরী নাগর
বইসল শেজক মাহি।
হেরি সখি তোরিত মন্দির ভিতর
হসি হসি বসইল তাহি ॥ ১ ॥
সহচরী মেলি কেলি কলপতরু
কর কত রস পরকাশে।
রজনিক রঙ্গ কহইতে নব নাগরী
পিয়ামুখ ঝাঁপল বাসে ॥ ২ ॥
দুহু মুখ নিরখি হরখি সব সহচরী
পুলকিনী রহল নিহারি।
পীত বসন লই নিজ তনু ঝাঁপল
লাজে লজাওলি গোরী ॥ ৩ ॥
তব হরি নাগরী কোরে অগোরল
ডুবল সুখসিন্ধুমাঝ।
ললিতা ললিত কহি দুহু বেশ খণ্ডিত
সজাওত অনুপম সাজ ॥ ৪ ॥
দুহু রূপে মগন ভেল সব সখীগণ
দিন রজনী নহি জান।
অরুণ উদয় ভেল জটিলা শবদ পাওল
কবিশেখর ইহ ভাণ ॥ ৫ ॥

২৫

বিচ্ছেদ বিকল ভেল দুহুক পরাণ।
গরগর অন্তর ঝরয় নয়ান ॥ ১ ॥
দুহু মনে মনসিজ জাগি রহু।
তিল বিসরণ নহে কেহু কাহু ॥ ২ ॥
নিশবদে শুতল নিন্দ নহি ভায়।
বিয়োগ বিয়াধি বিথারল গায় ॥ ৩ ॥
দুহুক দুলভ নেহ দুহু ভল জান।
দুহু জন মিলনে মধথ পঁচবাণ ॥ ৪ ॥

নাগরীর মান রক্ষা করিয়া থাকে। প্রভু, বল প্রকাশ করিলে রসভঙ্গ হইয়া থাকে, ইহা সকলেই জানে। সেইরূপ করিবে, যাহাতে চুরি সাজে। যদি প্রসন্ন হইয়াছ, তবে রস আগলাইয়া থাকিও না।

১। পরের বিলাসিনীকে তোমার আগ্রহে কত কৌশলবাক্য বলিয়া আনিয়াছি।

২। এহি ঠামা—এই স্থানে।

রামা কেমন করিয়া এই স্থান হইতে নিজ গৃহে যাইবে, সে জন্য আমার অতিশয় চিন্তা হইতেছে।

৩। যে ঘরের নিকটেই ভয়ে বাহির হইতে পারে না, তাঁহাকে যত্নে এত দূর অভিসারে আনিয়াছি।

৪। মহঘ—দুর্ল্লভ। সমাজ—সন্নিধি, মিলন। বহলি—অবসান।

যাহার সন্নিধানে এক তিল অবস্থানও দুর্লভ, তাহাকে রাত্রি অবসান হইলেও—কাছে রাখিতেছ, মনে লজ্জা হইতেছে না?

৫। তহ্নিকি—তাঁহার।

৬। নখত—নক্ষত্র। বেকতায়ত—ব্যক্ত হইতেছে। লখতই—লক্ষ্য করিবে।

৭। লাথ—ছলনা। কোনে পরি—কেমন করিয়া। সন্তরতি—সন্তরণ করিবে।

১। মাহি—মধ্যে। তাহি—তথায়।

৩। গোরী—গৌরী, রাধা।

৪। অগোরল—আগুলাইল।

২। বিসরণ—বিস্মরণ।

৩। ভায়—ভাল লাগে। বিয়াধি—ব্যাধি। বিথারল—বিস্তার করিল।

৪। মধথ—মধ্যস্থ।

কবিশেখর ভান ইহ রসরঙ্গ।
পরবশ পেম সতত নহ ভঙ্গ॥ ৫॥

২৬

দুহু রূপ লাবনী মনমথ-মোহিনী
নিরখি নয়ন ভুলি যায়।
রজনী জনিত রতি বিশেষ আলাপনে
আলস রহল দুহু গায়॥ ১॥
চাঁচর কুন্তল তাহে কুসুমদল
লোলত আনহি ভাঁতি।
দুহু দোহা হেরি মুখ হৃদয়ে বাঢ়য় সুখ
বোলত ভুলত পাঁতি॥ ২॥
নিজ নিজ মন্দির নাগরী নাগর
চলইতে করু অনুবন্ধ।
বিরহ-বিষানলে দুহু তনু জারল
লোচনে লাগল ধন্ধ॥ ৩॥
ভিতক চিত পুতলি সম দুহু জন
রহল বিদায়ক বেলা।
প্রেম-পয়োনিধি উছলি উছলি পড়ু
চেতন অচেতন ভেলা॥ ৪॥
দুহু জন চিত রীত হেরি সহচরী
ঘন ঘন গগনহি চায়।
রজনী পোহাওল সব জন জাগল
সে ডরহি অধিক ডরায়॥ ৫॥
শেখর বুঝি তব করি কত অনুভব
দুহু সঙ্গ ভঙ্গ করাব।
নিজ নিজ মন্দিরে গমন করল দুহু
গুরুজন ভেদ নহি পাব॥ ৬॥

২৭

অরুণ লোচন ঘুরি ঘুমায়ল।
জনি রতোপল পবনে পাওল॥ ১॥
আকুল চিকুরে বদন ঝাঁপল।
জনি তমচয়ে চাঁদ চাপল॥ ২॥
মাধব কেমনে যাইতি বাসা।
দেখি সখীজন হো উপহাসা॥ ৩॥

ফুয়লি নীবি আনি মিলায়লি।
জনি সুরসরি উতরে ধাউলি॥ ৪॥
নখখত দেল কুচ শিরীফল।
কমলে ঝাঁপি কি হো কনকাচল॥ ৫॥
ভণে বিদ্যাপতি কৌতুকে গাওল।
ই রস রাজা শিবসিংহে পাওল॥ ৬॥

২৮

অলসে পূরল লোচন তোর।
অমৃতে মাতল চাঁদ চকোর॥ ১॥
নিচল ভঁউহ লে বিশরাম।
রণ জিনি ধনু তেজল কাম॥ ২॥
অরে রে সুন্দরি ন কর লথা।"
উকুতি বেকত গুপত কথা॥ ৩॥
কুচ শিরীফল করজ শিরী।
কেশর বিকসিত কনক গিরি॥ ৪॥
বহল তিলক উধসু কেশ।
হসি পরিছল কামে সন্দেশ॥ ৫॥

২৯

উধসল কেশ কুসুম ছড়ায়ল,
খণ্ডিত দশন অধরে।
নয়ন দেখিয় জনি অরুণ কমলদল
মধু লোভে বইসল ভমরে॥ ১॥
কলাবতি কৈতব ন করহ আজ।
কওন নাগর সঙ্গে রয়নী গমওলহ
কহ মোহি পরিহরি লাজ॥ ২॥

২। পাঁতি—পংক্তি।
৩। জারল—জর্জ্জরিত।
৫। ভিতক—ভিত্তি। চিত—চিত্র।
১। রতোপল—রক্তোৎপল।

৪। ফুয়লি—মুক্ত। নীবি—নীবিবন্ধন। সুরসরি সুরসরিৎ, গঙ্গা। উতরে—উত্তরমুখে।
২। ভঁউহ—ভ্রূ। লে—লইতেছে। বিশরাম—বিশ্রাম।
৩। লথা—ছলনা। উকুতি—উক্তি।
৪। করজ—নখ, তাহার আঘাত দ্বারা। শিরি—শ্রী।
৫। উধসু—উস্কো-খুস্কো। পরিছল—পরীক্ষা করিল।
১। উধসল—আলুথালু।
২। গমওলহ—কাটাইয়াছ।

পীন পয়োধর নখরেখ সুন্দর
করে রাখহু কাঁ গোরি।
মেরুশিখর নব উগি গেল শশধর
গুপুতি ন রহলিয় চোরি॥ ৩॥
বেকতেও চোরি গুপুত কর কতিখণ
বিদ্যাপতি কবি ভাণ।
মহলম যুগপতি চিরেজীব জীবথু
গ্যাসদেব সুলতান॥ ৪॥

৩০

উধসল কেশপাশ লাজে গুপুত হাস
রজনী উজাগরে মুখ ন উজলা।
নখপদ সুন্দর পীন পয়োধর
কনক শম্ভু জনি কেসু পূজলা॥ ১॥
ন ন ন ন কর সখি পরিণত শশিমুখি
সকল চরিত তোর বুঝল বিশেখী॥ ২॥
অলস গমন তোর বচনি বোলসি ভোর
মদন মনোরথ মোহগতা।
জৃম্ভসি পুনু পুনু যাসি অরস তনু
আতপে ছুঁইলি মৃণাল-লতা॥ ৩॥
বাস পিন্ধ বিপরীত তিলক তিরোহিত
নয়ন কজর জলে অধর ভন্ধ।
এত সবে লছন সঙ্গ বিচছন
কপট রহত কতিখণ যে ধন্ধ॥ ৪॥
ভণে কবি বিদ্যাপতি অরে বর যোবতি
মধুকরে পাউলি মালতী ফুললী।
হাসিনী দেবী পতি দেবসিংহ নরপতি
গরুড়নরায়ণ রঙ্গে ভুললী॥ ৫॥

৩১

সুন্দরি বেকত গুপত নেহা।
বঞ্চিত আজু করয় নহি পারব
সাখী দেল তুয় দেহা॥ ১॥
সঘনে আলস সখী তুয় মুখমণ্ডল
গণ্ড অধর ছবি মন্দা।
কত রস পানে কয়ল সব নীরস
রাহু উগিলল চন্দা॥ ২॥
জাগি রজনী দুহু লোহিত লোচন
অলস নিমীলিত ভাঁতি।
মধুকর লোহিত কমল কোরে জনি
শুতি রহল মদে মাতি॥ ৩॥
বেকত পয়োধরে নখরেখ ভুখল
তাহে পরল কচ ভারা।
নিজ রিপু চাঁদ কলানিধি হেরইতে
মেরু পড়ল আঁধিয়ারা॥ ৪॥
নব কবিশেখর কহয় নই পারত
দোখ সপতি করি জানি।
কত শত বেরি চোরি করু গোপন
বেরি এক বেকত বাণী॥ ৫॥

৩২

ছিল মনোরথ যৌবন ভেলে
কত ন করিব রঙ্গ।
সে সব পেম ওর ধরি ন রহল
ভেল হৃদয় ভঙ্গ॥ ১॥
তথুহ উপর ছিল মনোরথ
আবে কি করব সাধ।
অইসনি ভএ অপরাধিনী ভেলাহু
যে ছিল তথিহু বাধ॥ ২॥

৩। কাঁ—কেন। রাখহু—রাখিতেছ। গোরি—সুন্দরি।
৪। বেকতেও—ব্যক্ত হইতেছে। মহলম—মালুম, অবগত। জীবথু—জীবিত থাকুন। গ্যাসদেব—গিয়াস-উদ্দিন, বাঙ্গালার পাঠান সুলতান বলিয়া মনে হয়।
১। উজাগরে—জাগরণে। উজলা—উজ্জ্বল।
৩। ভোর—বিহ্বল। জৃম্ভসি—হাই তুলিতেছিস্।
৪। পিন্ধ—পরিয়াছিস্। বিচছন—বিচক্ষণ।
৫। পাউলি—পাইল। ফুললী—প্রস্ফুটিত।

১। বেকত—ব্যক্ত। গুপত—গুপ্ত। নেহা—স্নেহ।
২। উগিলল—উদ্গীর্ণ করিল।
৪। ভুখল—ক্ষুধিত। কচ—কেশ।
১। ওর—সীমা।
২। তথুহ—তাহার। আবে—এখন। তথিহু—তাহাতেও।

মাধব আরে তঞো ই বড় দোষ।
যতএ যে কিছু বোলিয় চালিয়
তথি গুরুজন রোষ ॥ ৩ ॥
অবশ নিকট আএব যাএব
বিনয় কর সে নারী।
দিনে সাতে পাঁচে বাটহু ঘাটহু
দিঠিহু যাহ নিহারি ॥ ৪ ॥

৩৩

আরে বিধিবশে নয়ন পসারল
পসরল হরিক সিনেহ।
গুরুজন গুরুতরে ডরে সখি
উপজল জীবহু সন্দেহ ॥ ১ ॥
দুরজন ভীম ভুজঙ্গম
বম কুবচন বিষসার।
তেঁহ তীখে বিষে জনি মাখল
লাগ মরম কনিয়ার ॥ ২ ॥
পরিজন পরিচয় পরিহরি
হরি হরি পরিহর পাশ।
সকল নগর বড় পুরীজন
ঘরে ঘরে কর উপহাস ॥ ৩ ॥
পহিলুক পেমক পরিভব
দুসহ সকল জন জান।
ধৈরয ধনি ধর মনে গুনি
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৪ ॥

৩৪

দুর সিনেহা বচনে বাঢ়ল
মনক পিরিতি জানি।
অলপে কাজে বড় দুর আঁতর
করমে পাওল আনি ॥ ১ ॥
চরণ নূপুর ঘন শবদএ
চান্দহু রাতি উজোরি।
ননন্দী বৈরিণী নিন্দে ন শোয়এ
আবে অনাইতি মোরি ॥ ২
দূতি বোলে বুঝাবহ কানু।
আজুক রঅনী আএ ন হোয়তে
হৃদয়ে কোপথি জনু ॥ ৩ ॥
চরণ নূপুর করে উতারব
শামর বসন তনু।
খেলহু কৌতুকে ননন্দ বোধবি
বিলব লাগএ জনু ॥ ৪ ॥
ও দিকে লাগল নব সিনেহা
এ ভরে কুলক গারি।
সকল পেম সম্ভারি ন হোয়েত
হঠে বিনাশতি নারি ॥ ৫ ॥
ভণ বিদ্যাপতি উদন্ত সেবিয়
মদন চিন্তথু আউ।
পিরিতি কারণে জীব উপেখল
এ বেরি হোউ কি জাউ ॥ ৬ ॥

৩। তঞো—তবে। যতএ—যেখানে। বোলিয় চালিয়—বল অথবা কর।

৪। অবশ—অবশ্য। বাটহু ঘাটহু—পথে ঘাটে।

১। পসারল—প্রসারিত হইল। সিনেহ—স্নেহ। জীবহু—জীবনের।

২। বম—উদ্গীর্ণ করে। তীখে—তীক্ষ্ণ। মাখল—মাখান। কনিয়ার—তীক্ষ্ণ।

৩। হরি হরি—খেদোক্তি। পুরীজন—পুরবাসী।

৪। পহিলুক—প্রথমের। পেমক—প্রেমের। গুনি—গণনা করিয়া।

১। সিনেহা—স্নেহ। আঁতর—অন্তর।

২। শবদএ—শব্দ করিতেছে। চান্দহু—চন্দ্র। উজোরি—উজ্জ্বল। শোয়এ—শয়ন করে। আবে—এখন। অনাইতি—অনায়ত্ত।

৩। আএ—আসা। কোপথি—কোপ করে।

৪। উতারব—খুলিব। খেলহু—খেলায়। বোধবি—ভুলাইব। বিলব—বিলম্ব।

৫। সম্ভারি—সামলান। হঠে—বলপূর্ব্বক।

৬। উদন্ত—উদয়মান। সেবিয়—সেবা কর। চিন্তথু—চিন্তা কর। আউ—আশু। উপেখল—উপেক্ষা করিল। হোউ—হৌক। জাউ—যাউক।

৩৫

দূতী :—যদি তোর নাহি ক্ষণ নাহি অবকাশ।
পরকে যতনে কতে দেহ বিশবাস ॥ ১ ॥
বিশবাস কই কেন শুতহ নিচিত।
চারি পহর রাতি ভ্রমত সুচিত ॥ ২ ॥
রাধা :—করজোড়ি পায়ে পড়ি কহবি বিনতি।
বিসরি ন যাইও পূরুব পিরীতি ॥ ৩ ॥
প্রথম পহর রাতি রভসে বহলা।
দোসর পহর পরিজন নিন্দ গেলা ॥ ৪ ॥
নিন্দ নিরূপইত ভেল আধরাতি।
তাবত উগল চন্দা পরম কুজাতি ॥ ৫ ॥

ভণহি বিদ্যাপতি তথমুক ভাব।
যেহ পুণমত সেহ জন এহ পাব ॥ ৬ ॥

৩৬

কাননে কাতর কুলবতী রাহি।
চকিত নয়ন ঘন দশ দিশ চাহি ॥ ১ ॥
কোকিলকলরবে বিকল পরাণ।
গুণি গুণি ভাবিনী ভেলি নিদান ॥ ২ ॥
উবসি উবসি খসি খসি পড়ু নোর।
গদ গদ কণ্ঠ শবদ ঘন ঘোর ॥ ৩ ॥
ঐসন আয়লি তপনক গেহ।
পূজা উপহার তঁহি রাখলি সেহ ॥ ৪ ॥
তঁহি পরণাম করি বৈঠলি ধন্দ।
সখীগণ কৌতুক করু নানা ছন্দ ॥ ৫ ॥
উতপত তেজত দীঘ নিশাস।
খণে রোদন করু খণ করু হাস ॥ ৬ ॥
কহ কবিশেখর শুনু সুকুমারি।
ধৈরয ধরি রহ মিলত মুরারি ॥ ৭ ॥

৩৭

হরিণনয়নী ধনী চকিত নিহারনি
অতি উতকণ্ঠিত ভেলা।
স্বজন সব জন তনু মন জীবন
সতিনী করি বিহি দেলা ॥ ১ ॥
খণে খণ উঠত খণে খণ বৈসত
উতপত তেজত শাসা।
খণে খণ চমকই খণে খণ কম্পই
গদ গদ কহতহি ভাষা ॥ ২ ॥
কুলগুণ-গৌরব অতিশয় সৌরভ
বাম পায় ঠেলল তায়।
দারুণ প্রেম থেহ নাহি মানত
পলকে পলকে তলপায় ॥ ৩ ॥

১। বিশবাস—বিশ্বাস।

২। কই—করাইয়া। শুতহ—শয়ন কর। নিচিত—নিশ্চিন্ত। সুচিত—সুচিত্ত, সহৃদয়।

৩। বিনতি—মিনতি। বিসরি—ভুলিয়া।

৪। রভসে—কৌতুকে। বহলা—কাটিয়া গেল।

৫। নিরূপইত—নিরূপণ করিতে। আধ—অর্দ্ধ।

পূর্ব্বরাত্রে শ্রীমতী কুঞ্জগৃহে যাইতে পারেন নাই, তজ্জন্য শ্রীকৃষ্ণের দূতী শ্রীমতীকে তিরস্কার করিতেছেন :—তোর যদি অল্পক্ষণও অবকাশ নাই, তবে অপরকে যত্ন করিয়া বিশ্বাস করাইলি কেন? অর্থাৎ তুই যদি যাইবি না, তবে তাকে আশা দিলি কেন? এ দিকে আশা দিয়া তুই নিশ্চিন্ত হইয়া শুইয়া রহিলি! আর সেই সহৃদয় মাধব তোর আসার আশায় চারিপ্রহর রাত্রি ভ্রমণ করিয়া কাটাইল।

রাধা কাতরস্বরে বলিতেছেন :—দূতি, তুমি আমার হইয়া কড়যোড়ে তাঁকে আমার নিবেদন জানাইবে, যেন তিনি পূর্ব্ব প্রীতি ভুলিয়া না যান। কেন আমি যাইতে পারি নাই, তাহা শুন। রাত্রির প্রথম প্রহর কৌতুকে কাটিয়া গেল; দ্বিতীয় প্রহরে পরিজনবর্গ নিদ্রামগ্ন হইলেন, তাঁহাদের নিদ্রানিরূপণ করিতে করিতে অর্দ্ধ রাত্রি উত্তীর্ণ হইয়া গেল; তাহার পর কুজাতি চন্দ্র উদিত হইল। বল—তবে কেমন করিয়া আমি অভিসারে গমন করি।

৩। উবসি—দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া। নোর—অশ্রু।

৪। তপনক গেহ—সূর্য্যমন্দির। তঁহি—সেখানে। ধন্দ—ধন্ধ।

৬। উতপত—উত্তপ্ত।

১। নিহারনি—দৃষ্টি।

৩। থেহ—স্থৈর্য্য। তলপায়—ছটফট করে।

অরুণিত আনন নোরে ভরু লোচন
পিয়া পথ হেরত রাহি।
শিশু পশু সঙ্গত করি হরি আওত
গোখুর ধূলি উছলাহি॥ ৪॥
কহ কবিশেখর ধনি পুন হেরহ
আওত নাগর-রাজ।
তুয় মন মানস অতি খণে পূরব
হেরব পন্থক মাঝ॥ ৫॥

৩৮

শয্যা তেজি বামা খণ বাহিরায়।
খণে মূরছিত তনু কান্দে উভরায়॥ ১॥
খণে বাহর আয় চল আধ পথ।
দূতীসহ কলহ করয়ে অনুরত॥ ২॥
দারুণ দূতি সাধলি বাদ।
আজু হম তেজব রতি-সুখ সাধ॥ ৩॥

৩৯

পা-রইতে শরীর হোয় অবসান।
কহইত ন লয় অব বুঝহ অবধান॥ ১॥
কহএ ন পারিয় সহন ন যায়।
বলহ সজনি অব কি করি উপায়॥ ২॥
কোন বিহি নিরমিল ইহ পুন নেহ।
কাহে কুলবতী করি গঢ়ল মঝু দেহ॥ ৩॥
কাম করে ধরিয় সে করয় বহার।
রাখয় মন্দিরে ই কুল অচার॥ ৪॥
সহই ন পারিয় চলই ন পারি।
বন ফিরি যৈসে পিঞ্জর মাহা সারী॥ ৫॥
এতহুঁ বিপদে কিয় জীবয় দেহ।
ভণই বিদ্যাপতি বিষম ই নেহ॥ ৬॥

৪০

কহ কহ সুন্দরি ন কর বেয়াজ।
দেখিয় আজে অপূরব সবে সাজ॥ ১॥
মৃগমদ পঙ্কে করসি অঙ্গরাগ।
কোন নাগর পরিণত হোয় ভাগ॥ ২॥
পুনু পুনু উঠসি পছিম দিশ হেরি।
কখন যাএত দিন কত আছে বেরি॥ ৩॥
নূপুর উপর করসি কসি থির।
দৃঢ় করি পহিরসি তম সম চীর॥ ৪॥
উঠসি বিহসি-হসি তেজিয় সার।
মোর মনো ভাব সঘন অন্ধকার॥ ৫॥
ভণই বিদ্যাপতি শুন বর নারি।
ধৈরয কর মনে মিলত মুরারি॥ ৬॥

৪১

কৌতুকে চললি ভবনকে সজনি লো
সঙ্গে দশ চৌদিশ নারী।
বিচ বিচ শোভিত সুন্দরি সজনি লো
জনি ঘর মিলত মুরারি॥ ১॥
লই অভরণ করি ষোড়শ সজনি লো
পহির উতিম রঙ্গ চীর।
দেখি সকল মন উপজল সজনি লো
মুনিহুক চিত নহি থির॥ ২॥
নীলবসন তন ঘেরলি সজনি লো
শির লেল ঘোমটা সারী।
লগ লগ পহুকে চলইত সজনি লো
সঙ্কুচল হৃদয় নারী॥ ৩॥
সখী সব দেল ভবনকে সজনি লো
ঘুরি আইলি সব নারী।
কর ধরি লেল পহু নিয়রে সজনি লো
হেরই বসন উঘারি॥ ৪॥

৪। ভরু—ভরিল।
২। অনুরত—অনবরত।
৪। বহার—বাহির।
৩। মঝু—আমার।
৫। মাহা—মধ্য।
১। বেয়াজ—ব্যাজ, ছলনা।
২। পঙ্কে—চন্দনে।
৩। পুনু পুনু—বার বার। বেরি—বেলা। পহিরসি—পরিধান করিতেছ।
৫। বিহসি হসি—স্মিত হাস্য। তেজিয় সার—সার ত্যাগ করিয়া, অকারণে।
১। ভবনকে—কুঞ্জগৃহে।
২। বিচ বিচ—মধ্যে।
২। ষোড়শ—ষোড়শ শৃঙ্গার। পহির—পরিলাম। উতিম—উত্তম। রঙ্গ—রঞ্জিত। উপজল—উদ্রেক। মুনিহুক—মুনিরও। চিত—চিত্ত।
৩। ঘেরলি—ঘিরিলাম। পহুকে—প্রভুর। চলইত—যাইতে। সারী—সাটী।
৪। উঘারি—খুলিয়া।

ভয় বর সনমুখ বোলই সজনি লো
করে লাগল সবিলাসে।
নব রস রীতি পিরীতি ভেল সজনি লো
দুহু মন পরম উলাসে॥ ৫॥
বিদ্যাপতি কবি গাওল সজনি লো
ই থিক নব রস রীতি।
বয়স যুগল সমুচিত থিক সজনি লো
দুহু মন পরম পিরীতি॥ ৬॥

৪২

ঘরে গুরুজন পুরে পরিজন জাগ।
কাহুক লোচন নিন্দও ন লাগ॥ ১॥
কোন পরিযুকতি গমন হোএত মোর।
তম পিবি বাঢ়ল চান্দ উজোর॥ ২॥
সাহসে সাহিয় প্রেম-ভাণ্ডার।
অবহু ন আবয় করম চন্দার॥ ৩॥
দুহু অনুমান কয়ল বিহি জোর।
পাঁখি ন দেলক বিধাতা ভোর॥ ৪॥
ভণই বিদ্যাপতি যদি মন জাগ।
বড়ে পুণে পারিয় নব অনুরাগ। ৫॥

৪৩

গুরুজন নয়ন পসার পবন জএো
সুন্দরী সতরি চললি।
জনি অনুরাগে পাছু ধরি ঠেললি
করে ধরি কামে তাড়লী॥ ১॥
কি আরে নবি অভিসারক রীতি।
কে জান কওনে বিধি কামে পঢ়াউলি
কামিনী তিভুয়ন জিতি॥ ২॥
অম্বর সকল বিভূষণ সুন্দর
ঘনতর তিমির সামরী।
কেহু কতহু পথ লখহি ন পারলি
জনি মসি ডুবলি ভমরী॥ ৩॥
চেতন আগু চতুরপণ কইসন
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে॥ ৪॥

৪৪

প্রেম রতন খনি রমণী শিরোমণি
প্রিয়-বিরহানল জানি।
অন্তর জর জর নয়নে নিঝরে ঝর
বদনে ন নিকসয় বাণী॥ ১॥

৫। বর—নায়ক, মাধব। সনমুখ—সম্মুখ। সবিলাসে—প্রণয়ে।
৬। থিক—হয়।
কুঞ্জগৃহে মুরারির সহিত মিলন হইবে জানিয়া সজনি লো, চারিদিকে দশ জন সখীমধ্যস্থিত সুন্দরী আমি কুতূহলী হইয়া তথায় গমন করিলাম। সজনি লো, আভরণ লইয়া ষোড়শ শৃঙ্গার প্রস্তুত করিলাম এবং উত্তম রঞ্জিত বস্ত্র পরিলাম; সে অবস্থায় আমাকে দেখিয়া সকলের মনে লালসার উদ্রেক হইল, অধিক কি মুনিজনেরও চিত্ত স্থির থাকিল না। নীল বস্ত্র দিয়া দেহ ঘিরিয়া ফেলিলাম। মস্তকে কাপড় দিয়া ঘোমটা দিলাম। সজনি লো, প্রভুর নিকট যাইতে আমার নারীহৃদয় সঙ্কুচিত হইল। সখী সকল আমাকে কুঞ্জগৃহে পৌছাইয়া দিয়া ফিরিয়া গেল। প্রভু আমার হাত ধরিয়া নিকটে বসাইয়া বস্ত্র খুলিয়া দেখিতে লাগিলেন। ভয়ে ভয়ে তাঁহার দিকে ফিরিলাম, তিনি রস-সপ্রণয়ে কথা কহিতে লাগিলেন। নতুন রীতিতে প্রীতির উদয় হইল। ক্রমে দুইজনের মনই অত্যন্ত উল্লসিত হইল। বিদ্যাপতি গাহিতেছেন, সজনি লো, ইহাই হইল নবরসের রীতি; কারণ, দুইজনেরই যোগ্য বয়স, সেই জন্যই এই পরম প্রীতি।
১। নিন্দও—নিদ্রাও।
২। উজোর—উজ্জ্বল।
৩। সাহিয়—সাধনা করি। চন্দার—চন্দ্রারি অর্থাৎ রাহু।
৪। জোর—জোড়া। পাঁখি—পক্ষ। ভোর—ভোলা।
১। পসার—পার হইয়া, উত্তীর্ণ হইয়া। জএো—তুল্য। সতরি—সত্বর। তাড়লী—টানিল।
২। নবি—নবীনা, নূতন। তিভুয়ন—ত্রিভুবন।
৩। সামরী—কৃষ্ণবর্ণ। কতহু—কোথাও। লখহি—লক্ষ্য করিতে।
৪। চেতন—চতুর। আগু—আগে।
১। নিঝরে—অজস্র। নিকসয়—নিঃসরণ।

আজু কি কহব হরি অনুরাগ।
তৈখনে কানন চললি বিকল মন
কুল ধরম লাজ ভয় ভাগ ॥ ২ ॥
মন্থর গতি অতি চলই ন পারথি
চলতহি তবহুঁ তুরন্ত।
হিয়া অতি ধসমসি শাসহি মুখশশী
শ্রমজল-কণ বরিখন্ত ॥ ৩ ॥
সঙ্গিনী সহচরী দূরহি পরিহরি
রাহি একাকিনী কুঞ্জে।
বল্লভ মূরছিত হেরি জীয়াওত
রূপ-সুধারসপুঞ্জে ॥ ৪ ॥

৪৫

মাধব ধনী আয়লি কত ভাতি।
প্রেম হেম পরখায়ল কসোটিয়
ভাদর কুহু তিথি রাতি ॥ ১ ॥
গগনে গরজে ঘন তাহে ন গণ মন
কুলিস ন কর মুখ বঙ্কা।
তিমির অঞ্জন জলধারে ধোয় জনি
তে উপজাবতি শঙ্কা ॥ ২ ॥
ভাগে ভুজগশিরে করে অভিনয় করে
ঝাঁপল ফণিমণি দীপে।
জানি সজল ঘন সে দেই চুম্বন
তেঁ তুয় মিলন সমীপে ॥ ৩ ॥
নারীরতন ধনী নাগর ব্রজমণি
রসগুণে পহিরল হারে।
গোবিন্দচরণে মন কহ কবিরঞ্জন
সফল ভেল অভিসারে ॥ ৪ ॥

৪৬

চন্দ না উগ আজু কি রাতি।
পিয়াকে লিখিএ পঠাউবি পাঁতি ॥ ১ ॥
শাওন সঞো হমে করব পিরীতি।
যত অভিমত-অভিসারক রীতি ॥ ২ ॥
অথবা রাহু বুঝাওব হসি।
পিবি জনু উগিলহ শীতল শশী ॥ ৩ ॥
কোটি রতন জলধর তোহে লেহ।
আজুকি রজনী ঘনতম করি দেহ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুভ অভিসার।
ভাল জন করথি পর উপকার ॥ ৫ ॥

৪৭

আজ হাম যাএব হরি-সমাগমে
কত মনোরথ ভেল।
ঘর গুরুজন নিন্দ নিরূপইতে
চন্দাএ উদয় দেল ॥ ১ ॥
চন্দা ভাল নহে তুয় রীতি।
এহি মতি তোহুঁ কলঙ্ক লাগল
কিছু ন গুণহ ভীতি ॥ ২ ॥
জগত নাগরী মুখে জিনলা হে
গেলা হে গগন হারি।
তাহাঁহু রাহু গরাস পড়লা
দেব তোহে কি গারি ॥ ৩ ॥
একে মাস বিহি তোহ সিরজএ
দিয়ে সকলও বল।
দোসর দিন পুর ন রহসি
এহি পাপক ফল ॥ ৪ ॥

২। পারথি—পারে। তুরন্ত—দ্রুত। ধসমসি—ধক্ ধক্। বরিখন্ত—বর্ষিত হইতেছে।

১। ভাতি—প্রকার, উপায়। পরখায়ল—পরীক্ষা করিল। কসোটিয়—কষ্টিপাথর। কুহু—অমাবস্যা।

২। উপজাবতি—উপজিত হইল।

৩। ভাগে—ভাগ্যে।

৪। পহিরল—পরিধান করিল। কবিরঞ্জন—বিদ্যাপতির অপর নাম।

১। উগ—উদয় হইও। পঠাউবি—পাঠাইব। পাঁতি—পত্র।

২। শাওন—শ্রাবণ।

৩। উগিলহ—উদ্গীরণ করিও।

৪। তোহে—তুমি। লেহ—লহ।

১। নিন্দ - নিদ্রা।

২। তোহুঁ—তোমার।

৩। জিনলা—জয় করিয়াছ। তাহাঁহু—তথায়।

৪। সিরজএ—সৃজন করে। দোসর—দ্বিতীয়।

ভণ বিদ্যাপতি শুন তোঁএ যুবতি
চাঁদক ন কর শাতি।
দিন ষোড়শ চাঁদক আইতি
তাহিতর ভলি রাতি ॥ ৫ ॥

৪৮

অগমনে প্রেম গমনে কুল যায়েত
চিন্তা পঙ্ক লাগলি করিণী।
মএে অবলা দশ দিশ ভমি আকুল
জনি ব্যাধডরে ভীরু হরিণী ॥ ১ ॥
চন্দা দুরজন গমনবিরোধী।
উগল গগন ভরি নখত বৈরি মোরা
কে পহু আন পরবোধী ॥ ২ ॥
কুহু ভরমে পথ পদ আরোপল
আজি তুলায়ল পঞ্চদশী।
হরি অভিসার মার উদবেজক
কএোনে নিবারব কুগত শশী ॥ ৩ ॥

৪৯

প্রথম যৌবন নব গুরুঅ মনোভব
ছোটি মধুমাস রজনী।
জাগ গুরুজন গেহা রাথএ চাহ নেহা
সংশয় পড়লি সজনী ॥ ১ ॥
নলিনীদল-নীর চিত ন রহয়ে থির
কভু ঘর কভু বহারে।
বিহি মোর বড় মন্দা উগি জনু যা চন্দা
শুতি উঠি গগন নিহারে ॥ ২ ॥
পথহু পথিক শঙ্কা পয় পয় ধয় পঙ্কা
কি করতি ও নবি তরুণী।
চলএ চাহ ধসি পুনু পড় খসি খসি
জালক ছেকলি হরিণী ॥ ৩ ॥
শত শত কেমন বেদন তসু জানে।
নিকুঞ্জ বনে বে হরি যাইতি কওনে পরি
অনুখণে হন পচবাণে ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ কি করত গুরুজন
নীদ নিরূপণ লাগি।
বদন নীর ভরি ধীরে ঝপাবএ
রয়নী গমাবএ জাগি ॥ ৫ ॥

৫০

গগনে অব ঘন মেঘ দারুণ
সঘন দামিনী ঝলকই।
কুলিশ পাতন শবদ ঝন ঝন
পবন খরতর বলগই ॥ ১ ॥
সজনি আজু দুরদিন ভেল।
কান্ত হমরি নিতান্ত অগুসরি
সঙ্কেত কুঞ্জহি গেল ॥ ২ ॥
তরল জলধর বরিখে ঝর ঝর
গরজে ঘন ঘন ঘোর।
শ্যাম নাগর একলে কৈসনে
পন্থ হেরই মোর ॥ ৩ ॥
সুমরি মঝু তনু অবশ ভেল জনি
অথির থর থর কাঁপ।
ই মঝু গুরুজন-নয়ন দারুণ
ঘোর তিমিরহি ঝাঁপ ॥ ৪ ॥
তোরিতে চল অব কিয়ে বিচারহ
জীবন মঝু আগুসার।
কবিশেখর বচনে অভিসর
কিয়ে সে বিঘিন বিথার ॥ ৫ ॥

৫। শাতি—শাস্তি। আইতি—আয়ত্ত। তাহিতর—তদ্ব্যতীত।

১। যায়েত—যায়। মএে—আমি।

২। নখত—নক্ষত্র।

৩। তুলায়ল—ব্যাপ্ত হইল। পঞ্চদশী—পূর্ণিমা। মার—কন্দর্প। উদবেজক—উদ্বেজক। কএোনে—কে। কুগত—অশুভাগত।

১। গুরুঅ—গুরু। মধুমাস—চৈত্র।

২। উগি—উদিত হইয়া। শুতি—শুইতে।

৩। পয় পয়—পদে পদে। জালক—জালের। ছেকলি—ঘেরা।

৪। কেমন—কোন, কে।

১। বলগই—লম্ফ দিয়া।

২। সুমরি—স্মরণ করিয়া।

৫। বিঘিন—বিঘ্ন।

৫১

কাজরে রাঙ্গলি সঞে জনি রাতি।
অইসন বাহর হোইতে শাতি ॥ ১ ॥
তড়িতহু তেজলি মিত অন্ধকার।
আশা সংশয় পরু অভিসার ॥ ২ ॥
ভাল ন কয়ল মঞে দেল বিশবাস।
নিকট জোএ নসত কান্হুক বাস ॥ ৩ ॥
জলদ ভুজঙ্গম দুহু ভেল সঙ্গ।
নিচল নিশাচর কর রসভঙ্গ ॥ ৪ ॥
মন অবগাহএ মনমথ রোষ।
জীবও দেলে নহি হোএত ভরোস ॥ ৫ ॥
অগমন গমন বুঝএ মতিমান।
বিদ্যাপতি কবি এহ রস জান ॥ ৬ ॥

৫২

ঝর ঝর বরিষ সঘন জলধার।
দশ দিশ সবহু তেহ আঁধিয়ার ॥ ১ ॥
এ সখি কিয়ে করব পরকার।
অব জনু বারএ হরি অভিসার ॥ ২ ॥
অন্তরে শ্যামচন্দ্র পরকাশ।
মনহি মনোভব লই নিজ পাশ ॥ ৩ ॥
কৈসনে সঙ্কেত বঞ্চব কান।
সুমরই জর জর অথির পরাণ ॥ ৪ ॥
ঝলকই দামিনী দহন সমান।
ঝন্ ঝন্ শবদ কুলিশ ঝন ঝান ॥ ৫ ॥
ঘর মাহ রহত রহই ন পার।
কি করব ই সব বিঘিনি বিথার ॥ ৬ ॥
চড়ব মনোরথ সারথি কাম।
তোরিত মিলায়ব নাগর ঠাম ॥ ৭ ॥
মন মঝু সাখী দেত পুহু বার।
কহ কবিশেখর কর অভিসার ॥ ৮ ॥

৫৩

আওল প্রাবুট নিবিড় অন্ধার।
সঘন নীর বরিষয়ে জলধার ॥ ১ ॥
ঘন হন দেখিয় বিঘটতি রঙ্গ।
পথ চলইতে পথিকহু মন ভঙ্গ ॥ ২ ॥
কওনে পরি আওত বল্লভ হমার।
আগু ন চল অভিসারিণী পার ॥ ৩ ॥
গুরুগৃহ তেজি শয়নগৃহ বাথি।
তথিহু বধূজন শঙ্কা আথি ॥ ৪ ॥
নদীক জোরা ভউ অথাহ।
ভীম ভুজঙ্গম পথ চললাহ ॥ ৫ ॥

৫৪

রজনী কাজর বম ভীম ভুজঙ্গম
কুলিস পড়য়ে দুরবার।
গরজ তরজ মন রোষে বরিষ ঘন
সংশয় পড় অভিসার ॥ ১ ॥
সজনি বচন ছড়ইতে মোহি লাজ।
যে হোয়ত সে হোয়ও বরু সবে হমে অঙ্গিকরু
সাহস মন দেল আজ ॥ ২ ॥
অপন অহিত লেখ কহইতে পরতেখ
হৃদয়ক ন পাইয় ওল।
চাঁদ হরিণবহ রাহু কবল সহ
পেম পরাভব থোল ॥ ৩ ॥
চরণ বেধিল ফণী হিত করি মানিল ধনী
নূপুর ন করয়ে রোল।
সুমুখি পুছঞো তোহি স্বরূপ কহসি মোহি
সিনেহ কত দূর ওল ॥ ৪ ॥

১। রাঙ্গলি—রং করিয়াছে। অইসন—এমন সময়।
২। মিত—মিত্র। পরু—পড়িল।
৩। জোএ—খুঁজিয়া। নসত—অশক্ত।
৫। অবগাহএ—ডুবিয়া যায়। ভরোস—ভরসা।
২। পরকার—প্রকার।
২। মাহ—মধ্যে।
৪। সুমরই—স্মরণ করিতে।
৮। সাখী—সাক্ষী।

২। হন—বিদ্যুৎ। বিঘটতি—ব্যাহত।
৪। বাথি—যাইতেছে। তথিহু—তাহাতেও। আথি—আছে।
৫। নদীক—নদীর। জোরা—জোর। ভউ—হইল। অথাহ—অথই।
১। কাজর—কজ্জল। বম—উদ্গীরণ। পড়য়ে—পড়িতেছে। দুরবার—দুর্ব্বার। তরজ—তর্জ্জন। পড়—পড়িল।
২। ছড়ইতে—ত্যাগ করিতে।
৩। লেখ—গণনা। পরতেখ—প্রত্যক্ষ। ওল—ওর, সীমা। হরিণবহ—কলঙ্কবহ, চন্দ্র। থোল—থোড়া, অল্প।

ঠামহি রহিয় ঘুমি পরশে চিহ্নিঅ ভূমি
ডগমগ উপজু সন্দেহ।
হরি হরি শিব শিব তাবে যাইহ জীব
যাবে ন উপজু সিনেহ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনহ সুচেতনি
গমন ন করহ বিলম্বে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
সকল কলা অবলম্বে ॥ ৬ ॥

৫৫

কাজরে সাজলি রাতি।
ঘন তই বরিষয়ে জলধর পাঁতি ॥ ১ ॥
বরিষ পয়োধর ধার।
দূর পথ গমন কঠিন অভিসার ॥ ২ ॥
যমুনা ভয়াউনি নীরে।
আরতি ধসতি পাউতি নহি তীরে ॥ ৩ ॥
বিজুরী তরঙ্গে ডরাই।
তৌ ভল কর জোঁ পলটি ঘর যাই ॥ ৪ ॥
ঝাঁখথি দেব বনমালী।
এহি নিশি কোনে পথি আউতি গোয়ালী ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি বাণী।
তোহহুঁ তেহ কান্হ নারী সয়ানী ॥ ৬ ॥

৫৬

পন্থ পিছর নিশি কাজর কাঁতি।
পাতরে ভৈ গেল দিগ ভঁরাতি ॥ ১ ॥
চরণে বেড়ল অহি তেঁ নহি শঙ্ক।
সুন্দরি হৃদয় নূপুর পুর পঙ্ক ॥ ২ ॥
কি কহব মাধব পিরীতি তোহারি।
তুয় অভিসার ন জীয়ে বরনারী ॥ ৩ ॥
বরাহ মহিষ মৃগ পালে পলায়।
দেখি অনুরাগিণী বাঘ ডরায় ॥ ৪ ॥
ফণিমণি-দীপ ভরমে দেই ফুক।
কত বেরি লাগল নাগিনী মুখে মুখ ॥ ৫ ॥
কহ কবিরঞ্জন করহ সন্তোষ।
আজুক বিলম্ব গমনে নহি দোষ ॥ ৬ ॥

৫৭

বাট বিকট ফণিমালা।
চউদিশ বরিষয়ে জলধর জালা ॥ ১ ॥
হে মাধব বাহু তরিএ নদী ভাগে।
কতএ ভীতি জোঁ দৃঢ় অনুরাগে ॥ ২ ॥
বনে ছিল একলি হরিণী।
ব্যাধ কুসুমশরে পাউলি রজনী ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি ভাণে।
রূপনারায়ণ নৃপ রস জানে ॥ ৪ ॥

৫৮

রাধা :—কোমল কমল কেন বিহি সিরজল
মো চিন্তা পিয় লাগি।
চিন্তা ভরে নীন্দে নহি শোঅঞো
রয়নী গমাবঞো জাগি ॥ ১ ॥
সখী :—বর কামিনি হে কাম পিয়ারী
নিশি অন্ধিয়ারি ডরাসি।
গুরু নিতম্বভরে চলহি ন পারসি
কানক পীড়লি যাসি ॥ ২ ॥

৫। ঠামহি—এক স্থানেই। রহিয়—থাকি। ঘুমি—ঘুরিয়া। উপজু—উপজিল।
১। সাজলি—সাজিল। ভই—হইয়া। পাঁতি—পংক্তি।
৩। ভয়াউনি—ভয়ানক। ধসতি—পড়িবে। পাউতি—পাইবে।
৪। তৌ—তবে। ভল কর—ভাল করে। জোঁ—যদি।
৫। ঝাঁখথি—শোক করিতেছে।
৬। তোহহুঁ—তোর। তেহ—হইতে।
১। পিছর—পিচ্ছিল। পাতরে—প্রান্তরে। ভরাঁতি—ভ্রান্তি।
২। তেঁ—তাহাতে।

২। তরিএ—উত্তীর্ণ। ভাগে—ভাগ্যে।
১। রাস্তায় বিকট সর্প সকল রহিয়াছে। জলধর চারিদিকে বারি বর্ষণ করিতেছে।
২। হে মাধব, বহু ভাগ্যে বাহু দ্বারা নদী পার হইয়া আসিল। দৃঢ় অনুরাগ যদি থাকে, তাহা হইলে কি ভয় থাকে।
১। শোঅঞো—শয়ন করি। গমাবঞো—যাপন করি।
২। পিয়ারী—প্রিয়া, অনুরক্তা। ডরাসি—ভয় পাও।

শ্রাবণ মেঘ ঝিমি ঝিমি বরিখয়ে
বহল ভমএ জল পূরে।
বিজুরি লতা চক চক মক কর
দিঠি ন পসরএ দূরে॥ ৩॥

৫৯

সখি হে অইসনি নিশি অভিসার।
তোহি তেজি করয়ে কে পার॥ ১॥
ভমএ ভুজঙ্গম ভীম।
পঙ্কে পূরল চৌসীম॥ ২॥
দিগমগ দেখিয় ঘোর।
পএর দিয় বিজুরি উজোর॥ ৩॥
সুকবি বিদ্যাপতি গাব।
মহথ মদন পরথাব॥ ৪॥

৬০

নিশি নিশিচর ভম ভীম ভুজঙ্গম
জলধর বিজুরি উজোর।
তরুণ তিমির নিশি তইঅও চললি যাসি
বড় সখি সাহস তোর॥ ১॥
সুন্দরি কওন পুরুষ ধন যে তোর হরল মন
জস্র লোভে চলু অভিসার॥ ২॥
আতর দুতর নরি সে কইসে যাবয়ে তরি
আরতি ন করিয়া ঝাঁপ।
তোরা অছ পচশর তে তোহি নহি ডর
মোর হৃদয় বরু কাঁপ॥ ৩॥
ভণই বিদ্যাপতি অরে বর যুবতি
সাহস কহহি ন যাএ।
আছয়ে যুবতী গতি কমলা দেবী পতি
মন বস অরজুন রাএ॥ ৪॥

৬১

রিপু পঞ্চশর জানি অবসর
সব সেনা সাজে।
হেরি শূন পথ ত্রুটি মনোরথ
কে জান কি হোইতি আজে॥ ১॥

নিষ্ফল ভেলি যুবতী।
হরি হরি হরি রাতি তেজ হরি
পলটলি নহি দূতী॥ ২॥
সাজি অভিসারা পড়ি অন্ধকারা
উগি-জহু যা ভোরা।
আরতি বেরা জএো হো মেরা
লাখ গুণ সুখ-থোরা॥ ৩॥

৬২

হিমকর কিরণ হিম অনিবার।
দিশি দিশি হিমগিরি পবন বিথার॥ ১॥
চললি রমণী ধনী আকুল চিত।
সঙ্কেত কেলি-নিকুঞ্জে উপনীত॥ ২॥
ন দেখি তঁহি বর নাগর কান।
কাতর অন্তর আকুল পরাণ॥ ৩॥
গুরুজন নয়ন পাশগণ বারি।
আওল কুলবতী চরিত উঘারি॥ ৪॥
ইথে যদি ন মিলল সে বর কান।
কহ সখি কৈসনে ধরব পরাণ॥ ৫॥
কহ কবিশেখর সুন্দরি রাহি।
ধৈরয ধর হম আনব যাহি॥ ৬॥

৬৩

নিজ মন্দির সেঁ পদ দুই চারি।
ঘন হন বরিষ মহী ভর বারি॥ ১॥
পথ পিছর বড় গুরুয় নিতম্ব।
খস কত বেরী নহি অবলম্ব॥ ২॥
বিজুরি ছটা দরশাবএ মেঘ।
উঠএ চাহ জল ধারক থেঘ॥ ৩॥
এক গুণে তিমির লাখ গুণে ভেল।
উতরহু দখিণ ভান দূর গেল॥ ৪॥

৩। বহল—বহিতেছে। ভমএ—ঘুরিতেছে। পূরে—প্রবাহ।
৩। পএর—পদের।
৩। আতর—অন্তর। দুতর—দুস্তর। নরি—নদী। ঝাঁপ—গোপন।

২। পলটলি—ফিরিল।
৩। সাজি—সাজিয়াছে। মেরা—মিলন।
১। বিথার—বিস্তার।
৩। তঁহি—তথায়।
৪। পাশগণ বারি—পাশ সকল নিবারণ করিয়া।
১। সেঁ—হইতে।
২। পিছর—পিচ্ছিল। খস—পড়ি।
৩। থেঘ—অবলম্বন।

এ হরি জানি করিয় মোকে রোষ।
আজুক বিলম্ব দৈবে দিও দোষ॥ ৫॥

৬৪

গমনে গমাউলি গরিমা
আগমন জীবন সন্দেহ।
দিনে দিনে তনু অবসন ভেল
হিমকমলিনী সম নেহ॥ ১॥
অবহু ন সুমরহ মধুরিপু
কি করতি সুন্দরী নাম।
বিনু দোষে মোহি বিসরলহুঁ
কাহিনী রহতি বহু ঠাম॥ ২॥
একদিশ কানু অওকাদিশ
সুবিতত বংশ বিশালা।
দুই পথ চঢ়লি নিতম্বিনী
সংশয় পড়ু কুলবালা॥ ৩॥
পাঁচবাণ অতি আতয়ে
ধৈরযে করু মন থিরে।
আঁচরে মুহ দয়ে কাঁদয়ে
ঝাঁক নয়নু বহ নীরে॥ ৪॥

৬৫

পইরি মোএ অইলিহুঁ যমুনা তরঙ্গ।
পথ লাঘল শত সহস ভুজঙ্গ॥ ১॥

নিশি নিশাচর সঞ্চর সাথ।
ভাগে ন মোহি কেহু ধইলিহু হাথ॥ ২॥
এত করি অইলিহুঁ জীব উপেখি।
তইঅও ন ভেলে মোহি মাধব দেখি॥ ৩॥
তহি নহি পঢ়লিএ মদনক রীতি।
পিশুনক বচনে কইলি পরতীতি॥ ৪॥
দূতী দম্পতি দুঅও অবোধ।
কাজ আলস দুহু পরম বিরোধ॥ ৫॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয ধরি রহ মিলত মুরারি॥ ৬॥

৬৬

কুসুমে রচিত শেযা দীপ রহল তেজা
পরিমল অগর চন্দনে।
যবে যবে তুয় মেয়া নিফলে বহলি বেরা
তবে তবে পীড়লি মদনে॥ ১॥
মাধব তোরি রাহি বাসক সজা।
চরণ শবদ জানে চৌদিশ আপএ কানে
পিয়া লোভে পরিণতি লজা॥ ২॥
শুনিঅ সুজন নামে অবধি ন চুকএ ঠামে
জনি বন পইসল হরি।
সে তুয় গমন আশে নিন্দ ন আবে পাশে
লোচন লাগল দেহরী॥ ৩॥

৬৭

জাগল যামিক জন চউদিশ গরজ ঘন
শাশু নহি তেজএ গেহা রে।

১। গমাউলি—হারাইলাম। গরিমা—গৌরব। অবসন—অবসন্ন।
২। অবহু—এখনও। সুমরহ—স্মরণ করে। মধুরিপু—মাধব। করতি—করিবে, করিতেছে। মোহি—আমাকে। বিসরলহুঁ—বিস্মৃত হইল। রহতি—রহিবে।
৩। দিশ—দিকে। আওকাদিশ—অপর দিকে। সুবিতত—সুবিদিত। বিশালা—মহৎ। চঢ়লি—চড়িল। পড়ু—পড়িল।
৪। ঝাঁক—শোকাকুল। আতয়ে—দহন করে, সন্তপ্ত করে। থিরে—স্থির।
১। পইরি—পার হইয়া। অইলিহুঁ—আসিলাম। সহস—সহস্র। লাঘল—লঙ্ঘন করিলাম।

২। মোহি—আমার। ধইলিহু—ধরিল। হাথ—হাত।
৩। তইঅও—তবুও।
৪। তহি—তিনি।
৫। দম্পতী—রাধা ও মাধব।
৬। মিলত—মিলিবে।
১। শেযা শয্যা। অগর—অগরু। বেরা—সময়।
২। বাসক সজা—বাসকসজ্জা। আপএ—অর্পণ করে।
৩। চুকএ—ভুলিয়া যায়। দেহরী—দেউড়ি।
১। জাগল—জাগিয়া রহিয়াছে। যামিক জন—প্রহরী। শাশু—শ্বশ্রূ।

তইও সে চললে বুধিবলে কৌশলে
এত বড় তোহর সিনেহা রে ॥ ১ ॥
এ হরি তোহর ধৈরয যত সে সবে কহব কত
ধনী গেলি শূন সঁকেতা রে।
যদি ন অএলা হে তোহে ধনী সে কহলি কোহে
থোইআ গেলি মালতী মালা রে ॥ ২ ॥
সগরি রজনী জাগি তুয় দরশন লাগি
তরুতর তিতলি বালা রে।
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
নীন্দ জগইতে সন্দেহা রে ॥ ৩ ॥

৬৮

কহ কহ সুন্দরি ন কর বেয়াজে।
পূরুব সুকৃত কেহ কি পাওল
মদন মহাসিধি কাজে ॥ ১ ॥
মৃগমদ তিলক অগুরু অনুলেপিত
শামর বসন সমারি।
হেরহ পছিম দিশ কখন হোয়ত নিশ
গুরুজন নয়ন নিহারি ॥ ২ ॥
বিনু কারণ গৃহ করহ গতাগত
মুদি নয়ন অরবিন্দা।
অতি পুলকিত তনু বিহসি অকামিক
জাগি উঠলি সানন্দা ॥ ৩ ॥
চেতন হাথ নাথ নহি সম্ভব
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
সকল কলারস জানে ॥ ৪ ॥

৬৯

সখি হে আজ যায়ব মোহি।
ঘর গুরুজন ডর মানব
বচন চুকব নহি ॥ ১ ॥
চন্দন আনি আনি অঙ্গে লেপব
ভূষণ করি গজমোতি।
অঞ্জনবিহীন লোচন-যুগল
ধরত ধবল জ্যোতি ॥ ২ ॥
ধবল বসনে তনু ঝপাওব
গমন করব মন্দা।
যইও সগর-গগনে উগত
সহসে সহসে চন্দা ॥ ৩ ॥
ন হমে কাহুক দিঠি নিবারবি
ন হম করব ওতে।
অধিক চোরী পর স ও করিয়
এহে সিনেহক লোতে ॥ ৪ ॥
ভণে বিদ্যাপতি শুনহ যুবতি
সাহস সকল কাজে।
বুঝ শিবসিংহ রস রসময়
সুরমা দেবী সমাজে ॥ ৫ ॥

৭০

আজ পূর্ণিমা তিথি জানি মোয়ে ঐলিহু
উচিত তোহর অভিসার।
দেহ জ্যোতি শশিকিরণ সমাইতি
কে বিভিনাবয় পার ॥ ১ ॥
সুন্দরি আপনহুঁ হৃদয় বিচারি।
আঁখি পসারি জগত হম দেখল
কে জগ তুয় সনি নারী ॥ ২ ॥
তোহেঁ জনু তিমির হিত কয় মানহ
আনন তোর তিমিরারি।
সহজ বিরোধ দূরে পরিহর ধনি
চল উঠি যতয় মুরারি ॥ ৩ ॥

২। ধৈরয - ধৈর্য্য। সঁকেতা—সঙ্কেত স্থান। কোহে—কেন। থোইআ—থুইয়া।
৩। তিতলি—ভিজিল।
২। শামর—নীল। সমারি—সম্বরণ করতঃ। পছিম—পশ্চিম।
৩। অকামিক—অকারণে।
৪। চেতন—চতুর। নাথ—ছলনা।
১। মোহি—আমি। বচন চুকব—বাক্যভ্রষ্ট।
৩। মন্দা—ধীরে। সগর—সকল। সহসে—সহস্র।
৪। কাহুক—কাহারও। দিঠি—দৃষ্টি। ওতে—গোপন। সিনেহক—স্নেহের। সঁও—হইতে। এহে—ইহাই। লোতে—অপহৃত বস্তু।
৫। সমাজে—সঙ্গে।
১। মোয়ে—আমি। ঐলিহু—আসিয়াছি। সমাইতি—গমন করিবে। বিভিনাবয়—বিভিন্ন বোধ করিতে।
২। পসারি—প্রসারিত। সনি—সদৃশ।
৩। জনু—না। যতয়—যেখানে।

দূতী বচন হিত কয় মানল
চালক ভেল পচবাণ।
হরি অভিসারে চলিল বর কামিনী
বিদ্যাপতি কবি ভাণ ॥ ৪ ॥

৭১

রাহু মেঘ ভএ গরসল সূর।
পথ পরিচয়ে দিবসহি ভেল দূর ॥ ১ ॥
নহি বরিষয়ে অবসর নহি হোএ।
পুর পরিজন সঞ্চর নহি কোএ ॥ ২ ॥
চল চল সুন্দরি কর গিয়া সাজ।
দিবস সমাগম সপজত আজ ॥ ৩ ॥
গুরুজন পরিজন ডর কর দূর।
বিনু সাহসে অভিমত নহি পূর ॥ ৪ ॥
এহি সংসার সার বতু এহ।
তিল এক সঙ্গম যাব জীব নেহ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি কবিকণ্ঠহার।
কোটিহু না ঘটে দিবস অভিসার ॥ ৬ ॥

৭২

গুরুজন কহি ছুরজন সঞো বারি।
কৌতুকে কুন্দ করসি ফুল ধারি ॥ ১ ॥
কৈতবে বারি সখীজন সঙ্গ।
অহ অভিসার পূর রতিরঙ্গ ॥ ২ ॥
এ সখি বচন করহি অবধান।
রাত কি করতি আরতি সমাধান ॥ ৩ ॥
অন্ধ কূপ সম রয়নী বিলাস।
চোরক মন জনি বসয়ে বাস ॥ ৪ ॥
হরষিত হোএ লঙ্কাকে রাএ।
নাগর কি করতি নাগরী পাএ ॥ ৫ ॥

৭৩

দৃঢ় বিশোয়াসে তুয় পন্থ নিহারি।
যামুন কুঞ্জে রহল বনমারি ॥ ১ ॥
সুন্দরি মা কুরু মনোরথ ভঙ্গ।
অহ অভিসারে দ্বিগুণ থিক রঙ্গ ॥ ২ ॥
তুহু ধনি সহজহি পদুমিনী জাতি।
তোহর বিলম্ব উচিত নহ আতি ॥ ৩ ॥
ভুখল জন যদি ন পায়ব অন্ন।
বিফল ভোজন দিন অবসন্ন ॥ ৪ ॥
আরতি রতি দুহু নহ সমতুল।
গাহক আদর সবহু তহ মূল ॥ ৫ ॥
গিয়া মিল নাগরি যদুমণি পাহ।
কহ কবিরঞ্জন রস নিরবাহ ॥ ৬ ॥

৭৪

জলদ বরিষ ঘন দিবস অন্ধার।
রয়নী ভরমে হমে সাজু অভিসার ॥ ১ ॥
আসুর করমে সফল ভেল কাজ।
জলদহি রাখল দুহু দিশ লাজ ॥ ২ ॥
মঞে কি বোলব সখি অপন গেয়ান।
হাথিক চোরি দিবস পরমাণ ॥ ৩ ॥
মঞে দূতী মতি মোর হরাস।
দিবসহু কে যায়ে নিজ পিয় পাশ ॥ ৪ ॥
আরতি তোরি কুসুমশর রঙ্গ।
অতি জীবনে দেখিয় অভিসঙ্গ ॥ ৫ ॥
দূতী বচনে সুমুখী ভেল লাজ।
দিবস অএলাহু পরপুরুষ-সমাজ ॥ ৬ ॥

১। গরসল—গ্রাস করিল। সূর—সূর্য্য। পথ পরিচয়ে—পথ চিনিতে অর্থাৎ নিরূপণ করিতে। দূর—দুরূহ।
৩। সাজ—সজ্জা। সপজত—সম্পূর্ণ হইবে।
৫। এহি—এই। বতু—বস্তু।
১। বারি- নিবারণ করিয়া। ২। ধারি—ছুটাছুটি করা।
২। অহ—দিবা। পূর—পূর্ণ কর।
৪। বসয়ে বাস— বাস করে।
৫। রাএ—রাজা।
১। বিশোয়াসে—বিশ্বাসে। যামুন কুঞ্জ—যমুনার তীরবর্ত্তী কুঞ্জ।
২। অহ—দিবা।
৩। আতি -আসিতে।
৪। ভুখল—ক্ষুধিত।
৫। আরতি—আর্ত্তি। গাহক- গ্রাহক।
৬। যদুমণি—মাধব।
১। অন্ধার—অন্ধকার।
২। আসুর—আসুরিক। দুহু দিশ—দুই দিকের।
৪। হরাস—হ্রাস।
৫। আরতি—অনুরাগ। অভিসঙ্গ—মিথ্যা অপবাদ।

৭৫

তপনক তাপে তপত ভেল মহীতল
তাঁতল বালুকা দহন সমান।
চড়ল মনোরথ ভাবিনী চলু পথ
তাপ তপন নহি জান॥ ১॥
পেমক গতি দুরবার।
নবীন যৌবনী ধনী চরণ-কমল জিনি
তইও কয়ল অভিসার॥ ২॥
কুলগুণ-গৌরব সতী যশ অপযশ
তৃণ করি ন মানয় রাধে।
মন মাহা মদন মহোদধি উছলল
বুড়ল কুল মরিযাদে॥ ৩॥
কতহু বিঘিনি জিতল অনুরাগিণী
সাধল মনমথ তন্ত।
গুরুজন নয়ন নিবারইত সুবদনী
পাঠ করয় মন মন্ত॥ ৪॥
কেলি কলাবতী কুসুমসরসিকূলে
কৌশলে করল পয়ান।
যত ছিল মনোরথ পূরল মনমথ
ইহ কবিশেখর ভাণ॥ ৫॥

৭৬

সুরত সমাপি শুতল বর নাগর
পানি পয়োধরে আপি।
কনক-শম্ভু জনি পূজি পূজারে
ধয়ল সরোরুহে ঝাঁপি॥ ১॥
সখি হে মাধব কেলি বিলাসে।
মালতী রমি অলি নাই অগোরসি
পুনু রতিরঙ্গক আশে॥ ২॥
বদন মেরাএ ধয়লহি মুখমণ্ডল
কমল মিলল জনি চন্দা।
ভমর চকোর দুঅও অরসায়ল
পীবি অমিয় মকরন্দা॥ ৩॥

ভণই অমিকর শুনহ মথুরাপতি
রাধাচরিত অপারে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
সুকবি ভণথি কণ্ঠহারে॥ ৪॥

৭৭

জলধর রুচি অম্বর পহিরাউলি
শ্বেত সারঙ্গ কর রামা।
সারঙ্গ অদন দাহিন কর মণ্ডিত
সারঙ্গ গতি চলু রামা॥ ১॥
মাধব তোরে বোলে আনল রাহি।
সারঙ্গ ভাস পাশ সঞো আনলি
তোরিত পঠাবহ তাহি॥ ২॥
শম্ভুঘরিণী বেরি আনি মেরাউলি
হরি-সুত-সুতধ্বনি ভেলা।
অরুণক জ্যোতি তিমির পিবি উগল
চান্দ মলিন ভই গেলা॥ ৩॥

৭৮

পরক পেয়সী আনলি চোরি।
শাতি অঙ্গিরলি আরতি তোরি॥ ১॥

১। তাতল—তপ্ত; দহন—অগ্নি।
৪। তন্ত—তত্ত্ব। মন্ত—মন্ত্র।
১। আপি—অর্পণ করিয়া। ২। পূজারে—পূজারী। ২। নাই—ন্যায়। অগোরসি—আগলাইতেছে।
৩। মেরাএ—মিলাইয়া। ধয়লহি—রাখিয়াছেন। অরসায়ল—আলস্য বোধ।

নায়কশ্রেষ্ঠ মাধব সুরত সমাপনান্তে শ্রীমতীর পয়োধরে হস্তার্পণ করিয়া শয়ন করিলেন। বোধ হইতেছে যেন পূজারী কনক-শম্ভুর পূজা শেষ করিয়া তাহা পদ্ম দ্বারা আচ্ছাদন করিয়া রাখিল। হে সখি, মাধবের কেলিবিলাস দেখ। অলি যেরূপ মালতীকে রমণ করিয়া রতিরঙ্গের আশায় আগলাইয়া থাকে, তদ্রূপ মাধবও মুখমণ্ডলে মুখ মিলাইয়া রাখিয়াছেন; তাহাতে মনে হইতেছে, চন্দ্রের উপর যেন পদ্ম মিলিত হইয়াছে। অমৃত ও মধু পান করিয়া ভ্রমর ও চকোর দুইজনেরই আলস্য বোধ হইয়াছে।

১। পহিরাউলি—পরাইলাম। সারঙ্গ—পদ্ম। সারঙ্গ অদন—ছাগের ভক্ষ্য, পাণ। সারঙ্গ—হস্তী।
২। সারঙ্গ ভাস—পশুর রব।
৩। শম্ভুঘরিণী বেরি—সন্ধ্যার সময়। হরি-সুত-সুত ধ্বনি ভেলা—হরি ইন্দ্র—ইন্দ্রসুত—জয়ন্ত—তৎসুত কাক; কাকসকল শব্দ করিল অর্থাৎ প্রভাত হইল।
১। অঙ্গিরলি—অঙ্গীকার করিয়াছিলাম।

তোহি নাহি ডর ওহি ন লাজ।
চাহসি সগরি নিশি সমাজ॥ ২॥
রাখ মাধব রাখহ মোহি।
তোরিত ঘর পঠাবহ ওহি॥ ৩॥
তোহে ন মানহ হমর বাধ।
পুনু দরশন হোইতি সাধ॥ ৪॥
ওহও মুগুধি জানি ন জান।
সংশয় গড়ল পেম পরান॥ ৫॥
তোহহু নাগর অতি গমার।
হঠে কি হোইহ সমুদ পার॥ ৬॥

৭৯

গগনে মগন হোয় তারা।
তইঅও ন কানু তেজয় অভিসারা॥ ১॥
আপনা সরবস লাথে।
আনক বোলি লুঠিয় দুহু হাথে॥ ২॥
টুটল গ্রীম মোতিহারা।
বেকত ভেল অছি নখক্ষত ধারা॥ ৩॥
নহি নহি নহি পএ ভাথে।
তইঅও কোটি যতন করি রাখে॥ ৪॥

ভণহি বিদ্যাপতি বাণী।
এহি তিনহু মহ দূতী সয়ানী॥ ৫॥

৮০

হে হরি! হে হরি! শুনিয় শ্রবণ ভরি
অব ন বিলাসক বেরা।
গগনে নখত ছিল সেহো অবেকত ভেল
কোকিল করইছ ফেরা॥ ১॥
চকবা মোর শোর কয় চুপ ভেল
ওষ্ঠ মলিন ভেল চন্দা।
নগরক ধেনু ডগরকই সঞ্চর
কুমুদিনী বসু মকরন্দা॥ ২॥
মুখের পাণ সেহো রে মলিন ভেল
অবসর ভল নাহি মন্দা।
বিদ্যাপতি ভণ ইহো ন নিক থিক
জগ ভরি করইছ নিন্দা॥ ৩॥

৮১

কুমুদবন্ধু মলিন ভাসা
চারু চম্পক অরুণ বিকাশা
শুদ্ধ পঞ্চম গাব কলরব
কলয়কণ্ঠী কুঞ্জ রে॥ ১॥
রে রে নাগর যায়ে দেহ নিজ ঘর
ছোড় অঞ্চল যাব, পথ নহি পথিক সঞ্চর
লাজ ডর নহি তো পরাণী
দে মেলানি রে॥ ২॥
শুনিয় দম্ভাজনক রোরা
চক্ক চক্কী বিরহ থোরা

২। ওহি—উহার।
৪। সগরি—সমস্ত। বাধ—নিষেধ।
৫। মুগুধি—মুগ্ধা।
৬। হঠ—বল প্রকাশ। সমুদ—সমুদ্র।

দূতী বলিতেছে, অপরের প্রেয়সীকে চুরি করিয়া লইয়া আসিয়াছি, তোমার কাতরতা দর্শনে এরূপ শাস্তি অঙ্গীকার করিয়াছিলাম কিন্তু এখন দেখিতেছি, তোমার ভয় নাই—উহারও লজ্জা নাই। তুমি কি উহাকে সমস্ত রাত্রি রাখিতে চাও! মাধব, আমাকে রক্ষা কর। উহাকে সত্বর গৃহে পাঠাইয়া দাও। তুমি আমার নিষেধ শুনিতেছ না, কিন্তু মনে থাকে যেন, আবার দর্শনের সাধ হইবে! ও ত মুগ্ধা, বুঝিয়াও বুঝিতে পারিতেছে না যে, প্রেমের জন্য প্রাণ সংশয় হইয়াছে, তুমিও নাগর, অতিশয় নির্ব্বোধ, মনে করিতেছ কি বল প্রকাশ করিয়া সাগর পার হইবে?

১। তইঅও—তথাপিও।
২। সরবস—সর্ব্বস্ব। লাথ—ছলনা।
৩। গ্রীম—গ্রীবা। ভেল অছি—হইয়াছে।
৪। ভাথে—ভাষে।

৫। তিনহু—তিনই। মহ—মধ্যে। সয়ানী—সেয়ানা।
১। অবেকত—অব্যক্ত, অপ্রকাশ। ফেরা—ডাকাডাকি।
২। চকবা—চক্রবাক। মোর—ময়ূর। শোর—শোরগোল অর্থাৎ কোলাহল। ডগরকই—মাঠস্থিত পথ। সঞ্চর—সঞ্চরিত হইল অর্থাৎ বাহির হইল। বসু—বাস করিয়া রহিল।
১। কুমুদবন্ধু—চন্দ্র। ভাসা—হইল।
২। তো—তোমার। মেলানি—বিদায়।
৩। দম্ভাজনক—দম্পতীজনের। রোরা—রোল। চক্ক—চক্রবাক। চক্কী—চক্রবাকী।

নিশি বিরামা সখন
হকইত মুছুনা রে ॥ ৩ ॥
ধোয়ে গেল জনি নয়ন কজ্জল
অমিয় লয়ে জনি কয়ল উজ্জল
অবহু ন বল্লভ তুয় মনোরথ
কাম পূরও রে ॥ ৪ ॥
হৃদয় উথড়ু মোতিমহারা
নিফুল ফুল মালতী মালা
চন্দ্রসিংহ নরেশ জীবও
ভানু জম্পএ রে ॥ ৫ ॥

৮২

ন কহ ন কহ মিথ্যা অপবাদ।
সহজে যৌবন তাহে কুল মরিযাদ ॥ ১ ॥
সখী পরসঙ্গে নিশি জাগল হাম।
বিপরীত হোয় জনু গুরুকুল ঠাম ॥ ২ ॥
ঐসন বচন পুনু ন কহবি মোয়।
রহসহি বচন সাঁচ জনি হোয় ॥ ৩ ॥

৮৩

সখি হে তোহে হমর বহু সেবা।
ঐসন বাণী কবহু জনি বোলবি
জাতি কুল কিয়ে লেবা ॥ ১ ॥
গোকুল নগরে কানু রতি-লম্পট
যৌবন সহজ হমারা।
তুহু সখি রভসে মোহে জনি বোলবি
লোক করব পতিয়ারা ॥ ২ ॥
কেশর কুসুম হেরি হম কৌতুকে
ভুজযুগে মেটল তাহি।
দাড়িম ভরমে পয়োধর উপর
পড়লহু কীর লোভাহি ॥ ৩ ॥
উভয় চকিত ভুজে ইতি উতি পেখল
তৈঁ বেশ ভৈ গেল আন।
ইথে পরিবাদ, কহসি মোহে বৈরিণী
ইহ কবিশেখর ভাণ ॥ ৪ ॥

৮৪

খর নদীবেগে ভাসলি নাই।
ধরয়ে ন পারথি বাল কানাই ॥ ১ ॥
তেঁ ধসি যমুনা ভেলহু পার।
ফুটল বলয়া টুটল হার ॥ ২ ॥
এ সখি এ সখি ন বোল মন্দ।
নীরস বচনে বাঢ়ল দ্বন্দ্ব ॥ ৩ ॥
কুণ্ডল খসল যমুনা মাঝ।
তাহি জোহইতে পড়লি সাঁঝ ॥ ৪ ॥
অলক তিলক তেঁ বহি গেল।
সুদ সুধাকর বদন ভেল ॥ ৫ ॥
তটিনী তট ন পাইয় বাট।
তেঁ কুচ গাড়ল কটিন কাঁট ॥ ৬ ॥
ভণে বিদ্যাপতি নির্জ্জ অবসাদ।
বচন কৌশলে জিনিয় বাদ ॥ ৭ ॥

৮৫

কুসুম তোড়য়ে গেলাহু যাহাঁ।
ভ্রমরে অধর খণ্ডল তাহাঁ ॥ ১ ॥

৩। হকইত—হাঁকিয়া। মুছুনা—মূর্চ্ছনা।
৪। ধোয়ে—ধুইয়া।
৫। উথড়ু—ফুটিয়া চিহ্ন হওয়া। জম্পএ—জল্পনা করে।
২। পরসঙ্গে—প্রসঙ্গে। গুরুকুল ঠাম—গুরুজনের নিকটে।
৩। সাঁচ—সত্য। রহসহি—রহস্যের।
১। সেবা—প্রণাম। লেবা—লইবে।
২। পতিয়ারা—প্রতীতি।
৩। কেশর—কিংশুক। মেটল—মর্দ্দণ। কীর—শুকপক্ষী। লোভাহি—লোভার্ত্ত হইয়া।
৪। ইতি উতি—এ দিক্ ও দিক্। তৈঁ—সে।
১। নাই—নৌকা।
২। তেঁ—সেই জন্য। ধসি—পড়িয়া। ভেলহু—হইলাম। ফুটল—ভাঙ্গিল। বলয়া—বলয়। টুটল—ছিঁড়িল।
৪। তাহি—তাহাকে। জোহইতে—খুঁজিতে।
৫। সুদ—শুদ্ধ।
৬। গাড়ল—ফুটিয়া গেল।
৭। জিনিয়—জয় কর।
১। তোড়য়ে—তুলিতে। যাহাঁ—যেখানে। তাঁহা—সেখানে।

তেঁ চলি অয়লাহুঁ যমুনাতীর।
পবনে হরল হৃদয় চীর ॥ ২ ॥
এ সখি স্বরূপ কহল তোহি।
আন কিছু জনু বোলসি মোহি ॥ ৩ ॥
হার মনোহর বেকত ভেল।
উজর উরগ সংশয় গেল ॥ ৪ ॥
তেঁ ধসি ময়ূরে জোড়ল ঝাঁপ।
নখর গাড়ল হৃদয় কাঁপ ॥ ৫ ॥
ভণে বিদ্যাপতি উচিত ভাগ।
বচন পাটবে কপট লাগ ॥ ৬ ॥

৮৬

ননদী স্বরূপ নিরূপহ দোষে।
বিনু বিচারে বেভিচার বুঝওবহ
শাশু করওহ রোষে ॥ ১ ॥
কৌতুকে কমল নাল সঞো তোড়লি
করয়ে চাহল অবতংশ।
রোথে কোথ সঞো মধুকর ধাওল
তেঁহি অধর করু দংশে ॥ ২ ॥
সরোবর ঘাট বাট কণ্টক তরু
দেখহি ন পারল আগু ॥
সাঁকরি বাট উবটি কহু চললাহু
তেঁ কুচ কণ্টক লাগু ॥ ৩ ॥
গুরুয় কুম্ভ শির থির নহি থাকএ
তেঁ উধসল কেশপাশে।
সখীজন সঞো হমে পাছু পড়লিহু
তেঁ ভেল দীঘ নিশাসে ॥ ৪ ॥
পথ অপবাদ পিশুনে পরচারল
তথিহুঁ উতর হমে দেলা।
অমরখ চাহি ধৈরয নহি রহলে
তেঁ গদ গদ স্বর ভেলা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
এই সবে রাখহ গোই।
ননদী সঞো রসরীতি বঢ়াওব
গুপুত বেকত নহি হোই ॥ ৬ ॥

৮৭

ননন্দা—
যাহা লাগি গেলি তাহা কহাঁ লইলি লো,
তা পতি-বৈরি-পিতা কাঁহা।
অছলি হে দুখ সুখে কহহ আপন মুখে
ভূষণ গমওলহ যাঁহা ॥ ১ ॥

২। তেঁ—সেই জন্য।
৩। জনু—না।
৫। ধসি—বেগে। জোড়ল—জুড়িল, দিল। গাড়ল—ফুটাইল।
১। স্বরূপ—আকৃতি। নিরূপহ—নিরূপণ কর। শাশু—শ্বশ্রূ। করওহ—করাইবে।
২। নাল—মৃণাল। তোড়লি—ভাঙ্গিলাম। চাহল—চাহিলাম। রোথে—রোষে। কোথ সঞো—কোষ হইতে।
৩। সাঁকরি বাট—সঙ্কীর্ণ পথ। উবটি কহু—ফিরিয়া।
৪। গুরুয় কুম্ভ—গুরুভার কলসী। উধসল—আলুথালু।
৫। পরচারল—প্রচার করিতেছিল। তথিহুঁ—তাহাতে। অমরখ চাহি—অমর্ষবশতঃ।

এক দিন অভিসারপ্রত্যাগতা রাধাকে দেখিয়া ননন্দা তিরস্কার করিতেছে; রাধা উত্তর দিতেছেন, ননদি, আমার আকৃতি অর্থাৎ দেহ দেখিয়া আমাকে দোষী বলিয়া নিরূপণ করিতেছ কেন? বিনা বিচারে কি আমাকে ব্যভিচারিণী প্রমাণ করাইয়া শাশুড়ীর রোষের কারণ ঘটাইবে? আমার কি হইয়াছে শুন, আমি কৌতুক করিয়া মৃণাল হইতে পদ্ম ছিঁড়িয়া লইয়া শিরোভূষণ করিয়াছিলাম, সেই রাগে মধুকর কোষ হইতে বেগে বাহির হইয়া আমার অধরে দংশন করিয়াছে। সরোবরের সঙ্কীর্ণ পথে যে কণ্টকতরু আছে, তাহা আগে দেখি নাই, সেই জন্য পয়োধরে কণ্টক ফুটিয়া গিয়াছে। গুরুভার কলসী মস্তকে স্থির থাকে না, সেই জন্য কেশকলাপ আলুথালু হইয়া গিয়াছে। সখীদের সহিত আসিতে আসিতে আমি পশ্চাতে পড়িয়াছিলাম, তাহাদের নিকটে আসিবার জন্য আমাকে দৌড়াইতে হইয়াছিল, তজ্জন্য আমার দীর্ঘনিশ্বাস পড়িতেছে। খল ব্যক্তিরা পথে আমার অপবাদ প্রচার করিতেছিল, আমি রাগ করিয়া ধৈর্য্য হারাইলাম, তজ্জন্য আমার স্বর গদগদ হইয়াছে। বিদ্যাপতি বলিতেছেন, হে যুবতীশ্রেষ্ঠ, এ সব গোপন করিয়া

সুন্দরি কি কবি বুঝাওব কন্তে।
যহ্নিকা জনম হোইতে তোঁহে গেলি হে
অইলি হে তহ্নিকা অন্তে ॥ ২ ॥

রাধা—

যাহি লাগি গেলাহুঁ সে চলি আওল
তেঁ মোহি ধএলাহুঁ লুকাই।
সে চলি গেল তাহি লয়ে চললাহু
তেঁ পথে ভেলি অনেয়াই ॥ ৩ ॥
শঙ্করবাহন খেলি খেলাইতে
মেদিনীবাহন আগে।
যে সবে অছলি সঙ্গে সে সবে চললি ভঙ্গে
উবরি অএলাহু অছ ভাগে ॥ ৪ ॥
যাহি তুই খোজ করইছহ শাশুহ্নি
সে মিলু আপনা সঙ্গে।
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
গুপুত নেহ রতিরঙ্গে ॥ ৫ ॥

৮৮

খণরি খণ মহঘি হই কিছু অরুণ নয়ন
কপটে ধরি মান সম্মান লেহি।
কনক জঞো পেম কসি পুনু পলটি বঙ্ক
আধি সঞো অধরমধু পান দেহি ॥ ১ ॥
অরে রে ইন্দুমুখি অরুণ কর পিয় হৃদয় খেদ
কুসুমশর-রঙ্গ সংসার সারা ॥ ২ ॥
বচনে বস হোসি জনু সসরি ভিন হোইহ
সহজে বরু ছাড়ি দেব শয়নসীমা।
প্রথম রস ভঙ্গ ভেলে লোভে মুখশোভ গেলে
বাঁধি ভুজপাশে পিয় ধরব গীমা ॥ ৩ ॥
যদি নয়ন কমলবর মুকুলকের কান্তি ধর
থর নখরঘাত কই সেহে বেলা।
পরম পদ লাভ সম মোদে চিরে হৃদয় রম
নাগরী সুরত-সুখ অমিয় মেলা ॥ ৪ ॥
সরস কবি সুরস ভণে চারুতর চতুরপণে
নারী আরাহিয়ই পঞ্চবাণা।
সকল জন সুজনগতি রাণী লখিমাক পতি
রূপনারায়ণ শিবসিংহ জানা ॥ ৫ ॥

৮৯

আমার বচন শুন সজনি।
মান করবি আদর জানি ॥ ১ ॥
যব কিছু পিয়া পুছব তোয়।
অবনত মুখ রহবি গোয় ॥ ২ ॥
যব পরিহরি চলয়ে চাহি।
কুটিল নয়নে হেরবি তাহি ॥ ৩ ॥
যব কিছু আদর দেখহ থোর।
ঝাপি দেখাওবি কুচ ওর ॥ ৪ ॥
বচন কহবি কাঁদন মাখি।
মান করবি আদর রাখি ॥ ৫ ॥

রাখ। ননন্দার সহিত রসরীতি বাড়াইবে; তাহা হইলে গুপ্ত কথা কখনও ব্যক্ত হইবে না।

২। কন্ত—কান্ত, স্বামী।

৩। ধএলাহুঁ—রাখিলাম। তেঁ—তাই। অনেয়াই—অন্যায়, অযথা।

৪। উবরি—রক্ষা পাইয়া। ভাগে—ভাগ্যে।

৫। শাশুহ্নি—শাশুড়ী।

১। হ্যাঁলা, তুই যাহার (জলের) জন্য গমন করিয়াছিলি, তাহা (জল) কোথায় রাখিলি? তাহার (জলের) পতির (সমুদ্রের) বৈরীর (অগস্ত্যের) পিতাই বা (কুম্ভ) কোথায়?

২। যাহার জন্ম হইলে (সূর্য্যোদয় হইলে) তুই জল আনিতে গিয়াছিলি, তাহার শেষ হইলে (সূর্য্যাস্ত হইলে) ফিরিয়া আসিলি।

৩। যাহার (জলের) জন্য গিয়াছিলাম, সে (বৃষ্টি) চলিয়া আসিল। সে (বৃষ্টি) চলিয়া গেলে তবে তাহা (জল) লইয়া আসিলাম।

৪। শঙ্করবাহন (বৃষ) পথে খেলা করিতেছিল। আর একটা মেদিনীবাহন (সর্প) সম্মুখে আসিল।

১। খণরি খণ—ক্ষণকালের জন্য। কই—করিয়া। মহঘি—মহার্ঘ্য। কসি—কষিয়া, কষিত। আধি—অর্দ্ধ।

৩। হোসি—হোস্, হইবি। সসরি—সরিয়া। বরু—বরং।

৪। মুকুলকের—মুকুলের। সেহে—সেই। মোদ—আনন্দ। মেলা—মিলন।

২। গোয়—গোপনে।

৪। ওর—সীমা, প্রান্ত।

যব করে ধরি নিকট আনি।
উহু উহু করি কহবি বাণী ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি সোই সে নারী।
মানক পিরীতি রাখয় পারি ॥ ৭ ॥

৯০

সখী অবলম্বনে চলবি নিতম্বিনি
থামিবি স্তম্ভ সমীপে।
যব হরি করে ধরি কোর বইসাওব
আঁচরে চোরায়বি দীপে ॥ ১ ॥
সখি মান ন রহত উদাসে।
শত সম্ভাষণে বচন না পরকাশব
যেমন কৃপণ অশোয়াসে ॥ ২ ॥
লহু লহু হসি হসি মুখ মোড়বি
দশন দেখাওব হাসে।
বদন আধ বিহু সাধ ন পূরব
কুচ দরশাওব পাশে ॥ ৩ ॥
বহুবিধ আদরে তাহাকে কাতর দেখি
বিমুখী বইসব বামে।
করে কর ঠেলব আলিঙ্গন বারব
শেষ তেজি বইসব ঠামে ॥ ৪ ॥
করে কর জোরি মোরি তনু উঠব
অম্বর সম্বরি পীঠে।
ভণই বিদ্যাপতি উতকট সঙ্কট
উপজায়ব দীঠে ॥ ৫ ॥

৯১

কোপ করয়ে চাহ নয়নে নিহারি রহ
ধরিতে না পারয় হাসে।
ন বোল পরুষ বাক ন মুখ অরুণ থাক
চাঁদ কি জলই হুতাসে ॥ ১ ॥
এ সখি মান করিতে না জানে।
কত খণ শিখাউবি আনে ॥ ২ ॥

না না না—না না না ভন পিয়রে নখরে হন
যেও জান তথিহু লজাই।
না কর ভৌহভঙ্গ না ধরি মোলই অঙ্গ
খণহি সুলভ ভই যাই ॥ ৩ ॥
অপনে অথিক সুধি ন ধর পরের বুধি
বিষম কুসুমশর মায়া।
বিরহ শোষ ভেলে ভাল হো অধর দেলে
রৌদ শোহাউনি ছায়া ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি হোইহ দুন রতি
পূজবতে পঞ্চবাণে।
রূপিণী দেবীপতি মতি শিরী রতিধর
সকল কলারস জানে ॥ ৫ ॥

৯২

দুহুহি রহিয় করিয় মন আন।
নয়ন পিয়াসল হটল ন মান ॥ ১ ॥
হাস সুধারস তসু মুখ হেরি।
বাঁধলিএ বাঁধ নীবী কতি বেরি ॥ ২ ॥
কি সখি করব ধরব কি গোয়।
করিয় মান যদি আইতি হোয় ॥ ৩ ॥
ধসমস করয় রহও হিয় জাঁতি।
সগর শরীর ধরয় কত ভাঁতি ॥ ৪ ॥

১। চোরায়বি—ঢাকিবি।

২। রহত—থাকে। উদাস—উপেক্ষা। পরকাশব—প্রকাশ করিবি। অশোয়াসে—আশ্বাসে।

৪। বামে—বিরূপ, অপ্রসন্ন। ঠামে—স্থানে।

১। পারয়—পারে।

২। শিখাউবি—শিখাইবে। আনে—অন্য ব্যক্তি।

৩। পিয়রে—প্রিয়কে। তথিহু—তথাপি। মোলই—মোড়ই, ফিরাই।

৪। অথিক—আছে। সুধি—বিবেচনা। বুধি—বুদ্ধি, জ্ঞান। শোষ—শুষ্ক। শোহাউনি—শোভন।

৫। হোইহ—হইবে। দুন—দ্বিগুণ। পূজবতে—পূজা করিতে। মতি—মন্ত্রী। শিরী—শ্রী।

১। রহিয়—থাকিয়া। আন—অন্য। পিয়াসল—পিপাসিত। হটল—নিষেধ।

২। তসু—তাহার। বাঁধলিএ—বাঁধা। বেরি—বার।

৩। ধরব—রাখিব। গোয়—গোপন করিয়া। আইতি—আয়ত্ত।

৪। ধসমস—ধড়ফড়, দুরু দুরু। রহও—রহি। হিয়—হৃদয়। জাঁতি—চাপিয়া। সগর—সমস্ত। ধরয়—ধরে। ভাঁতি—শোভা।

গোপহি ন পারিয় হৃদয় উলাস।
মুনলাহু বদন বেকত হো হাস ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি তোর ন দোষ।
ভুখল মদন বঢ়াবয় রোষ ॥ ৬ ॥

৯৩

যখনে যাইয় পিয় শয়নক পাশ।
মনে রহ মান করব কত রাশ ॥ ১ ॥
তসু কর পরশে ন রহয়ে গেয়ান।
নীবি কখন খুলয়ে কে জান ॥ ২ ॥
কোনে পরি পিয়া সঞো করব সখি মান।
মন মোর হরএ মধথ পচবাণ ॥ ৩ ॥
কি করব মান মো ন মন থির।
কামক আয়ত তরুণী-শরীর ॥ ৪ ॥

মান

১

লোচন অরুণ বুঝল বড় ভেদ।
রজনী উজাগর গুরুয় নিবেদ ॥ ১ ॥
ততহি যাহ হরি ন করহ লাথ।
রজনী গমওলহ যাহারি সাথ ॥ ২ ॥
কুচ-কুঙ্কুম মাখল হিয়ে তোর।
জনি অনুরাগে রাগি করু গোর ॥ ৩ ॥
অনকে ভূষণে তোর কলঙ্ক।
বড়েও ভেদ মন্দেও পরসঙ্গ ॥ ৪ ॥
চিট গুড়ে চুপড়লি রাড়ক পোরি।
লওলে লোথে বেকত ভেল চোরি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি রুথনেও বাধ।
বড়াক অন্যায় মৌন ধরি সাধ ॥ ৬ ॥

২

কুঙ্কুম আনিলহু নখক্ষত গোই।
অধরে না কাজর অয়লাহে ধোই ॥ ১ ॥
তইও না রহল কপট বুধি তোরি।
লোচন অরুণে বেকত ভেলি চোরি ॥ ২ ॥
চল চল কানাই বোল জনু আন।
পরতখ চাহি অধিক অনুমান ॥ ৩ ॥
জানহু প্রকৃতি বুঝহু গুণশীলা।
যত তোর মনোরথ মনসিজ-লীলা ॥ ৪ ॥
ধন যৌবন চতুরও জাতি।
কামিনী বিনু কইসে গেলি মধুরাতি ॥ ৫ ॥
বচনে নুকাবহ বেকতেও কাজে।
তোহে হসি হেরহ হম বড়ি লাজে ॥ ৬ ॥
অপথহু শপথ বুঝাবহ রাধে।
কেমনে ক্ষমিব শঠ অপরাধে ॥ ৭ ॥

৫। গোপহি—গোপন করিতে। মুনলাহু—মুদিত করিলেও। বেকত—ব্যক্ত।

৬। ভুখল—ক্ষুধিত। বঢ়াবয়—বাড়ায়।

১। যাইয়—যাই। রাশ—রাশি।

৩। মধথ—মধ্যস্থ।

৪। মো—আমি। আয়ত—আয়ত্ত।

সখি, আমি যখন প্রিয় অর্থাৎ মাধবের শয্যার পার্শ্বে গমন করি, তখন মনে হয়, কত রাশি মান করিব কিন্তু তাঁহার করস্পর্শে জ্ঞান থাকে না। নীবিবন্ধ কখন খুলিয়া যায়, তাহা জানিতেও পারি না। সখি, মাধবের উপর কি করিয়া মান করিব। মদন মধ্যস্থ হইয়া আমার মন হরণ করিয়া লয়। তরুণীর শরীর কামের বশীভূত, তজ্জন্য আমার মন অস্থির সুতরাং কি করিয়া আমি মান করিব!

১। ভেদ—রহস্য। উজাগরি—উজ্জ্বল। নিবেদ—জানাইতেছে।

২। লাথ—ছলনা। গমওলহ—যাপন করিয়াছ।

৩। হিয়ে—হৃদয়ে, বক্ষে। রাগি—রং দিয়া। গোর—গৌরবর্ণ।

৪। অনকে—অন্যের।

৫। চিট—পিপীলিকা। চুপড়লি—চুপাইয়া। রাড়ক—রাড় দেশের লোক। পোরি—পুর। লওলে—আনীত। লোথে—অপহৃত বস্তু।

৬। বড়াক—গুরু। সাধ—সাধনা।

১। গোই—গোপনে। না—নাই। কাজর—কজ্জল। ধোই—ধুইয়া।

৩। চল চল—যাও যাও। আন—অন্য। পরতখ—প্রত্যক্ষ। চাহি—চেয়ে।

৬। নুকাবহ—লুকাইতেছ। বেকতেও—ব্যক্ত হইতেছে।

৭। অপথহু—অপথেও অর্থাৎ মন্দ কাজ করিয়াও। রাধে—রাধাকে।

ভণই বিদ্যাপতি পিয় অপরাধে।
উদঘট ন কর মনোরথ বাধে ॥ ৮ ॥
দেবসিংহ-সুত এহো রস জানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৯ ॥

৩

চল চল মাধব মঝু পরণাম।
চাতুরী ন রহ চতুরক ঠাম ॥ ১ ॥
অধরক জ্যোতি মলিন ভই গেল।
তুয় অনুরূপ রমণী হরি লেল ॥ ২ ॥
সিন্দূরক বিন্দু ললাটহি লাগি।
সোপলি সুন্দরী নিজ অনুরাগি ॥ ৩ ॥
প্রতি অঙ্গে রতি-চিন বেকত হোয়।
করতল চাঁদ ঝপাবয় কোয় ॥ ৪ ॥

৪

আধ মুদিত ভেল দুহু লোচন
বচন বোলত আঁধ আধে।
রতিক আলসে শ্যামতনু ঝামর
হেরি পূরল মোর সাধে ॥ ১ ॥
মাধব চল চল চল তহি ঠামে।
যার পদযাবক হৃদয়ভূখণ
অবহুঁ জপত তার নামে ॥ ২ ॥
কত চন্দন কত মৃগমদ কুঙ্কুম
তুয় কপোল রহু লাগি।
দেখি অনুরূপ শাতি কয়ল বিধি
অতএ মানিয় বহু ভাগি ॥ ৩ ॥

৫

সহস্র রমণী সেঁ ভরল তোহর হিয়
করু তনি পারসি ন ত্যাগে।
সকল গোকুল নারী সে পুণমতি ধনী
কি কহব তাহারি ভাগে ॥ ১ ॥
পদযাবক হৃদয়ে ভিন আছে
আওর করজ ক্ষত তাহে।
যাহি যুবতী সঙ্গে রয়নী গমালহ
ততহি পলটি বরু যাহে ॥ ২ ॥
নয়নক কাজর অধরে চোরাওল
নয়ন অধরকহু রাগে।
বদলল বসন নুকাওব কত খণ
তিল এক কৈতব লাগে ॥ ৩ ॥
বড় অপরাধ উতর নহি সম্ভব
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
সকল কলারস জানে ॥ ৪ ॥

৬

যাবে রহিয় তুয় লোচন আগে।
তাবে বুঝাবহ দৃঢ় অনুরাগে ॥ ১ ॥
নয়ন ওত ভেলে সবে কিছু আনে।
কপট হে মাধব কতি ক্ষণ বানে ॥ ২ ॥
বুঝল মথুরাপতি ভাল তুয়া রীতি।
হৃদয়ে কপট মুখে করহ পিরীতি ॥ ৩ ॥
বিনয় বচন যত রস পরিহাস।
অনুভবে বুঝল হমে সেও পরিহাস ॥ ৪ ॥
হসি হসি করহ কি সব পরিহার।
মধু বিখে মাখল শর পরহার ॥ ৫ ॥

৭

এ ধনি মানিনি করহ সঞ্জাত।
তুয়া কুচ হেম ঘট হার ভুজঙ্গিনী
তাক উপরে ধরি হাত ॥ ১ ॥
তোঁহে ছাড়ি হাম যদি পরশ করি কোয়।
তুয়া হার নাগিনী কাটব মোয় ॥ ২ ॥
হামারি বচনে যদি নহ পরতীত।
বুঝিয়া করহ শাতি যে হয় উচিত ॥ ৩ ॥

৮। উদঘট—উদ্ঘাটন।

১। চল চল—যাও যাও। মঝু—আমার। পরণাম—প্রণাম।

৪। চিন—চিহ্ন। বেকত—ব্যক্ত।

১। ঝামর—মলিন।

২। পদযাবক—পদের অলক্তক চিহ্ন।

৩। শাতি—শাস্তি। ভাগি—ভাগ্য।

১। সেঁ—সহিত, দ্বারা। তনি—তাহাদিগকে।

২। করজ—নখ। গমলহ- যাপন করিয়াছ। বরু—বরং।

৩। কৈতব—ছলবাক্য।

১। যাবে—যাবৎ।

২। ওত—অন্তরাল। বানে—মূল্য থাকে।

১। সঞ্জাত—সংযত, কৃতসংযম। নহ পরতীত—প্রতীতি না হয়, প্রত্যয় না কর।

ভুজপাশে বান্ধি জঘন পর তাড়ি।
পয়োধর-পাথর হিয়ে দেহ ভারি ॥ ৪ ॥
উর-কারাগারে বান্ধি রাখ দিন রাতি।
বিদ্যাপতি কহ উচিত ইহ শাতি ॥ ৫ ॥

৮

ছোড়ল আভরণ মুরলী-বিলাস।
পদতলে লুঠয়ে সো পীতবাস ॥ ১ ॥
যাক দরশ বিনে ঝুরয়ে নয়ান।
অব নাহি হেরসি তাক বয়ান ॥ ২ ॥
সুন্দরি তেজহ দারুণ মান।
সাধয়ে চরণে রসিক বরকান ॥ ৩ ॥
ভাগ্যে মিলয়ে ইহ শ্যাম রসবন্ত।
ভাগ্যে মিলয়ে ইহ সময় বসন্ত ॥ ৪ ॥
ভাগ্যে মিলয়ে ইহ প্রেম সঙ্গাতি।
ভাগ্যে মিলয়ে ইহ সুখময় রাতি ॥ ৫ ॥
আজু যদি মানিনি তেজবি কান্ত।
জনম গোঙায়বি রোই একান্ত ॥ ৬ ॥
বিদ্যাপতি কহে প্রেমক রীত।
যাচিত তেজি না হোয় সমুচিত ॥ ৭ ॥

৯

তোহারি বিরহ- বেদনে বাউর,
সুন্দর মাধব মোর।
ক্ষণে সচেতন, ক্ষণে অচেতন,
ক্ষণে নাম ধরে তোর ॥ ১ ॥
রামা হে তো বড়ি কঠিন দেহ।
গুণ-অপগুণ না বুঝি তেজবি
জগত-দুলহ লেহ ॥ ২ ॥
তোহারি কাহিনী কহিতে জাগল
শুনই দেখই তোয়।
না ঘর বাহিরে, ধৈরয না ধরে
পথ নিরখিয়ে রোয় ॥ ৩ ॥
কত পরবোধি, না মানে রহসি,
না করে ভোজন-পান।
কাঠ-মূরতি ঐছন আছয়ে
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৪ ॥

১০

দিবস তিল আধ রাখবি যৌবন
বহিহ দিবস সুখ যাব।
ভাল মন্দ দুই সঙ্গে চলি যায়ব
পর উপকার সে লাভ ॥ ১ ॥
সুন্দরি হরিবধে তুহুঁ ভেলি ভাগী।
রাতি দিবস সোই আন নাহি ভাবই
কাল বিরহে তুয়া লাগি ॥ ২ ॥
বিরহ-সিন্ধু মাহা ডুবইতে আছয়ে
তুয়া কুচ-কুম্ভ লখি দেই।
তুহুঁ ধনী গুণবতী উধার গোকুলপতি
ত্রিভুবন ভরি যশ লেই ॥ ৩ ॥
লাখ লাখ নাগরী যো কানু হেরই
সো শুভ দিন করি মান।
তুয়া অভিমান লাগি সোই আকুল
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৪ ॥

১১

সখি হে না বোল বচন আন।
ভালে ভালে হাম অলপে চিহ্নিনু
যৈছন কুটিল কান ॥ ১ ॥
কাঠ কঠিন কয়ল মোদক
উপরে মাখিয়া গুড়।
কনয়া কলস বিখে পূরাইয়া
উপরে দুধক পূর ॥ ২ ॥
কানু সে সুজন হাম দুরজন
তাহার বচনে চাই।
হৃদয় মুখেতে এক সমতুল
কোটিকে গুটিক পাই ॥ ৩ ॥
যে ফুলে তেজসি সে ফুলে পূজসি
সে ফুলে ধরসি বাণ।
কানুর বচন ঐছন চরিত
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৪ ॥

৫। উর-কারাগারে—হৃদয়কারাগারে।
২। ঝুরয়ে—অশ্রুবর্ষণ করে। ৫। সঙ্গাতি—সংহতি।
১। বাউর—পাগল।
২। দুলহ—দুর্লভ।

২। সোই—সে। আন নাহি ভাবই—অন্য কিছু ভাবে না।
৩। মাহা—মাহ, মধ্যে। লখি দেই—দেখিতে দাও। যশ লেই—যশ গ্রহণ কর।
২। বিখে—বিষে।
৩। কোটিকে গুটিক—এক কোটির মধ্যে এক জন।

১২

হরি বড় গরবী গোপী-মাঝে বসই।
ঐছে করবি যৈছে বৈরী না হসই ॥ ১ ॥
পরিচয় করবি সময় ভাল চাই।
আজু বুঝব হাম তুয়া চতুরাই ॥ ২ ॥
পহিলহি বৈঠবি শ্যাম করি বাম।
সঙ্কেতে জানায়বি হামারি পরণাম ॥ ৩ ॥
পুছইতে কুশল উলটায়বি পাণি।
বচন না বান্ধবি শুনহ সেয়ানি ॥ ৪ ॥
হরি যদি ফেরি পুছয়ে ধনি তোয়।
ইঙ্গিতে নিবেদন জানাইবি মোয় ॥ ৫ ॥
যব চিতে দেখিবি বড় অনুরাগ।
তৈখনে জানায়বি হৃদয়ে জনু লাগ ॥ ৬ ॥
সখীগণ গণইতে তুহু সে সেয়ানি।
তোহে কি শিখাব চতুরিম বাণী ॥ ৭ ॥
ইহ রস বিদ্যাপতি কবি ভাণ।
মান রহুক পুন যাউক পরাণ ॥ ৮ ॥

১৩

শুনইতে ঐছন রাইক বাণী।
নাহ নিকটে সখী কয়লি পয়াণি ॥ ১ ॥
দূর সঞে সো সখি নাগর হেরি।
তোরই কুসুম নেহারই ফিরি ॥ ২ ॥
হেরইতে নাগর আওল তহি।
কি করহ এ সখি আওল কাহি ॥ ৩ ॥
হামারি বচন কিছু কর অবধান।
তুহু যদি কহসি সো মানিনী ঠাম ॥ ৪ ॥
শুনি কহে সো সখী নাগর পাশ।
বিদ্যাপতি কহ পূরল আশ ॥ ৫ ॥

১৪

এ ধনি মানিনি কঠিন পরাণী।
এতহু বিপদে তুহু না কহসি বাণী ॥ ১ ॥
ঐছন নহ ইহ প্রেমক রীত।
অবকে মিলন হোয় সমুচিত ॥ ২ ॥
তোহারি বিরহে যব তেজব পরাণ।
তব তুহু কা সঞে সাধবি মান ॥ ৩ ॥
কো কহে কোমল অন্তর তোয়।
তু-সম কঠিন হৃদয় নাহি হোয় ॥ ৪ ॥
অব যদি না মিলহ মাধব সাথ।
বিদ্যাপতি তব না কহব বাত ॥ ৫ ॥

১৫

হরি পর-সঙ্গ না কর মঝু আগে।
হাম নহ নায়রী ভয়া মাধব লাগে ॥ ১ ॥
যাকর মরমে বৈঠে বরনারী।
তা সঙ্গে পিরীতি বিষম দুই চারি ॥ ২ ॥
পহিলহি না বুঝল এত সব বোল।
রূপ নেহারি পড়ি গেনু ভোল ॥ ৩ ॥
আন ভাবিতে বিহি আন কল দেল।
হার ভরমে ভুজঙ্গম ভেল ॥ ৪ ॥
এ সখি এ সখি যব রহুঁ জীব।
হরি দিকে চাহি পানি নাহি পিব ॥ ৫ ॥
হাম যদি জানিতু কানুক রীত।
তব কিয়ে তা সঞে বাঁধয়ে চিত্ত ॥ ৬ ॥
হরিণী জানয়ে ভাল কুটুম্ব-বিবাধ।
তবহ ব্যাধক গীত শুনিতে করু সাধ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
পানি পিয়ে কিয়ে জাতি বিচারি ॥ ৮ ॥

১৬

অবনত-বয়নী ধরণী নখে লেখি।
যে কহে শ্যাম নাম তাহে নাহি পেখি ॥ ১ ॥
অরুণ-বসন পরি বিগলিত কেশ।
আভরণ ত্যজল ঝাঁপল বেশ ॥ ২ ॥
নীরস অরুণ কমলবর-বয়নী।
নয়ানক লোরে বহি যাওত ধরণী ॥ ৩ ॥
ঐছন সময়ে আওল বনদেবী।
কহয়ে চলয়ে ধনী ভানুক সেবি ॥ ৪ ॥
অবনত-বয়নী উতর নাহি দেল।
বিদ্যাপতি কহ সো চলি গেল ॥ ৫ ॥

১। নাহ—নাথ, প্রেমিক পুরুষ। কয়ল পয়াণি—প্রয়াণ করিল, গমন করিল।
২। অবকে—এখন, এইক্ষণে।
৩। কা সঞে—কাহার সহিত।

১। মঝু—আমার।
৮। বরনারী—হে সুন্দরি।
৩। পহিলহি—প্রথমে। বোল—কথা। পড়ি গেনু ভোল—বিহ্বল হইলাম। আন—অন্য, আর। ভরমে—ভ্রমে।
৭। বিবাধ—বন্ধন, অবরোধ, নিগ্রহ।

১৭

কি লাগি বদন ঝাঁপসি সুন্দরি
হরল চেতন মোর।
পুরুখ বধের ভয় না করহ
এ বড়ি সাহস তোর ॥ ১ ॥
মানিনি অকুল হৃদয় মোর।
মদন-বেদন সহিতে না পারি
শরণ লইনু তোর ॥ ২ ॥
কিয়ে গিরিবর কনোয়া-কটোর
তা দেখি লাগয়ে ধন্দ।
হিয়ার উপর শম্ভু-পূজিত
বেঢ়িয়া বালক-চন্দ ॥ ৩ ॥
এ কর-কমলে পরশিতে চাহি
বিহি নহে যদি বাম।
তোহারি চরণে শরণ লইনু
সদয় হইবে রামা ॥ ৪॥
চঞ্চল দেখিয়া আকুল হইনু
ব্যাকুল হইল চিত।
কহে বিদ্যাপতি শুনহ যুবতি
কানুর করহ হিত ॥ ৫ ॥

১৮

শুন শুন গুণবতি রাধে।
পরিচয় পরিহর কোন অপরাধে ॥ ১ ॥
গগনে উদয় কত তারা।
চান্দ আনহি অবতারা ॥ ২ ॥
আন কি কহব বিশেখি।
লাখ লখিমী চয় লখি না লখি ॥ ৩ ॥
শুনি ধনি মনো-হৃদি ঝুর।
তব হি মনহি মনপূর ॥ ৪ ॥
বিদ্যাপতি কহে মিলন ভেল।
শুনইতে ধন্দ সবহি দৈভ গেল ॥ ৫ ॥

১৯

কত কত অনুনয় করু বর নাহ।
ও ধনী মানিনী পালটি না চাহ ॥ ১ ॥
বহুবিধ বাণী বিলাপয়ে কান।
শুনইতে শত গুণ বাঢ়য়ে মান ॥ ২ ॥
গদগদ নাগর হেরি ভেল ভীত।
বচন না নিকসয়ে চমকিত চিত ॥ ৩ ॥
পরশিতে চরণ সাহস নাহি হোয়।
করজোর ঠাড়ি বদন পুন জোয় ॥ ৪ ॥
বিদ্যাপতি কহে শুন বরকান।
কি করবি তুহুঁ অব দুর্জ্জয় মান ॥ ৫ ॥

২০

পীন কঠিন কুচ কনয়া-কটোর।
বঙ্কিম নয়নে চিত হরি নিল মোর ॥ ১ ॥
পরিহর সুন্দরি দারুণ মান।
আকুল ভ্রমরে করাহ মধুপান ॥ ২ ॥
এ ধনি সুন্দরি করে ধরি তোর।
হঠ না করহ মহত রাখ মোর ॥ ৩ ॥
পুনঃ পুনঃ কত যে বুঝাব বারে বার।
মদন-বেদনা হান সহই না পার ॥ ৪ ॥
ভণহ বিদ্যাপতি তুহুঁ সব জান।
আশা-ভঙ্গ দুঃখ মরণ সমান ॥ ৫ ॥

২১

শুন মাধব ! রাধা স্বাধীনা ভেল।
যতন কি হত পরকারে বুঝায়নু
তবু ধনী উত্তর না দেল ॥ ১ ॥
তোহারি নাম শুনয়ে যব সুন্দরী
শ্রবণে মুদিয়া দুই পাণি।
তোহারি পিরীতি যে নব নব মানই
সো অব না শুনয়ে বাণী ॥ ২ ॥
তোহারি কেশ কুসুম, তৃণ, তাম্বূল
ধরলহি রাইকো আগে।
কোপে কমলমুখী পালটিয়া না হেরই
বৈঠলি বিমুখ বিরাগে ॥ ৩ ॥

১। ঝাঁপসি—ঢাকিতেছে।
৩। বিশেখি—বিশেষি, বিশেষ করিয়া। ১। বর—সুন্দর। নাহ—নাথ। করু—করে।

৩। নিকসয়ে—বাহির হয়। ৪। ঠাড়ি—খাড়ি, দণ্ডায়মান থাকিয়া। জোয়—জোহে, ঔৎসুক্যের সহিত অবলোকন করে, অনুসন্ধান করে।
১। পীন—স্থূল। কনয়া-কটোর—সোনার বাটির ন্যায়। হঠ—বল প্রকাশ।
৩। কেশ কুসুম তৃণ তাম্বূল প্রেরণে কৃষ্ণ সঙ্কেতে এই কহিয়াছেন যে "অপরাধ করিয়াছিলাম, তজ্জন্য কেশমুণ্ডনে প্রস্তুত আছি, ক্ষমা করিয়া অনুরাগ-প্রেরিত কুসুম গ্রহণ কর। দন্তে তৃণ করিয়া বলিতেছি, এরূপ অপরাধ আর কখনও

হেন বুঝি কুলিশ সার তছু অন্তর
কৈছে মিটায়ব মান।
কহ বিদ্যাপতি বচন অব সমুচিত
আপনে সিধা রহ কান ॥ ৪ ॥

২২

বুঝনু এ সখি কানু গোঙার।
পিতল কাটারি কামে নাহি আয়ল
উপরহি ঝকমকি সার ॥ ১ ॥
আঁখি দেখাইতে কোপে ধাস খসল
কাহে গহন দুই বাটে।
চন্দন ভরমে শিঙলি আলিঙ্গনু
শেল রহলহি কাঁটে ॥ ২ ॥
পশুক মাঝে যো জনম গোঙায়ল
সে কিয়ে জান রতিরঙ্গ।
মধু যামিনী আজু বিফলে গোঙায়নু
গোপ গোঙারক সঙ্গ ॥ ৩ ॥
ভণয়ে বিদ্যাপতি শুনহ যৌবতি
সো থির নহে গোঙারে।
তুঁহু গোঙারিণি সহজে আহিরিণী
সো হরি না করু পুছারে ॥ ৪ ॥

২৩

কাঞ্চন-জ্যোতি কুসুম-পরকাশ।
রতন ফলিবে বলি বাঢ়ায়নু আশ ॥ ১ ॥
তাকর মূলে দিনু দুধক ধার।
ফলে কিছু না হেরিয়ে ঝনুঝনি সার ॥ ২ ॥
জাতি গোয়ালিনী হাম মতিহীন।
কুজনক বিপরীত মরণ অধীন ॥ ৩॥
হা হা বিহি মোরে এত দুখ দেল।
লাভক লাগি মূল ডুবি গেল ॥
কবি বিদ্যাপতি ইহ অনুমান।
কুকুরক লাঙ্গুল নহত সমান ॥ ৫ ॥

২৪

অরুণ পূরবদিশ বহল সগর নিশ
গগন মগন ভেল চন্দা।
মুদি গেল কুমুদিনী তহও তোর ধনি
মুদিল মুখ অরবিন্দা ॥ ১ ॥
কমল বদন কুবলয় দুই লোচন
অধর মধুরী নিরমাণে।
সকল শরীর কুসুম তুয় সিরজল
কিয় দই হৃদয় পথাণে ॥ ২ ॥
অশকতি কর কঙ্কণ নহি পরিহসি
হৃদয়হার ভেল ভারে।
গিরি সম গুরুয় মান নহি মুঞ্চসি
অপরূব তুয় ব্যবহারে ॥ ৩ ॥
অবগুণ পরিহরি হয়নি হরু ধনি
মানক অবধি বিহানে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
বিদ্যাপতি কবি ভাণে ॥ ৪ ॥

২৫

সুন্দর কুলশীল ধনী বর যুবক
কি করব লোচনহীনে।
কি করব তপ-জপ দান ব্রত-আদিক
যদি করুণা নাহি দীনে ॥ ১ ॥
এ সখি বুঝিয়ে কহসি কটু-বা।
ঐছন এক গুণ বহু দোষ নাশই
এক দোষে বহু-গুণ হানি ॥ ২ ॥
গরল-সহোদর গুরু-পত্নী হর
রাহু বদন উগারা।
বিরহ হুতাশন বারিজি নাশন
শীল গুণে শশী উজিয়ারা ॥ ৩ ॥

করিব না। আমার প্রণয়ের ও তোমার ক্ষমার নিদর্শনস্বরূপ এই তাম্বূল গ্রহণ কর।
১। কামে নাহি আয়ল—কার্য্যে আসিল না।
২। শিঙলি—শিমুল গাছ। ধাস—ধাসা, গিরি। খসল—স্খলিত হইল।
৪। পুছারে—উপেক্ষা, পীড়ন।

১। তহও—তেমনি। তোহর—তোর।
২। মধুরী—মধুর, মাধুরীযুক্ত। তুয়—তোর।
৩। অশকতি—অশক্তি। পরিহসি—পর, পরিধান কর। গুরুয়—গুরু, ভারি। মুঞ্চসি—মোচন অর্থাৎ ত্যাগ করিতেছ। অপরূব—অপরূপ।
৪। হরু—হরণ কর, শেষ কর। অবধি—সীমা। বিহানে—প্রাতঃকালে।
৩। গরল-সহোদর—ক্ষীরোদমন্থনকালে চন্দ্র ও গরল এক সমুদ্র হইতে উঠিয়াছিল, সুতরাং শশীকে গরল-সহোদর বলা হইয়াছে। গুরুপত্নী—বৃহস্পতির পত্নী তারাকে চন্দ্র হরণ করিয়াছিলেন। রাহুর মুখ হইতে উদ্গারিত। বারিজি—বারিজ, পদ্ম। উজিয়ারা—উজ্জ্বল।

পরসুতে অহিত   যতন নাহি নিজ সুতে
কাক উচ্ছিষ্ট রস পানি।
সো সব অবগুণ   ঢাকল একল পিক
বোলত মধুরিম বাণী ॥ ৪ ॥
কাহ্নক পিরীতি   কি কহব এ সখি
সব গুণ মূল অমূলে।
বংশী পরশি   শপতি শত শত
তবহি প্রতীত নহি বোলে ॥ ৫ ॥
পুন পরিরম্ভণ   চুম্বন কোরে করি
সঙ্কেত কর বিশোয়াসে।
আন রমণী সঞে   সো নিশি বঞ্চল
মোহে করল নিরাশে ॥ ৬ ॥
অনলহু অধিক   মো তনু দহই
রতি-চিন দেখি এত অঙ্গে।
বিদ্যাপতি কহ   জীউ নিকসব
তবহি না মিল হরিসঙ্গে ॥ ৭ ॥

২৬

শুন শুন মাধব নিরদয় দেহ।
ধিক্ রহু ঐছন তোহারি সিনেহ ॥ ১ ॥
কাহে কহলি তুহুঁ সঙ্কেত বাত।
যামিনী বঞ্চলি আনহি সাথ ॥ ২ ॥
কপট লেহ করি রাইকো পাশ।
আন রমণী সঙ্গে করহ বিলাস ॥ ৩ ॥
কো কহে রসিকশেখর বরকান।
তুহু সম মূরখ জগতে নাহি আন ॥ ৪ ॥
মাণিক ত্যজি কাচে অভিলাষ।
সুধাসিন্ধু ত্যজি ক্ষারে পিয়াস ॥ ৫ ॥
ক্ষীরসিন্ধু ত্যজি কূপে বিলাস।
ছিয়ে ছিয়ে তোহারি রভসময় ভাব ॥ ৬ ॥
বিদ্যাপতি কবি চম্পতি ভাণ।
রাই না হেরব তোহারি বয়ান ॥ ৭ ॥

২৭

মনসিজ বাণে মোর হরল গেয়ান।
বোললহ তোহে মোরি দোসরি পরাণ ॥ ১ ॥
বচনহু চুকলসি আবে কি ছড়া।
সমুখ নিহারসি সাহস বড়া ॥ ২ ॥
কি তোহি বোলিবো কান কি বোলিবঞো তোহি।
বেরি বেরি কত পরিপঞ্চসি মোহি ॥ ৩ ॥
ভাঙ্গিলে ভাষা তোড়িলে আশা।
আবে কাহে করসি তোঞে মুখ পরকাশা ॥ ৪ ॥
লাজক অপগমে চিহ্নলি জাতি।
পেম করহ অনতএ গেলি রাতি ॥ ৫ ॥
খণ্ডিতা যুবতী কবি বিদ্যাপতি ভাণে।
পেয়সী বচনে লজাওল কানে ॥ ৬ ॥
রূপনারায়ণ এহু রস জানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৭ ॥

২৮

পরিজন পুরজন বচনক রীতি।
পেম লুবুধ মন ভেলি পরতীতি ॥ ১ ॥
নিজ অপরাধ বোলত কি আনে।
কুমুদহি ভেল কমলকে ভানে ॥ ২ ॥
এহি অনুভবি বুঝল স্বরূপে।
নয়ন অছইতে নিমজলিহু কূপে ॥ ৩ ॥
যদি তোহে মাধব সহজ বিরাগী।
লোচন গীম কয়ল কথি লাগি ॥ ৪ ॥
পুহু না বোলহু অইসনি ভাষা।
কাহক কৌতুকে কাহু নিরাশা ॥ ৫ ॥

৪। পানি—পান। অবগুণ—দোষ।
৬। বিশোয়াসে—বিশ্বাসে। মোহে—আমাকে।
৭। অনলহু—অনলেরও। চিন—চিহ্ন।
১। সিনেহ—স্নেহ।
২। আনহি—অন্যের।
৩। লেহ—স্নেহ, প্রেম।
৪। মূরখ—মূর্খ।

১। গেয়ান—জ্ঞান।
২। চুকলসি—ভুল করিলে। ছড়া—ছাড়া, বাকি। সমুখ—সম্মুখ। বড়া—বড়, অধিক।
৩। পরিপঞ্চসি—বঞ্চনা করিতেছ।
৪। পরকাশা—প্রকাশ।
৫। চিহ্নলি—চিনিয়াছি। অনতএ—অন্যত্র। গেলি—গত।
৬। খণ্ডিতা—স্বামীর পরবনিতাসঙ্গ-চিহ্ন দর্শনে ঈর্ষাতুরা স্ত্রী। পেয়সি—প্রেয়সী।
১। ভেলি—হইল। পরতীত—প্রতীতি।
২। কমলক ভানে—কমলের ভ্রমে।
৩। নিমজলিহু—নিমজ্জিত হইলাম।
৪। তোহে—তুমি। কথি লাগি—কিসের জন্য।

নহি নহি বোলহ দরশহ কোপে।
যতনে জনাএ করইছহ গোপে ॥ ৬ ॥
পরতখ গোপব কে পতিআউ।
বরু মনমথশরে জীবন যাউ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি এহু রস ভাণে।
পৃথিবীতে অবতরু নব পচবাণে ॥ ৮ ॥
রূপনারায়ণ এহু রসমন্ত।
গুণনিবাস লখিমা দেবী কন্তা ॥ ৯ ॥

২৯

আদরে অধিক কাজ নহি বন্ধ।
মাধব বুঝল তোহার অনুবন্ধ ॥ ১ ॥
আশা রাখহ নয়ন পঠাএ।
কত খণ কৌশলে কপট মুকাএ ॥ ২ ॥
যাও যাও মাধব তোহ যে সয়ান।
তাকে বোলিঅ যে উচিত ন জান ॥ ৩ ॥
কষিয় কষৌটী চিহ্নিঅ হেম।
প্রকৃতি পরেখিয় সুপুরুখ পেম ॥ ৪ ॥
পরিমলে জানিয় কমল পরাগ।
নয়নে নিবেদিয় নব অনুরাগ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নয়নক লাজ।
আদরে জানিয় আগিল কাজ ॥ ৬ ॥

৩০

মাধব বুঝল তোহার নেহ।
ওর ধরইত হম রাখি ন পারিয়
আশা কি যাই দেহ ॥ ১ ॥
তো সনি মাধব অতি গুণাকর
দেখইত অতি অমোল।
যেমন মধুর মাথল পাথর
তেমন তোহার বোল ॥ ২ ॥
এই রীতি দিয়ে হম পিরিতি লাওল
যোগ পরিণত ভেল।
অমৃত বধি হম লতা লাওল
বিষে ফলি ফলি গেল ॥ ৩ ॥
ভণ বিদ্যাপতি শুন রমাপতি
সকল গুণনিধান।
আপন বেদন তাহি নিবেদিয়
যে পরবেদন জান ॥ ৪ ॥

৩১

প্রথমহি গিরি সম গৌরব ভেল।
হৃদয়হু হার আঁতর নহি দেল ॥ ২ ॥
সুপুরুখ বচন কয়ল অবধান।
ভল মন্দ দুহুও বুঝব অবসান ॥ ২ ॥
চল চল মাধব ভাল তুয়া রীতি।
পিশুন বচনে পরিহরলি পিরীতি ॥ ৩ ॥
পরক বচনে আপন কান।
তহি খণে জানল সময় সমান ॥ ৪ ॥
আবে অপদহু হরি তেজ অনুরোধ।
কাহু কা জয় হো বিহিক বিরোধ ॥ ৫ ॥
ন ভেলে রঙ্গ রভস দুর গেল।
ইতি হম খেদ একও নহি ভেল ॥ ৬ ॥
একে পএ খেদ যে মন্দা সমাজ।
ভলেহু তেজল আবে আঁখিক লাজ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি হরি মনে লাজ।
কাহু কা না হোয় মন্দ সমাজ ॥ ৮ ॥

৭। পতিআউ—প্রত্যয় করিবে। বরু—বরং, ভাল।
১। বন্ধ—বাঁধা, রক্ষা। অনুবন্ধ—অনুরোধ।
৩। সয়ান—সেয়ানা, চতুর।
৪। কষিয়—কষিয়া। কষৌটী—কষ্টিপাথর। চিহ্নিঅ—চিনি। পরেখিয়—পরীক্ষা করে।
৫। নিবেদিয়—নিবেদন করে।
১। ওর—শেষ। ধরইত—ধরিয়া। পারিয়—পারি। যাই—যাইতে। দেহ—দিলাম।
২। সনি—তুল্য। দেখইত—দেখিতে। অমোল—অমূল্য।

২। মাথল—মাথান।
৩। লাওল—লাগাইলাম। বধি—বোধ করিয়া। ফলি—ফলিয়া।
১। আঁতর—অন্তরাল।
২। অবসান—শেষে।
৩। চল চল—যাও যাও।
৪। আপন—অর্পণ করিলে।
৫। অপদহু—অস্থানে।
৬। রভস—আনন্দ।
৭। এক পএ—একমাত্র। ভলেহু—ভাল হইল।

৩২

অহর্নিশি বচনে জুড়ওলহ কান।
সুচিরে রহত সুখ ই ভেল ভান ॥ ১ ॥
আব দিনে দিনে হে বুঝল বিপরীত।
লাজ গমাএ বিকল ভেল চিত ॥ ২ ॥
বিহিক বিরোধে মন্দ সঞো ভেট।
ভাঁড় ছুইল নহি ভরলে পেট ॥ ৩ ॥
লোভে করিঅ হে মন্দ যত কাম।
সে ন সফল হোয় জঞো বিহি বাম ॥ ৪ ॥

৩৩

বোললি বোল উত্তম পএ রাখ।
নীচ সমদ জন কি নহি ভাখ ॥ ১ ॥
হমে যে উত্তম কুল গুণবতী নারী।
এত বা নিজ মনে করহ বিচারি ॥ ২ ॥
সিনেহ বঢ়াওল সুপুরুষ জানি।
দিনে দিনে কএলহ আশা হানি ॥ ৩ ॥
কত ন জগতে আছে রসবতী ফুল।
মালতী-মধু মধুকর পএ ভূল ॥ ৪ ॥
গেল দিন পুনু পালটি ন আব।
অবসর বহলা রহ পচতাব ॥ ৫ ॥

৩৪

ঝটক ঝাটল ছোড়ল ঠাম।
কয়ল মহাতরু তলে বিশরাম ॥ ১ ॥
তে জানল জীব রহত হমার।
শেষ ডাল টুটি পড়ল কপার ॥ ২ ॥
যাও যাও মাধব কি কহব জানি।
সাগর আছিল থাহ ভেল পানি ॥ ৩ ॥
হম যে অনওলে কি ভেল কাজ।
গুরুজনে পরিজনে হোয়েত লাজ ॥ ৪ ॥
হমরে বচনে নে তোহহি বিরাম।
ফেকলেও ঢিল পাব পুনু ঠাম ॥ ৫ ॥

৩৫

সুরুষ ভাষা চৌমুখ বেদ।
এত দিন বুঝল অছল নহি ভেদ ॥ ১ ॥
নিতহি আছে সব মনে জাগি।
তোহ বোলি বিসরল আমার ভাগি ॥ ২ ॥
চল চল মাধব কি কহব জানি।
সময়ক দোষে আগি বম পানি ॥ ৩ ॥
রয়নিক বান্ধব জানি চন্দ।
ভাল জন হৃদয় তেজএ নহি মন্দ ॥ ৪ ॥
কলিযুগ গতিকে সাধু মন ভঙ্গ।
সবে বিপরীত করব অনঙ্গ ॥ ৫ ॥

৩৬

শুন শুন সুন্দরি কর অবধান।
বিনু অপরাধে কহসি কাহে আন ॥ ১ ॥
পূজলো পশুপতি যামিনী জাগি।
গমন বিলম্বন ভেল তহি লাগি ॥ ২ ॥
লাগল মৃগমদ কুঙ্কুম দাগ।
উচারইত মন্ত্র অধরে নহি রাগ ॥ ৩ ॥
রজনী উজাগরি লোচন ঘোর।
তাহি লাগি তুহু মোহে বোলসি চোর ॥ ৪ ॥
নব কবিশেখর কি কহব তোয়।
শপথ করহ তব পরতীত হোয় ॥ ৫ ॥

১। ভান—জ্ঞান।
২। গমাএ—কাটাইয়া।
৩। ভাঁড়—ভাণ্ড, হীনপাত্র। ছুইল—ছুইলাম।
১। নীচ সমদ—নীচ সম্বন্ধ অর্থাৎ নীচ-কুলোদ্ভব। ভাখ—ভাষা, বলে।
৩। সিনেহ—স্নেহ, প্রেম।
৪। ভুল—ভুলে।
৫। আব—আসে। পচতাপ—পশ্চাত্তাপ।
১। ঝটক—ঝটিকা। ঝাটল—আহত। ঠাম—স্থান। বিশরাম—বিশ্রাম।
২। কপার—কপাল।
৩। থাহ—থই, অল্প গভীর।
৪। অনওলে—আনাইলে।
৫। বিরাম—নিবৃত্তি। ফেকলেও—ফেলিয়া দিলেও।
১। ভাষা—বাক্য। চৌমুখ বেদ—চতুর্মুখ বেদ।
২। নিতহি—নিত্যই। ভাগি—ভাগ্য।
৩। আগি—অগ্নি। বম—বমন করে।
৪। রয়নিক—রজনীর।
৩। উচারইত—উচ্চারণ করিতে।
৪। উজাগরি—জাগরণ করিয়া।

৩৭

মান পরিহর হে করু বচন মোরা।
মার মনোভব হে ধরু শরণ তোরা ॥ ১ ॥
ন কর ন কর হে মোহি বিমুখ আজে।
অপরূপ পেম হে পুন ভেল সমাজে ॥ ২ ॥
কমলবদনি হে করু আঁকম দান।
বিনয়ে কে নহি হে জগতে জয় মান ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি হে ভণ কবি ধীরে।
রাজা শিবসিংহ হে নরপতি বীরে ॥ ৪ ॥

৩৮

শরদক শশধর সম মুখমণ্ডল
কাহে ঝাঁপাবসি বাসে।
অলপেও হাস সুধারস বরিষও
ছাড়ও নয়ন পিয়াসে ॥ ১ ॥
মানিনি অপনেহু মনে অনুমান।
রুষইতে আনহু বোল অগেয়ান ॥ ২ ॥
সুবর্ণগঠন শিরীফল সুন্দর
কুচযুগ কাটি করু আধে।
পানি-পরশ-রস অনুভব সুন্দরি
ন করু মনোরথ বাধে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
বিভব দয়া থিক সারা।
মাঝ ছায়া কাহার নহি ভাবয়
গ্রীষম প্রাণ পিয়ারা ॥ ৪ ॥

৩৯

বদন চাঁদ তোর নয়ন চকোর মোর
রূপ অমিয় রস পীবে।
অধর মধুরি ফুল পিয়া মধুকর তুল
বিনু মধু কত খণ জীবে ॥ ১ ॥
মানিনি মন তোর গঢ়ল পাষাণে।
কাহে ন রভসে হসি কিছু ন উতর দেসি
সুখে যাও নিশি অবসানে ॥ ২ ॥
পর মুখে ন শুনসি নিজ মনে ন গুণসি
ন বুঝসি ছইলরি বাণী।
অপন অপন কাজ কহইতে অধিক লাজ
অরথিত আদর হানি ॥ ৩ ॥
কবি ভণে বিদ্যাপতি অরে রে শুনু যুবতি
নেহ নূতন ভেল মানে।
লখিমা দেবীপতি শিবসিংহ নরপতি
রূপনারায়ণ জানে ॥ ৪ ॥

৪০

বদন সরোরুহ হাসে নুকওলহ
তে আকুল মন মোরা।
উদিতেও চন্দা অমিয় ন মুঞ্চয়ে
কি পিবি জীউত চকোরা ॥ ১ ॥
মানিনি দেহ পলটি দিঠি মেলা।
সকল রজনী যদি কোপহি গমওবহ
কেলি-রভস কোন বেলা ॥ ২ ॥
তোর নয়ন এ পথহু ন সঞ্চর
অযুকতি কহ ন যাই।

১। করু—কর। মোরা—আমাকে, আমার সহিত। মার—পরাভব কর। মনোভব—কন্দর্প। ধরু—ধরিতেছি। তোরা—তোর।
২। পেম—প্রেম। সমাজে—মিলন।
৩। আঁকম—আলিঙ্গন।
১। শরদক—শরতের। ঝপাবসি—ঢাকিতেছ। বাসে—বস্ত্রে। অলপেও—অল্পেও। বরিষও বর্ষণ করে। ছাড়ও—ছাড়ে।
২। অপনেহু—আপনারই। অনুমান—বিবেচনা কর। রুষইতে—রোষ করিলে। আনহু—অপর লোক। বোল—বলিবে। অগেয়ান—অজ্ঞান, নির্ব্বোধ।
৩। কাটি—কাটিয়া। আধে—অর্দ্ধ। বাধে বাধা।
৪। বিভব—সম্পত্তি। থিক—হয়। সারা—সার। ভাবয়—ভাল লাগে। পিয়ারা—প্রিয়।
১। পীবে—পান করিবে। মধুরি ফুল—বান্ধুলী পুষ্প।
৩। ছইলরি—রসিকের। অরথিত—উপযাচিত।
১। নুকওলহ—লুকাইলে।
২। পলটি—ফিরিয়া। গমওবহ—কাটাইবে। দিঠি—দৃষ্টি।
৩। অযুকতি—অযুক্তি।

অরুণ কমলকে কান্তি চোরওলহ
তে মনে রহলি লজাই ॥ ৩ ॥
কামিনী কোপে মনোরথ জাগল
বিদ্যাপতি কবি গাবে।
জয়বতী দেবী বর সন গহি শঙ্কর
বুঝএ সকল রস ভাবে ॥ ৪ ॥

৪১

চৌদিশ জলদে যামিনী ভরি গেলি।
ধারাঞে ধরণী বেয়াপিত ভেলি ॥ ১ ॥
গগন গরজে জাগল পঞ্চবাণ।
এখনো সুমুখি উচিত নহি মান ॥ ২ ॥
নাগরি পিশুন বচনে করু রোষ।
পদে পরলহু নহে কর পরিতোষ ॥ ৩ ॥
বিহি সমুচিত বরু বামা নাম।
হমে অনুমাপি চলল ফল ঠাম ॥ ৪ ॥
নাগরী বচন অমিয় পরতীতি।
হৃদয় গঢ়ল হে পখাণহু জিতি ॥ ৫ ॥

৪২

উপমিয় আনন নীরজ পঙ্কজ
শশধর দিবস মলিনে।
ভৌহ অনুপম অধর শোহাওন
নব পল্লব রুচি জিনে ॥ ১ ॥
শুন পেয়সি কি মোর পরল
গুরুয় অপরাধে।
বহ মলয়ানিল জার কলেবর
ন কর মনোরথ বাধে ॥ ২ ॥

৪৩

শাকর সুধ দুধে পরিপূরল
মাথল অমিয়ক সারে।
সেহে বদন তোর অইসন করম মোর
ক্ষার পঞ বরিষয়ে ধারে ॥ ১ ॥
সজনি পিশুন বচন দেহ কানে।
দেহ বিভিন বিধাতা আইতি
তোরা মোরা একে পরাণে ॥ ২ ॥
কোপহু সঞো যদি সমদি পঠাবহ
বচনে ন বোলহ মন্দা।
তোর বদন সন তোরে বদন পএ
ক্ষার ন বরিখয় চন্দা ॥ ৩ ॥
চৌদিশ লোচন চমকি চলাবসি
ন মানসি কাহুক শঙ্কা।
তোর মুহ সঞো কিছু ভেদ করাওব
দেল চান্দ কলঙ্কা ॥ ৪ ॥

৪৪

মালতি মন জনু মানহ আনে।
তোহার সহ হম যে কিছু ভাখল
সেহ বচন পরমাণে ॥ ১ ॥
সব পরিতেজি তোহি হম ভজলহু
তাহি করত কে ভঙ্গে।
যে দুর্জ্জন জন কোটি যতন কর
তৈও জনম ভরি সঙ্গে ॥ ২ ॥
অনুখণ মন ধনি খিন্ন করহ জনি
দেব শপথ থিক লাখে।
হমরা তোঁহহি দোসরি নহি তেহনি
মন অছি দৃঢ় অভিলাখে ॥ ৩ ॥

৩। রহলি লজাই—লজ্জিত হইয়া রহিল।
৪। গহি—গ্রহণ করিয়া।
১। চৌদিশ—চারিদিক্। ধারাঞে—ধারায়। বেয়াপিত—ব্যাপ্ত।
৩। পরলহু—পড়িলেও।
৪। অনুমাপি—অনুমান করিয়া। চলল—চলিলাম।
৫। পখাণহু—পাষাণও।
১। উপমিয়—উপমিত হয়। শোহাওন—শোভন। জিনে—জয় করে।
২। গুরুয়—গুরু। জার—জর জর করে।

১। শাকর—শর্করা। সুধ—সুদ্ধ। মাথল—মাখিল। ক্ষার—লবণ।
২। বিভিন—বিভিন্ন। আইতি—আয়ত্ত।
৩। সমদি—সম্বাদ।
৪। চলাবসি—চালাইতেছিস্। করাওব—করিবার জন্য।
১। মালতি—রাধার সম্বোধন। মানহ—মানিও। ভাখল—কহিলাম। পরমাণে—প্রামাণ্য, সত্য।
৩। খিন্ন—ক্ষুণ্ণ। তেহনি—তেমনি।

বিধিক দোখ যত রোখ কয়ল মনে
বচন কহল এক আধে।
নাগরি সেহ জগত গুণ-আগরি
যে খেম পতি অপরাধে ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ধৈরয সব তঁহ
মন জনু করহ মলানে।
তুয় গুণ মনে গুণি পহু রহ অনুগত
করত অধরমধু পানে ॥ ৫ ॥

৪৫

তাহারি লাগি ফুলল অরবিন্দ।
ভুখল ভমরা পিব মকরন্দ ॥ ১ ॥
বিরল নখত নভোমণ্ডলে ভাস।
সে শুনি কোকিল মনে উঠ হাস ॥ ২ ॥
এ রে মানিনি পলটি নিহার।
অরুণ পিবয়ে লাগল অন্ধকার ॥ ৩ ॥
মানিনি মান মহঘ ধন তোর।
চোরাবএ অএলাহু অনুচিত মোর ॥ ৪ ॥
তে অপরাধে মাত্র পচবাণ।
ধনি ধর হরিকএ রাখ পরাণ ॥ ৫ ॥

৪৬

মানিনি মান আবহু কর ওড়।
রজনী বহলি হে রহলি অছ থোড় ॥ ১ ॥
গুণবতী ভই গুণ ন ধরিঅ গোএ।
সুপুরুষ দানে অধিক ফল হোএ ॥ ২ ॥
বেরা এক হেরহ মনতাপ।
প্রেমলতা তোড়লে বড় পাপ ॥ ৩ ॥

লোচন ভমর হমরে করু আশ।
তুয় মুখপঙ্কজ করও বিলাস ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি মনে গুণি ভান।
শিবসিংহ রাজা রসিক রস জান ॥ ৫ ॥

৪৭

মানিনি কুসুমে রচলি শেয মান মহঘ তেজ
জীবন যৌবন ধনে।
আজু কি রজনী যদি বিফলে যাইতি
পুনু কালি ভেলে কে জানে জীবনে ॥ ১ ॥
মানিনি মন্দ পবন বহ ন দীপ থির রহ
নখত মলিন গগন ভরে।
তোর বদন দেখি ভান উপজু মোহি
কেশু ফুল উপর ভমরে ॥ ২ ॥

৪৮

মানিনি অরুণ পূরব দিশা বহলি সগরি নিশা
গগন গমন ভেল চন্দা।
মুদি গেলি কুমুদিনী তইঅও তোহার ধনি
মুদল মুখ অরবিন্দা ॥ ১ ॥
চান্দ বদন কুবলয় দুহু লোচন
অধর মধুরী নিরমাণে।
সগর শরীর কুসুমে তুয় সিরিজল
কিএ দহ হৃদয় পখাণে ॥ ২ ॥
অশকতি করহ কঙ্কণ নহি পরিহহ
হার হৃদয় ভেল ভারে।
গিরি সম গুরুয় মান নহি মুঞ্চসি
অপূরব তুয় বেবহারে ॥ ৩ ॥

৪। দোখ—দোষ। রোখ—রোষ।
৫। মলানে—ম্লান।
১। ফুলল—প্রস্ফুটিত। ভুখল—ক্ষুধিত।
৩। পলটি—ফিরিয়া।
৪। মহঘ—মহার্ঘ। চোরাবএ—চুরী করিতে। অএলাহু—আসিলাম।
৫। হরিকএ—হরণ করিয়া।
১। ওড়—ওর, সীমা। বহলি—অতিবাহিত হইল। রহলি অছ—রহিয়াছে। থোড়—অল্প।
২। ধরিঅ—রাখিও। গোএ—গোপন করিয়া।
৩। বেরা এক—একবার।

১। রচলি—রচিত। শেয—শয্যা। তেজ—ত্যাগ কর। ভেলে—হইবে।
২। নখত—নক্ষত্র। উপজু—উৎপন্ন হয়। কেশু—কিংশুক।
১। বহলি—বহিল, কাটিল। সগরি—সকল। তইঅও—তথাপি। মুদি গেলি—মুদ্রিত হইয়া গেল। মুদল—মুদিত।
২। মধুরি—বান্ধুলী পুষ্প। সিরজল—সৃজন করিল। কিএ—কেন। দহ—দিয়া।
৩। অশকতি—অশক্তি। পরিহহ—পরিধান কর। ভারে—ভার। অপূরব—অপূর্ব্ব।

অবগুণ পরিহরি হেরহ হরখি ধনি
মানক অবধি বিহানে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
কবি বিদ্যাপতি ভাণে ॥ ৪ ॥

৪৯

আজ পরসন মুখ ন দেখএ তোরা।
চিন্তায় সহজ বিকল মন মোরা ॥ ১ ॥
আওল নয়ন হটিএ কা লেসি।
পূরব মত হসি উতরো ন দেসি ॥ ২ ॥
এ বর কামিনি যামিনী গেলি।
অরথিতে আরতি চৌগুণ ভেলি ॥ ৩ ॥
চন্দা পছিম গেল পরকাশা।
অরুণ অলঙ্কৃত পুরন্দর আসা ॥ ৪ ॥
মানিনি মান কওোন এহ বেরি।
তিল এক আড়েহ দিঠি যাহ হেরি ॥ ৫ ॥
শয়নক সীম তেজি দূর বাসি।
একহু শেয ভেলাহু পরবাসী ॥ ৬ ॥

৫০

মুখ তোর পুণিমক চন্দা।
অধর মধুরি ফুল গল মকরন্দা ॥ ১ ॥
অগে ধনি সুন্দরি রামা।
রভসক অবসর ভেলি হে বামা ॥ ২ ॥
কোপে ন দেহ মধুপানে।
জীবন যৌবন স্বপন সমানে ॥ ৩ ॥

৫১

পূরবক প্রেম অইলহু তুয় হেরি।
হমরা অবইত বইসলি মুখ ফেরি ॥ ১ ॥
পহিল বচনে উত্তর নহি দেলি।
নয়নে কটাক্ষ সওো জীব হরি লেলি ॥ ২ ॥
তোঁহ শশিমুখি ধনি ন করিয় মান।
হমহু ভমর অতি বিকল পরাণ ॥ ৩ ॥
আশা দিয়ে পুন না করিও নিরাশ।
হও পরসনে মোর পূরহ আশ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুনু পরমাণ।
দুহু মনে উপজল বিরহক বাণ ॥ ৫ ॥

৫২

অরে অরে ভমরা তোওে হিত হমরা
মান ভাঙ্গি আনহ গজগামিনীরে।
আজু কি রুষলি কালি জওো ভাঙ্গবি
তীত হোইতি মধু যামিনী রে ॥ ১ ॥
তীত রজনী তিন যুগে জনি
দিঠিহক ওত দেশান্তর রে।
সরোবর শোষে কমল অসিলাএল
নগর উজলি ভেল পাঁতর রে ॥ ২ ॥
একশর মনমথ দুই জীব মারয়ে
আপন আপন ভিন্ন বেদন রে।
দুই মন মেলি কমনে বেকতাওব
দারুণ প্রথম নিবেদন রে ॥ ৩ ॥
মানক ভঞ্জন জনু গুণ রঞ্জন
বিদ্যাপতি কবি গাওল রে।
লখিমা দেবীপতি শিবসিংহ নরপতি
পূরুব জনম তপে পাওল রে ॥ ৪ ॥

৫৩

কতএ অরুণ উদয়াচল উগল
কতএ পছিম গেল চন্দ।

৪। অবগুণ—অপগুণ। হরখি—হর্ষিত হইয়া। মানক—মানের। বিহান—প্রভাত।

১। পরসন—প্রসন্ন। ২। হটিএ—সরাইয়া, নিষেধ করিয়া। কাঁ—কেন। লেসি—লইতেছ।

৩। অরথিতে—প্রার্থনা করিতে।

৪। পরকাশা—প্রকাশ। পুরন্দর আসা—পূর্ব্ব দিক্। ৫। কওোন—কিসের।

৬। শেয—শয্যা। ভেলাহু—হইলাম।

১। গল—গলিতেছে, ক্ষরিত হইতেছে।

২। অগে—ওলো।

১। পূরবক—পূর্ব্বের। অইলহু—আইলাম। অবইত—আসিলে।

২। লেলি—লইলে।

৩। তোঁহ—তুমি।

১। রুষলি—কুপিতা।

২। তীত—অতীত হইল। দিঠিহক—দৃষ্টির। ওত—অন্তরাল। শোষে—শুষ্ক হইল। অসিলাএল—ম্রিয়মাণ হইল। পাঁতর—প্রান্তর।

৩। একশর—একেশ্বর, একা। কমনে—কে। বেকাতাওব—ব্যক্ত করিবে।

১। কতএ—কোথায়। উগল—উদিত হইল।

কতয় ভমর কোলাহলে জাগল
সুখে শুতথু অরবিন্দ ॥ ১ ॥
কামিনি যামিনী কাঁহা গেলি।
চির সময় আগত হরি ভেল পাহুন
আধও কেলি ন ভেলি ॥ ২ ॥
পদ্মক পাত আতপে ন পওলে
ঝামর ন ভেল্লে দেহা।
কৃপণ সঞ্চিত ধন রহল অখণ্ডিত
কাজর সিন্দূর-রেহা ॥ ৩ ॥
অরুণক জ্যোতি অধরে নহি ছড়লে
পলটি ন গঁথলে হারা।
আনহু বোলহ সখি তোঁওো অচেতনী
কি তোর নাহ গমারা ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ মন নহি পরসন
হিয় চিন্তা বিস্তারা।
পলটি রচব কেলি পিয় সঙ্গ হিল মেলি
দম্পতি উচিত বিহারা ॥ ৫ ॥

৫৪

মাধব নিপট কঠিন তনু তোর!
হাথ হাথ হম বাত শিখাওল
বাত না রাখলি মোর ॥ ১ ॥
সে বর নাগরী সহজহি সুন্দরী
কোমল অন্তর বামা।
বহুত যতন করি তোহে মিলাওল
কাহে উপেখলি রামা ॥ ২ ॥
তুহু অতি লম্পট কয়লহ বিপরীত
প্রেমক রীত ন জানি।
হাথক লছমী চরণ পর ডারসি
কইসে মিলায়ব আনি ॥ ৩ ॥
বাসর জাগি আগি সম উপজল
রজনী গমাওল জাগি।
তোহার বচনে হম এক বেরি যায়ব
মিলব তুয়া গতি ভাগি ॥ ৪ ॥
মোহন মানস বুঝি দূতী আওল
মিলল রাহিক পাশ।
ভূপতিনাথ দেখি অতি কৌতুক
অন্তরে উপজল হাস। ৫ ॥

৫৫

আরতি আপ পবার ন চিহ্নহ
ধরহ কত কুবাণী।
আপনি রমণী রাগে সন্তাবহ
পরক পেয়সী আনি ॥ ১ ॥
কানু তোঁওে বড় লোক নিশঙ্ক।
হসি হসি সেহে রকম করসি
যা হো কুলকলঙ্ক ॥ ২ ॥
যাহি যাহি তোহি গুরু নিবারএ
তাহি তোরা নিরবন্ধ।
আঁখি দেখি যে কাজ ন করয়ে
তাহি পারে কোন অন্ধ ॥ ৩ ॥
তথিহু চির সমাগম মাগহ
এত বড় তোর লোভ।
পরক ভূষণে পরকে বৈভবে
কত খণ দহ শোভ ॥ ৪ ॥
দূতিক বচনে কানু লজায়ল
কবি বিদ্যাপতি ভাণে।
যে ভেল সে ভেল যেহি তেহি গেল
আবে করু অবধানে ॥ ৫ ॥

৫৬

মাধব এ নহে উচিত বিচার।
যাহার এহন ধনী কামকলা সনি
সে কিয় করু ব্যভিচার ॥ ১ ॥

১। শুতথু—শয়ন করিতেছিল।

২। চির সময়—দীর্ঘকাল। পাহুন—অতিথি। আধও—অর্দ্ধও।

৪। ছাড়লে—ছাড়িল। গঁথলে—গাঁথিল। আনহু—অপরে। অচেতনী—অচতুরা।

৫। হিল মেলি—মিলিয়া।

১। হাথ হাথ—হাতে হাতে অর্থাৎ বহুবার। বাত—কথা।

৩। ডারসি—ফেলিয়া দাও।

৪। ভাগি—ভাগ্য।

১। আরতি—অনুরাগ। আপ—আপনি। পবার—প্রবাল। সন্তাবহ—সন্তুপ্ত কর।

২। নিশঙ্ক—নিঃশঙ্ক। যে—যাহাতে।

৩। নিরবন্ধ—নির্ব্বন্ধ।

৪। তথিহু—সেখানে। চির—দীর্ঘকাল।

১। সনি—সদৃশ। কিয়—কি।

প্রাণহু তাহি অধিক করি মানব
হৃদয়ক হার সমানে।
কোনি পরিযুকতি আনকে তাকব
কি থিক উহার গেয়ানে॥ ২ ॥
কৃপণ পুরুষকে কেও নহি ভাল কহ
জগ ভরি করে উপহাস।
নিজ ধন অছইত নহি উপভোগব
কেবল পরহিক আশ ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন মথুরাপতি
ই থিক অনুচিত কাজে।
মাগি লায়ব বিত সে যদি হো নিত
আপন করব কোন কাজে ॥ ৪ ॥

৫৭

মদন কুঞ্জ পর বৈসল নাগর
বৃন্দা সখী মুখ চাহি।
যোড়ি যুগল কর বিনতি করত কত
তোরিত মিলায়ব রাহি ॥ ১ ॥
হম পর রোখি বিমুখ ভই সুন্দরী
যবহু চললি নিজ গেহা।
মদন হুতাশনে মঝু মন জারল
জীবনে ন বান্ধই থেহা ॥ ২ ॥
তুহু অতি চতুর শিরোমণি নাগরী
তোহে কি শিখাওব বাণী।
তুহু বিনু হামার মরম নহি জানত
কইসে মিলায়ব আনি ॥ ৩ ॥
চন্দন চাঁদ পবন ভেল রিপু সম
বৃন্দাবন বন ভেল।
ময়ূর কোকিল কত ঝঙ্কার দেত
মঝু মনে মনমথ শেল ॥ ৪ ॥

ছল ছল নয়ান বয়ান ভরি রোয়ত
চরণ পকড়ি গড়ি যাব।
হা হা সে ধনী হমে না হেরব
সিংহ ভূপতি রস গাব ॥ ৫ ॥

৫৮

বিরহ বেয়াকুল বকুল তরুতলে
পেখল নন্দকুমার রে।
নীল নীরজ নয়ন সঞো সখি
ঢরই নীর অপার রে ॥ ১ ॥
পেখি মলয়জ পঙ্ক মৃগমদ
তামরস ঘনসার রে।
নিজ পাণিপল্লবে মুদি লোচন
ধরণী পড়ু অসম্ভার রে ॥ ২ ॥
বহই মন্দ সুগন্ধি শীতল
মন্দ মলয় সমীর রে।
জনি প্রলয় কালক প্রবল পাবক
দহই দুন শরীর রে ॥ ৩ ॥
অধিক বেপথু টুটি পড়ু ক্ষিতি
মসৃণ মুকুতা-মাল রে।
অনিল তরল তমাল তরুবর
মুঞ্চ সুমনস জাল রে ॥ ৪ ॥
মান মণি তেজি সুদতী চলু যহি
রায় রসিক সুজান রে।
সুখদ শ্রুতি অতি সরস দণ্ডক
সুকবি ভণথি কণ্ঠহার রে ॥ ৫ ॥

৫৯

শুন শুন গুণবতী রাই।
তো বিনু আকুল কানাই ॥ ১ ॥
কিশলয় শয়ন উপেখি।
ভূমি উপরে নখ লেখি ॥ ২ ॥

২। প্রাণহু—প্রাণের অপেক্ষা। তাহি—তাহাকে। পরিযুকতি—প্রযুক্তি। আনকে—অপরের। থিক—হয়। গেয়ানে—জ্ঞানে।
৩। অছইত—থাকিতে। উপভোগব—উপভোগ করিবে। পরহিক—পরেরই।
৪। বিত—বিত্ত। নিত—নিত্য।
১। বৈসল—বসিল। তোরিত—ত্বরিত, শীঘ্র।
২। হম পর—আমার উপর। রোখি—রাগ করিয়া। গেহা—গৃহ। জারল—জর জর করিল। থেহা—স্থৈর্য্য।

৫। পকড়ি—ধরিয়া। গড়ি—গড়াগড়ি।
২। তামরস—পদ্ম। ঘনসার—কর্পূর। অসম্ভার—অবশ।
৩। দুন—দ্বিগুণ।
৪। বেপথু—কম্প। সুমনস—পুষ্প।
৫। সুদতী—সুন্দরী। যহি—যেখানে।
২। উপেখি—উপেক্ষা করিয়া।

তেজ ধনি অসময় মান।
কানুক তুহু সে নিদান ॥ ৩ ॥
তুয় মুখ হৃদি অবগাই।
বিলপয় অবধি ন পাই ॥ ৪ ॥
যে জগ জীবন জান।
তাহার জলত পরাণ ॥ ৫ ॥
ভূপতি কি কহব তোয়।
তোহে সে পুরুখ বধ হোয় ॥ ৬ ॥

৬০

নয়নক নীর নিঝর ঝরয়
চান্দ নিরথয় তাব।
তোহার বদন সুমরি তৈথন
মূরছি পড়ি যাব ॥ ১ ॥
রামা হে তেজহ কঠিন মান।
পুরুখ বিরহ দুঃসহ দারুণ
ই বেরি রাথ পরাণ ॥ ২ ॥
কুসুমলতা ধরি আলিঙ্গয়
তুয় কলেবর ভানে।
পরশে বিরস ভই গেল মাধব
মূরছি মদনবাণে ॥ ৩ ॥
শিরীষ কুসুম শেষ বিছাবএ
কামশরে অগেয়ান।
গরল অধিক চন্দন লেপন
তেজইতে চাহ পরাণ ৪ ॥

৬১

উমগল জগ ভম কাহু ন কুসুম রম
পরিমল কর পরিহার।
যাহারি যতএ রীতি তে বিনু নহি থিতি
নেহ ন বিষম বিচার ॥ ১ ॥

মালতি তোহি বিনু ভমর সদ্বন্ধ।
বহুত কুসুম বন সবহি বিরত মন
কতহু ন পিব মকরন্দ ॥ ২ ॥
বিমল কমলমধু সুধা সরিশ বিধু
নেহ ন মধুপ বিচার।
হৃদয় সরিশ জন ন দেখিয় যতি খণ
ততি খণ সকল অজার ॥ ৩ ॥

৬২

রামা হে কি আব বোলসি আন।
তোহার চরণে শরণ সে হরি
অবহুঁ ন মিটে মান ॥ ১ ॥
গোবর্দ্ধন গিরি বাম করে ধরি
যে কয়ল গোকুল পার।
বিরহে সে খীণ করক কঙ্কণ
মানয় গুরুয় ভার ॥ ২ ॥
কালিয়দমন করল যে জন
চরণ যুগল বরে।
অব সে ভুজঙ্গ ভমরে ভুলল
হৃদয়ে ন ধর হারে ॥ ৩ ॥
সহজে চাতক ন ছাড়য় বরত
ন বইসে নদীতীরে।
নব জলধর বরিথণ বিনু ন পিয়ে
তাহেরি নীরে ॥ ৪ ॥
যদি দৈববশে অধিক পিয়াস
পিবয় হেরয় থোর।
তবহুঁ তোহার নাম সুমরি
গলয় শতগুণ লোর ॥ ৫ ॥

৬৩

যাবে সরস পিয়া বোলএ হসি।
তাবে সে বল্লভ তোঞে পেয়সী ॥ ১ ॥

৪। অবগাই—স্মরণ করিয়া।
১। নিঝর—অজস্র। তাব—তাপ। সুমরি—স্মরণ করিয়া। তৈথন—তথন। যাব—যায়।
৩। ভানে—জ্ঞানে।
৪। বিছাবএ—বিছায়।
১। উমগল—দ্রুত। রম—উপভোগ। থিতি—স্থিতি। বিষম—সঙ্কট।

২। সদ্বন্ধ—কাতর। মালতি—রাধার সম্বোধন।
৩। সরিশ—সদৃশ। অজার—অন্ধকার।
১। অবহু—এখনও।
৪। বরত—ব্রত। বরিথণ—বরিষণ।
৫। সুমরি—স্মরণ করিয়া।
১। যাবে—যতক্ষণ। তাবে—ততক্ষণ। তোঞে—তুমি।

যদি পঞ বোলঞ বোল নিঠুর।
তঞো পুহু সকল পেম যায় দূর ॥ ২ ॥
এ সখি অপরূপ রীতি।
কাঁহাহু ন দেখিয় অইসনি পিরীতি ॥ ৩ ॥
যে পিয়া মানঞ দোসরি পরাণ।
তকরাহু বচনে অইসন অভিমান ॥ ৪ ॥
তৈসন সিনেহ যে থির উপতাপ।
কে নহি বাস হো মধুর আলাপ ॥ ৫ ॥
হঠে পরিহর নিজ দোষহি জানি।
হসি ন বোলহ মধুরিম দুই বাণী ॥ ৬ ॥
সুরত নিঠুর মিলি ভজসি ন নাহ।
কা লাগি বঢ়াবসি পিশুন উছাহ ॥ ৭ ॥

৬৪

গগনমণ্ডলে উগ কলানিধি
কত নিবারবি দিঠি।
যেখানে যে রহ তেহি গমাইঅ
যে বহত দিয়া পিঠি ॥ ১ ॥
সজনি বড় বস্তু উপকার।
যাহেরি বচনে পরহিত হো
তাহেরি জীবন সার ॥ ২ ॥
সাধু জন কাঁ পরহিত লাগি
ন গণে ধন পরাণ।
রাহ পিয়াসল চান্দ গরাসঞ
ন হো খীণ মলান ॥ ৩ ॥
ন থির জীবন ন থির যৌবন
ন থির ইহ সংসার।
গেল অবসর পুহু ন পাইঅ
কীরিতি অমর সার ॥ ৪ ॥
কতঞ রাঘবরাজ-ঘরিণী
কতঞ লঙ্কাপুর বাস।
কতে হনুমতে সাগর লঙ্ঘিল
কিছু না গণি তরাস ॥ ৫ ॥
যখনে যাকর বাঙ্ক বিধাতা
সব কলা অনুমান।
অধিক আপদ ধৈরয করব
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৬ ॥

৬৫

চাঁদ সুধাসম বচন বিকাশ।
ভাল জন ততহি যায়েত বিশবাস ॥ ১ ॥
মন্দামন্দ বোলঞ সব কোয়।
পিবইতে নিম বাঁক মুহ হোয় ॥ ২ ॥
এ সখি সুমুখি বচন শুন সার।
সে কি হোইতি ভাল যে মুহ খার ॥ ৩ ॥
যে যত বৈসন হৃদয় ধর গোঞ।
তকর তৈসন তত গৌরব হোঞ ॥ ৪ ॥
গৌরব এ সখি ধৈরয সাধ।
পহু নহি ধরঞ শতও অপরাধ ॥ ৫ ॥
যদি অছ হৃদয়া মিলত সমাজ।
অবশও রহব উলটি ভই লাজ ॥ ৬ ॥
কাচ ঘটী অনুগত জন জেম।
নাগর লখত হৃদয়গত পেম ॥ ৭ ॥
মধুর বচন হে সবহু তহ সার।
বিদ্যাপতি ভণ কবিকণ্ঠহার।

৬৬

দুরজন দুরনয় পরিণতি মন্দ।
তা লাগি অবশ করিয় নহি দ্বন্দ ॥ ১ ॥

২। তঞো—তাহা হইলে।
৩। কাঁহাহু—কোথাও।
৪। তকরাহু—তাহার।
৫। উপতাপ—সন্তাপ। থির—স্থির, নিবৃত্ত।
৭। সুরত—অত্যন্ত অনুরক্ত। বঢ়াবসি—বাড়াও। উছাহ—উৎসাহ।
১। উগ—উদয় হইলে। নিবারবি—নিবারিবে। দিঠি—দৃষ্টি। যে—যেমন। রহ—থাকিবে। তেহি—তেমনি। গমাইঅ—কাটাইবে। যে—যেমন। বহত—বহিবে। পিঠি—পৃষ্ঠ।
২। যাহেরি—যাহার। তাহেরি—তাহার।
৩। পিয়াসল—পিপাসিত।
৪। গেল—গত। কীরিতি—কীর্ত্তি। অমর সার—অমরত্বের সার।
৫। কতঞ—কোথায়। হনুমতে—হনুমান্।
৬। বাঙ্ক—বাম। কলা—লীলা।
২। মন্দামন্দ—ভালমন্দ। বাঁক—বিকৃত।
৩। মুহ খার—কটুভাষিণী।
৬। উলটি—উল্টাইয়া। অবশ—অবশ্য।
৭। জেম—ভোজন।
১। দুরনয়—দুর্নয়, দুর্নীতি।

হঠে যদি করবহ সিনেহক ওল।
ফুটল ফটিক বলয় কে জোল ॥ ২ ॥
সজনি অপনে মন অবধার।
নখ ছেদনে কে লয় কুঠার ॥ ৩ ॥
যতনে রতন পঞ রাখব গোঞ।
তেঁ পরি যে পরবশ নহি হোঞ ॥ ৪ ॥
পরকট করব না সুপহুক দোষ।
রাখব অনুনয় আপন ভরোস ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি পরিহর ধন্ধ।
অনুখণ নহি রহ সুপহু অনুবন্ধ ॥ ৬ ॥

৬৭

অতি নাগর বোলি সিনেহ বঢ়াওল
অবসর বুঝলি বড়াই।
তেলি বলদ থান ভল দেখিয়
পালঙ্ক নহি উজিয়াই ॥ ১ ॥
দূতি বুঝল তোহার বেবহার।
নগর সকল ভ্রমি খুঁজিলি নাগর
ভেটল নিছক গমার ॥ ২ ॥
গুঞ্জ আনি মুকুতা তোহে গাঁথল
কএলহ মন্দ পরিপাটী।
কাঞ্চন চাহি অধিক করি কএলহ
কাচহু তহ ভেল ঘাটী ॥ ৩ ॥
সব গুণ আগর সব তহু শুনল
তেঁ হমে লাওল নেহে।
ফল কারণে তরু অবলম্বল
ছায়া ভেল সন্দেহে ॥ ৪ ॥

৬৮

হৃদয় কুসুম সম মধুরিম বাণী।
নিয়র অএলাহু তুয় সুপুরুষ জানি ॥ ১ ॥
আর কেন যতন করহ ইথি লাগি।
কঞোন মুগুধি আলিঙ্গতি আগি ॥ ২ ॥
চল চল দূতি কি বোলব লাজে।
পুনু পুনু জনু আবহ অইসন কাজে ॥ ৩ ॥
নয়ন তরঙ্গে অনঙ্গ জাগাই।
অবলা মারণ জান উপাই ॥ ৪ ॥
দৃঢ় আশা দিয়ে মন বিঘটাবে।
গেলে অচিরহি লাঘব পাবে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনহ সয়ানী।
নাগর লাঘব ন করিয় জানি ॥ ৬ ॥

৬৯

সখি হে বুঝল কানু গোঁয়ার।
পিতলক টার কাজ দহু কওন লহ
উপর চকমক সার ॥ ১ ॥
হম তোঁ কয়ল মন গেলহি হোয়ত ভাল
হম ছিল সুপুরুখ ভানে।
তোহার বচনে সখি কয়ল আঁখি দেখি
অমিয় ভরমে বিষ পানে ॥ ২ ॥
পশুক সঙ্গে যেহি জনম গমাওল
সে কি বুঝথি রতিরঙ্গে।
মধু যামিনী মোরি আজে নিফলে গেলি
গোপ গমারক সঙ্গে ॥ ৩ ॥
তোহার বচনে কূপ ধস জোরল
তেঁ হমে গেলিহু অবাটে।
চন্দন ভরমে শিমর আলিঙ্গল
সালি রহল হিয় কাঁটে ॥ ৪ ॥

২। করবহ—করিবে। ওল—ওর, সীমা। ফুটল—ভাঙ্গা। জোল—জোড়া দেয়।
৪। তেঁ পরি—সেইরূপে।
৫। পরকট—প্রকট। সুপহুক—সুপ্রভুর।
১। তেলি—কলু। থান—গোয়াল ঘর। উজিয়াই—শোভা পায়।
২। ভেটল—মিলিল। গমার—গ্রামবাসী মূর্খ।
৩। কএলহ—করিলি। চাহি—চাহিয়া, অপেক্ষা। করি—করিয়া। তহ—হইতে। ঘাটী—নিকৃষ্ট, অল্পমূল্য।
৪। সব তহু—সকলের নিকট। লাওল—ঘটাইলাম। অবলম্বল—অবলম্বন করিলাম।
১। নিয়র—নিকটে।
৩। জনু—না।
৫। বিঘটাবে—ব্যাঘাত জন্মায়।
১। পিতলক—পিত্তল। টার—তাগা। লহ—সাজে।
২। ভানে—জ্ঞানে।
৩। যোহি—যে। নিফলে—নিষ্ফলে।
৪। ধস জোরল—লাফাইয়া পড়া। তেঁ—সেই জন্য। অবাটে—অপথে। শিমর—শিমুল। সালি—বিদ্ধ হইয়া।

ভণই বিদ্যাপতি হরি বহুবল্লভ
কয়ল বহুত অপমানে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমাপতি রস জানে ॥ ৫ ॥

৭০

সে বর শঠগুণ গুরুগণ গুরুতর
অছু গুন জলনিধি সার।
হম অবলা জাতি তাহি দুখমতি
কইসে পাইঅ পার ॥ ১ ॥
সজনি অরু কত কর পরলাপ।
সে মঝু যইসন কয়লহি অপমান
সে বড় হৃদয়ক তাপ ॥ ২ ॥
যে বর নারী সার করি লেল
সে পদ সেবহ আনন্দে।
তাহার লাগি জাগি দিন রোয়ই
পীবহু সে মকরন্দে ॥ ৩ ॥
তাহি লাগি অনপানি সব তেজই
জপ করু তাহার নাম।
চম্পতি পতি কহ সেহে যুবতীবর
গাবই তসু গুণগাম ॥ ৪ ॥

৭১

মধু সম বচন কুলিশ সম মানস
প্রথমহি জানি না ভেলা।
আপন চতুরপণ পিশুন হাথে দেল
গুরুয় গরব দূর গেলা ॥ ১ ॥
সখি হে মন্দ পেম পরিণামা।
বড় করি জীবন কয়ল পরাধীন
নহি উপচর এক ঠামা ॥ ২ ॥

ঝাপল কূপ দেখহি নহি পারল
আরতি চললহু ধাই।
তখমুক লঘু গুরু কিছু নহি গুণলে
আবে পচতাবকে যাই ॥ ৩ ॥
এত দিন অছলাহু আন ভানে হমে
আবে বুঝল অবগাহি।
আপন মূল আপনে হাম চাঁছল
দোখ দেব গএ কাহি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
চিতে নহি গণব আনে।
পেমক কারণে জীউ উপেখয়
জগজন কে নহি জানে ॥ ৫ ॥

৭২

পহিলহি চান্দ কলা দেল আনি।
ঝাপল শৈল-শিখর এক পানি ॥ ১ ॥
অব বিপরীত ভেল সে সব কাল।
বাসি কুসুম কিএ গাঁথয় মাল ॥ ২ ॥
ন বোলহ সজনি ন বোলহ আন।
কি ফল আছয় ভেটব কান ॥ ৩ ॥
অন্তর বাহির সম নহ রীতি।
পানি তৈলে নহ নিবিড় পিরীতি ॥ ৪ ॥
হিয় সম কুলিশ বচন মধুধার।
বিষঘট উপর দুধ উপহার ॥ ৫ ॥
চাতুরী বেচহ গাহক ঠাম।
গোপত পেম সুখ ইহ পরিণাম ॥ ৬ ॥
তুহু কি ন জানসি কি বোলব তোয়।
বিদ্যাপতি কহ সমুচিত হোয় ॥ ৭ ॥

৭৩

দুতিক বচন না শুনল রাহি।
আপন মনহি বিচারল তাহি ॥ ১ ॥
কাহুক তৃণ কেশ ধরু তসু আগে।
তবহুঁ সুধামুখী নহি অনুরাগে ॥ ২ ॥

১। গুরুতর—বিরক্ত।
২। অরু—আর। পরলাপ—প্রলাপ।
৩। রোয়ই—রোদন করুক। পীবহু—পান করুক।
৪। অনপানি—অন্নজল। গুণগাম—গুণগ্রাম। গাবই—গান করুক।
১। ভেলা—হইল। গরব—গর্ব্ব।
২। উপচর—শান্তি। ঠামা—স্থান।

৩। ঝাপল—ঢাকা দেওয়া। ধাই—ধাবিত। গুণলে—গণনা করিলাম। পচতাবকে—পশ্চাত্তাপ।
৪। অছলাহু—ছিলাম। ভান—জ্ঞান। অবগাহি—উত্তম রূপে। চাঁছল—কাটিলাম। গএ—গিয়া। কহি—কাহাকে।
১। পহিলহি—প্রথমেই। ঝাপল—ঢাকা দিল।
১। রাহি—রাধা। তাহি—তাহা।
২। তসু—তাহার।

কত কত বিনতি কয় কহ বাণী।
মানিনী চরণে পসারল পানি ॥ ৩ ॥
সুন্দরি দূর কর অসময় মান।
ইহ সুখ সময় মিলল বর কান ॥ ৪ ॥
তেজি নাগর ও সুখপুঞ্জে।
তুয় লাগি লুঠই কেলি-নিকুঞ্জে ॥ ৫ ॥
খেম অপরাধ চলই সেই ঠাম।
ইহ সুখ জানি সময় অনুপাম ॥ ৬ ॥

৭৪

গেলাঁহু পুরুব পেমে উতরো ন দেই।
দাহিন বচন বাম করি লেই ॥ ১ ॥
এ হরি রস দয় রুষলি রমণী।
হম তহ ন আউতি কুঞ্জরগমনী ॥ ২ ॥
গইয়ে মনাবহ রহও সমাজে।
সব তহ বড় থিক আঁখিক লাজে ॥ ৩ ॥
যে কিছু কহলক সে অছি লেলে।
ভাল করি বুঝব আপনহি গেলে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি নারী স্বভাবে।
রুষলি রমণী পুনু পুণমত পাবে ॥ ৫ ॥

৭৫

মাধব দুর্জ্জয় মানিনী মানি।
বিপরীত চরিত পেখি চকিত ভেলি
ন পুছল আধ বাণী ॥ ১ ॥
তুয় রূপ শাম আখর নহি শুনত
তুয় রূপ রিপু সম মানি।
তুয় জন সঞে সম্ভাষ ন করই
কইসে মিলায়ব আনি ॥ ২ ॥

নীল বসন বর কাঁচক চুরি কর
পৌতিক মাল উতারি।
করিরদ চুরি কর মোতি মাল বর
পহিরণ অরুণিম সারি ॥ ৩ ॥
অসিত চিত্র উর পর ছিল
মেটল মলয়জ দেই লগাই।
মৃগমদ তিলক ধোই দৃগঞ্চল
কচ মুখ সঞো লএ ছপাই ॥ ৪ ॥
এক তিল ছিল চারু চিবুক পর
নিন্দি মধুপসুত শামা।
তৃণ অগ্রে করি মলয়জ রঞ্জন
তাহি ছপাওল রামা ॥ ৫ ॥
জলধর দেখি চন্দ্রাতপ ঝাঁপল
শামরি সখী নহি পাশ।
তমাল তরুগণ চূণে লেপল
শিখী পিক দূরে নিবাস ॥ ৬ ॥
মধুকরডরে ধনী চম্পক তরুতল
লোচন জল ভরি পূর।
শামর চিকুর হেরি মুকুর পটকল
টুটি ভৈ গেল শত চুর ॥ ৭ ॥
তুয় গুণগাম কহ এক শুক পণ্ডিত
শুনিতহি উঠত রোষাই।
পিঞ্জর ছটকি ফটিক পর পটকত
ধাএ ধয়ল তহি যাই ॥ ৮ ॥
মেরু সম মান কোপ সুমেরু সম
দেখি ভেল রেণু সমান।

৩। খেম—ক্ষমা কর।
১। গেলাঁহু—গমন করিলাম। উতরো—উত্তরও। দাহিন—অনুকূল। বাম—বিপরীত।
২। রস দয়—রস দিয়া অর্থাৎ প্রেম দেখাইয়া। তহ—হইতে। আউতি—আসিবে।
৩। গইয়ে—গিয়া। মনাবহ—মানভঙ্গ কর। সমাজে—নিকটে। থিক—হয়।
৪। কহলক—কহিল। অছি লেলে—লইয়া আছি।
৫। পুণমত—পুণ্যবান্।
১। মানি—স্বীকার করি। পেখি—দেখিয়া। ভেলি—হইলাম। ২। আখর—অক্ষর।

৩। কাচক—কাচের। চুরি—চুড়ী। পৌতিক—পীতবর্ণ রত্ন। উতারি—খুলিয়া ফেলা। করিরদ—হস্তিদন্ত।
৪। দৃগঞ্চল—চক্ষুর প্রান্ত। কচ—কেশ। সঞো—হইতে। ছপাই—ঢাকা দিল। অসিত—কৃষ্ণবর্ণ। উর—বক্ষ। মেটল—ঢাকিল।
৫। মধুপসুত—ভ্রমরশিশু। শামা—কৃষ্ণবর্ণ।
৬। শামরি—শ্যামবর্ণ। শিখী—ময়ূর।
৭। পটকল—আছাড়িয়া ফেলিল। শত চুর—শতখণ্ড।
৮ শুক পণ্ডিত—শিক্ষিত শুকপক্ষী। রোষাই—রাগিয়া। ছটকি—আছাড়িয়া। ফটিক—স্ফটিক নির্ম্মিত হর্ম্ম্যতল।
৯। ভেল—হইলাম। রেণু—ধূলা।

কবি চম্পতি কহ রাহি মনাইতে
আপ সিধারহ কান ॥ ৯ ॥

৭৬

নহি কিছু পুছলি রহলি ধনী বইসি
নই সেও আইলি বাহিরে।
পরম বিরুহি ভই নাহি নাহি নাহি করি
গেলি দূর করি মোর করে ॥ ১ ॥
মাধব কহ কাহে রুষলি রমণী।
কত যতনে পেয়সী পরিবোধলি
ন ভেলি নিয়রেও আনি ॥ ২ ॥
গোর কলেবর তসু মুখ শশধর
রোবে অনরুচি ভেলা।
রূপ দরশন ছলে জনি নব রতোপলে
কামে কনকবল্লী দেলা ॥ ৩ ॥
নয়ন-নীরধারে জনি টুটল হারে
কুচগিরি পহরি পরলা।
কনক কলস করু মদনে অমিয় ভরু
অধিক কি উবরি পললা ॥ ৪ ॥

৭৭

গগনক চাঁদ হাতে ধরি দেল
কত সমুঝায়ল নীত।
যত কিছু কহল সবহু ঐসন ভেল
চিতপুতরি সম রীত ॥ ১ ॥
মাধব বোধ ন মানয় রাহি।
বুঝইতে অবুঝ অবুঝ মানিয়
কতএ বুঝাওব তাহি ॥ ২ ॥
তোহর মধুর গুণ কত পয় অলাপল
সবহু কঠিন কয় মান।

৯। রাহি মনাইতে—রাধার মান ভাঙ্গিতে। সিধারহ— গমন কর।

মাধব, রাধা যে দুর্জ্জয় মানিনী, তাহা আমি স্বীকার করি। কেন না, তাহার বিপরীত চরিত্র দেখিয়া বিহ্বল হইয়া আমি এক আধটা কথাও কহিতে পারিলাম না। তোমার কালোরূপ এবং শ্যাম নামের অক্ষর পর্য্যন্ত শুনিতেছে না। তোমার রূপ (কালো) শত্রুর ন্যায় মনে করিতেছে। তোমার লোকের সঙ্গে কথাই কহিতেছে না, তবে আমি কি করিয়া তাহাকে আনিয়া তোমার সহিত মিলাইব! সুন্দর নীল বসন, হাতের কৃষ্ণবর্ণ চুড়ী, পীতবর্ণ রত্নের মালা খুলিয়া ফেলিয়া হস্তিদন্তনির্ম্মিত সাদা চুড়ী, মুক্তার মালা এবং লোহিতবর্ণ বস্ত্র পরিধান করিয়াছে। বক্ষের উপর কৃষ্ণবর্ণ একটি চিত্র ছিল, চন্দন দিয়া তাহা ঢাকা দিয়াছে। মৃগমদের তিলক চক্ষুর প্রান্তে ছিল, তাহা ধুইয়া ফেলিয়াছে এবং মুখের নিকট হইতে কেশগুচ্ছ সরাইয়া ঢাকা দিয়াছে। ভ্রমরস্তবিনিন্দিত একটি তিল তাহার চারু চিবুকের উপর ছিল, তাহাও তৃণাগ্রে চন্দন লইয়া ঢাকা দিয়াছে। মেঘ দেখিয়া চন্দ্রাতপ আচ্ছাদন করিয়াছে। শ্যামবর্ণ কোনও সখীকে সে নিকটে রাখে নাই। তমাল তরুগণকে চূণ দিয়া শাদা করিয়াছে; ময়ূর এবং কোকিলকে দূর করিয়া দিয়াছে। কৃষ্ণবর্ণ ভ্রমরকে দেখিবার ভয়ে চম্পকতরুর তলায় গিয়া রোদন করিতেছে। (ভ্রমর চম্পকপুষ্পের মধু পান করে না, ইহাই প্রসিদ্ধি)। মুকুরে কৃষ্ণবর্ণ চিকুর দেখিয়া মুকুর ছুড়িয়া ফেলিয়া দিল, তাহা শতখণ্ডে চূর্ণ হইয়া গেল। এক শিক্ষিত শুকপক্ষী তোমার গুণগ্রাম গাহিতেছিল, রাধা রাগে উঠিয়া পিঞ্জর সমেত শুকপক্ষীকে স্ফটিকনির্ম্মিত হর্ম্যতলে আছড়াইয়া ফেলিল, আমি দৌড়াইয়া তাহাকে ধরিয়া ফেলিলাম। তাহার মান মেরুর মত এবং কোপ সুমেরুর মত, তাহা দেখিয়া আমি রেণুর সমান হইয়া গেলাম। চম্পতি (বিদ্যাপতি) কবি বলিতেছেন, কানাই, রাধার মান ভাঙ্গিতে নিজেই গমন কর।

১। বিরুহি—বিরোধী। ভই—হইয়া।
২। পরিবোধলি—প্রবোধ দিলাম।
৩। অনরুচি—অন্য প্রকার। রতোপল—রক্তোৎপল।
৪। পহরি—প্রহৃত হইয়া। পরলা—পড়িল। উবরি—উব্‌ছিয়া। পললা—পড়িল।
১। চিতপুতরি—চিত্রপুত্তলী।
২। বোধ—প্রবোধ। মানয়—মানে।
৩। অলাপল—আলাপ করিলাম। মান—মানে।

যৈসন তুহিন বরিখে রজনীকর
কমলিনী ন সহ পরাণ ॥ ৩ ॥

৭৮

সজনি ন বুঝিয় ই মঝু ভাগ।
আকুল চিত মঝু তাহি সজাগ ॥ ১ ॥
বচনহু নিজ করি ন বোলয় রাহি।
মোর জীবন বিনু ন বোলহি তাহি ॥ ২ ॥
মঝু পরসঙ্গে সে না দেয় কান।
সেহ বিনু মঝু মুখ ন ফুরয় আন ॥ ৩ ॥
সমাধান চাহি না হোয় সমাধান।
তে অতিরেক হানয় পচবাণ ॥ ৪ ॥
কহ কবিশেখর মন কর থির।
সহজহি নাগরী ভাব গভীর ॥ ৫ ॥

৭৯

যমুনাতীর যুবতী কেলি কর
উঠি উগল সানন্দা।
চিকুর সেমার হার অরুঝাএল
যূথে যূথে উগ চন্দা ॥ ১ ॥
মানিনি অপূরুব তুয় নিরমাণে।
পাঁচবাণে যনি সেনা সাজলি
অইসন উপজু মোহি ভানে ॥ ২ ॥
আনি পুণিম শশী কনক থোএ কসি
সিরিজল তুয় মুখ সারা।
যে সবে উবরল কাটি নড়াওল
সে সবে উপজল তারা ॥ ৩ ॥
উবরল কনক উবটি সঞ্চয়ল
সিরিজল দুই অরম্ভা।
শীতল ছায়া রসিক ছুই ছাড়ল
ছাড়ি গেল সবে দন্তা ॥ ৪ ॥

৮০

সজল নলিনীদল শেষ বিছাইঅ
পরশে যা অসিলাএ।
চন্দনে নহি হিত চান্দ বিপরীত
করব কওন উপাএ ॥ ১ ॥
সজনি সুদৃঢ় করিয়ে জান।
তোহি বিনু দিনে দিনে তনু ক্ষীণ
বিরহে বিমুখ কান ॥ ২ ॥
কারণ বৈদ্য নিরসি তেজলি
আন নহি উপচার।
এহি বেয়াধি ঔষধ তোহার
অধর অমিয় ধার ॥ ৩ ॥

৮১

শুন শুন গুণবতি রাধে।
মাধব বধি কি সাধবি সাধে ॥ ১ ॥
চাঁদ দিনহি দিন হীনা।
সে পুন পলটি খণে খণে খীণা।
অঙ্গুরী বলয়া পুন ফেরী।
ভাঙ্গি গড়ায়ব বুঝি কত বেরি ॥ ২ ॥
তোহার চরিত নাহি জানি।
বিদ্যাপতি পুন শিরে কর হানি ॥ ৪ ॥

৮২

নারঙ্গি ছোলঙ্গি কোরি কি বেলি।
কামে পসাহলি আচর ফেলি ॥ ১ ॥
আবে ভেলি তাল ফল তুলে।
কঁহা লএ যাইতি অলপ মূলে ॥ ২ ॥

২। নিজ করি—আপনার মনে করিয়া।
৪। তে অতিরেক—তাহার অতিরিক্ত।
১। সেমার—সাজাইতে। অরুঝাএল—জড়াইয়া গেল।
২। অপূরব—অপূর্ব্ব। নিরমাণ—নির্ম্মাণ; যনি—যেন। ভান—জ্ঞান।
৩। থোএ—থুইয়া, রাখিয়া। কসি—কষিয়া। উবরল—উদ্বৃত্ত হইল। নড়াওল—ফেলিয়া দিল।
৪। উবটি—ফিরিয়া। সঞ্চয়ল—সঞ্চয় করিল। অরম্ভা—আরম্ভ, গর্ব্বের সামগ্রী অর্থাৎ পয়োধর।
৪। ছুই—ছুঁইয়া। দন্তা—দন্ত।
১। বিছাইঅ—বিছায়। অসিলাএ—ম্রিয়মাণ, শুষ্ক।
৩। নিরসি—নিবারণ করিয়া।
১। সাধবি সাধে—সাধ পূর্ণ করিবি।
২। ফেরী—শিথিল। কত বেরি—কত বার।
১। নারঙ্গি—নারাঙ্গা লেবু। ছোলঙ্গি—লেবু বিশেষ। কোরি—কোরা, নবীন। বেলি—সময়। পসাহলি—সাজাইল। ফেলি—ফেলিয়া।

সে কান্থ সে হমে সে ধনী রাধা।
পূরুব পেম ন করিয় বাধা ৩॥
জাতকী কেতকী সরস মালা।
তুয় গুণ গাহি গাঁথয়ে হারা॥ ৪॥
সরস নীরস তোহ কে বুঝ আনে।
কহা লএ চলতি ভেলি বিমানে॥ ৫॥
সরস কবি বিদ্যাপতি গাবে।
নাগর নেহ পুণমতি পাবে॥ ৬॥

৮৩

একে তুহ নাগরী সব গুণ-আগরি
বইসসি চতুরি সমাজ।
আপন বাত আপ নহি সমুঝসি
হঠে নট করিলি সব কাজ॥ ১॥
সুন্দরি নাহ কিয় করসি রোষ।
নিয়র আনি বাত দুই পুছহ
জানহ গুণ কিয় দোষ॥ ২॥
অপরাধ জানি গারি দশ দেবই
পিরীত ভাঙ্গল কাঁ লাগি।
পিরীতি ভঁগইতে যে উপদেশল
তাহার মুখে দিয় আগি॥ ৩॥

৮৪

কোকিলকুল কলরব কাহল
বাহর রাব।
মঞ্জরীকুল মধুকর গুঞ্জরয়ে
সে জনি গুজর গাব॥ ১॥
মতে মলান পরাণ দিগন্তর
এহ কিয়ে ন লাজ।
বিরহিণী জন মরণ কারণ
বেকত ভই বিধুরাজ॥ ২॥

সুন্দরি অবহু তেজিয় রোষ।
তু বর কামিনী ই মধু যামিনী
অপদ ন দিয় দোষ॥ ৩॥
কমল চাহি কলেবর কোমল
বেদন সহএ ন পার।
চান্দন চন্দ কুন্দ তনু তাপয়ে
ভাব ন মোতিম হার॥ ৪॥
শিরীষ কুসুম শেষ ওছাওল
তইও ন আবএ নিন্দ।
আকুল চিকুর চীর ন সম্বর
সুমর দেব গোবিন্দ॥ ৫॥

৮৫

মধুর মধুর পিক রব তরু তরু সব
করু করু লতিকা সঙ্গ।
ঐসন শোহায়ন সুরতি সময় বন
পুণব্যতী রচে রতিরঙ্গ॥ ১॥
দখিণ পবন বহ শীতল সবহু তহ
মলয়জ রজ লয়ে আব।
কওন যুবতী মন মনসিজ নহি হন
সবে কর বস পরথাব॥ ২॥
হরি হরি কোনে পরি রহ হৃদয় ধরি
হরি পরিহরি এহি রাতি।
দেখি সুপহু নতি রতিরঙ্গ ন করতি
কোন কলাবতী জাতি॥ ৩॥
বিদ্যাপতি কহ সুন্দর সব তহ
কর পরসন মন আজ।

১। বইসসি—বাস কর। আপ—আপনি। সমুঝসি—বুঝ। নট—নষ্ট।

২। নাহ—নাথ। কিয়—কিংবা।

৩। দেবই—দিবে। কাঁ লাগি—কিসের জন্য। ভঁগইতে—ভাঙ্গিতে। আগি—আগুন।

১। কাহল—ঢক্কা। বাহর—বাহির। রাব—রব। গুজর—গুর্জ্জরী, গান বিশেষ। গাব—গায়।

২। মলান—মালিন্য।

৩। অপদ—অস্থানে, অকারণে। অবহু—এখনই।

৪। তাপয়ে—সন্তাপিত করে। চাহি—হইতেও। ভাব—শোভা পায়। ওছাওল—বিছাইল।

৫। সুমর—স্মরণ কর।

১। শোহায়ন—শোভন।

২। তহ—তাহা হইতে। আব—আসিতেছে। হন—হানে। পরথাপ—প্রতাপ।

৩। হরি হরি—আক্ষেপসূচক শব্দ। কোনে পরি—কিরূপে। সুপহু—সুপ্রভু। নতি—বিনতি।

৪। পরসন—প্রসন্ন।

গুণ গণি সুবদনি মিলহ রসিকমণি
পুণ্যবলে সুপহু সমাজ॥ ৪॥

৮৬

মানিনি আব উচিত নহে মান।
এখনুক রঙ্গ এমন সন লগইছ
জাগল পএ পচবাণ॥ ১॥
জুড়ি রয়নী চকমক কর চাঁদনী
এহন সময় নহি আন।
এহি অবসর প্রিয় মিলন যেমন সুখ
যকরহি হো সে জান॥ ২॥
রভসি রভসি আলি বিলসি বিলসি করি
যে কর অধরমধু পান।
অপন অপন পহু সবহু জেমাওল
ভুখল তুয় যজমান॥ ৩॥
ত্রিবলী তরঙ্গ সিতাসিতসঙ্গম
উরজ শম্ভু নিরমাণ।
আরতি পতি মগইছে পরতিগ্রহ
করু ধনি সরবস দান॥ ৪॥

দীপ দীপক দেখি থির ন রহয় মন
দৃঢ় করু আপন গেয়ান।
সঙ্কিত মদন-বেদন অতি দারুণ
বিদ্যাপতি কবি ভাণ॥ ৫॥

৮৭

বিমল কমলমুখি ন করিয় মান।
পাওত বদন তুয় চাঁদ সমান॥ ১॥
কাম কপট কনকাচল আনি।
হৃদয়ে বইসাওল দুই করে জানি॥ ২॥
তে পাতকে তোহি মাঝহি খীণী।
লঘু গতি হংসহু তহ অতি হীনি॥ ৩॥
এই ধনে সুখিত হোয়তে যুবরাজ।
বসনে ঝপাবহ কি তোর কাজ॥ ৪॥
হসি পরিরম্ভি অধরমধু দানে।
কখনে ফুজলি নীবি কেও নহি জানে॥ ৫॥
ভণই বিদ্যাপতি রসিক সুজানে।
রুক্মিণী দেবীপতি সুন্দর কানে॥ ৬॥

৮৮

কেন কুচ অঞ্চলে রাখহ গোএ।
উপচিত কতএ তিরোহিত হোএ॥ ১॥

৪। গুণ গণি—গুণ বিচার করিয়া। সমাজ—নিকট।

১। আব—এখন। এখনুক—এখনকার। রঙ্গ—সৌন্দর্য্য। সন—যেন। লগইছ—লাগিতেছে। পএ—অব্যয়।

২। জুড়ি—জুড়ান, শীতল। চাঁদনী—জ্যোৎস্না। আন—অন্য। এহি—এই। যকরহি—যাহারই।

৩। রভসি—আনন্দিত হইয়া। আলি—সখী। বিলসি—বিলাস করিয়া। করি—করাইল। সবহু—সকলে। জেমাওল—ভোজন করাইল। ভুখল—অভুক্ত, অতৃপ্ত।

৪। সিতাসিতসঙ্গম—প্রয়াগ, হার ও নাভি-রোমাবলীর মিলন স্থান। আরতি—অনুরাগাতিশয্য। পতি—বল্লভ। পরতিগ্রহ—পতিগ্রহ। মগইছে—মাগিতেছে। সরবস—সর্ব্বস্ব।

গঙ্গার জল সাদা, যমুনার জল কালো, ইহা প্রসিদ্ধ। এখানে হারকে সাদা বলা হইতেছে এবং নাভি-লোমাবলী স্বভাবতই কালো, সুতরাং এতদুভয়ের মিলন স্থানকে সিতাসিত সঙ্গম বলা হইয়াছে, ত্রিবলী তরঙ্গ সদৃশ এবং উরজ অর্থাৎ কুচ শম্ভু সদৃশ, এই তীর্থ স্থানে প্রভু সাগ্রহে প্রতিগ্রহ চাহিতেছে; অতএব ধনি, তুমি সর্ব্বস্ব দান কর।

৫। দীপ—অপ্রজ্বলিত প্রদীপ। দীপক—উত্তেজক। গেয়ান—চিত্তবৃত্তি।

১। পাওত বদন—তোমার বদন চন্দ্রতুল্য হইবে অর্থাৎ তোমার নির্ম্মল মুখচন্দ্র মান-কলঙ্ক-যুক্ত হইবে।

২। আনি—আনিয়া। জানি—ইচ্ছা করিয়া।

৩। তে পাতকে—সেই পাপে অর্থাৎ কাম-স্পর্শরূপ পাপে। মাঝহি—মাঝ, কটি। খীণী—ক্ষীণ।

৪। যুবরাজ—মাধব। ঝপাবহ—ঢাকিতেছ।

৫। পরিরম্ভি—আলিঙ্গন করিয়া। ফুজলি—খুলিয়া যাইবে।

৬। সুজান—সুজন।

১। উপচিত—বর্দ্ধিত।

উপজলি প্রীতি হঠহি দূর গেলি।
নয়নক কাজরে মুখ মসি ভেলি ॥ ২ ॥
তে অবসাদে অবশ ভেল দেহ।
ক্ষত খরিয়া সন ভেল সিনেহ ॥ ৩ ॥
জঞো বাজলি তঞো সংশয় গেলি।
আনি নবও নিধি জনি দেলি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি এহ রস জান।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণ ॥ ৫ ॥

৮৯

মানিনি হম কহিয় তুয় লাগি।
নাহ নিকটে পাই যে জন বঞ্চয়
তাকর বড়হি অভাগি ॥ ১ ॥
দিনকর বন্ধু কমল সব জানয়
জল তহি জীবন হোই।
পঙ্কবিহীন তনু ভানু শুখায়ত
জলহি পটাওত সোই ॥ ২ ॥
নাহ সমীপে সুখত যত বৈভব
অনুকূল হোয়ত যোই।
তাকর বিরহে সকল সুখ সম্পদ
খণে খণে দগধয় সোই ॥ ৩ ॥
তুহ ধনি গুণবতী বুঝি করহ রীতি
পরিজন ঐসন ভাব।
শুনইতে রাহি হৃদয় ভেল গদ গদ
অনুমতি কয়ল পরকাশ।

৯০

অবয়ব সবহি নয়ন পএ ভাস।
অহর্নিশি আকুল পাওব পাশ ॥ ১ ॥
লাজে ন কহএ হৃদয় অনুমান।
পেম অধিক লঘু জানহ আন ॥ ২ ॥

সজনি কি কহিব তোর গেয়ান।
পানি পাএ শিকর ভেল কান ॥ ৩ ॥
বাহর হোই আনহি কহিঅ সমাদ।
হোএতও হে সুমুখি পেম পরমাদ ॥ ৪ ॥
যদি তাহার জীবনে তোর কাজ।
গুরুজন পরিজন পরিহর লাজ ॥ ৫ ॥
দণ্ড দিবস দিবসহি হো মাস।
মাস পাব গএ বরসক পাশ ॥ ৬ ॥
তোহর জুড়াই তোহরে মান।
গেল বুঝায় কেও আন পরাণ ॥ ৭ ॥

৯১

সৌরভ লোভে ভ্রমর ভ্রমি আয়ল
পূরব পেম বিশবাসে।
বহুত কুসুমমধু পান পিয়াসল
যাএত তুয় উপাসে ॥ ১ ॥
মালতি করিয় হৃদয় পরকাশে।
কত দিন ভ্রমর পরাভব পাওব
ভাল নহে অধিক উদাসে ॥ ২ ॥
কঞোনক অভিমত কে নহি রাখএ
জীবও দিয়া জগ হেরি।
কি করব তে ধন অরু জীবনে
যে নহি বিলসএ বেরি ॥ ৩ ॥
সবহি কুসুম মধুপান ভ্রমর কর
সুকবি বিদ্যাপতি ভাণে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

৯২

সিনেহ বঢ়াওব এই ছিল ভাণ।
তোহার স্বাধীন করব পরাণ ॥ ১ ॥

২। উপজলি—সমুৎপন্ন। হঠহি—বলপূর্ব্বক।
৩। ক্ষত খরিয়া—ক্ষতস্থানে লবণ দেওয়া।
৪। জঞো—যদি। বাজলি—কথা কওয়া।
১। বঞ্চয়—বাঞ্চিত করে। অভাগি—অভাগ্য।
২। তহি—তাহার। শুখায়ত—শুকায়। পটাওত—পাট করে, সিঞ্চন করে।
৩। দগধয়—দগ্ধ করে।
১। ভাস—শোভা পায়। পাওব পাশ—নিকটে যাইব অর্থাৎ মিলন হইবে।
৩। পাএ—পাইতে, চাহিয়া। শিকর—জলকণা।
৪। বাহর—বাহিরে। সমাদ—সম্বাদ।
৭। জুড়াই—শীতল।
১। বিশবাসে—বিশ্বাসে। পিয়াসল—পিপাসিত। উপাসে—উপবাসী।
২। পরকাশে—প্রকাশ। উদাস—উপেক্ষা।
৩। কঞোনক—কাহার। জীবও—জীবনে। অরু—আর। বিলসএ—বিলাস করে। বেরি—সময়।
১। ভান—জ্ঞান। করব—করিবে।

ভাল ভেল মালতি ভেলি হে উদাস।
পুনু ন আওব মধুকর তুয় পাশ ॥ ২ ॥
এতবা হাম অনুতাপক ভেল।
গিরি সম গৌরব অপদহি গেল ॥ ৩ ॥
অলপে বুঝওলহ নিজ বেবহার।
দেখিতহি নিজ পরিণাম অসার ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি মন দিয়া সেব।
৪। ঝুর—আকুল। মনহি মনহি মন পূর—মনে মনে পূর্ণ হইল অর্থাৎ মিলন হইল।

২

তুহু যদি মাধব চাহসি নেহ।
মদন সাখী করি খত লিখি দেহ ॥ ১ ॥
ছোড়বু কেলিকদম্ব-বিলাস।
দূর করব নিজ গুরুজন আশ ॥ ২ ॥
হম বিনু স্বপনে ন হেরব আন।
হমর বচনে করব জলপান ॥ ৩ ॥
রজনী দিবস গুণ গাওব মোর।
আন যুবতী কভু ন করব কোর ॥ ৪ ॥
ঐসন করজ করব যব হাত।
তবহু তুয় সঞে মরকম বাত ॥ ৫ ॥
ভণই বিত্তাপতি শুন বরকান।
মান রহু পুন জাউ পরাণ ॥ ৬ ॥

৩

কুলকামিনী ভই কুলটা ভেলিহু
কিছু নহি গুণলে আগু।
সবে পরিহরি তুয় অধীনী ভেলিহু
আবে আইতি লাগু ॥ ১ ॥
মাধব জনু হোয় পেম পুরানে।
নব অনুরাগ ওর ধরি রাখব
যে ন বিঘট মোর মানে ॥ ২ ॥
সুমুখী বচন শুনি মাধব মনে গুণি
অঙ্গিরল করি অপরাধে।
সুপুরুষ সঞো নেহ কবি বিত্তাপতি কহ
ওর ধরি হো নিরবাধে ॥ ৩ ॥

৪

মাধব জগতে কে নহি জান।
আরতি আকুল জঞো কেও আবয়ে
বড় করে সমধান ॥ ১ ॥
হমে যে ভাবিনী ভাদর যামিনী
অএলাহু জানি সুঠাম।
তোহে সুনাগর গুণক আগর
পূরত সকল কাম ॥ ২ ॥
কত না মনে মনোরথ আছিল
সবে নিবেদিব তোহি।
পূরুব পুণে পরিণতি পওলাহে
পুছি ন পুছহ মোহি ॥ ৩ ॥
হমে হেরি মুখ বিমুখ কএলহু
মন বেয়াকুল ভেল।
তোহে জঞো পরে হিত উদাসীন
যুগ পলটি ন গেল ॥ ৪ ॥
এত শুনি হরি হসি হেরু ধনী
কয়লহি সোর সদান।
তখনে সুন্দরী পুলকে পূরলি
কবি বিত্তাপতি ভাণ ॥ ৫ ॥

৫

মাধব আয়ে কবাট উবেরলি
যাহি মন্দির বস রাধা।
চীর উঘারি আধ মুখ হেরলহি
চান্দ উগল জনি আধা ॥ ১ ॥
মাধব বিলখি বচন বোল রাহি।
যৌবন রূপ কলাগুণে আগরি
কে নাগরী হম চাহি ॥ ২ ॥
চির কপূর পান হমে সাজল
পায়স অও পকমানে।
সকল রজনী হমে জাগি গমাওল
খণ্ডিত ভেল মোর মানে ॥ ৩ ॥
তুয় চঞ্চল চিত নহি থলথিত
মহিমা ভার গভীরে।

১। সাখী করি—সাক্ষী করিয়া।

৪। আন—অন্য। কোর—ক্রোড়।

৫। করজ—হাতে লেখা খত।

১। গুণলে—গণনা করিয়াছিলাম। আগু—আগের, ভবিষ্যতের। আইতি—আয়ত্ত।

২। বিঘট—নষ্ট। পুরানে—পুরাতন।

৩। অঙ্গিরল—অঙ্গীকার করিল। নিরবাধে—নির্বাধ, বাধাশূন্য।

১। আরতি—আর্ত্তি। বড়—মহৎ ব্যক্তি।

২। ভাদর—ভাদ্র মাস।

৩। পরিণতি—পরিণাম, ফল।

৪। পলটি—উল্টাইয়া।

৫। সোর সদান—আহ্বান করিলেন।

১। উবেরলি—মুক্ত করিল। যাহি—যে। বস—বাস করে। উঘারি—খুলিয়া। চীর—বস্ত্র।

২। বিলখি—দেখিয়া।

৩। চির—চিরিয়া। পকমান—মিষ্টান্ন।

৪। থপলাথিত—স্থির।

কুটিল কটাখ মন্দ হসি হেরহ
ভিতরহ শ্যাম শরীরে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বরযৌবতি
চিতে জনু মানহ আনে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৬

মুখ যব মাজল রসিক মুরারি।
সুন্দরী রহলি করহি কর বারি ॥ ১।
প্রেম সবহু গুণ দুহু কয় লেল।
মদন নয়ন যুগল কর দেল ॥ ২ ॥
করে কর বারইত উপজল হাস।
দুহু পুলকাইত গদ গদ ভাষ ॥ ৩ ॥
গুরুয় কোপ তিরোহিত ভেল।
নাগর তবহু কোর পর লেল ॥ ৪ ॥

৭

দূরে গেল মানিনী মান।
অমিয়া সরোবরে ডুবল কান ॥ ১ ॥
নাগয় তব পরিরম্ভ।
প্রেমভরে সুবদনী তনু জনু স্তম্ভ। ২ ॥
নাগর মধুরিম ভাষ।
সুন্দরী গদগদ দীর্ঘনিশ্বাস ॥ ৩ ॥
কোরে অগোরল নাহ।
করই সঙ্কীরণ রস নিরবাহ ॥ ৪ ॥
লহ লহ চুম্বই বয়ান।
সরস বিরস হৃদি সজল নয়ান ॥ ৫ ॥
সাহসে উরে কর দেল।
মনহি মনোভব তব নহি ভেল ॥ ৬ ॥
তোড়ল যব নীবিবন্ধ।
হরি সুখে তবহি মনোভব মন্দ ॥ ৭ ॥

তব কিছু নাহক সুখ।
ভণ বিদ্যাপতি সুখ কি দুখ ॥ ৮ ॥

৮

অপরূপ রাধামাধব রঙ্গ।
দুর্জ্জয় মানিনী মান ভেল ভঙ্গ ॥ ১ ॥
চুম্বই মাধব রাহি বয়ান।
হেরই মুখশশী সজল নয়ান ॥ ২ ।
সখীগণ আনন্দে নিমগন ভেল।
দুহু জন মন মাহা মনসিজ গেল ॥ ৩ ॥
দুহু জন আকুল দুহু করু কোর।
দুহু দরশনে বিদ্যাপতি ভোর ॥ ৪ ॥

৯

বড়ই চতুর মোর কান।
সাধন বিনাহি ভাঙ্গল মঝু মান ॥ ১ ॥
যোগিবেশ ধরি আওল আজ।
কে ইহ সমুঝব অপরূপ কাজ ॥ ২ ॥
শাশ বচনে হাম ভিখ লই গেল।
মঝু মুখ হেরইতে গদ গদ ভেল ॥ ৩ ॥
কহে তব মান-রতন দেহ মোয়।
সমুঝল তব হম সুকপট সোয় ॥ ৪ ॥
যে কিছু কহল তব কহইতে লাজ।
কোই না জানল নাগররাজ ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ সুন্দরি রাই।
কিয়ে তুহু সমুঝবি সে চতুরাই ॥ ৬ ॥

১০

গোকুলে দেব দেয়াসিনি আওল
নগরহি ঐসে ফুকারি।
অরুণ বসন পরিহি জটিল বেশ ধরি
কানু দ্বার মাহা ঠারি ॥ ১ ॥

১। মাজল—মুছিল, করস্পর্শ করিল। করহি কর বারি—হস্ত দ্বারা হস্ত নিবারণ করিতে।
৪। কোর—ক্রোড়।
২। পরিরম্ভ—আলিঙ্গন।
৪। অগোরল—আগুলাইল। সঙ্কীরণ—সঙ্কীর্ণ।
৬। উরে—বক্ষে, পয়োধরে। মনোভব—মদন।
৭। তোড়ল—খুলিল।
৮। নাহক—নাথের।
৩। মাহা—মধ্যে।
৪। ভোর—বিহ্বল।
২। অপরূপ—অপূর্ব্ব।
৩। শাশ—শাশুড়ী।
৪। সোয়—সেই।
১। দেয়াসিনি—বেদেনী, যাহারা মন্ত্র তন্ত্র জানে। ঠারি—দাঁড়াইয়া।

শুনি ধনী জটিলা তোরিতে চলি আওল
হেরইতে চমকিত ভেল।
হমর বধূক রীতি দেখি জনি আনমতি
কহি নিজ-মন্দিরে গেল ॥ ২ ॥
দেব দেয়াসিনি কানু।
জটিলা বচনে সুধামুখী নিয়রহি
এক দিঠি হেরই বয়ান ॥ ৩ ॥
কহ তবে অতনু দেব ইথে পাওল
হৃদি মাহা পৈসল কাল।
নিরজনে সোই মন্ত্র যব ঝাড়িয়
তব ইহ হোয়ব ভাল ॥ ৪ ॥
এত শুনি জটিলা ঘরহু দোঁহে লেয়ল
নিরজনে দুহু এক ঠাম।
সব জন নিকসল বাহর বৈসল
পূরল কানু মনকাম ॥ ৫ ॥
বহুক্ষণ অতনু মন্ত্র পড়ি ঝাড়ল
ভাগল তব সেহো দেবা।
দেব দেয়াসিনি ঘর সঞে নিকসল
চাতুরি বুঝব কেবা ॥ ৬ ॥
জটিলা বহুত ভকতি করি হরখিত
কতহু ভিখ আনি দেল।
কহে কবিশেখর ভিখ লয় তব
সেহো দেয়াসিনি গেল ॥ ৭ ॥

১১

জটিলা শাশ ফুকরি তাহু বোলত
বহুরি বেরি কাহে ঠাঢ়ি।
ললিতা কহত অমঙ্গল শুনল
সতী পতিভয় অবগাঢ়ি ॥ ১ ॥
শুনি কহে জটিলা ঘটল কি অকুশল
ঘর সঞে বাহির হোয়।
বহুরিক পাণি ধরি হেরহ যোগী
কিয়ে অকুশল কহ মোয় ॥ ২ ॥
যোগেশ্বর ফিরি বহুরিক পাণি ধরি
কুশল করব বনদেব।
ইহ এক অঙ্ক বঙ্ক বিশঙ্কউ
বনহু পশুপতি সেব ॥ ৩ ॥
পূজনক মন্ত্র তন্ত্র বহু আছয়
সে ইহ কিছু নহি জান।
জটিলা কহে আন দেব কাঁহা পাওব
তুহুঁ বীজ কর ইহ দান ॥ ৪ ॥
এত কহি দুহু জন মন্দিরে পরবেশল
দুহু জন ভেল এক ঠাম।
মনমথ মন্ত্র পড়াওল দুহু জনে
পূরল দুহু মনকাম ॥ ৫ ॥
পুন দুহুজন মন্দির সঞে নিকসল
জটিলা সনে কহে ভাখী।
যব ইহ গৌরী আরাধনে যাওব
বিধবা জনে ঘর রাখি ॥ ৬ ॥
এত কহি সবহুঁ চলল নিজ মন্দিরে
যোগী চরণে পরণাম।
বিদ্যাপতি কহ নটবর-শেখর
সাধি চলল মনকাম ॥ ৭ ॥

১২

আছিনু হাম অতি মানিনী হোই।
ভাঙ্গল নাগর নাগরী হোই ॥ ১ ॥
কি কহব হে সখি আজুক রঙ্গ।
কানু আওল তহিঁ দূতিক সঙ্গ ॥ ২ ॥
বেণী বনায়ল চাঁচর কেশে।
নাগরশেখর নাগরীবেশে ॥ ৩ ॥
পহিরল হার উরজ করি উরে।
চরণহি লেল রতননূপুরে ॥ ৪ ।

২। লেল—লইয়া গেল।
৩। নিয়রহি—নিকটে। এক দিঠি—এক দৃষ্টে।
৪। অতনু—মদন, পক্ষান্তরে প্রেতযোনি।
৫। মনকাম—মনস্কাম।
১। শাশ—শাশুড়ী। ফুকরি—চীৎকার করিয়া। বোলত—বলে। বহুরি—বধূ। বেরি বেলা, বিলম্ব। ঠাঢ়—দাঁড়াইয়া। অবগাঢ়ি—নিশ্চিত।
৩। ফিরি—ফিরিয়া অঙ্ক—রেখা। বঙ্ক—বক্র, বাঁকা। বিশঙ্কউ—শঙ্কা দূর করিবেন। সেব—সেবা করুক, পূজা করুক।
৪। আন—অন্য। দেব—দেবতা, গুরু। কাঁহা কোথায়। বীজ—বীজমন্ত্র। ইহ—ইহাকে।
৬। সঞে—হইতে। গৌরী—সুন্দরী।
২। তহিঁ—তখন।
৪। বক্ষস্থলে পয়োধর গড়িয়া হার পরিল।

পহিলহি চলইতে বামপদ-ঘাত।
নাচত রতিপতি ফুলধনু হাত ॥ ৫ ॥
হেরি হাম সচকিত আদর কেল।
অবনত হেরি কোর পর লেল ॥ ৬ ॥
সে তনু সরস পরশ যব ভেল।
মানক গরব রসাতলে গেল ॥ ৭ ॥
নাসা পরশি রহল হম ধন্দ।
বিদ্যাপতি কহ ভাঙ্গল দ্বন্দ ॥ ৮ ॥

১৩

বরনাগর সাজই নাগরী-বেশা।
মুকুট উতারি সীঁথি সোঙারল
বেণী বিরচিত কেশা ॥ ১ ॥
চন্দন ধোই সিন্দুর ভালে রঞ্জই
লোচনে অঞ্জন অঙ্কা।
কুণ্ডল খোলি কর্ণফুল পহিরল
ভরি তনু কেশর পঙ্কা ॥ ২ ॥
বেশর খচিত শতেশ্বরী পহিরল
চুরি কনক করকঞ্জে।
চরণকমল পাশে যাবকরঞ্জন
তাপর মঞ্জীর গঞ্জে ॥ ৩ ॥
কাঁচলী মাঝে কদম্বকুসুম ভরি
আরম্ভন কুচ আভা।
অরুণাম্বর বর শাটি পহিরল
বক্র বিলোকন শোভা ॥ ৪ ॥
ধরি পরিবাদিনী শ্যাম সুমিলনে
শুভ অনুকূল পয়াণে।
পহিলহি বামচরণ তুলি মোহন
স্ত্রিয়াগতি লচ্ছণ ভানে ॥ ৫ ॥

ঐছন চরিতে মিলল যাঁহা সুন্দরী
দূরহি একলি ঠারি।
করে ধরি যন্ত্র তন্ত্র সোঙারত
কো ইহ লখই ন পারি ॥ ৬ ॥
রাইক নিকট বজাওত সুন্দরা
শুনইতে ভই গেল সাধা।
এ নব-যৌবনী নবীন বিদেশিনী
আও ফুকারই রাধা ॥ ৭ ॥
শুনইতে শ্যাম হরখি চিতে আওল
উঠি ধনী আদর কেল।
বাহু পকড়ি নিজ আসনে বৈসায়ল
কত কত হরষিত ভেল ॥ ৮ ॥
তহি বজাওত বীণা সুমাধুরী
রিঝি দেয়ল মণিমাল।
ঐসে বজাওত হামারি যন্ত্রিয়া
মোহন যন্ত্র রসাল ॥ ৯ ॥
সুর অপসরী কিয়ে নাগকুমারী তুহু
স্বরূপ কহবি তুহু মোয়।
আজুক দিবস সফল করি মানলো
দুর্লভ দরশন তোয় ॥ ১০ ॥
নাম গাম কহ কুল অবলম্বন
ব্রজে আগমন কিয়ে কাজা।
সুখময়ী নাম মথুরাপুর যদুকুল
গুণিজনে পীড়ই রাজা ॥ ১১ ॥
ধনী কহে তুয়া গুণে রিঝি প্রসন্ন ভেল
মাগহ মানস মোয়।
মনোরথ কর্ম্ম যাচলি যদি সুন্দরি
মান রতন দেহ মোয় ॥ ১২ ॥

৬। কেল—করিলাম।
১। সোঙারল—সাজাইল।
২। অঙ্কা—অঙ্ক, রেখা। পহিরল—পরিল। পঙ্কা—চন্দন।
৫। করকঞ্জে—করপদ্মে। চুরি—চুড়ী। যাবক—অলক্তক।
৩। গঞ্জে—বাজে।
৪। আরম্ভন কুচ—নবোদ্গত পয়োধর।
৫। পরিবাদিনী—বীণা। লচ্ছণ—লক্ষণ।

৬। ঐছন চরিতে—এইরূপে। মিলল—উপস্থিত হইল। ঠারি—দাঁড়াইয়া আছে। সোঙারত—সমারত, সাজাইতে লাগিল। লখই—লক্ষ্য করিতে।
৭। বজাওত—বাজায়। সাধা—সাধ।
৮। পকড়ি—ধরিয়া।
৯। রিঝি—তুষ্ট হইয়া। যন্ত্রিয়া—যন্ত্রবাদন-কুশল।
১১। কিয়ে কাজা—কি কাজে।
১২। যাচলি—জিজ্ঞাসা করিলি।

হাসি মুখ মোড়ি পীঠ দেই বৈঠল
কানু কয়ল ধনী কোর।
টুটল মান বাঢ়ল কত কৌতুক
ভূপতি কে করু ওর ॥ ১৩ ॥

১৪

সজনি কি কহব কৌতুক ওর।
অলখিতে হাথ হাথ মোর সরবস
মান রতন গেও চোর ॥ ১ ॥
অবনত বয়নে যবহুঁ হম বইসল
বিগলিত কুন্তল-ভার।
উর অম্বর সসরি সুত চরণ ধরি
গাঁথিয়ে মোতিম হার ॥ ২ ॥
লহু লহু পদ করি নূপুর পরিহরি
কৈসে আওল সেহ ঢীঠ।
শির শপথি দই সখীগণে নিষেধই
ঝুকি রহল মঝু পীঠ ॥ ৩ ॥
মৃগমদচন্দনে মন ভেল চঞ্চল
হেরইতে বঙ্কিম গীম।
চিবুক চিকুরে ধরি মুখ সমুখে করি
চুম্বয় বয়নক সীম ॥ ৪ ॥
ঘন ঘন চুম্বন দৃঢ় পরিরম্ভণ
রহল হিয়ে হিয়ে লাগি।
কবিশেখর কহ মদন শুতি রহ
চমকি উঠয় জনু জাগি ॥ ৫ ॥

১৫

সবহুঁ আপন ভবনে গেল।
সুবদনী চিত চমক ভেল ॥ ১ ॥
নাশা পরশি রহল ধন্দ।
ঈষত হসয় বয়ন চন্দ ॥ ২ ॥

সখি হে অপরুব বর কান।
কঁহা গেল মঝু সেহন মান ॥ ৩ ॥
যে কিছু কহল রসিক-রাজ।
কহিতে অবহু বাসিয় লাজ ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ ঐসন কান।
দাস গোবিন্দ রস ভাণ ॥ ৫ ॥

১৬

ধিক্ রমনী করে যে প্রিয়পর কোপ।
কুলকামিনী জন প্রেমক লোপ ॥ ১ ॥
ভাল জন মহ হো অপযশ খ্যাত।
প্রিয়তম মন সোঁ হোয়ব কাত ॥ ২ ॥
একশরি তায়া কেও ন দেখ।
চড়লি আকাশে অমঙ্গল লেখ ॥ ৩ ॥
আপন সুখ হরি করি জনু মান।
কবিবর বিদ্যাপতি এহ ভাণ ॥ ৪ ॥

প্রেম-বৈচিত্র্য

১

এ সখি এ সখি কি কহব হাম।
পিয়া মোর বিদগধ বিহি মোরে বাম ॥ ১ ॥
কত দুঃখে আয়ল পিয়া মঝু লাগি।
দারুণ শাশ রহল তহি জাগি ॥ ২ ॥
ঘরে ঘরে আঙ্গিয়ার কি কহব সখি।
পাশে লাগল পিয় কিছুই না দেখি ॥ ৩ ॥
চিত মোর ধস ধস কহিতে না পাই।
এ বড় মনের দুঃখ রহ চিরথাই ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ তুহুঁ অগেয়ানী।
পিয়া হিয়া করি কাহে না ফেরি বয়ানি ॥ ৫ ॥

১। ওর—সীমা। অলখিতে—অলক্ষ্যে। গেও—গেল। চোর—চুরী।
২। উর অম্বর সসরি—বুকের কাপড় সরিয়া গিয়াছিল।
৩। ঢীঠ—শঠ, চতুর। শির শপথি—মাথার দিব্য।
৫। মদন শুতি রহ—মদন সুপ্ত রহিয়াছে। জনু—না।

৩। অপরুব—অপূর্ব্ব। সেহন—তেমন।
২। মহ—মধ্যে। হো—হয়। মন সোঁ—মন হইতে।
৩। একশরি—একেশ্বর, একমাত্র। কেও—কেহ। দেখ—দেখে। চড়লি—উঠিলে। লেখ—গণনা করে।
৪। হরি—হরণ করিয়া। জনু—না।
১। বিদগধ—সুরসিক। শাশ—শাশুড়ী।
৪। চিরথাই—চিরস্থায়ী।

২

সখী :—কহ কহ সুন্দরি রজনী-বিলাস।
কৈছে নাহ পূরল তুয়া আশ ॥ ১ ॥
কতহু যতনে বিধি করি অনুমান।
নাগর নাগরী কয়ল নিরমাণ ॥ ২ ॥
অখিল ভুবন মাহা তুহুঁ বরনারী।
সুপুরুষ নাহ তোহে মিলল মুরারি ॥ ৩ ॥
রাধা :—পিয়াক পিরীতি হাম কহই না পার।
লাখ-বদন বিহি না দিল হামার ॥ ৪ ॥
আপনক গজমোতিহার উতারি।
যতনে পরায়ল কণ্ঠে হামারি ॥ ৫ ॥
করে ধরি পিয়া বৈসায়ল নিজ কোর।
সুগন্ধি চন্দন অঙ্গে লেপল মোর ॥ ৬ ॥
কুয়ল কবরী বান্ধয়ে অনুপাম।
তাহে বেঢ়ি দেয়ল চম্পকদাম ॥ ৭ ॥
মধুর মধুর দিঠে হেরই কান।
আনন্দজলে পরিপূরল নয়ান ॥ ৮ ॥
ভণয়ে বিদ্যাপতি ভাব-তরঙ্গ।
এবে কহি শুন সখি সো পরসঙ্গ ॥ ৯ ॥

৩

দুহু রসময় তনু গুণে নাহি ওর।
লাগল দুহুঁক না ভাঙ্গই জোর ॥ ১ ॥
কে নাহি কয়ল কতহু পরকার।
দুহুঁ জন ভেদ করই নাহি পার ॥ ২ ॥
যো খল সকল মহীতল গেহ।
ক্ষীর নীর সম না হেরনু লেহ ॥ ৩ ॥
যব কোই বেরি আনলমুখ আনি।
ক্ষীর দগু দেই নিসরিতে পানি ॥ ৪ ॥
তবহু ক্ষীর উমড়ি পড়ু তাপে।
বিরহ-বিয়োগ আগ দেই ঝাঁপে ॥ ৫ ॥
যব কোই পানি আনি তাহে দেল।
বিরহ-বিয়োগ তবহু দূরে গেল ॥ ৬ ॥

ভণহু বিদ্যাপতি এতনি সিনেহ।
রাধামাধব ঐছন লেহ ॥ ৭ ॥

৪

রাধামাধব রতনহি মন্দিরে
নিবসই শয়নক সুখে।
রসে রসে দারুণ দ্বন্দ্ব উপজায়ল
কান্ত চলল তহি রোখে ॥ ১ ॥
নাগর অঞ্চল করে ধরি নাগরী
হাসি মিনতি করু আধা।
নাগর হৃদয় পাঁচশর হানল
উজরি দরশি মনবাধা ॥ ২ ॥
দেখ সখি ঝুটক মান।
কারণ কিছুই বুঝই না পারিয়ে
তব কাহে রোখল কান ॥ ৩ ॥
রোখ সমাপি পুন রহসি পসারল
তায়ি মধ্যত পাঁচবাণ।
অবসর জানি মানবতী রাধা
বিদ্যাপতি ইহ ভাণ ॥ ৪ ॥

৫

কি কহব রে সখি আজুক বাত।
মাণিক পড়ল কুবণিক হাত ॥ ১ ॥
কাচ কাঞ্চন না জানয়ে মূল।
গুঞ্জা রতন করই সমতুল ॥ ২ ॥
যো কছু কভু নাহি কলারস জান।
নীর ক্ষীর দুহুঁ করই সমান ॥ ৩ ॥
তাহা সঙ্গে কাঁহা পিরীতি রসাল।
বানর-কণ্ঠে মোতিম-মাল ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি ইহ রস জান।
বানর মুখে কি শোভয়ে পাণ ॥ ৫ ॥

৬

কি কহব রে সখি আজুক রঙ্গ।
স্বপনে হি শুতলু কুপুরুষ সঙ্গ ॥ ১ ॥
বড়ি সুপুরুষ বলি আওলু ধাই।
শুতি রহলু মুখে আঁচল ঝাঁপাই ॥ ২ ॥
কাঁচলি খোলি আলিঙ্গন দেল।
মোহে জাগায়ল তঁহি নিদ গেল ॥ ৩ ॥

৫। গজমোতিহার—গজমুক্তাহার। উতারি — খুলিয়া।
৬। কোর কোল। কুয়ল—আলুলায়িত।
১। গুণে নাহি ওর—গুণের সীমা নাই। না ভাঙ্গই জোর—জোড় ভাঙ্গে না, বিচ্ছিন্ন হয় না।
৪। কোই বেরি—কোন্ বার অর্থাৎ কখন।
৫। উমড়ি পড়ু—উমড়ে পড়ে, উথলিয়া উঠে।

২। ঝাঁপাইঁ—ঢাকিয়া।
৩। মোহে জাগায়ল তঁহি নিদ গেল—আমাকে জাগাইল কিন্তু সে নিদ্রিত হইল।

হে বিহি হে বিহি বড় দুখ দেল।
সে দুখ রে সখি অবহু না গেল ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি ইহ রস ধন্দা।
ভেক কি জানে কুসুম-মকরন্দ ॥ ৫ ॥

৭

এ ধনি রঙ্গিণী কি কহব তোয়।
আজুক কৌতুক কহনে না হোয় ॥ ১ ॥
একলি শুতিয়া ছিনু কুসুম-শয়ান।
দোসির মনোমথ করে ফুলবাণ ॥ ২ ॥
নূপুর ঝুনু ঝুনু আওল কান।
কৌতুকে হাম মুদি রহনু নয়ান ॥ ৩ ॥
আয়ল কানু বৈঠল মঝু পাশ।
পাশ মোড়ি হাম লুকায়নু হাস ॥ ৪ ॥
কুন্তল-কুসুমদাম হরি নেল।
বরিহা মাল পুনহি মুঝে দেল ॥ ৫ ॥
নাসা মোতিম গীমক হার।
যতনে উতারল কত পরকার ॥ ৬ ॥
কঞ্চুক ফুগইতে পহু ভেল ভোর।
জাগল মনোমথ বান্ধলু চোর ॥ ৭ ॥
ভণয়ে বিদ্যাপতি রসিক সুজান।
তুহু রসবতী পহু সব রস জান ॥ ৮ ॥

৮

মন্দিরে আঁছিনু সহচরী মেলি।
পরসঙ্গে রজনী অধিক ভৈ গেলি ॥ ১ ॥
যব সখি চললহুঁ আপন গেহ।
তব্ মঝু নিন্দে ভরল সব দেহ ॥ ২ ॥
শুতি রহলু হাম করি এক চিত।
দৈবে বিপাক ভেল বিপরীত ॥ ৩ ॥
না বোল সজনি শুন স্বপন-সম্বাদ।
হসইতে কেহু জনি করে পরিবাদ ॥ ৪ ॥
বিষাদ পড়ল মঝু হৃদয়ক মাঝ।
তুরিতে ঘুচায়নু নীবিক কাচ ॥ ৫ ॥

এক পুরুখ পুন আওল আগে।
কোপে অরুণ আঁখি অধরক রাগে ॥ ৬ ॥
সে ভয়ে চিকুর চীর আনহি গেল।
কপালে কাজর মুখে সিন্দুর ভেল ॥ ৭ ॥
অতয়ে করব কেহু অপযশ গাব।
বিদ্যাপতি কহে কো পতিয়াব ॥ ৮ ॥

৯

সখি হে সে সব কহিতে লাজ।
যে করে রসিক-রাজ ॥ ১ ॥
আঙ্গিনা আওল সেহ।
হাম চলিনু গেহ ॥ ২ ॥
অধরু আচর ওর।
ফুয়ল কবরী মোর ॥ ৩ ॥
ঢীট নাগর চোর!
পাওল হেম কটোর ॥ ৪ ॥
ধরিতে ধায়ল তায়।
তোড়ল নখের ঘায় ॥ ৫ ॥
চকোর চপল-চাঁদ।
পড়ল প্রেমের ফাঁদ ॥ ৬ ॥
কবি বিদ্যাপতি ভাণ।
পূরল দুহুক কাম ॥ ৭ ॥

১০

এ সখি রঙ্গিণি কি কহব তোয়।
আর এক কৌতুক কহনে না হোয় ॥ ১ ॥
একলি আছিনু ঘরে হীনপরিধান।
অলখিতে আয়ল কমল-নয়ান ॥ ২ ॥
এ দিকে ঝাঁপিতে তনু ও দিকে উদাস।
ধরণী পশিয়ে যদি পাউ পরকাশ ॥ ৩ ॥
করে কুচ ঝাঁপিতে ঝাঁপন না যায়।
মলয়-শিখর জনু হিমে না লুকায় ॥ ৪ ॥

৫। বরিহা—বর্হ, ময়ূরপুচ্ছ। মাল—মালা।
৬। উতারল—নামাইল। পরকার—প্রকার। ৭। কঞ্চুক—কাঁচলি। ফুগইতে—খুলিতে।
১। পরসঙ্গে—প্রসঙ্গে, কথায় কথায়।
৪। জনি—যদি, পাছে। হসইতে—হাসিতে, পরিহাস করিতে।

৭। আনহি—অন্যদিকে। ৮। অতয়ে—অতে, অন্তরে। পতিয়াব—প্রত্যয় করিবে।
৪। ঢীট—শঠ। হেম কটোর সুবর্ণের বাটি অর্থাৎ গৌরবর্ণ স্তনযুগল।
২। হীনপরিধান—ছোট কাপড়।
৩। পশিয়ে—প্রবেশ করি। পাউ—পায়। পরকাশ—প্রকাশ।
৪। যেমন মলয় শিখর হিমে ঢাকা পড়ে না, সেইরূপ আমার কুচযুগল হস্তদ্বারা ঢাকা পড়িল না।

ধিক্ যাউক জীবন যৌবন লাজ।
আজু মোর অঙ্গ দেখল ব্রজরাজ ॥ ৫ ॥
ভণয়ে বিদ্যাপতি রসবতী রাই।
চতুরক আগে কিয়ে চতুরাই ॥ ৬ ॥

১১

আজুক লাজ তোহে কি কহব মাই।
জল দেই ধোই যদি তবহুঁ না যাই ॥ ১ ॥
নাহই উঠহু হাম কালিন্দী তীর।
অঙ্গহি লাগল পাতল চীর ॥ ২ ।
তাহে বেকত ভেল সকল শরীর।
তহি উপনীত সমুখে যদুবীর ॥ ৩ ॥
বিপুল নিতম্ব অতি বেকত ভেল।
পালটিয়া তাপর কুন্তল দেল ॥ ৪ ॥
উরজ উপর যব্ দেয়ল দীঠ।
উর মোড়ি বৈঠহু হরি করি পীট ॥ ৫ ॥
হাসি মুখ নিরখিয় ঢীট মাধাই।
তনু তনু ঝাঁপিতে ঝাঁপন ন যাই ॥ ৬ ॥
বিদ্যাপতি কহে তুহু অগেয়ানী।
পুন কাহে পালটি না পৈঠলি পানি ॥ ৭ ॥

১২

শাশ ঘুমাওত কোরে আগোরি।
তহি রতি-ঢীট পীঠ রহু চোরি ॥ ১ ॥
কিয়ে হাম আখরে কহলু বুঝাই।
আজুক চাতুরী রহব কি যাই ॥ ২ ॥

না কর আরতি এ অবুধ নাহ।
অব নাহি হোত বচন নিরবাহ ॥ ৩ ॥
পীঠ আলিঙ্গনে কত সুখ পাব।
পানিক পিয়াস দুধে কিয়ে যাব ॥ ৪ ॥
কত মুখ মোড়ি অধর-রস নেল।
কত নিশবদ করি কুচে কর দেল ॥ ৫ ॥
সমুখে না যায় সঘনে নিশোয়াস।
হাস কিরণ ভেল দশন বিকাশ ॥ ৬ ॥
জাগল শাশ চলত তব কান।
না পূরল আশ বিদ্যাপতি ভাণ ॥ ৭ ॥

১৩

একলি আছিনু হাম গাঁথইতে হার।
ঘগরি খসল কুচ-চীর হামার ॥ ১ ॥
তৈখনে হাসি হাসি আওল কান্ত।
কুচ কিয়ে ঝাপব কিয়ে নীবিবন্ধ ॥ ২ ॥
হাসি বহুবল্লভ আলিঙ্গন দেল।
ধৈরয-লাজ রসাতল গেল ॥ ৩ ॥
করে কি বুতায়ব দুরহি দীপ।
লাজে না যায়ল এ কঠিন জীব ॥ ৪ ॥
বিদ্যাপতি কহে মরমক কাজ।
জীবন সোঁপল যাহে তাহে কিয়ে লাজ ॥ ৫ ॥

১৪

কুচযুগ চারু ধরাধর জানি।
হৃদি পৈঠব জনি পহু দিল পানি ॥ ১ ॥
ঘামবিন্দু মুখে হেরয়ে নাহ।
চুম্বয়ে হরব সরস অবগাহ ॥ ২ ॥

১। মাই—মাগো।
২। পাতল চীর—পাতলা কাপড়।
৫। উরজ—স্তন। দীঠ—দৃষ্টি।
স্তনযুগলের উপর যখন সে দৃষ্টি দিল, তখন আমি মাধবকে পশ্চাতে রাখিয়া বুক নীচু করিয়া বসিলাম।
৬। ঢীট—শঠ, চতুর।
৭। অগেয়ানী—অজ্ঞানী, অবোধ। পৈঠলি প্রবেশ করিলি।
১। শাশ—শাশুড়ী। আগোরি—আগলি, আগলাইয়া। রতি-ঢীট—সুরত-চতুর।
২। আখরে—অক্ষরে, সঙ্কেতে, ইঙ্গিতে বুঝাইয়া বলিলাম।
৩। আরতি—আগ্রহপ্রকাশ, আসুরক্তি। অবুধ—অবোধ, অবুঝ।
৪। পৃষ্ঠ আলিঙ্গনে কত সুখ পাইবে, জলতৃষ্ণা কি দুগ্ধ দ্বারা নিবৃত্ত হয়!
৫। মুখ মোড়ি—মুখ ফিরাইয়া।
১। কুচ-চীর—বুকের কাপড়। ঘগরি—ঘাগরা।
২। ঝাপব—ঢাকা দিব।
৪। বুতায়ব—নিবাইব।
১। পৈঠব—প্রবেশ করিবে। জনি—পাছে।
২। নাহ—নাথ।

বুঝই না পারিয়ে পিয়ামুখভাব।
বদন নেহারিতে উপজয়ে হাস ॥ ৩ ॥
আপন ভাব মোহে অনুভাবি।
না বুঝিয়ে ঐছন কিয়ে সুখ পাবি ॥ ৪ ॥
তাকর বচনে করলু সব কাজ।
কি কহব সো অব কহইতে লাজ ॥ ৫ ॥
এ বিপরীত বিদ্যাপতি ভাণ।
নাগরী রমইতে ভয় নাহি মান ॥ ৬ ॥

১৫

আজু মঝু সরম ভরম রহু দূর।
আপন মনোরথ সো পরিপূর ॥ ১ ॥
কি কহব রে সখি কহইতে হাস।
সব বিপরীত ভেল আজুক বিলাস ॥ ২ ॥
জলধর উলটি পড়ল মহীমাঝ।
উয়ল চারু ধরাধররাজ ॥ ৩ ॥
মরকত দরপণ হেরইতে হাম।
উচ নীচ বুঝি পড়লু সেই ঠাম ॥ ৪ ॥
পুনঃ অনুমানিয়ে নাগর কান।
তাকর বচন ভেল সমাধান ॥ ৫ ॥
নিবাসে বাস পুন দেওল সোই।
লাজে রহনু হিয়ে আনন গোই ॥ ৬।
সোই রসিকবর কোরে আগোরি।
আঁচলে শ্রমজল মোছল মোরি ॥ ৭ ॥
মৃদু বীজইতে ঘুমনু হাম।
ভণয়ে বিদ্যাপতি রস অনুপাম ॥ ৮ ॥

১৬

সখি হে কি কহব নাহিক ওর।
স্বপন কি পরতেক কহই না পারিয়ে
কি অতি নিকট কি দূর ॥ ১ ॥

তড়িত-লতাতলে তিমির সম্ভায়ল
আতরে সুরধুনী-ধারা।
তরল তিমির শশী সুর গরাসল
চৌদিকে খসি পড়ু তারা ॥ ২ ॥
অম্বর খসল ধরাধর উলটাল
ধরণী ডগ মগি ডোলে।
খরতর বেগ সমীরণ সঞ্চরু
চঞ্চরীগণ করু রোলে ॥ ৩ ॥
প্রলয়-পয়োধিজলে জনু ছাপল
ইহ নহ যুগ অবসানে।
কো বিপরীত কথা পতিয়ায়ব
কবি বিদ্যাপতি ভানে ॥ ৪ ॥

১৭

কহ কহ সখি নিকুঞ্জ-মন্দিরে
আজু কি হোয়ল ধন্দ।
চপলে ঝাপল জনি জলধর
নীল উৎপল চন্দ ॥ ১ ॥
ফনী মণিবর উপরে নিরখি
শিখিনী আনত গেল।
সুমেরু উপরে সুর-তরঙ্গিণী
কেবল তরল ভেল ॥ ২ ॥
কিঙ্কিণী কঙ্কণ করু কলরব
নূপুর অধিক তাহে।
সুকাম নটনে তুরিয়তি কহু
ঐছন সকল শোহে ॥ ৩ ॥
না কর গোপনে, নিজ পরিজনে
ইহ বুঝি অনুমান।
বিদ্যাপতি কৃত কৃপায়ে তাহারি
কো না জান ইহ গান ॥ ৪ ॥

১৮

কি হবে রে সখি কেলি-বিলাস।
বিপরীত সুরত নায়ক অভিলাষ ॥ ১ ॥

৩। উয়ল—উদিত হইল।
৪। আমি মরকত দর্পণ দেখিয়া ঊর্দ্ধ অধঃ বিচার না করিয়া সেই স্থানে পড়িলাম।
৫। তাকর—তাহার।
৬। গোই—গোপন করিয়া।
৭। আগোরি—আগলাইয়া।
৮। বীজইতে—বীজন করিতে, বাতাস দিতে।
১। পরতেক—প্রত্যক্ষ।
২। সম্ভায়ল—সম্ভূত হইল, উদ্ভূত হইল বা রহিল। আতরে—অন্তরে। সুর—সূর্য্য।
৩। ডোলে—দোলে। চঞ্চরীগণ—ভ্রমরীগণ।
১। চপলে—বিদ্যুৎ দ্বারা।
৩। করু কলরব—ঝঙ্কার করে। তুরিয়তি কহু—তৌর্য্যত্রিক হইয়া। শোহে—শোভে।

মানায়ত নায়র দূরে রহু লাজ।
অবিরত কিঙ্কিণী কঙ্কণ বাজ ॥ ২ ॥
শুনইতে ঐছন লহু লহু ভাষ।
দুহু মুখ হেরইতে উপজল হাস ॥ ৩ ॥
শ্রম-জল-বিন্দু মুখে সুন্দর জ্যোতি।
কনক কমলে যৈছে ফুটি রহু মোতি ॥ ৪ ॥
কুচযুগ কনক ধরাধর জানি।
ভাঙ্গি পড়ল জনি পহু দিল পাণি ॥ ৫ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
নহিলে কি বশ কৈছে তোহারি মুরারি ॥৬॥

১৯

বিগলিত চিকুর মিলিত মুখমণ্ডল
চাঁদে বেঢ়ল ঘনমালা।
মণিময় কুণ্ডল শ্রবণে দুলিত ভেল
ঘামে তিলক বহি গেলা ॥ ১ ॥
সুন্দরি তুয়া মুখ মঙ্গলদাতা।
রতি বিপরীত সমরে যদি রথবি
কি করব হরি হর ধাতা ॥ ২ ॥
কিঙ্কিণী কিনি কিনি, কঙ্কণ কণ কণ
ঘন ঘন নূপুর বাজে।
নিজ মদে মদন পরাভব মানল
জয় জয় ডিণ্ডিম বাজে ॥ ৩ ॥
তলে এক জঘন সঘন রব করইতে
হোয়ল সৈনকভঙ্গ।
বিদ্যাপতি-পতি ও রস গাহক
যামুনে মিলিল গঙ্গা-তরঙ্গ ৪ ॥

২০

মদন মদালসে শ্যাম বিভোর।
শশিমুখী হাসি হাসি করু কোর ॥ ১ ॥
নয়ন ঢুলাঢলি লহু লহু হাস।
অঙ্গ হেলাহলি গদ গদ ভাষ ॥ ২ ॥
রসবতী নারী রসিক বরকান।
হিয়ায় হিয়ায় দোঁহার বয়ানে বয়ান ॥ ৩ ॥
দুহুঁ পুনঃ মাতল দুঁহু শর হান।
বিদ্যাপতি করু সো রস গান ॥ ৪ ॥

২১

আজি কেন তোমায় এমন দেখি।
সঘনে ঢুলিছে অরুণ আঁখি ॥ ১ ॥
অঙ্গ মোড়া দিয়া কহিছ কথা।
না জানি অন্তরে কি ভেল ব্যথা ॥ ২ ॥
সঘতে গগনে গণিছ তারা।
দেব অবঘাত হৈয়াছে পারা ॥ ৩ ॥
যদি বা না কহ লোকের লাজে।
মরমী জনার মরমে বাজে ॥ ৪ ॥
আঁচরে কাঞ্চন ঝলকে দেখি।
প্রেম কলেবর দিয়াছে সাখী ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ এ কথা দড়।
গোপত পীরিতি বিষম বড় ॥ ৬ ॥

২২

চরণ-নখর-মণি রঞ্জন ছাঁদ।
ধর লোটায়ল গোকুল-চাঁদ ॥
ঢরকি ঢরকি পড়ু লোচনে লোর।
কতরূপে মিনতি কয়ল পহু মোর ॥ ২ ॥
লাগল কুদিন কয়লু হাম মান।
অব নাহি নিকষয়ে কঠিন পরাণ ॥ ৩ ॥
রোখ তিমির এত বৈরীকি জান।
রতনক ভৈ গেল গৈরিক ভান ॥ ৪ ॥
নারী জনমে হাম না করিনু ভাগি।
মরণ শরণ ভেল মানক লাগি ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ শুন ধনি রাই।
রোয়সি কাহে মোহে সমুঝাই ॥ ৬ ॥

২৩

কুসুমবাণ-বিলাস-কানন
কেশ সুন্দর রেহ।
নিবিড় নীরদ রুচির দরশয়ে
অরুণ জনি নিজ দেহ ॥ ১ ॥
আজু দেখু গজরাজগতি
বরযুবতী ত্রিভুবন সার।

২। মানায়ত নায়র—নাগর স্বীকার করাইল।
৫। ভাঙ্গি পড়ল জনি—পাছে ভাঙ্গিয়া পড়ে।
৪। সৈনকভঙ্গ—সৈন্যরা রণে ভঙ্গ দিল।

২। লোর—চোখের জল।
১। কুসুমবাণ-বিলাসকানন—মদনের বিলাস কানন। রেহ—রেখা।
২। দেখু—দেখিলাম।

জনি কাম দেবক বিজয়বল্লী
বিহরি বিহি সংসার ॥ ২ ॥
শরদ শশধর সরিশ সুন্দর
বদন লোচন লোল।
বিমল কাঞ্চন কমল চড়ি
জনি খেলু খঞ্জন জোল ॥ ৩ ॥
অধরপল্লব নব মনোহর
দশন দাড়িম জ্যোতি।
জনি বিমল বিদ্রুমদল সুধারসে
সীচি ধরু গজমোতি ॥ ৪ ॥
মত্ত কোকিল বেণু বীণানাদ
ত্রিভুবন ভাস।
মধুর হাসে পসাহি আনলি
করয়ে বচন বিলাস ॥ ৫ ॥
অমর ভূধর সম পয়োধর
মহঘ মোতিম হার ॥
জনি হেম নির্ম্মিত শম্ভুশেখর
গঙ্গা নির্ম্মল ধার ॥ ৬ ॥
করভ কোমল কর সুশোভিত
জঙ্ঘ যুগ আরম্ভ।
মদন মল্ল বেয়াম কারণে
গঢ়ল হাটক থম্ভ ॥ ৭ ॥
সুকবি এহো কণ্ঠহারে গাওল
রূপ সকল স্বরূপ।
দেবী লখিমা কান্ত জানয়ে
রাজা শিব সিংহ ভূপ ॥ ৮ ॥

২৪

কুন্দ ভমর সঙ্গম সম্ভাষণ
নয়নে জগাওব অনঙ্গে।
আশা দিয়ে অনুরাগ বঢ়াওব
ভঙ্গিম অঙ্গ বিভঙ্গে ॥ ১ ॥
সুন্দরি হে উপদেশ ধরিয়ে ধরি
শুনু শুনু সুললিত বাণী।
নাগরীপণ কিছু কহবা চাহোঁ
কহলহু বুঝয়ে সয়ানী ॥ ২ ॥
কোকিল-কূজিত কণ্ঠ বৈসাওব
অনুরঞ্জব ঋতুরাজে।
মধুর হাস মুখমণ্ডল মণ্ডব
ঘড়ি এক তেজব লাজে ॥ ৩ ॥
কৈতব করি কাতরতা দরশব
গাঢ় আলিঙ্গন দানে।
কোপ করিয়ে পরবোধল মানব
ঘড়ি এক ন করব মানে ॥ ৪ ॥
সম পসেবনি সহ তনু দরশব
মুকুলিত লোচন হেরি।
নখে হনি পিয়া মণিঠাম ছোড়াওব
সুরত বঢ়াওব কেলি ॥ ৫ ।
যুঝল মনমথ পুন যে যুঝাএব
বোলি বচন পরচারী।
গেল ভাব যে পুনু পলটাবএ
সেহে কলাবতী নারী ॥ ৬ ॥
রস শিঙ্গার সরস কবি গাওল
বুঝয়ে সকল রসমন্তা।

২। দেবক—দেবের। বিহরি—বিহার করিতেছে।
৩। কাঁচ—কাঁচা। খেল—খেলিতেছে। জোল—জোড়া।
৪। বিদ্রুমদল—প্রবালসমূহ। সীচি—সিঞ্চন করিয়া, ছড়াইয়া। ধরু—রাখিয়াছে।
৫। ভাস—শোভা। পসাহি—প্রসারিত করিয়া।
৬। অমর ভূধর—সুমেরু। মহঘ—মহার্ঘ। শম্ভুশেখর—কৈলাস।
৭। বেয়াম—ব্যায়াম। হাটক—সুবর্ণ। থম্ভ—স্তম্ভ।

১। সম্ভাষণ—সদৃশ। জগাওব—জাগাইবে। বঢ়াওব—বাড়াইবে।
২। কহবা—কহিতে, শিখাইতে। চাহোঁ—চাই। কহলহু—কহিলে। সয়ানী—চতুরা।
৪। করি—করিয়া। দরশব—দেখাইবে। পরবোধল—প্রবোধ দিলে।
৫। পসেবনি—প্রস্বেদ। মুকুলিত—অর্দ্ধ মুদিত। নখে—নখ দ্বারা। হনি—আঘাত করিয়া। মণিঠাম—মণিবন্ধ।
৬। যুঝল—যুঝিত, কৃতযুদ্ধ। যুঝাএব—যুঝাইবে। পরচারী—কৌতুক। গেল—গত।

রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবীকন্তা ॥ ৭ ॥

২৫

সুন্দরি আছিল সখীগণ সঙ্গে।
চঞ্চল বিবটয় কামিনী অঙ্গে ॥ ১ ॥
অবনতবয়না বসন নহি হেরি।
ধনী ভুজবল্লী ঝাপ কত বেরি ॥ ২ ॥
অতনু পাশে দৃঢ় করি দিয়ে অম্বু।
কোপে কাম জনি বাঁধিল শম্ভু ॥ ৩ ॥
বিহি বিধুমণ্ডল মুখশশী আনি।
তোলি তোলাবে দুয়ও অনুমানি ॥ ৪ ॥
আনন গুণ-গৌরব নত ভেল।
চাঁদ চমকি তঁহি অম্বর গেল ॥ ৫ ॥

২৬

রাধা বদন নিরখি রহু কান।
ভাবে ভরল অঙ্গ ধরল ধিয়ান ॥ ১ ॥
রাহি বুঝল তনু মরমক বোল।
বাহু পসারি কানু কর কোল ॥ ২ ॥
অধর সুধারস পুনু পুনু পীব।
সখীগণ হেরইতে জীবন জীব ॥ ৪ ॥

২৭

যে মুখ সুন্দর অতুলন নাম।
জনু পরসাদে জিতলি জগ কাম ॥
সে মুখ কিএ মুকুর তল দেল।
আপন পরাভব আপনহি ভেল ॥ ২ ॥
তুহু অতি বিদগধ বধইতে লাখ।
হেরি অবশ ভেলি আপন কটাখ ॥ ৩ ॥
যাকর যে গুণ সে নহি জান।
লোহকার কিএ চিনয়ে কৃপাণ ॥ ৪ ॥

২৮

দেব আরাধনে চলু গোরী।
সঙ্গহি সম বয় নবীন কিশোরী ॥ ১ ॥
চন্দন কুঙ্কুম অরু ফুল মাল।
লওল বহু উপহার রসাল ॥ ২ ॥
চলু বর নাগরী সঙ্গব মাহ।
সচকিত নয়নে দিক দশ চাহ ॥ ৩ ॥
ঐসন সময় নিবিড় বনমাজ।
মিলল একলি বিদগধ-রাজ ॥ ৪ ॥
হেরি সুবদনী অতি চমকিত ভেলি।
কহ কবিশেখর দুহু জন মেলি ॥ ৫ ॥

২৯

রাধা মাধব সুমধুর কেলি।
দুহু রূপে দুহু জন নিমগন ভেলি ॥ ১ ॥
উলসিত বিনোদ নাগরবর কান।
কহই অমিয় বাণী হসিত বয়ান ॥ ২ ॥
সুন্দরি কি কহিব তোহর বখান।
অলপে জিতিল তুহু ইহ পচবাণ ॥ ৩ ॥
গুরুয় কমল নয়ন কোণে এক।
অরু এক ঈষত হাস পরতেক ॥ ৪ ॥
করহি সুকুসুম তাহি এক হোই।
কুঞ্চিত কেশ দরশে এক সোই ॥ ৫ ॥
অঙ্গহি অঙ্ক কিরণ কত ভেল।
হেরি পরাভব ভৈ চলি গেল ॥ ৬ ॥
কহ কবিশেখর কি কহব কান।
লাখ বয়ানে নহি হোত পরমাণ ॥ ৭ ॥

৩০

দুহু মুখ হেরইতে দুহু ভেল ধন্দ।
রাহি কহ তমাল মাধব কহ চন্দ ॥ ১ ॥
চিত পুতলী জনু রহু দুহু দেহ।
না জানিয় প্রেম কেমন অছু নেহ ॥ ২ ॥
এ সখি দেখ দেখ দুহুক বিচার।
ঠামহি কোই লখই নহি পার ॥ ৩ ॥
ধনী কহ কাননময় দেখিয় শ্যাম।
সে কিয়ে শুণব মঝু পরিণাম ॥ ৪ ॥
চউকি চউকি দেখি নাগর কান।
প্রতি তরুতলে দেখ রাহি সমান ॥ ৫ ॥
দোঁহে দোঁহে যবহু নিচয় কয় জান।
দুহুক হৃদয় পৈসল পচবাণ ॥ ৬ ॥

১। বিবটয়—প্রকাশ পায়।
৪। তোলি—তুল্য।
১। ধিয়ান—ধ্যান। ২। কর—করিল।
১। পরসাদে—প্রসাদে। জিতলি—জয় করিল।
৪। লোহকার—কামার।
১। গোরী—গৌরী, রাধা।
৩। বখান—ব্যাখ্যান, বর্ণনা।
২। চিত পুতলী—চিত্রপুত্তলী।
৫। চউকি—চারিদিকে।

৩১

রাধা বদন হেরি কানু আনন্দ।
জলধি উছহে যৈসে হেরইতে চন্দ ॥ ১ ॥
কতহু মনোরথ কৌশলক ভরি।
রাধা কান কুসুমশর সমরি ॥ ২ ॥
পুলকে পূরল তনু হৃদয়ে উল্লাস।
নয়ন ঢুলাঢুলি লহু লহু হাস ॥ ৩ ॥
দুহুঁ অতি বিদগধ অনবধি লেহা।
রুল আবেশে বিসারি নিজ দেহা ॥ ৪ ॥
হার টুটল পরিরম্ভণ বেলি।
মৃগমদ কুঙ্কুম পরিমল গেলি ॥ ৫ ॥
নীরসি অধরমধু পিবি মাতোয়ার।
ভুখিল ভ্রমর কুসুম অনিবার ॥ ৬ ॥

৩২

রাধা যব হেরল হরি মুখ ওর।
তৈখনে ছল ছল লোচন জোর ॥ ১ ॥
যবহু কহলহি লহু লহু বাত।
তবহু কয়ল ধনী অবনত মাত ॥ ২ ॥
যব হরি ধরলহি অঞ্চল পাশ।
তৈখনে ঢর ঢর তনু পরকাশ ॥ ৩ ॥
যব পহু পরশল কঞ্চুক সঙ্গ।
তৈখনে পুলকে পূরল সব অঙ্গ ॥ ৪ ॥
পূরল মনোরথ মদন উদেশ।
কহ কবিশেখর পিরীতি বিশেষ ॥ ৫ ॥

৩৩

কি পুছসি হে সখি কানু গুণ নেহা।
একহি পরাণ বিহি গঢ়ল ভিন দেহা ॥ ১ ॥
কহিল যে কাহিনী পুছই কত বেরি।
কত সুখ পাবয় মঝু মুখ হেরি ॥ ২ ॥
বিনু মঝু দরশে পরশে নহি জীব।
মো বিনু পিয়াসে পানি নহি পীব ॥ ৩ ॥
ঘুমক আলসে যদি পলটি হোউ পাশ।
মান ভয়ে মাধব উঠয় তরাস ॥ ৪ ॥
উর বিন শেয পরশ নহি পাই।
চিবহি বিন তাম্বুল নহি খাই ॥ ৫ ॥
আন সঞে কাহিনী ন সহ পরাণ।
স্নান সম্ভাষণে তরয় গেয়ান ॥ ৬ ॥
কহ কবিরঞ্জন শুন বরনারি।
তোহর প্রেম-ধনে লুবুধ মুরারি ॥ ৭ ॥

৩৪

হাম অবলা সখি কিয়ে গুণ জান।
সে রসময় তনু রসিক সুজান ॥ ১ ॥
কতহু যতনে মোরে কোরে বইসাই।
বাঁধিল বেণী সে কবরী খসাই ॥ ২ ॥
কঞ্চুক দেল হিয় পর মোর।
পরশি পয়োধর ভৈ গেল ভোর ॥ ৩ ॥
কণ্ঠে পহিরাওল মণিময় হার।
অঙ্গে বিলেপল কুঙ্কুম ভার ॥ ৪ ॥
বসন পহিরাওল করি কত ছন্দ।
কিঙ্কিণী জালহি নীবি নিবন্ধ ॥ ৫ ॥
নিজ করপল্লবে মঝু মুখ মাজ।
নয়নহি কয়ল সুকাজর সাজ ॥ ৬ ॥
অলকা তিলক দিয়া চোরি নিহারি।
কহ কবিশেখর যাও বলিহারি ॥ ৭ ॥

৩৫

অখলিতে গোপ আয়ল চলি গেল।
সসরি খসল চীর সমরি না গেল ॥ ১ ॥
আধ বদন তহি দেখল মোর।
চাঁদ অঁয়েঠ কয় চলল চকোর ॥ ২ ॥

২। কৌশলক ভরি—কৌশল করিয়া। সমরি—যুদ্ধ করিল।
৪। অনবধি—অসীম।
৬। নীরসি—রসশূন্য করিয়া। মাতোয়ার—মাতাল।
১। কঞ্চুক—কাঁচুলী।
৩। ঢর ঢর—ঢল ঢল।
৫। উদেশ—উদ্দেশ অর্থাৎ মদনের সন্ধান পাওয়া গেল, মদনযুক্ত হইল।
৪। ঘুমক আলসে—ঘুমের আলস্যে, ঘুমঘোরে।
৫। চিবহি—চিবাইয়া।
২। কোরে বইসাই—ক্রোড়ে বসাইয়া।
৪। পহিরাওল—পরাইল।
৬। মাজ—মার্জ্জন করিয়া, হাত বুলাইয়া। সুকাজর—সুন্দর কজ্জল।
৭। চোরি নিহারি—আড় চোখে দেখিয়া।
১। সমরি—সামলান।
২। তহি—তিনি। অঁয়েঠ—এঁঠো, উচ্ছিষ্ট।

কানু মোহি দেখলিহু গেলঁহু নঙ্গাএ।
তথহুক লাজ অবহু নহি যাএ॥ ৩॥
আঁধহু অধিক সঙ্কোচিত অঙ্গ।
মোলল মৃণাল দোগুণ ভেল ভঙ্গ॥ ৪॥
চান্দনে লেপিত তনু রহ শোয়।
বিরহক কসমসি নিন্দ নহি হোয়॥ ৫॥
রসকে তত্ত্ব বুঝয়ে যদি কেও।
ভাব ভণয়ে অভিনব জয়দেও॥ ৬॥

৩৬

অলখিতে আওল অলখিতে গেল।
না পূরল মনোরথ বেকত ন ভেল॥ ১॥
গুরুজন জাগল ভেল বিহান।
চরণ নখর হেরি আন বয়ান॥ ২॥
হেরি হেরি কি কহব কুলবতী হোই।
অঙ্গনে কানু চরণ-চিহ্ন সোই॥ ৩।
গুরুজন ভয় তব লেপইতে চাই।
বিরীতি বিশেষ লেপই ন পাই॥ ৪॥
সংভ্রম ভেল মন ভ্রম অনিবারি।
সে ডর ভাঙ্গল নয়নক বারি॥ ৫॥
যে পথে রাতি চলল রতিচোর।
সে পথে মনোরথ গেলহি মোর॥ ৬॥
দেহ রহল জনু সুখ পসারি।
কহ কবিশেখর পেম বিচারি॥ ৭॥

৩৭

কি কহব হে সখি তোহার সমাজ।
কহইতে কাহিনী লাগয় লাজ॥ ১॥
শুতি ঘুমাওল হাম অগেয়ান।
অলখিতে আওল নাগর কান॥ ২॥

পীন পয়োধরে দেলহি হাত।
তোরিতে লুকাওল দেহ বিগাত॥ ৩॥
তরহি অধর-রস পিবয়ে মোর।
জাগল মনোমথ বান্ধল চোর॥ ৪॥
থর থর কাঁপিয় কোরে আগোরি।
তম হাম ছুটল নিন্দ বিভোরি॥ ৫॥
করলি কোপ জানি সে-বর কান।
যে কিছু কহল মোহে সোই সে সুজান॥৬॥
পরিরম্ভণ বেলি মূদল আঁখি।
তাহে ভৈ গেল কবিশেখর সাখী॥ ৭॥

৩৮

কানন কানু কানে হাম শুনল
ভই গেল আনক আনে।
হেরইত শঙ্কররিপু মোহি হরলহি
কি কহব তনিক গেয়ানে॥ ১॥
চন্দন চাঁদ অঙ্গে হাম লেপলি
তঁই বাঢ়ল অতি দাপে।
অধরক লোভ সেই বিষধর সসরল
ধরই চাহ ফেরি সাপে॥ ২॥
ভণহি বিদ্যাপতি দুহুক মুদিত মন
মধুকর লোভিত কেলি।
অসহ সহতি কত কোমল কামিনী
যামিনী জীব দিয়া গেলি॥ ৩॥

৩৯

ফুল এক ফুলবারি লাওল মুরারি।
যতনই পটওলনি সুবচন বারি॥ ১॥

৪। মোলল—মোচড়ান, ভঙ্গ।

৫। শোয়ে—শয়ন করিয়া। কসমসি—যন্ত্রণা।

৬। জয়দেও—জয়দেব।

১। অলখিতে—অলক্ষ্যে।

২। বিহান—প্রভাত।

৩। সোই—সেই।

৪। বিরীতি—রীতি নহে।

২। শুতি—শয়ন করিয়া।

৩। তোরিত—ত্বরিত, সত্বর।

১। আনক আনে—আর এক রকম। হেরইত—দেখিতে। শঙ্কররিপু—মদন। তনিক—তাঁহার। গেয়ানে—বুদ্ধি।

২। চাঁদ—চন্দ্রের জ্যোৎস্না। দাপে—দর্পে। সসরল—সর সর করিয়া গেল। চাহ—চাহিলাম

৩। মুদিত—মোদিত, পুলকিত। অসহ—অসহ্য। সহতি—সহ্য করে। জীব—জীবন।

১। ফুল—ফুলগাছ। ফুলবারি—বাগান-বাড়ী। পটওলনি—পাট করিলেন।

চৌদিশ বাঁধলনি শীলকি আরি।
জীব অবলম্বন করু অবধারি॥ ২॥
তথুহুঁ ফুলল ফুল অভিনব পেম।
জনু মূল লহয় ন লাখহু হেম॥ ৩॥
অতি অপরূপ ফুল পরিণত ভেল।
দুই জীব আছিল এক ভই গেল॥৪॥
পিশুন কীট নহি লাগল তাহি।
সাহস ফল দেল বিহি দেল নিরবাহি॥ ৫॥
বিদ্যাপতি কহ সুন্দর সৈহ।
করিয় যতন ফল মত হো যৈহ॥ ৬॥

৪০

ছলিহু একাকিনী গথইতে হার।
সসরি খসল কুচ-চীর হমার॥ ১॥
তখনে অকামিক আয়ল কন্ত।
কুচ কি ঝাপব নিবিহুক অন্ত॥ ২॥
কি কহব সুন্দরি কৌতুক আজ।
পহু রাখল মোর যাইতে লাজ॥ ৩॥
ভেল ভাব ভরে সকল শরীর।
কত ন যতনে বল রাখিয় থির॥ ৪॥
ধসমস করয়ে ধরিয় কুচ জাতি।
সগর শরীর ধরয়ে কত ভাতি॥ ৫॥
গোপহি ন পারিয় তখন উলাস।
মুন্দলা কমল বেকত হোয় হাস॥ ৬॥

৪১

দরশনে লোচন দীঘর ধাব।
দিনমণি তেজি কমল যনি যাব॥ ১॥
কুমুদিনী চান্দ মিলন সহবাস।
কপটে লুকাবিয় মদন বিকাশ॥ ২॥
সজনি মাধব দেখল আজ।
মহিমা ছাড়ি পলায়ল লাজ॥ ৩॥
নীবি সসরি ভূমি পড়ি গেলি।
দেহ লুকাবিয় দেহক শেলি॥ ৪॥
আপন হৃদয় বুঝাবএ আন।
একশর সব দিশ দেখিয় কান॥ ৫॥

৪২

যখনে যাই শয়ন পাশে।
মুখ পরেখয়ে দরশি হাসে॥ ১॥
তখন উপজু এমন ভানে।
জগত ভরিল কুসুমবাণে॥ ২॥
কি সখি কহব কেলি-বিলাসে।
নিজ অনাইতি পিয়া উল্লাসে॥ ৩॥
নীবি বিঘটয়ে গহয়ে হার।
সীমা লাঘয়ে মন বিকার॥ ৪॥
সিনেহ জাল বঢ়াবয়ে জীবে।
সঙ্গহি সুধা অধর পিবে॥ ৫॥
হরখি হৃদয় গহয়ে চীরে।
পরশে অবশ কর শরীরে॥ ৬॥
তখনে উপজু অইসন সাধে।
ন দিয় সমত ন দিয় বাধে॥ ৭॥

২। বাঁধলনি—বাঁধিলেন। শীল—নম্রতা। আরি—আলবাল। অবধারি—অবধারিত।

৩। তথুহুঁ—তাহাতে। লহয়—লাগে।

৫। সাহস—সাহসের জন্য। নিরবাহি—নির্ব্বাহ করিয়া।

৬। সৈহ—তাহাই। ফলমত—ফলবান্। হো—হয়। যৈহ—যাহাই।

১। ছলিহু—ছিলাম। সসরি—স্রস্ত হইয়া।

২। অকামিক—অকস্মাৎ। নিবিহুক অন্ত—নীবিবন্ধনের অগ্রভাগ।

৩। যাইতে লাজ—লজ্জা হইতে।

৫। জাতি—চাপিয়া। সগর—সকল।

৬। গোপহি—গোপন করিতে। উলাস—উল্লাস। মুন্দলা—মুদিত। বেকত—ব্যক্ত।

১। দীঘর—দীর্ঘ, বহুদূর। ধাব—ধাবিত হয়। যনি—যেন।

২। লুকাবিয়—লুকাইয়া রাখি।

৪। সসরি—স্রস্ত হইয়া। শেলি—শরণ।

৫। একশর—একেশ্বর, একলা।

১। পরেখয়ে—পরীক্ষা করে।

২। উপজু—উৎপন্ন হয়। ভান—ভাব।

৩। অনাইতি—অনায়ত্ত।

৪। বিঘটয়ে—খুলিয়া দেয়। গহয়ে—গ্রহণ করে, কাড়িয়া লয়। লাঘয়ে—লঙ্ঘন করে। বিকার—বিকৃত, আকুল করে।

৫। জীবে—প্রাণে। পিবে—পান করে।

৭। সমত—স[illegible]। বাধে—বাধা।

ভণে বিদ্যাপতি ও হে সয়ানী।
অমিয় মিঝল নাগরী বাণী ॥ ৮ ॥

৪৩

পহিলহি চোরি আয়ল পাশ।
অঙ্গহি অঙ্গ লুকাব তরাস ॥ ১ ॥
বাহরি ভেলে দেখিয় দেহ।
যৈসন খীণী চান্দক রেহ ॥ ২ ॥
সজনি কি কহব পুরুষ কাজ।
কৌশল করইতে তহি নহি লাজ ॥ ৩ ॥
এহি তহ পাপ অধিক থিক নারী।
যে ন গণয়ে পর পুরুষক গারি ॥ ৪ ॥
থন এক রঙ্গ সঙ্গ সব ভাতি।
সে সে করত যকর যে জাতি ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি ন কর বিরাম।
অবসর পাএ পূর তুয় কাম ॥ ৬ ॥

৪৪

হরি ধরু হার চউকি পরু রাধা।
আধ মাধব করে গীম রহু আধা ॥ ১ ॥
কপট কোপে ধনী দিঠি ধরু ফেরি।
হরি হসি রহল বদন-বিধু হেরি ॥ ২ ॥
মধুরিম হাস গুপুত নহি ভেলা।
তখনে সুমুখী মুখে চুম্বন দেলা ॥ ৩ ॥
করে ধরু কুচ আকুল ভেলি নারী।
নিরখি অধরমধু পিবয়ে মুরারি ॥ ৪ ॥
চিকুর চামরে ঝরু কুসুমক ধারা।
পিবিকহু তম জনু বম নব তারা ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ সুন্দর বাণী।
হরি হসি মিললি রাধিকা রাণী ॥ ৬ ॥

৪৫

পহিলহি পরশয়ে করে কুচকুম্ভ।
অধর পিবয়কে করে আরম্ভ ॥ ১ ॥
তখনুক মদন পুলকে ভরি পূজ।
নীবিবন্ধ বিনু ফোয়লে ফুজ ॥ ১ ॥
এ সখি লাজে কহব কি তোহি।
কানুক কথা পুছহ না মোহি ॥ ৩ ?
ধম্মিল ভার হার অরুঝাব।
পীন পয়োধর নখক্ষত লাব ॥ ৪ ॥
বাহু বলয় আঁকম ভরে ভাঙ্গ।
আপন আইতি নহি আপন আঙ্গ ॥ ৫ ॥

৪৬

পলিলহি সরস পয়োধর কুম্ভ।
আরতি কত ন করয়ে পরিরম্ভ ॥ ১।
অধর সুধারস দরশয়ে লোভ।
রাঙ্কক হাত রতন নহি শোভ ॥ ২ ॥
সজনি কি কহব কহইতে লাজ।
কানুক আইতি পললুহ আজ ॥ ৩ ॥

৮। মিঝল—মিশ্রিত।

১। পহিলহি—প্রথমেই। চোরি—চুরী করিয়া অর্থাৎ গোপনে। তরাস - ত্রাস। অঙ্গহি অঙ্গ—অঙ্গে অঙ্গ দিয়া।

২। খীণী—ক্ষীণ। চান্দক- চাঁদের।

৩। তহি—তাহার।

৪। এহি তহ—ইহা হইতে।

৫। ভাতি—প্রকার, রূপ। যকর—যাহার। জাতি—স্বভাব।

৬। বিরাম—বাধা, ক্ষোভ।

১। ধরু—ধরিল। চউকি—চমকিয়া। পরু—পড়িল।

২। দিঠি—দৃষ্টি। ধরু ফেরি—ফিরাইয়া ধরিল। হসি রহল—হাসিতে লাগিল।

৩। গুপুত—গুপ্ত।

৪। ধরু—ধরিতে।

৫। ঝরু—ঝরিল। কুসুমক—কুসুমের। পিবি কহু—পান করিয়া। বম—বমন করিল। তারা—তারাবলী।

২। পূজ—পূজা। বিনু ফোয়লে—না খুলিলেও। ফুজ—খুলিয়া যায়।

৪। ধম্মিল—ধম্মিল্ল, খোঁপা। অরুঝাব—জড়াইয়া যায়। লাব—লাগায়, দেয়।

৫। আঁকম—আলিঙ্গন। আইতি—আয়ত্ত। আঙ্গ—অঙ্গ।

১। আরতি—আর্ত্তি। পরিরম্ভ—আলিঙ্গন।

২। রাঙ্কক—দরিদ্রের। নহি শোভ—শোভা পায় না।

৩। পললুহ—পড়িলাম।

নীবি সসরি কতয়ে দহু গেলি।
আপনাহু অঙ্গ অনাইতি ভেলি ॥ ৪ ॥
করতল-তলে ধরিয় কুচ গোএ।
পড়লে তলিত ঝাপি নহি হোএ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি ন কর সন্দেহ।
মধু তহ সুন্দরি মধুর সিনেহ ॥ ৬ ॥

৪৭

সঘনে আলিঙ্গন করু কত ছন্দ।
জনি ঘন দামিনা লাগল দ্বন্দ্ব ॥ ১ ॥
বদনে বদন ধরু মনমথ ফন্দ।
কিয়ে এক ঠামে বান্ধল যুগল চন্দ ॥ ২ ॥
ঘেরি রহল কচ তিমির বিথার।
জনি রণজীত উদয় পরচার ॥ ৩ ॥
রাগী অধর উরজ অতি চণ্ড।
লাগল এ বদন খণ্ডন দণ্ড ॥ ৪ ॥
মদন মহোদধি উছল হিলোর।
জনি নিধিযুগল করত ঝকঝোর ॥ ৫ ॥
শ্রম জলে পূরিত দুহু ভেল এক।
জনি রতিমঙ্গল জয় অভিষেক ॥ ৬ ॥
কুচপর বিদগধ পাণি বিরাজ।
কনক কলসে জনি কিশলয় সাজ ॥ ৭ ॥
সব কানন ভরি পরিমল ভান।
অলিকুল দুহু জন গুণগান ॥ ৮ ॥

৪৮

পালঙ্কে শয়ন ঘুমে অচেতন
দীঘল বহয় শাস।
দীপ করে লই লুবুধ মাধব
আওল হমর পাশ ॥ ১ ॥
সুখি হে কানুসে ঐসন ঢীঠ।
হরষে পরশে অধিক লালসে
বিষম তকর দিঠ ॥ ২ ॥
জাগইব ডরে লহু লহু করে
বসন কয়ল দূর।
কনক গাগরি বেকত নিহারি
নিজ মনোরথ পূর ॥ ৩ ॥
দীপক ছটায় ঝটিতে জাগল
ভরমে কহলো চোর।
ডরে চোর পাশে অন্ধারে পইসল
সে মোরে কয়ল কোর ॥ ৪ ॥
হাসিক রভসে বাঁধি ভুজপাশে
বিলসে অধিক সুখ।
চম্পতি-পতি বেকত কহয়
চোরক নিলজ মুখ ॥ ৫ ॥

৪৯

চুম্বনে লুবুধ মুখ অলখিত ভাস।
ধরল চান্দ চকোরক পাশ ॥ ১ ॥
প্রিয় মুখ ঝাপল কুন্তল-ভার।
চান্দ অগোরল ঘন আন্ধিয়ার ॥ ২ ॥
কি কহব হে সখি রজনীক কাজ।
কামহি কামে লজায়ল লাজ ॥ ৩ ॥
সহজহি মাধব নব নব প্রেম।
হাথিক দণ্ড জড়াওল হেম ॥ ৪ ॥
নিবিড় আলিঙ্গন বিগলিত স্বেদ।
শ্যাম অরু গৌর রেখ রহু ভেদ ॥ ৫ ॥

৫০

অপরুব রূপক ধামা।
তিন ভুবন জিনি বিহি বিহু রামা ॥ ১।

৪। সসরি—স্রস্ত হইয়া। কতয়ে—কোথায়। অনাইতি—অনায়ত্ত।

৫। তলিত—তড়িৎ।

৬। মধু তহ—মধু হইতে।

৩। বিথার—বিস্তার।

৫। হিলোর—হিল্লোল। ঝকঝোর—টানা-টানি।

৭। বিদগধ—বিদগ্ধ, রসিক।

৩। জাগইব ডরে—আমার জাগিবার ভয়ে। কনক গাগরি—কনক কলস, কনক সদৃশ পয়োধর। বেকত—ব্যক্ত, প্রকাশিত।

৫। চম্পতি-পতি—বিদ্যাপতি।

১। অলখিত ভাস—শোভা প্রকাশ পায় না।

২। অগোরল—আগলাইল।

৩। কামহি—কামের। কামে—কার্য্যে। লজায়ল—লজ্জিত হইল।

১। ধামা—ধাম। বিহু—বিধান, সৃষ্টি করিল। রামা—সুন্দরী।

শীলক শীতল স্বভাবে।
যেহন রহিয় তেহন শোহাবে ॥ ২ ॥
মধুর বচন মুখ সীচি।
বিহস পসর জনি অমিয়ক বীচি ॥ ৩ ॥
হেরইতে হরয়ে পরাণে।
পরসন মনে পরিরম্ভণ দানে ॥ ৪ ॥
কি কহব রতিরঙ্গ-রীতি।
নিরবধি বাঢ়লি গাঢ় পিরীতি ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি গাবে।
পুণে গুণমত গুণবতী ধনী পাবে ॥ ৬ ॥

৫১

দূরহি উরু রহল গহি ঠাম।
চরণে পাওল থল কমল উপাম ॥ ১ ॥
স্বেদবিন্দু পরিপূরল দেহ।
মোতিম ফলনি সৌদামিনী-রেহ ॥ ২ ॥
সঙ্কেত নিকেত মুরারি নিহারি।
আপন অধীনী রহলি নহি নারী ॥ ৩ ॥
পুলকিত ভেল পয়োধর গোর।
দগধ মদন পুন আঁকুর তোর ॥ ৪ ॥
কহইতে বচন ভেল স্বরভঙ্গ।
কদলীদল মত কাঁপয় অঙ্গ ॥ ৫ ॥
বিদ্যাপতি কবিবর এহ গাব।
সকল অধিক ভেল মন্মথ ভাব ॥ ৬ ॥

৫২

কনক ধরাধর গোর পয়োধর
নাগর আপল পাণি।
স্বেদ সলিলবিন্দু পূরল বদন ইন্দু
কহইতে গদগদ বাণী ॥ ১ ॥
কি আরে কি কহব কৌতুক আজে।
পুলকিত তনু সহি চরণ চলয়ে নহি
হেরিতহি হরলনি লাজে ॥ ২ ॥
হৃদয়ে হৃদয় দেই পহু নিরদয় ভই
দৃঢ় পরিরম্ভণ দেলা।
সসরু কসনি ডোর হার টুটল মোর
কে জান কেমন মন ভেলা ॥ ৩ ॥
যখনে বিহসি বঁধু হেরি বদন-বিধু
কয়ল অধর-মধু পানে।
তখনে ভেলিহু সুধি কবি বিদ্যাপতি বুধি
শ্রীশিবসিংহ রস জানে ॥ ৪ ॥

৫৩

সাঁঝক বেরা যমুনাক তীরা
কদম্বেরি বন তরু তরা ॥
অঙ্কমি কানরা কিঁ কহব সমরা
সোঝহি যুঝল সখি কুসুমশরা ॥ ১ ॥
মোহি ভেটল কানু।
অনতএ কাহিনী কহহ জনু ॥ ২ ॥
উর-চির হরি করে কচ ধরি
অধর পিবয়ে মুখ হেরি ॥ ৩ ॥
পুনু পুনু ভোরা পরশ কুচ মোরা
নিধনে পাওল জনি কনক কটোরা ॥ ৪ ॥

২। শীলক—শীলতার। যেহন—যেমন, যেরূপ। রহিয়—রহে। তেহন—তেমন। শোহাবে—শোভা পায়।

৩। সীচি—সিঞ্চন করে। বিহস—অল্প হাসিয়া। পসর—প্রসারিত করে, ছড়ায়। বীচি—তরঙ্গ।

৪। হরয়ে—হরণ করে। দানে—দান করে।

১। দূরহি—দূরেই। গহি—গ্রহণ করিয়া। থল—স্থল। ২। ফলনি—ফলিল।

৩। নিকেত—নিকেতনে।

৪। আঁকুর—অঙ্কুর।

১। গোর—গৌর, সুন্দর। আপল—অর্পণ করিল।

২। আরে—সখীর সম্বোধন। আজে—আজিকার।

২। সহি—সখি। হরলনি—হরণ করিলেন। লাজে—লজ্জাকে।

৩। দেই—দিয়া। ভই—হইয়া। পরিরম্ভণ—আলিঙ্গন। দেলা—দিলেন। সসরু—শিথিল হইল। কসনিডোর—কটি আঁটিবার ডোর, নীবিবন্ধ। টুটল—ছিন্ন হইল। জান—জানে।

৪। সুধি—সংজ্ঞাপ্রাপ্ত। বুধি—বুধ, পণ্ডিত।

১। সাঁঝক—সন্ধ্যার। বেরা—বেলা। বন—উপবন। তরা—তলে। অঙ্কমি—অঙ্কে, ক্রোড়ে। কানরা—কানাই। সমরা—তুলনা। সোঝহি—সম্মুখ।

৩। উর-চীর—বক্ষের বসন।

অরে যুবতি বুঝসি যুকুতি
দোসরে মধুপ মথুরাপতি ॥ ৫ ॥
তোরে অনুমানে বিদ্যাপতি ভাণে
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৬ ॥

৫৪

আকুল চিকুরে বেঢ়ল মুখ-শোভ।
রাহু করল শশিমণ্ডল লোভ ॥ ১ ॥
বড় অপুরুব দুই চেতন মেলি।
বিপরীত রতি কামিনী কর কেলি ॥ ২ ॥
কুঁচ বিপরীত বিলম্বিত হার।
কনক-কলস বম দুধক ধার ॥ ৩ ॥
পিয় মুখ সুমুখী চুম্ব তেজি ওজ।
চান্দ অধোমুখ পিবয়ে সরোজ ॥ ৪ ॥
কিঙ্কিণী রটিত নিতম্বিনী ছাজ।
মদন মহারথ বাজন বাজ ॥ ৫ ॥
ফুজল চিকুর মাল ধর রঙ্গ।
জনি যমুনা মিলু গঙ্গা-তরঙ্গ ॥ ৬ ॥
বদন শোহাওন শ্রম-জল-বিন্দু।
মদন মোতি লয়ে পূজল ইন্দু ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি রসময় বাণী।
নাগরি রম পিয় অভিমত জানি ॥ ৮ ॥

৫৫

উদসল কুন্তল ভারা।
মুরতি শিঙ্গার লখিমী অবতারা ॥ ১ ॥
অতিশয় প্রেম বিকারা।
কামিনী করতহি পুরুখ বিহারা ॥ ২ ॥
ডোলত মোতিম হারা।
যমুনা জল বৈসে দুধক ধারা ॥ ৩ ॥
কঙ্কণ কিঙ্কিণী বাজে।
জয় জয় ডিণ্ডিম মদন সমাজে ॥ ৪ ॥
রসিক শিরোমণি কান।
কবিরঞ্জন রস গান ॥ ৫ ॥

৫৬

কেশ কুসুম ছিরিয়ায়ল ফুজি।
তারায়ে তিমির ছাড়ি হনু পুজি ॥ ১ ॥
হেরি পয়োধর মনসিজ আধি।
শম্ভু অধোগতি ধরি সমাধি ॥ ২ ॥
বিপরীত রমণ রময়ে বরনারী।
রতি-রস লালসে মুগুধ মুরারি ॥ ৩ ॥
চুম্বনে করয়ে কলাবতী কেলি।
লোচন নাহ নিমীলিত হেরি ॥ ৪ ॥
তা দুহু রূপ তাহি পরথাব।
উদয় বান দুহু যৈসন স্বভাব ॥ ৫ ॥

৫৭

বসন হরইতে লাজ দূরে গেল।
পিয়াক কলেবর অম্বর ভেল ॥ ১ ॥
অধোধে মুহে নিহারিয়ে দীব।
মুদলা কমল ভমর মধু পিব ॥ ২ ॥
মনমথ চাতক নহি লজাএ।
বড় উনমতিয়া অবসর পাএ ॥ ৩ ॥
সে সবে সুমরি মনহুকি লাজ।
যত সব বিপরীত তহি কর কাজ ॥ ৪ ॥
হৃদয়ক ধাধস ধসমস মোহি।
আওর কহব কি কহিলি তোহি ॥ ৫ ॥

৫৮

বদন ঝপাবএ অলকহি ভার।
চান্দমণ্ডল জনি মিলয়ে অন্ধার ॥ ১ ॥

৫। বুঝসি—বুঝিয়াছিস্। যুকুতি—যুক্তি, কথা। দোসরে—দ্বিতীয়।

২। চেতন—চতুর।

৪। ওজ—আপত্তি।

৬। ফুজল—খুলিয়া গেল।

১। উদসল—ছড়াইয়া পড়িল। মুরতি—মূর্ত্ত।

২। বিহারা—ব্যবহার, আচরণ।

১। ছিরিয়ায়ল—ছড়াইয়া পড়িল। ফুজি—খুলিয়া।

২। আধি—মনোবেদনা।

৫। পরথাব—প্রস্তাব, প্রসঙ্গ। বান—বানি, মূল্য।

১। হরইতে—হরণ করিতে। পিয়াক—প্রিয়তমের। অম্বর—বস্ত্র।

২। অধোধে—উপুড়, নত। মুহে—মুখে। নিহারিয়ে—নিরীক্ষণ করি। দীব—দীপ। মুদলা—মুদ্রিত।

৩। বড় উনমতিয়া—অত্যন্ত উন্মত্ত হইল।

৫। ধাধস—আকুলতা। ধসমস—কম্পিত।

১। অলকহি—অলকের।

লম্বিত শোভয়ে হার বিলোল।
মুদিত মনোভব খেল হিন্দোল ॥ ২ ॥
পিয়তম অভিমত মনে অবধারি।
রতি বিপরীত রতলি বরনারী ॥ ৩ ॥
মাল কিঙ্কিণী কর মধুরি বাজ।
জনি জয়তূর মনোভব-রাজ ॥ ৪ ॥
রভসে নিহারি অধরমধু পীব।
নাঞী কুসুমশর আকট জীব ॥ ৫ ॥

৫৯

দেখ সখি রসিকযুগল রস-রঙ্গ।
অম্বর বিনহি কিয়ে ঘন দামিনী
রভত পরস্পর সঙ্গ ॥ ১ ॥
রাধা বদন মধুর মধু মাধব
মুখ চষক ভরি রিঝ।
বিনহি সরোবর কমল ফুলল কিয়ে
চন্দ্ররসে বহু ভিজ ॥ ২ ॥
উরজ উতুঙ্গ কুম্ভ পরিহরি উর
রাজত অদভুত রীত।
বিনহি ধরা কিয়ে কনক ধরাধর
নমিত জলদ ভরে ভীত ॥ ৩ ॥
কুন্দ বদন কিয়ে মদন নিশিত শর
বিম্ব অধর পর লাগে।
দাড়িম্ব বিনহি বীজ দাড়িম্ব ফুল
বেসাহত বল্লভ আগে ॥ ৪ ॥

৬০

গৌর দেহ সুধারস সুবদনী
শ্যাম সুন্দর নাহ রে।
জলদ উপর তড়িত সঞ্চরু
স্বরূপ ঐসন আহ রে ॥ ১ ॥
পীঠি পর ঘন শ্যাম বেণী
নিরখি ঐসন ভান রে।
জনি অজর হাটক পাতি কর গহি
লিখন লেখু পাঁচবাণ রে ॥ ২ ॥
খণ ন থির রহু সঘন সঞ্চরু
মণিক মেখল রাব রে।
মদনরাজ দোহাই কহ কহ
জঘন রস গাব রে ॥ ৩ ॥
রজনী বরু অবসান মানিয়ে
কেলি নহ অবসান রে।
রসিক যদুপতি রমণী রাধা
সিংহ ভূপতি ভান রে ॥ ৪ ॥

৬১

রজনী সমাপলি রহলি থোর।
রমণী রমণ রতি-রস নহি ওর ॥ ১ ॥
নাগর নিরখি সুমুখী মুখ চুম্ব।
জনি সরসিজ-মধু পিব বিধুবিম্ব ॥ ২ ॥
দৃঢ় পরিরম্ভণে পুলকিত দেহ।
জনি অঙ্কুরল পুন দুহুক সনেহ ॥ ৩ ॥
ধনী রসমগনী রসিক রসধাম।
জনি বিলসই অভিনব রতিকাম ॥ ৪ ॥
কি কহব অপরূপ দুহুক সমাজ।
দুয়ও দুহুক কর অভিমত কাজ ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ রস নহি অন্ত।
গুণবতী যুবতী কলাময় কন্ত ॥ ৬ ॥

৬২

হরি উর পর শুতলি বালা।
কালিন্দী পূজল যৈসে চম্পকমালা ॥ ১ ॥

২। মুদিত—আনন্দিত।
৩। রতলি—অনুরক্ত হইল।
৪। জয়তূর—জয়তূর্য্য।
৫। নাঞী—নত্র করে। আকট—কঠিন।
২। চষক—পান পাত্র। রিঝ—আনন্দ।
৪। বেসাহত—বিক্রয় করে।
১। সঞ্চরু—সঞ্চরণ করিতেছে। স্বরূপ—আকার। আহ—আহা।

২। ভান—প্রতিভাত হয়, মনে হয়। অজর—জরাশূন্য, সুন্দর। হাটক—সুবর্ণ। পাতি—পত্র। গহি—গ্রহণ করিয়া। লিখন—লেখা, রচনা। লেখু—লিখিতেছে।
৩। মণিক—মণির, মণিময়। মেখল—মেখলা। রাব—ধ্বনি।
১। সমাপলি—সমাপ্ত হইল। রহলি—রহিল।
২। বিধুবিম্ব—চন্দ্রবিম্ব।
৩। অঙ্কুরল—অঙ্কুরিত হইল। ৪। রসমগনী—রসমগ্না। বিলসই—বিলাস করিতেছে।
১। উর পর—বক্ষের উপর। শুতলি—শয়ন করিল।

কানু ধয়ল ধনী ভুজযুগ মাঝ।
কমলে বেঢ়ল যৈসে মধুকর সাজ ॥ ২ ॥
রতি-রস অলসে দুহু তনু ভোরি।
ভেদ রহল কি এ শ্যাম-কিশোরী ॥ ৩ ॥
কহ কবিশেখর দুহু গুণ জানি।
দুহু দুহু মিলল দুহু মন মানি ॥ ৪ ॥

৬৩

তরুবর বল্লী ধর ডারে জাঁতি।
সখি গাঢ় আলিঙ্গন তেহি ভাঁতি ॥ ১ ॥
যঞে নিন্দে নিন্দারুধি করঞো কাহ।
সগরি রয়নী কানু কেলি চাহ ॥ ২ ॥
মালতী রস বিলসয়ে ভমর জান।
তেহি ভাঁতি কর অধর পান ॥ ৩ ॥
কাননে ফুলি গেল কুন্দ ফুল।
মালতী-মধু মধুকর পও ভুল ॥ ৪ ॥
পরিঠবই সরস কবি কণ্ঠহার।
মধুসূদন রাধা বন-বিহার ॥ ৫ ॥

৬৪

দুহুক সংযুত চিকুর ফুজল।
দুহুক দুহু বলাবল বুঝল ॥ ১ ॥
দুহুক অধর দশন লাগল।
দুহুক মদন চৌগুণ জাগল ॥ ২ ॥
দুঅও অধর করয়ে পান।
দুহুক কণ্ঠ আলিঙ্গন দান ॥ ৩ ॥
দুঅও কেলি সমে সমে ফেলি।
সুরত-সুখে বিভাবরী গেলি ॥ ৪ ॥
দুঅও শয়ন চেত ন চীর।
দুঅও পিয়াসল পিবয়ে নীর ॥ ৫ ॥
ভণে বিদ্যাপতি সংশয় গেল।
দুহুকে মদন লিখন দেল ॥ ৬ ॥

৬৫

ভরি নায়ক কোর।
বিলসই রাহি সুখক নাহি ওর ॥ ১ ॥
ধনী রঙ্গিণী রাহি।
বিলসই হরি সঞে রস অবগাহি ॥ ২ ॥
হরি মানস সাধা।
বিলসব শ্যাম পরাজিত রাধা ॥ ৩ ॥
হরি সুন্দর মুখে।
তাম্বূল দেই চুম্বই নিজ সুখে ॥ ৪ ॥
ধনী রঙ্গিণী ভোর।
ভুলল গরবে কানু করি কোর ॥ ৫ ॥
দুহু দুহু গুণ গায়।
একই মুরলীরন্ধ্রে দুহু সে বজায় ॥ ৬ ॥
কেহো কহ মৃদু ভাষ।
নাগরী পরশে অবশ পীতবাস ॥ ৭ ॥
কেহো কাড়ি লয় বেণু।
রাস-রসে আজু ভুলল কানু ॥ ৮ ॥
বিদ্যাপতি কবি ভাষ।
কহতহি হেরত গোবিন্দদাস। ৯।

৬৬

নিন্দে নিন্দায়লি বালা।
নিশি বাসর জাগইত ভৈ গেল দুবলা ॥ ১ ॥
তড়িত লতাবলী রামা।
রতিরণ ছরমে ভরমে ভেল শ্যামা ॥ ২ ॥
অলসহি অঙ্গ অধীর।
সম্বরণ নহি করে পীতম চীর ॥ ৩ ॥
মন সিধি সাধলি রাধা।
আওল অলখিতে ন পড়লি বাধা ॥ ৪ ॥

১। ডারে—ফেলে। জাঁতি—চাপিয়া।
২। নিন্দে—নিদ্রিত। নিন্দারুধি—নিদ্রারোধ। সগরি—সমস্ত।
৪। ফুলি গেল—ফুটিয়া গেল।
৫। পরিঠবই—প্রস্তাব করে।
১। সংযুত—সংযুক্ত। ফুজল—মুক্ত হইল।
৪। সমে সমে—সমান সমান। ফেলি—ফলিল।
৫। চেত—সামলান। পিয়াসল—পিপাসিত হইল। পিবয়ে—পান করে।

৬। লিখন—জয়পত্র।
১। কোর—ক্রোড়ে। বিলসই—বিলাস করে। ওর—সীমা।
২। অবগাহি—অবগাহন করিয়া।
৩। সাধা—সাধ।
১। নিন্দে নিন্দায়লি—নিদ্রাধিক্যবশতঃ নিদ্রিত হইল। দুবলা—দুর্ব্বলা।
২। ছরমে- শ্রমে। পীতম চীর—পীতবর্ণ বস্ত্র।

কহ কবিশেখর রায়।
ধরম সরম লাগি ও রস নিভায় ॥ ৫ ॥

৬৭

দুহু মুখ সুন্দর কি দেব উপাম।
কুবলয় চাঁদ মিলল একঠাম ॥ ১ ॥
শামর নাগর নাগরী গোরী।
নীলমণি কাঞ্চনে লাগল জোরি। ২ ॥
নিবিড় আলিঙ্গন পিরীতি রসাল।
কনকলতা যৈসে বেঢ়ল তমাল ॥ ৩ ॥
রাহি পয়োধরে প্রিয়-কর সাজ।
কুবলয় শম্ভু পুজল কামরাজ ॥ ৪ ॥
কবিশেখর কহ নয়ন উলাসে।
নব ঘনে থির বিজরি পরকাশে ॥ ৫ ॥

৬৮

শামর পুরুব মঝু ঘর পাহুন
রঙ্গে বিভাবরী গেলি।
কাঁচা শিরিফল নখ মুতি লওলহি
কেশু পখুরিয়া ভেলি ॥ ১ ॥
সে পিয়া দিয়ে গেল কেশু পখুরিয়া
ধরয় ন পারল মোঞে রে ॥ ২ ॥
শশী নব-ছন্দে অনুরাগক আঁকুর
ধএল মোঞে আঁচরে গোই।
কাজরে কার সখীজন লোচন।
দীঠিহ মলিন জনু হোই ॥ ৩ ॥
নূতন নেহ সংসারক সীমা
উপচিত কইসনি চোরি।
ব্যাধ কুসুমশর সঞো বিঘটাউলি
রঙ্গ কুরঙ্গিনী মোরি ॥ ৪ ॥
চারি ভাবে হমে ভরমলি অছলাহ
সমদি ন ভেলে মোহি সেবা।
কানুরূপ শিরি শিবসিংহ আএল
কবি অভিনব জয়দেবা ॥ ৫ ॥

বিরহ

১

কানুমুখ হেরইতে ভাবিনী রমণী।
ফুকরই রোয়ত ঝর ঝর নয়নী ॥ ১ ॥
অনুমতি মাগিতে বর বিধুবদনী।
হরি হরি শবদে মুরছি পড়ু ধরণী ॥ ২ ॥
আকুল কত পরবোধই কান।
তবে নাহি মথুরা করব পয়াণ ॥ ৩ ॥
ইহ সব শবদ পশিল যব শ্রবণে।
অব বিরহী ধনী পাওল চেতনে ॥ ৪ ॥
নিজ করে ধরি দুহু কানুক হাত।
যতনে ধরলি ধনী আপনক মাথ ॥ ৫ ॥
বুঝিয়া কহয়ে বর নাগর কান।
হাম নাহি মথুরা করব পয়াণ ॥ ৬ ॥
যব ধনী পাওল ইহ আশোয়াসে।
বৈঠলি পুনু তব ছোড়ি নিশোয়াসে ॥ ৭ ॥
রাই পরবোধিয় চলল মুরারি।
বিদ্যাপতি ইহ কহই না পারি ॥ ৮ ॥

২

মাধব! বিধুবদনা।
কবহু না জানই বিরহক বেদনা ॥ ১ ॥
তুহু পরদেশ যাওব শুনি ভই ক্ষীণা।
প্রেম পরতাপে চেতন হরু দীনা ॥ ২ ॥
কিশলয় তেজি ভূমে শুতলি আয়াসে।
কোকিল কলরবে উঠয়ে তরাসে ॥ ৩ ॥
লোরহি কুচ কুঙ্কুম দূর গেল।
কৃশ ভুজ ভূখণ ক্ষিতিতলে মেল ॥ ৪ ॥

২। গোরী—সুন্দরী। জোরি—জোড়া। উলাসে—উল্লসিত হয়।

১। শামর—শ্যামবর্ণ। পাহুন—অতিথি। মুতি—মূর্ত্তি। লওলহি—লাগাইলেন, দিলেন। কেশু—কিংশুক ফুলের বর্ণ, লোহিত বর্ণ। পখুরিয়া—ছোট পুষ্করিণী, ডোবা।

৩। ছন্দে—ছাঁদে। কার—কৃষ্ণবর্ণ কর।

৪। উপচিত—বর্দ্ধিত। চোরী—গোপন। বিঘটাউলি—মন্দ বটাইল, নষ্ট করিয়া দিল। চারি ভাব—স্বেদ,স্তম্ভ,রোমাঞ্চ,স্বরভঙ্গ ; এই চারি প্রকার সাত্ত্বিক ভাব। ভরমলি—ভ্রমযুক্তা। অছলাহ—ছিলাম। সমদি—সম্পূর্ণ। সেবা—সৎকার, আতিথ্য।

৩। পয়াণ—প্রয়াণ।

৭। আশোয়াস—আশ্বাস। নিশোয়াস—নিশ্বাস।

৪। চোখের জলে কুচের কুঙ্কুম দূর হইয়া গেল অর্থাৎ ধুইয়া গেল। কৃশ হস্ত হইতে ভূষণ সকল মাটীতে মিলিল অর্থাৎ মাটীতে পড়িয়া গেল।

আনত বয়নে রাই হেরত গীম।
ক্ষিতি লিখইতে ভেল অঙ্গুলি ছিন ॥ ৫ ॥
কহই বিদ্যাপতি সোঙরি চরিত।
সো সব গণইতে ভেলি মুরছিত ॥ ৬ ॥

৩

মাধব, সো অব সুন্দরী বালা।
অবিরত নয়নে বারি ঝরু নীঝর
জনু ঘন সাঙন মালা ॥ ১ ॥
পুণমিক ইন্দু নিন্দি মুখ সুন্দর
সো ভেল অব শশি-রেহা।
কলেবরু কমল কাঁতি জিনি কামিনী
দিনে দিনে ক্ষীণ ভেল দেহা ॥ ২ ॥
উপবন হেরি মুরছি পড়ু ভূতলে
চিন্তিত সখীগণ সঙ্গ।
পদ অঙ্গুলি দেই ক্ষিতিপর লিখই
পাণি কপোল অবলম্ব ॥ ৩ ॥
ঐছন হেরি তুরিতে হাম আয়নু
অব তুহু করহ বিচার ॥
বিদ্যাপতি কহ নিকরুণ মাধব
বুঝনু কুলিশক সার ॥ ৪ ॥

৪

সখি হে মন্দ প্রেম পরিণামা।
বরকে জীবন কয়ল পরাধীন
নাহি উপকার এক ঠামা ॥ ১ ॥
ঝাপন কূপ লখই না পারনু
আইতে পড়লহু ধাই।
তখন লঘু গুরু কিছু না বিচারিনু
অব পাছু তরইতে চাই ॥ ২ ॥
মধুসম বচন প্রেম সম মানুখ
পহিলহি জানন ন ভেলা।
আপন চতুরপণ পর হাতে সোপনু
হৃদিসে গরব দূরে গেলা ॥ ৩ ॥
এতদিনে আনু ভাণে হাম আছনু
অব বুঝনু অবগাহি।
আপন শূল হাম আপনি চাঁচনু
দোখ দেয়ব অব কাহি ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরযুবতি
চিতে নাহি গুণবি আনে।
প্রেম কারণ জীউ উপেখিয়ে
জগজন কে নাহি জানে ॥ ৫ ॥

৫

কতহু মদন তনু দহসি হামারি।
হাম নহ শঙ্কর হউ বরনারী ॥ ১ ॥
নহি জটা ইহ বেণী বিভঙ্গ।
মালতী-মাল শিরে নহ গঙ্গ ॥ ২ ॥
মোতিম-বন্ধ মৌলি নহ ইন্দু।
ভালে নয়ন নহ সিন্দূর-বিন্দু ॥ ৩ ॥
কণ্ঠে গরল নহ মৃগমদ সার।
নহ ফণিরাজ উরে মণি-হার ॥ ৪ ॥
নীল পটাম্বর নহ বাঘছাল।
কেলিক কমল ইহ না হয় কপাল ॥ ৫ ॥
বিদ্যাপতি কহে এ হেন সুছন্দ।
অঙ্গে ভসম নহ মলয়জ পঙ্ক ॥ ৬ ॥

৬

অনুখণ মাধব মাধব সোঙরিতে
সুন্দরী ভেলি মাধাই।
ও নিজ ভাব স্বভাব হি বিছুরল
আপন গুণ লুবধাই ॥ ১ ॥
মাধব অপরূপ তোহারি সিনেহ।
আপন বিরহে আপন তনু জরজর
জীবইতে ভেল সন্দেহ ॥ ২ ॥
ভোরহি সহচরী কাতর দিঠি হেরি
ছল ছল লোচন পাণি।
অনুখণ রাধা রাধা রটতহি
আধ আধ কহ বাণী ॥ ৩ ॥

৫। গীম—গ্রীবা। ছিন—ছিন্ন।

১। বারি ঝরু নীঝর—নির্ঝরবৎ জল ঝরিতেছে। সাঙন, শ্রাবণ।

২। কাঁতি—কান্তি।

১। বরকে—কামুকের জন্য। একঠামা—এক স্থানেও অর্থাৎ একটুও।

২। ঝাপন—ঢাকা, লুকান।

৪। আনু ভাণে—অন্য ভাবে, অন্যরূপে।

১। কতিহু—কেন।

৩। মোতিমবন্ধ মৌলি—মুক্তাবাঁধা চূড়া।

১। লুবধাই—মুগ্ধ হইয়া।

৩। ভোরহি—বিহ্বল হইয়া।

রাধা সঞে যব গুণতহি মাধব
মাধব সঞে যব রাধা।
দারুণ প্রেম তব হি নাহি টুটত
বাঢ়ত বিরহক বাধা ॥ ৪ ॥
দুহু দিশ দারু-দহনে ঝৈছে দগধই
আকুল কীট পরাণ।
ঐছন বল্লভ হেরি সুধামুখী
কবি বিদ্যাপতি ভাণ ॥ ৫ ॥

৭

মরিব মরিব সখি নিচয় মরিব।
কাহ্নু হেন গুণনিধি কারে দিয়ে যাব ॥ ১ ॥
তোমরা যতেক সখি থেকো মঝু সঙ্গে।
মরণকালে কৃষ্ণনাম লিখো মঝু অঙ্গে ॥ ২ ॥
ললিতা প্রাণের সহি মন্ত্র দিয়ো কাণে।
মরা দেহ পড়ে যেন কৃষ্ণনাম শুনে ॥ ৩ ॥
না পোড়াইও রাধা-অঙ্গ না ভাসাইও জলে।
মরিলে তুলিয়া রেখো তমালের ডালে ॥ ৪ ॥
সোই ত তমাল তরু কৃষ্ণবর্ণ হয়।
অবিরল তনু মোর তাহে জনু রয় ॥ ৫ ॥
কবহুঁ সো পিয়া যদি আসে বৃন্দাবনে।
পরাণ পায়ব হাম পিয়া দরশনে ॥ ৬ ॥
পুন যদি চাঁদমুখ দেখনে না পাব।
বিরহ অনল মাহ তনু তেয়াগিব ॥ ৭ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয ধর চিতে মিলব মুরারি ॥ ৮ ॥

৮

যেখানে সতত বৈসে রসিক মুরারি।
সেখানে লিখিহ মোর নাম দুই চারি ॥ ১ ॥
মোর অঙ্গের আভরণ দিহ পিয়া ঠাম।
জনম অবধি মো এই পরণাম ॥ ২ ॥
সখীগণ গণইতে লইও মোর নাম।
পিয়া মোর বিদগধ বিধি ভেল বাম ॥ ৩ ॥
নিচয় মরিব আমি সে কাহ্নু উদেশে।
অবসর জানি কিছু মাগিও সন্দেশে ॥ ৪ ॥
দিনে একবার পহু লিখে মোর নাম।
অরুণ দুলহ করে দিহে জলদান ॥ ৫ ॥
বিদ্যাপতি কহে শুন বরনারি।
ধৈরয ধরয চিতে মিলব মুরারি ॥ ৬ ॥

৯

হরি কি মথুরাপুরে গেল।
আজু গোকুল শূন্য ভেল ॥ ১ ॥
রোদিতি পিঞ্জর শুকে।
ধেনু ধাবই মাথুর মুখে ॥ ২ ॥
অব সোই যমুনার কূলে।
গোপ গোপী নাহি বুলে ॥ ৩ ॥
হাম সাগরে তেজব পরাণ।
আন জনমে হব কান ॥ ৪ ॥
কাহ্নু হোয়ব যব রাধা।
তব জানব বিরহক বাধা ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ নীত।
অব রোদন নহে সমুচিত ॥ ৬ ॥

১০

অব মথুরাপুরে মাধব গেল।
গোকুল-মাণিক কো হরি নেল ॥ ১ ॥
গোকুলে উছলল করুণার রোল।
নয়নের জলে দেখ বহয়ে হিল্লোল ॥ ২ ॥
শূন ভেল মন্দির শূন ভেল নগরী।
শূন ভেল দশ দিশ শূন ভেল সগরি ॥ ৩ ॥
কৈছনে যায়ব যমুনা-তীর।
কৈছে নেহারব কুঞ্জ-কুটীর ॥ ৪ ॥
সহচরী সঞে যাহা কয়ল ফুলধারী।
কৈছনে জীয়ব তাহি নেহারি ॥ ৫ ॥
বিদ্যাপতি কহে কর অবধান।
কৌতুকে ছাপিত তাঁহি রহু কান ॥ ৬ ॥

১১

হরি গেও মধুপুর হাম কুলবালা।
বিপথে পড়ল যৈছে মালতী-মালা ॥ ১ ॥
কি কহসি কি পুছসি শুন প্রিয়-সজনি।
কৈছনে বঞ্চব ইহ দিন-রজনী ॥ ২ ॥

৫। দারু-দহন—বৃক্ষের অগ্নি, দাবানল।
২। মঝু—আমার।
৩। সহি—সখী।
৫। সোই—সেই।
৭। অনল-মাহ—অনলমাঝে।
৩। অব—এখন। বুলে—বেড়ায়।
৫। বাধা—ব্যথা।
৩। সগরি—সংসার।

নয়নক নিঁদ গেও বয়ানক হাস।
সুখ গেও পিয়া সঙ্গ দুখ হাম পাশ ॥ ৩ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
সুজনক কুদিন দিবস দুই চারি ॥ ৪ ॥

১২

সজল নয়ান করি পিয় পথ হেরি হেরি
তিল এক হয় যুগ চারি।
বিধি বড় দারুণ তাহে পুন ঐছন
দূরহি কয়ল মুরারি ॥ ১ ॥
সজনি! কিয়ে করব পরকার।
কি মোর করম-ফল পিয়া গেল দেশান্তর
নিতি নিতি মদন-ঝঙ্কার ॥ ২ ॥
নারীর দীর্ঘশ্বাস পড়ুক তাহার পাশ
মোর পিয়া যার পাশে বৈসে।
পাখী জাতি যদি হও পিয়া-পাশে উড়ি যাও
সব দুঃখ কঁহু তুছু পাশে ॥ ৩ ॥
আনি দেই মোর পিউ রাখহ আমার জীউ
কো ইহ করুণাবান্।
বিদ্যাপতি কহ ধৈরয ধর চিতে
তুরিতহি মিলব কান ॥ ৪ ॥

১৩

হাম ধনী তাপিনী মন্দিরে একাকিনী
দোসর জন নাহি সঙ্গ।
বরিষা পরবেশ পিয়া গেল দূরদেশ
রিপু ভেল মত্ত অনঙ্গ ॥ ১ ॥
সজনি! আজু শমন দিন হোয়।
নবজলধর চৌদিকে ঝাঁপল
হেরি জীউ নিকসয়ে মোয় ॥ ২ ॥
ঘন ঘন গর্জ্জিত শুনি জীউ চমকিত
কম্পিত অন্তর মোর।
পাপিহা দারুণ পিউ পিউ সোঙরণ
ভ্রমি ভ্রমি দেই তছু কোর ॥ ৩ ॥
বরিখয়ে পুন পুন আগি দহন জনু
জানলু জীবন অন্ত।
বিদ্যাপতি কহ শুন রমণীবর
মিলব পহু গুণবন্ত ॥ ৪ ॥

১৪

কত দিন মাধব রহব মথুরাপুর
কবে ঘুচব বিহি বাম।
দিবস লিখি লিখি নখর খোয়ায়নু
বিসরল গোকুল নাম ॥ ১ ॥
হরি হরি কাহে কব এ সংবাদ।
সোঙরি সোঙরি লেহ ক্ষীণ ভেল মঝু দেহ
জীবনে আছয়ে কিবা সাধ ॥ ২ ॥
পূরব পিয়ারী নারী হাম আছনু
অব দরশনহু সন্দেহ।
ভ্রমর ভ্রমরী ভ্রমি সবহু কুসুমে রমি
না তেজই কমলিনী লেহ ॥ ৩ ॥
আশ নিগড় করি জীউ কত রাখব
অবহি যে কত পরাণ।
বিদ্যাপতি কহ আশাহীন নহ
আওব সো বরকান ॥ ৪ ॥

১৫

হিম হিমকর-কর- তাপে তাপায়ল
ভৈ গেল কাল বসন্ত।
কান্ত কাক-মুখে নাহি সম্বাদই
কিয়ে করি মদন দুরন্ত ॥ ১ ॥
জানহু রে সখি কিয়ে মোর কুদিবস ভেল।
কি ক্ষণে বিহি মোরে বিমুখ ভেল রে
পালটি দিঠি নাহি দেল ॥ ২ ॥
এত দিন তনু মোর সাধে সাধায়নু
বুঝনু আপন নিদান।
অবধিক আশ ভেল সব কাহিনী
কত সহ পাপ-পরাণ ॥ ৩ ॥

২। পরকার—প্রকার, উপায়।
৪। দেই—দাও। পিউ—প্রিয়। জীউ—জীবন।
৫। তুরিতহি—শীঘ্র।
৩। পাপিহা—পাপিয়া। সোঙরণ—স্মরণ।
১। বিসরল—বিস্মৃত হইল। খোয়ায়নু—ক্ষয় করিলাম।
২। সোঙরি—স্মরণ করি।
৩। পিয়ারী—প্রিয়তমা, আদরিণী। লেহ—স্নেহ, আশক্তি।
১। নাহি সম্বাদই—সংবাদ লয় না।
২। পালটি—ফিরিয়া। দিঠি—দৃষ্টি।

বিদ্যাপতি ভণ মাধব নিকরুণ
কাহে সমুঝায়ব খেদ।
ইহ বঁড়বানল তাপ অধিক ভেল
দারুণ পিয়াক বিচ্ছেদ ॥ ৪ ॥

১৬

ফুটল কুসুম নব কুঞ্জ কুটীর বন
কোকিল পঞ্চম গাওই রে।
মলয়ানিহ হিম- শিখরে সিধায়ল
পিয়া নিজ দেশ না আওই রে ॥ ১ ॥
চান্দ-চন্দন তনু অধিক উতাপই
উপবনে অলি উতরোল।
সময় বসন্ত কান্ত রহু দূরদেশ
জানলু বিহি প্রতিকূল ॥ ২ ॥
অনিমিখ নয়নে নাহ-মুখ নিরখিতে
তিরোপিত না হোয়ে নয়ান।
এ সুখ-সময়ে সহয়ে এত সঙ্কট
অবলা কঠিন পরাণ ॥ ৩ ॥
দিনে দিনে ক্ষীণ তনু হিমে কমলিনী জনু
না জানি কি ইহ পরযন্ত।
বিদ্যাপতি কহ ধিক্ ধিক্ জীবন
মাধব নিকরুণ-অন্ত ॥ ৪ ॥

১৭

ফুটল কুসুম সকল বন অন্ত।
মিলল সব সখি সময় বসন্ত ॥ ১ ॥
কোকিল-কুল কলরব হি বিথার।
পিয়া পরদেশ হাম সহই না পার ॥ ২ ॥
আব যদি যাই সম্বাদহ কান।
আওব ঐছে হামারি মন মান ॥ ৩ ॥
ইহ সুখ সময়ে মোহ মঝু নাহ।
কা সঞে বিলসব কো কব তাহ ॥ ৪ ॥

তুহ যদি ইহ সুখ কহ তছু ঠাঁম।
বিদ্যাপতি কহে পূরব কাম ॥ ৫ ॥

১৮

হাম অভাগিনী দোসর নাহি ভেলা।
কানু কানু করি জনম বহি গেলা ॥ ১ ॥
আওব করি মোর পিয়া চলি গেলা।
পূরবক যত গুণ বিসরিত ভেলা ॥ ২ ॥
মনে মোর যত দুঃখ কহিব কাহাকে।
ত্রিভুবনে এত দুঃখ নাহি জানে লোকে ॥ ৩ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন ধনি রাই।
কানু সমুঝাইতে হাম চলি যাই ॥ ৪ ॥

১৯

এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর ॥ ১ ॥
ঝঞ্ঝা ঘন গরজন্তি সন্ততি
ভুবন ভরি বরিখন্তিয়া।
পান্থ পাহুন কাম দারুণ
সঘনে খর শর হন্তিয়া ॥ ২ ॥
কুলিশ শত শত পাত মোদিত
ময়ূর নাচত মাতিয়া।
মত্ত দাদুরী, ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া ॥ ৩ ॥
তিমির ভরি ভরি ঘোর যামিনী
থির বিজুরি পাঁতিয়া।
বিদ্যাপতি কহ কৈছে গোঙায়বি
হরি বিনে দিন রাতিয়া ॥ ৪ ॥

২০

সজনি কো কহ আওব মাধাই।
বিরহ-পয়োধি পার কিয়ে পাওব
মঝু মনে নাহি পতিয়াই ॥ ১ ॥
এখন তখন করি, দিবস গোঙায়নু
দিবস দিবস করি মাসা।

৪। সমুঝায়ব—বুঝাইব।
১। সিধায়ল—প্রবেশ করিল।
২। উতরোল—উচ্চশব্দ করে।
৪। নিকরুণ-অন্ত—নির্দ্দয়ের শেষ।
২। বিথার—বিস্তার:
৪। এই সুখের সময় আমার সেই নাথ কাহার সহিত বিলাস করিবে, কে আমাকে তাহা বলিয়া দিবে!

২। পূরবক—পূর্ব্বের। বিসরিত—বিস্মৃত।
২। সন্ততি—সতত। বরিখন্তিয়া—বৃষ্টিপাত হইতেছে। পান্থ—পথিক, মাধব। পাহুন - নিষ্ঠুর।
৩। দাদুরী—ভেক।
১। পতিয়াই—প্রত্যয়।

মাস মাস করি বরিখ গোঙায়নু
ছোড়লু জীবনক আশ ॥ ২ ॥
বরিখ বরিখ করি. সময় গোঙায়নু
খোয়লু এতনু আশে।
হিমকর-কিরণে নলিনী যদি জারব
কি করবি মাধবী মাসে ॥ ৩ ॥
অঙ্কুর তপন- তাপে যদি জারব
কি করিব বারিদ-মেহে।
ইহ নব যৌবন বিরহে গোঙায়ব
কি করিব সো পিয়া লেহে ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বর যুবতি
অব নাহি হোত নিরাশ।
সো ব্রজনন্দন হৃদয় আনন্দন
ঝটিতি মিলব তুয়া পাশ ॥ ৫ ॥

২১

হরি হরি কো ইহ দৈব দুরাশা।
সিন্ধু নিকটে যদি কণ্ঠ শুকায়ব
কো দূর করব পিয়াসা ॥ ১ ॥
চন্দন তরু যব সৌরভ ছোড়ব
শশধর বরিখব আগি।
চিন্তামণি যব নিজ গুণ ছোড়ব
কি মোর করম অভাগি ॥ ২ ॥
শ্রাবণ মাহ ঘন বিন্দু না বরিখব
সুরতরু বাঁঝকি ছন্দে।
গিরিধর সেবি ঠাম নাহি পায়ব
বিদ্যাপতি রহু ধন্দে ॥ ৩ ॥

২২

কুসুমিত কানন হেরি কমলমুখী
মুঁদি রহয়ে দু-নয়ান।
কোকিল-কলরব মধুকর ধ্বনি শুনি
কর দেই ঝাঁপল কাণ ॥ ১ ॥

মাধব শুন শুন বচন হামারি।
তুয়া গুণে সুন্দরী অতি ভেল দুবরী
গুণ গুণি প্রেম তোহারি ॥ ২ ॥
ধরণী ধরিয়া ধনি কত বেরি বৈঠত
পুন তহি উঠই না পারা।
কাতর দিঠি করি চৌদিশ হেরি হেরি
নয়নে গলয়ে জলধারা ॥ ৩ ॥
তোহারি বিরহে দীন ক্ষণে ক্ষণে তনু ক্ষীণ
চৌদশী চাঁদ সমান।
ভণয়ে বিদ্যাপতি শিবসিংহ নরপতি
লছিমাদেবী পরমাণ ॥ ৪ ॥

২৩

যহঁক বিরহ ডরে চীর চন্দন
উরে হার না দেলা।
সো অব নদী গিরি আঁতর ভেলা ॥ ১ ॥
পিয়াক গরবে হাম কাহুক না গণলা।
সো পিয়া বিনা মোহে কো কি না কহলা ॥ ২ ॥
বড়দুখ রহল মরমে।
পিয়া বিছুরল যদি কি আর জীবনে ॥ ৩ ॥
পূরব জনমে বিহি লিখিল ভরমে।
পিয়াক দেখি নাহি যে ছিল করমে ॥ ৪ ॥
আনসে অনুরাগে পিয়া আন দেশে গেলা।
পিয়া বিনা পাঁজর ঝাঁঝর ভেলা ॥ ৫ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয ধর চিতে মিলব মুরারি ॥ ৬ ॥

২৪

মাধব অবলা পেখলু মতিহীনা।
সারঙ্গ শবদে মদন অতি কোপিত
তাই দিনে দিনে ভেল ক্ষীণা ॥ ১ ॥
রহত বিদেশ সন্দেশ না পাঠায়সি
কৈছে জীবয়ে ব্রজবালা।
সে হেন সুন্দরী রূপে গুণে আগরি
জারল বিরহ-বিখ-জ্বালা ॥ ২ ॥

২। বরিখ—বর্ষ, বৎসর।
৩। জারব—জর জর হয়। মাধবী মাস—বৈশাখ মাস।
৪। মেহে—মেঘে।
১। শুকায়ব—শুষ্ক হইবে।
২। বরিখব আগি—অগ্নিবর্ষণ করিবে।
৩। সুরতরু—কল্পতরু। ঝাঁঝকি ছন্দে—ফলহীনের ন্যায়। ঠাম—স্থান। ধন্দে—সন্দেহ।

২। দুবরী—দুর্ব্বলা।
৪। চৌদশী—চতুর্দ্দশী।
৫। আনসে—অন্যের সহিত। আন—অন্য। ঝাঁঝর—জর্জ্জরিত।
১। সারঙ্গ—কোকিল বা ভ্রমর।
২। আগরি—আগর, শ্রেষ্ঠ।

উর বিহু শেষ পরশ নাহি পারই
সোই লুঠত মহীঠামে।
পূর্ণমিক চাঁদ টুটি পড়ল জনু
ঝামর চম্পকদামে ॥ ৩ ॥
সোহি অবধি দিন বহু অশোয়াসলু
তৈ ধনী রাখত পরাণে।
ভণয়ে বিদ্যাপতি নিকরুণ মাধব
শুনইতে হরল গেয়ানে ॥ ৪ ॥

২৫

কালিক অবধি করিয়া পিয়া গেল।
লিখইতে কালি ভিত ভরি গেল ॥ ১ ॥
ভেল পরভাত পুছহি সবহু।
কহ কহ রে সখি কালি কবহু ॥ ২ ॥
কালি কালি করি তেজলু আশ।
কান্ত নিতান্ত না মিলল পাশ ॥ ৩ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
পুররমণীগণ রাখল বারি ॥ ৪ ॥

২৬

প্রেমক গুণ কহই সব কোই।
যে প্রেমে কুলবতী কুলটা হোই ॥ ১ ॥
হাম যদি জানয়ে পিরীতি দুরন্ত।
তব কিয়ে যায়ব পাপক অন্ত ॥ ২ ॥
অব সব বিষসম লাগয়ে মোই।
হরি হরি বিপরীত করয়ে জানি কোই ॥৩॥
বিদ্যাপতি কহে শুন বরনারি।
পানি পিয়ে পিছে জাতি বিচারি ॥ ৪ ॥

২৭

কত গুরু-গঞ্জন দুরজন বোল।
মনে কিছু না গণলু ও রসে ভোল ॥ ১ ॥
কুলজা-রীতি ছোড়লু যছু লাগি।
সো অব বিছুরল হামারি অগাগি ॥ ২ ॥
সোঙারি সোঙারি কহবি মুরারি।
সুপুরুখ পরিখ পরিহরে দোখ বিচারি ॥ ৩ ॥
যো পুন সহচরি হোয় মতিমান।
করয়ে পিশুন বচন অবধান ॥ ৪ ॥
নারী অবলা হাম কি বোলব আন।
তুহু রসনানন্দ গুণক-নিধান ॥ ৫ ॥
মধুর বচন কহি কানুকে বুঝাই।
এহি কর দেখি রোখ অবগাই ॥ ৬ ॥
তুহু বড় চতুর হাম কিয়ে জান।
ভণয়ে বিদ্যাপতি ইহ রস গান ॥ ৭ ॥

২৮

লোচন লোরে তটিনী নিরমাণ।
তহি কমলমুখী করত সিনান ॥ ১ ॥
বেরি এক মাধব তুয়া রাই জীবই।
যব রূপ তুয়া নয়ন ভরি পিবই ॥ ২ ॥
কুয়ল কবরী উলটি উরে পড়ই।
জনু কনয়াগিরি চামর চরই ॥ ৩ ॥
তুয়া গুণ গণইতে নিদ না হোয়।
অবনত আননে ধনী কত রোয় ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরকান।
বুঝনু তুয়া হিয়া দারুণ পাষাণ ॥ ৫ ॥

২৯

মনে ছিল না টুটব লেহা।
সুজনক পিরীতি পাষাণক রেহা ॥ ১ ॥
তাহে ভেল অতি বিপরীত।
না জানিয়া ঐছন দৈব গঠিত ॥ ২ ॥
এ সখি কহবি বন্ধুরে করযোড়ি।
বিফল প্রেমক আকর মোড়ি ॥ ৩ ॥
যদি কহ তুহু অগেয়ানী।
হাম সোঁপনু হিয়া নিজ করি জানি ॥ ৪ ॥
বিদ্যাপতি কহে লাগল ধন্দা।
যাকর পিরীতি সে জন অন্ধা ॥ ৫ ॥

৩০

সজনি কানুকে কহবি বুঝাই।
রোপিয়া প্রেমের বীজ অঙ্কুরে মোড়লি
বাঁচব কোন উপায়ই ॥ ১ ॥

৪। অশোয়াসলু—আশ্বাস দিলাম।
১। ভিত—ভিত্তি, দেয়াল।
১। ভোল—ভোর, বিহ্বল।
২। কুলজা-রীতি—সদ্বংশজার ব্যবহার। অগাগি—সঙ্গ। বিছুরল—বিস্মৃত হইল।
৬। অবগাই—প্রশমন করিয়া।
১। তহি—তাহাতে।
৩। কুয়ল—খুলিয়া গেল। উরে—বক্ষে।
১। লেহা—স্নেহ, প্রণয়।
১। মোড়লি—নষ্ট করিলি।

তৈলবিন্দু যৈছে পানি পসারল
ঐছন তুয়া অনুরাগে।
সিকতা জল যৈসে খণহি শুকায়ল
ঐছন তোহারি সোহাগে ॥ ২ ॥
কুলকামিনী ছিনু কুলটা ভৈ গেনু
তাকর বচন লোভাই।
আপন করে হাম মুড় মুড়ায়নু
কানুক প্রেম বাঢ়াই ॥ ৩ ॥
চোর-রমণী জনু মনে মনে রোয়ই
অম্বরে বদন ছাপাই।
দীপক লোভে শলভ জনু ধায়ল
সো ফল ভুজইতে চাই ॥ ৭ ॥
ভণয়ে বিদ্যাপতি ইহ কলিযুগরীতি
চিন্তা না কর কোই।
আপন করমদোষে আপনহি ভুঞ্জই
যো জন পরবশ হোই ॥ ৫ ॥

৩১

হাম অবলা দুঃখ সহনে না যায়।
বিরহ দারুণ দুখে মদন সহায় ॥ ১ ॥
কোকিল-কলরবে মতি ভেল ভোরা।
কহ জনি সজনি কোন গতি মোরা ॥ ২ ॥
পহিল বয়স মোর না পূরল সাধে।
পরিহরি গেল পিয়া কোন অপরাধে ॥ ৩ ॥
ঐছন সখীর করম কিয়ে ভেল।
বিদ্যাপতি কহ হবে পুন মেল ॥ ৪ ॥

৩২

নাহ দরশ সুখ বিহি কৈলে বাদ।
অঙ্কুরে ভাঙল বিনি অপরাধ ॥ ১ ॥
সুখময় সাগর মরুভূমি ভেল।
জলদ নেহারি চাতক মরি গেল ॥ ২ ॥
আন কয়ল চিতে বিহি কৈল আন।
অব নাহি নিকসয়ে কঠিন পরাণ ॥ ৩ ॥
এ সখি বহুত কয়ল হিয় মাহ।
দরশন না ভেল সুপুরুখ নাহ ॥ ৪ ॥
শুনইতে নিকসউ কঠিন পরাণ।
শ্রবণহি শ্যাম নাম করু গান ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ সুপুরুখ নারী।
মরণ সমাপন প্রেম ভিখারী ॥ ৬ ॥

৩৩

কতি দিনে ঘুচব ইহ হাহাকার।
কতি দিনে ঘুচব গুরুয়া দুখভার ॥ ১ ॥
কতি দিনে চাঁদ কুমুদে হব মেলি।
কতি দিনে ভ্রমরা কমলে করু কেলি ॥ ২ ॥
কতি দিনে পিয়া মোর পুছব বাত।
কবহু পয়োধরে দেয়ব হাত ॥ ৩ ॥
কতি দিনে করে ধরি বৈঠাব কোর।
কতি দিনে মনোরথ পূরব মোর ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ শুন বরনারি।
ভাগউ সব দুখ মিলত মুরারি ॥ ৫ ॥

৩৪

কহত কহত সখি বোলত বোলত রে
হামারি পিয়া কোন দেশে রে।
মদন-শরানলে এ তনু জরজর
কুশল শুনিতে সন্দেহ রে ॥ ১ ॥
হামারি নাগর তথায় বিভোর
কেমন নাগরী মিলল রে।
নাগরী পাইয়া নাগর সুখী ভেল
হামারি বুকে দিয়া শেল রে ॥ ২ ॥
শঙ্খ কর চুর বসন কর দূর
তোড়ত গজমতি-হার রে।
পিয়া যদি তেজল কি কাজ শৃঙ্গারে
যমুনা-সলিলে সব ডার রে ॥ ৩ ॥
সীঁথার সিন্দূর, মুছিয়া কর দূর,
পিয়া বিনু সকলি নৈরাশ রে।
ভণয়ে বিদ্যাপতি শুনহ যুবতি,
দুখ ভেল অবশেষ রে ॥ ৪ ॥

৩৫

যো দিন মাধব পয়াণ করল
উথল সো সব বোল।
শুনিয়া হৃদয়ে করুণা বাড়ল
নয়নে গলতহি লোর ॥ ১ ॥
দিবি করিয়া শপথ করিল
নিয়ড়ে আসিয়া কান।

২। পসারল—ভাসিয়া বেড়ায়।
৩। মুড় মুড়ায়নু—মাথা মুড়াইলাম।
২। দিবি—দিব্য।

মঝু কর ধরি শিরে ঠেকায়লু
সো সব ভৈ গেল আন ॥ ২ ॥
পুন নিরখিতে চিত উচাটন
ফুটল মাধবী-লতা।
কুহু কুহু করি কোকিল কুহরই
গুঞ্জরে ভ্রমরা মতা ॥ ৩ ॥
কোন সে নগরে হয়ল নাগর
নাগরী পাইয়া ভোর।
কহে বিদ্যাপতি শুন লো যুবতি
তোহারি নাগর চোর ॥ ৪ ॥

৩৬

মলিন চিকুর তনু চীরে।
করতলে কমল নয়ন ঝরু নীরে ॥ ১ ॥
শুন মাধব কি বলব তোয়।
তুয়া গুণে লুবুধি মুগধি ভেল সোয় ॥ ২ ॥
কোই কমলদলে করই বাতাস।
কোই চতুর ধনী হেরই নিশ্বাস ॥ ৩ ॥
কোই কহে আয়ল হরি।
শুনিয়া চেতন ভেল নাম তোহারি ॥ ৪ ॥
উরে দোলে শ্যামল বেণী।
কমলিনী কোরে জনু কালসাপিনী ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি গাওয়ে।
বিরহিণী-বেদন সখী সমুঝাওয়ে ॥ ৬ ॥

৩৭

নদী বহে নয়ানক নীরে।
মূরছি পড়ল তছু তীরে ॥ ১ ॥
মাধব তোহারি করুণা অতি বঙ্কা।
তোহে নাহি তিরিবধ শঙ্কা ॥ ২ ॥
তৈখনে খীণ ভেল শাসা।
কোই নলিনীদলে করয়ে বাতাসা ॥ ৩ ॥
চৌদশী চন্দ সমান।
তুয়া বিহু শূন ভেল প্রাণ ॥ ৪ ॥

কোই রহ রাই উপেখি।
কোই শির ধুনি ধুনি দেখি ॥ ৫ ॥
কোই সখি পরিখই শ্বাস।
হাম ধায়লু তুয়া পাশ ॥ ৬ ॥
পালটি চলহু নিজ গেহ।
মনে গুণি পূরব সিনেহ ॥ ৭ ॥
সুকবি বিদ্যাপতি ভাণ।
মনে জানি বুঝহ সেয়ান ॥ ৮ ॥

৩৮

মাধব হেরিয়া আইনু রাই।
বিরহ বিপতি না দেই সমতি
রহল বদন চাই ॥ ১ ॥
মরকত-স্থলী শুতলি আছলি
বিরহে সে ক্ষীণ দেহা।
নিকষ পাষাণে যেন পাঁচবাণে
কষিল কনক-রেহা ॥ ২ ॥
বয়ান-মণ্ডল লোটায় ভূতল
তাহে সে অধিক শোহে।
রাহুভয়ে শশী ভূমে পড়ি খসি
ঐছে উপজল মোহে ॥ ৩ ॥
বিরহ-বেদন কি তোহে কহব
শুনহ নিঠুর কান।
ভণে বিদ্যাপতি সে যে কুলবতী
জীবন সংশয় জান ॥ ৪ ॥

৩৯

মাধব পেখনু সো ধনী রাই।
চিত পুতলি জনু এক দিঠে চাই ॥ ১ ॥
বেঢ়ল সকল সখী চৌপাশা।
অতি ক্ষীণ শ্বাস বহত তছু নাসা ॥ ২ ॥
অতি ক্ষীণ তনু জনু কাঞ্চন-রেহা।
হেরইতে কোই না ধর নিজ দেহা ॥ ৩ ॥
কঙ্কণ বলয়া গলিত দুই হাত।
ফুয়ল কবরী না সম্বরি নাথ ॥ ৪ ॥

১। চীর—বস্ত্র।
২। সোয়—সে।
২। বঙ্কা—বক্র। তিরিবধ—স্ত্রীবধ, স্ত্রীহত্যা।
৩। তৈখনে—সেই সময়ে, তখন। খীণ—ক্ষীণ। শাসা—শ্বাস।
৪। চৌদশী - চতুর্দ্দশী। শূন—শূন্য।

৫। উপেখি—উপেক্ষা করি। ধুনি ধুনি—নেড়ে-চেড়ে।
৭। গুণি—গণনা করিয়া, বিবেচনা করিয়া।
২। মরকতস্থলী—হরিদ্বর্ণ মণিমণ্ডিত শিবির বা তৃণমণ্ডিত হরিৎক্ষেত্র। নিকষ পাষাণে—কষ্টি-পাথরে। রেহা—রেখা।

চেতন মূরছন বুঝই না পারি।
অনুক্ষণ ঘোর বিরহ জর জারি ॥ ৫ ॥
বিদ্যাপতি কহে নিরদয় দেহ।
তেজল অব জগজন অনুলেহ ॥ ৬ ॥

৪০

মাধব যাইঞা পেখহ বালা।
আজিহু কালি পরাণ পরিতেজব
কত সহ বিরহক জালা ॥ ১ ॥
শীতল সলিল কমলদল শেযহি
লেপহু চন্দন পঙ্কা।
সো সব যতহু আনল সম হোয়ল
দশগুণ দহই মৃগঙ্কা ॥ ২ ॥
শকতি গেল ধনী উঠই ধরণী ধরি
ক্ষেপহি নিশি নিশি জাগি।
চমকি চমকি ধনী বোলত শিব শিব
জগত ভরল উছু আগি ॥ ৩ ॥
কিয়ে উপচার বুঝই না পারই
কবি বিদ্যাপতি ভাণে।
কেবল দশমী দশা বিধি সিরজিল
অবহু করহ অবধানে ॥ ৪ ॥

৪১

মাধব কত পরবোধব রাধা।
হা হরি হা হরি কহতহি বেরি বেরি
অব জীউ করব সমাধা ॥ ১ ॥
ধরণী ধরিয়া ধনী যতনহি বৈঠত
পুনহি উঠই নহি পারা।
সহজহি বিরহিণী জগমাহা তাপিনী
বৈরী মদন-শরধারা ॥ ২ ॥
অরুণ নয়ান-লোরে তিতল কলেবর
বিলোলিত দীঘল কেশা।
মন্দির বাহির করইতে সংশয়
সহচরী গণতহি শেষা ॥ ৩ ॥

কি কব খেদ ভেদ জনু অন্তর
ঘন ঘন উতপত শ্বাস।
ভণয়ে বিদ্যাপতি সোই কলাবতী
জীবন বন্ধন আশ পাশ ॥ ৪ ॥

৪২

কি কহব মাধব কি করব কাজে।
পেখনু কলাবতী প্রিয়সখী মাঝে ॥ ১ ॥
আছইতে আছেন কাঞ্চনপুতুলা।
ভুবনে অনুপম রূপে গুণে কুশলা ॥ ২ ॥
এবে ভেল বিপরীত ঝামর দেহা।
দিবসে মলিন চাঁদকি রেহা ॥ ৩ ॥
বামকরে কপোল লুলিত কেশভার।
কর নখে লিখু মহী আঁখি জলধার ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ শুন বরকান।
রাজা শিবসিংহ ইথে পরমাণ ॥ ৫ ॥

৪৩

শুন শুন মাধব পড়ল অকাজ।
বিরহিণী রোদিতি মন্দিরমাঝ ॥ ১ ॥
অচেতন সুন্দরী না মিলয়ে দিঠি।
কনক-পুতলি যৈছে অবনীয়ে লোঠি ॥ ২ ॥
কো জানে কৈছন তোহারি পিরীতি।
বাঢ়ই দারুণ প্রেম বধহ যুবতী ॥ ৩ ॥
কহ বিদ্যাপতি শুনহ মুরারি।
সুপুরুখ না ছোড়ই রসবতী নারী ॥ ৪ ॥

৪৪

হিমকর পেখি আনত কর আনন
রহত করুণা পথ হেরি।
নয়ন কাজর দেই লিখই বিধুন্তুদ
তা সঞে কহত হি টেরি ॥ ১ ॥
মাধব কঠিন হৃদয় পরবাসী।
তোমারি বিলাসিনী পেখহু বিরহিণী
অবহু পালট গৃহে যাসি ॥ ২ ॥

৫। জারি—জর্জ্জরিত করে।
৩। ক্ষেপহি—হস্তপদাদি প্রক্ষিপ্ত করে।
৫। দশমী দশা—শেষ দশা।
১। পরবোধব প্রবোধ দিব। বেরি বেরি—বার বার।
৩। নয়ান-লোরে—নেত্রজলে।

৪। উতপত—উদ্গত।
৩। ঝামর দেহা—মলিন অঙ্গ, বিবর্ণ দেহ।
৪। লুলিত—আলুলায়িত।
২। না মিলয়ে দিঠি—চক্ষু মেলে না। লোঠি—লুঠিত হয়। ৩। বাঢ়ই—বাড়াইয়া।
১। হিমকর—চন্দ্র। বিধুন্তুদ—রাহু।
২। অবহু—এখনও।

দখিণ পবন বহে কৈছে যুবতী সহে
তাহে দুখ দেই অনঙ্গ।
গলঁহ পরাণ আশা দেই রাখই
দশ নখে লিখই ভুজঙ্গ ॥ ৩ ॥
ভণয়ে বিদ্যাপতি শিবসিংহ নরপতি
বিরহক ইহ উপচারি।
পরভৃতক ডর পায়স লেই কর
বায়স নিয়রে ফুকারি ॥ ৪ ॥

৪৫

পহিল পিয়া মোর সুখে মুখ হেরল
তিল এক না ছোড়ল অঙ্গ।
অপরূপ প্রেম- পাশে তনু গাঁথল
অব তেজল মোর সঙ্গ ॥ ১ ॥
সখি! হাম জীয়ব কাহ লাগি।
যো বিনু তিল এক রহই না পারিয়ে
সো ভেল পর অনুরাগী ॥ ২ ॥
অঙ্গুলক আঙ্গুটী সো ভেল বাহুটী
হার ভেল অতি ভার।
মনমথ-বাণহি, অন্তর জরজর
দুখ সহই না পারিয় আর ॥ ৩॥

৪৬

সখীগণ কন্দরে থোই কলেবর
ঘরসঞে বাহির হোয়।
বিনা অবলম্বনে উঠয়ে না পারই
অতয়ে নিবেদলু তোয় ॥ ১ ॥
মাধব কত পরবোধই তোই।
দেহ দীপতি গেল হার ভার ভেল
জনম গোঙায়লি রোই ॥ ২ ॥
অঙ্গুরী বলয়া ভেল কামে পিন্ধায়ল
দারুণ তুয়া নব লেহা।
সখীগণ সাহসে ছোই না পারই
তন্তুক দোসরা দেহা ॥ ৩ ॥

নবমী দশা গেলি দেখি আয়লু চলি
কালি রজনী অবসানে।
আজুক এতখণ গেল সকল দিন
ভাল মন্দ বিহি পরে জানে ॥ ৪ ॥
কেলি কল্পতরু সুপুরুখ অবতরু
নাগর গুরুবর রতনে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লছিমা দেবী পরমাণে ॥ ৬ ॥

৪৭

কি করিব কোথা যাব সোয়াথ না হয়।
না যায় কঠিন প্রাণ কিবা লাগি রয় ॥ ১ ॥
পিয়ার লাগিয়া হাম কোন দেশে যাব ॥
রজনী প্রভাত হইলে কার মুখ চাব ॥ ২ ॥
বন্ধু যাবে দূরদেশে মরিব আমি শোকে।
সাগরে ত্যজিব প্রাণ নাহি দেখে লোকে ॥ ৩ ॥
নহে ত পিয়ার গলার মালা যে করিয়া।
দেশে দেশে ভরমিব যোগিনী হইয়া ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি ইহ দুখ গান।
রাজা শিবসিংহ লছিমা পরমাণ ॥ ৫ ॥

৪৮

পাসরিতে শরীর হোয় অবসান।
কহিতে না লয় অব বুঝই অবধান ॥ ১ ॥
কহনে না পারিয়ে সহনে না যায়।
রচহ সজনি অব কি করি উপায় ॥ ২ ॥
কোন বিহি নিরমিল এই পুন লেহ।
কাহে কুলবতী করি গড়ল মোর দেহ ॥ ৩ ॥
কাম করে ধরিয়ে সে করয়ে বেভার।
রাখয়ে মন্দিরে এ কুল-আচার ॥ ৪ ॥
সহই না পারিয়ে চলই না পারি।
ঘন ফিরে যৈছে পিঞ্জর মাহা সারী ॥ ৫ ॥
এতহুঁ বিপদে কাহে জীবয়ে দেহ।
ভণয়ে বিদ্যাপতি বিষম লেহ ॥ ৬ ॥

৪৯

শুন শুন সুন্দরি কর অবধান।
নাহ রসিকবর বিদগধ জান ॥ ১ ॥

৪। উপচারি—চিকিৎসা। পরভৃতক—কোকিলের।
২। কাহ—কিসের।
৩। বাহুটী—শীর্ণতার লক্ষণ।
১। কন্দরে—স্কন্ধে। ঘরসঞে—ঘর হইতে।
৩। পিন্ধায়ল—পরাইল। ছোই—ছুঁইতে। তন্তুক দোসর দেহা—দেহ সূতার মতন ক্ষীণ।
৫। সারী যেমন পিঞ্জর মধ্যে অবিরত ঘুরিয়া বেড়ায়, বাহির হইতে পারে না, আমিও তদ্রূপ এ স্থান হইতে যাইতে পারিতেছি না অথচ সহিতেও পারিতেছি না।

কাহে তুহু হৃদয়ে করসি অনুতাপ।
অবহুঁ মিলব সোই সুপুরুখ আপ ॥ ২ ॥
উদভট প্রেমে করসি অনুরাগ।
নিতি-নিতি ঐছন হিয়া মাহা জাগ ॥ ৩ ॥
বিদ্যাপতি কহ বান্ধহ থেহ।
সুপুরুখ কবহু না তেজয়ে লেহ ॥ ৪ ॥

৫০

এ সখি কাহে কহসি অনুযোগে।
কানুসে অবহি করবি প্রেমভোগে ॥ ১ ॥
কোলে লেয়ব সখি তুহুঁক পিয়া।
হাম চলনু তুহুঁ থির কর হিয়া ॥ ২ ॥
এত কহি কানু পাশে মিলল সো সখী।
প্রেমক রীত কহল সব দুখী ॥ ৩ ॥
শুনতহি কানু মিলন ধনী-পাশ।
বিদ্যাপতি কহে অধিক উল্লাস ॥ ৪ ॥

৫১

মাধব ও নব-নাগরী বালা।
তুহু বিছুরলি, বিহিক ডারলি
ভেলি নিমালিক মালা ॥ ১ ॥
সে যে সোহাগিনী দেহ লীনা গণি
পন্থ নেহারই তোরা।
নিচল লোচন না শুনে বচন
ঢার ঢরি পড় লোরা ॥ ২ ॥
তোহারি মুরলী সে দিক ছাড়লি
ঝামরু ঝামরু দেহা।
জনু সে সোনারে কসি কসটিকে
তেজল কনক-রেহা ॥ ৩ ॥
ফুয়ল কবরী না বান্ধে সম্বরি
ধনী যে অবশ এতা।
রূথলি ভুখলি দুখলি দেখলি
সখিনী-সঙ্গ সমেতা ॥ ৪ ॥

তুষসি তুষসি পড়ু খসি খসি
আলি আলিঙ্গন চাহে।
যা কর বেয়াধি পরাধীন ঔষধ
তা কর জীবন কাহে ॥ ৫ ॥
ভণয়ে বিদ্যাপতি করিয়ে শপথি
আর অপরূপ যথা।
ভাবিতে ভাবিতে তোহারি চরিত
ভরম হৈল যথা ॥ ৬ ॥

৫২

করে কর ধরি যো কিছু কহল
বদন বিহসি থোর।
যৈছে হিমকর মৃগ পরিহরি
কুমুদ কয়ল কোর ॥ ১ ॥
রমা হে শপথি করহ তোর।
সোই গুণবতী গুণ গণি গণি
না জানি কি গতি মোর ॥ ২ ॥
গলিত-বসন লোলিত-ভূষণ
ফুয়ল কবরী-ভার।
আহা উহু করি যো কিছু কহল
তাহা কি বিছুরিবার ॥ ৩॥
নিভৃত কেতন হরল চেতন
হৃদয়ে রহল বাধা।
ভণে বিদ্যাপতি ভালে সে উমতি
বিপতি পড়ল রাধা ॥ ৪ ॥

৫৩

বর রামা হে সে কিয়ে বিছুরণ যায়।
করে ধরি মাথুর— অনুমতি মাগিতে
ততহি পড়ল মুরছায় ॥ ১ ॥
কিছু গদ-গদ-স্বরে লহু লহু আখরে
যো কিছু কহল বররামা।
কঠিন-শরীর মোর তেঁই চলি আওলু
চিত রহল সোই ঠামা ॥ ২ ॥

২। আপ—আপনিই।
৩। উদভট—উৎকট।
৪। বান্ধহ থেহ—ধৈর্য্যাবলম্বন কর।
১। বিছুরলি—বিস্মৃত হইলি। ডারলি—দিলি। নিমালিক—নির্ম্মাল্য, বাসি।
৩। ঝামরু—বিবর্ণ, শীর্ণ।
৪। রূথলি—রুক্ষ। ভুখলি—ক্লশা। দুখলি—দুঃখিতা।
১। বিহসি—হাসিয়া। থোর—অল্প। কয়ল কোর—কোলে করিল।
৩। বিছুরিবার—ভুলিবার।
৪। নিভৃত কেতন—নির্জ্জন কুঞ্জে।
২। লহু লহু আখরে—মৃদুস্বরে। ঠামা—ঠাঁই।

তা বিনে রাতি দিবস নাহি ভাওয়ই
তাহে রহল মন লাগি।
আন রমণী সঙে রাজ সম্পদময়ে
আছিয়ে যৈছে বৈরাগী ॥ ৩ ॥
দুই এক দিবসে নিচয়ে শ্যাম যায়ব
তুহু পরবোধবি তাই।
বিদ্যাপতি কহ চিত রহল তাহ
প্রেমে মিলায়ব যাই ॥ ৪ ॥

৫৪

সুরত-পরিশ্রমে সরোবরতীরে।
সুরু অরুণোদয় শিশির সমীরে ॥ ১ ॥
মধু নিশা বেলী ধনী ভেলি নিন্দ।
পুছিও ন গেলে মোহি নিঠুর গোবিন্দ ॥ ২ ॥
যায়ে খণে দিতেহু আলিঙ্গন গাঢ়।
জনি জুয়ার পরু পরু সে খেল পাঢ় ॥ ৩ ॥
যত করিতহু তত মনে জাগ।
অনুশয়ে হীন ভেল অনুরাগ ॥ ৪ ॥

৫৫

সখি হে যায়ব বল্লভ বিদেশে।
হমে কুলকামিনী কহইতে অনুচিত
তোঁহহু দে তহু উপদেশে ॥ ১ ॥
ই ন বিদেশক বেলি।
দুরজন হমর দুখ ন অনুমাপব
তেঁ তোঁহে পিয়া গেলইলি ॥ ২ ॥
কিছু দিন করথু নিবাসে।
হমে পূজল যে সেহে পয় ভুঞ্জব
রাখথু পর উপহাসে ॥ ৩ ॥

হোয়তাহ কিয়ে বধভাগী।
যহি খণে তহু মনে মাধব চিন্তব
হমহু মরব ধসি আগি ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি ভণে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৫৬

দখিণ পবন বহ মন্দ।
মাজরী ঝর মকরন্দ ॥ ১ ॥
তখন যায়ব মনমারি।
লোচন হলব নিবারি ॥ ২ ॥
পিয় হে যদি তোহে যায়ব বিদেশ।
ধরব হমর উপদেশ ॥ ৩ ॥
মধুকর যদি কর রাব।
যদি পিক পঞ্চম গাব ॥ ৪ ॥
তখনে করব অনুমান।
মূদি রহব বরু কান ॥ ৫ ॥
পরতিরি মানব তিতি।
ধিরযে মনোভব জিতি ॥ ৬ ॥
রাখব আপন পরাণ।
হমকে করব জলদান ॥ ৭ ॥
সুকবি ভণথি কণ্ঠহার।
কে সহ কাম পরহার ॥ ৮ ॥
নৃপ শিবসিংহ রস জান।
লখিমা দেবী রমাণ ॥ ৯ ॥

৩। ভাওয়ই—শোভা পায়।

১। সুরু—আরম্ভ।

৩। যায়ে খণে—যাইবার সময়। পরু পরু—পড়িয়া পড়িয়া।

১। তোঁহহু—তুমিই।

২। ই—ইহা। বিদেশক—বিদেশ। বেলি—সময়। অনুমাপব—বুঝিবে। তোঁহে—তোমাকে। গেলইলি—পাঠাইলাম।

৩। করথু—করুক। নিবাসে—বাস। ভুঞ্জব—ভোগ করিবে। রাখথু—রাখিবে।

৪। হোয়তাহ—হইবে। চিন্তিব—চিন্তা করিবে। হমহু—আমিও। ধসি—পড়িয়া, ঝাপ দিয়া।

১। মাজরী—মঞ্জরী।

২। মনমারি—মনকে মারিয়া অর্থাৎ দমন করিয়া।

৬। পরতিরি—পরস্ত্রী। মানব—মানিবে। তিতি—তিক্ত। ধিরযে—ধৈর্য্য। জিতি—জয় করিবে।

৮। সহ—সহ্য করিতে পারে।

মাধব বিদেশে গমন করিবার পূর্ব্বে শ্রীমতী তাঁহাকে উপদেশ দিতেছেন :—

যে সময় দক্ষিণ বায়ু ধীরে ধীরে প্রবাহিত হইবে, মঞ্জরী হইতে মধু ঝরিয়া পড়িবে, সে সময়

৫৭

পরদেশ গমন না করহ কন্ত।
পুণমত পাবয়ে ঋতু বসন্ত ॥ ১ ॥
কোকিল-কলরবে পূরল চূত।
জনি মদন পঠাওল আপন দূত ॥ ২ ॥
কে মানিনী আবে করতি মান।
বিরহে বিষম ভেল পঞ্চবাণ ॥ ৩ ॥
বহ মলয়ানিল পূরুব জানি।
মারয়ে পচশর সুমরি কানি ॥ ৪ ॥
বিরহে বিখিণী ধনী কিছু ন ভাব।
চন্দনে কুঙ্কুমে সখি লগাব ॥ ৫ ॥
বিদ্যাপতি ভণ কণ্ঠহার।
কৃষ্ণরাধা বন-বিহার ॥ ৬ ॥

৫৮

মাধব তোঁহে না যাহ বিদেশে।
হমারা রঙ্গ রভস লে যইবহ
লইবহ কোন সন্দেশে ॥ ১ ॥

বন হি গমন করু হোইতি দোসর মতি
বিসরি যায়ব পতি মোরা।
হীরা মণি মাণিক একো নহি মাগব,
ফেরি মাগব পহু তোরা ॥ ২ ॥
যখন গমন করু নয়ন লোর ভরু
দেখিও ন ভেল পহু ওরা।
একহি নগরে বসি পহু ভেল পরবশ
কইসে পূরত মন মোরা ॥ ৩ ॥
পহু সঙ্গে কামিনী বহুত সোহাগিনী
চন্দ্র নিকটে যইসে তারা।
ভণহি বিদ্যাপতি শুনু বর যৌবতি
আপন হৃদয় ধরু সারা ॥ ৪ ॥

৫৯

যোজন মন মাহ সে নহ দূর।
কমলিনী বন্ধু হোয় যইসে সূর ॥ ১ ॥
ঐসন বচন কহয় সব কোয়।
হমার হৃদয় পরতীত নাহি হোয় ॥ ২ ॥
যাকর পরশ বিশলেষ জর আগি।
হৃদয়ক মৃগমদ শোভ নহি লাগি ॥ ৩ ॥
সে যদি দূরহি করতহি বাস।
হা হরি শুনতহি লাগ তরাস ॥ ৪ ॥

৬০

ঝাপল উতপল নোরে নয়ান।
কইসে করয় হিয়া কহই ন জান ॥ ১ ॥
তুহু পুন কি করিবি গুপুতহি রাখি।
তনু মন দুহু মঝু দেল সাখী ॥ ২ ॥

চক্ষুকে নিবারণ করিয়া মনকে দমন করিবে। হে প্রিয়, তুমি যদি বিদেশে যাইবে, তবে আমার উপদেশ ধর। মধুকর যদি গুঞ্জন করে, কোকিল যদি পঞ্চমে গান করে, তাহা হইলে বুঝিবে যে, বসন্ত কাল সমাগত, তখন তুমি বরঞ্চ কান ঢাকা দিবে। পরস্ত্রীকে তিক্ত বলিয়া মানিবে। ধৈর্য্য দ্বারা মদনকে দমিত করিয়া রাখিবে। নিজের প্রাণ সযতনে রক্ষা করিবে। আমাকে জলদান করিবে অর্থাৎ তোমার অদর্শনে আমি জলগ্রহণ করিতে পারিব না, ফিরিয়া আসিলে তবে জল-গ্রহণ করিব। বিদ্যাপতি কহিতেছেন, কন্দর্পের প্রহার কে সহ্য করিতে পারে!

১। কন্ত—কান্ত। চূত—চূতলতা, আম্র।

৩। কে—কোন। আবে—এখন।

৪। পূরব—পূর্ব্ব কথা। জানি—জানাইয়া। কানি—শত্রুতা।

৫। বিখিণী—বিশীর্ণ, ক্ষীণ। ভাব—ভাল লাগে। লগাব—লাগায়।

১। লে যইবহ—লইয়া যাইবে। লইবহ—লইবে।

২। বন—গোকুল ও মথুরাস্থ দ্বাদশ বন। দোসর মতি—অন্য মতি। মাগব—মাগিব। ফেরি—ফিরিয়া।

৩। লোর—নীর। ভরু—ভরিয়া যায়। ওর—সীমা।

১। মাহ—মধ্যে। সূর—সূর্য্য।

২। পরতীতি—প্রতীতি।

৩। বিশলেষ—বিশ্লেষ। জর—জলিয়া উঠে। আগি—অগ্নি।

৪। শুনতহি—শুনিতেই।

১। উতপল—উত্তপ্ত।

তবহু যে গোপসি কি কহব তোয়।
বজর নিবারণ করতলে হোয় ॥ ৩॥
পাওল হে সখি মৌনক ওর।
পিয়া পরদেশ চলব মোহে ছোর ॥ ৪ ॥
সময় সমাপনে কি ফল আর।
পেমক সমুচিত অবহু বিচার ॥ ৫ ॥

৬১

কালি কহল পিয়া এ সাঁঝহিরে যায়ব
মোয়ে মাথুর দেশ।
মোয়ে অভাগিনী নহি জানল রে
সঙ্গ যইতও যোগিনী বেশ ॥ ১ ॥
হৃদয় বড় দারুণ রে পিয়া বিনু
বিদরি না যায় ॥ ২ ॥
এক শয়ন সখি শুতল রে
আছল বল্লভ নিশি মোর।
ন জানল কতি খণ তেজি গেল রে
বিছুরল চকেবা জোর ॥ ৩ ॥
শূন শেষ হিয় শালয় রে
পিয়ায়ে বিনু ঘর মোয়ে আজি।
বিনতি করউ সহচরি রে
মোহি দেহ আগি হর সাজি ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি গাওল রে
আবি মিলত পিয় তোর।
লখিমা দেবী বর নাগর রে
রায় শিবসিংহ নহি ভোর ॥ ৫ ॥

৬২

দশ দিশ বুলি বুলি ভমরী করুণা কর
আহা দেবি আজ কি ভেল।
কোর শুতল পিয়া আন্তরো না দেয় হিয়া
কে জান কওোন দিক্ গেল ॥ ১ ॥

৩। বজর—বজ্র।
৪। ছোর—ছাড়িয়া।
১। সাঁঝহিরে—সন্ধ্যার সময়।
২। বিদরি—বিদীর্ণ হইয়া।
৩। বিছুরল—বিচ্ছিন্ন হইল।
৩। চকেবা জোর—চক্রবাকমিথুন।
৪। করউ—করিতেছি। হর—হরণ। সাজি—সাজাইয়া।
৫। আবি—আসিয়া। ভোর—ভোলা।
১। অন্তর—ব্যবধান। করুণা—ক্রন্দন।

অরে কৈসে জীয়ব মওে রে
সুমরি বল্লভ নব নেহ ॥ ২ ॥
একহি মন্দিরে বসি পিয়া ন পুছয়ে হসি
মোর লেখে সমুদক পার।
ই দুই যৌবনা তরুণ লাখ লহ
সে আবে পরশ গমার ॥ ৩ ॥
পটস্থতি বুনি বুনি মোতি সরি কিনি কিনি
মোরে পিয়াওে গাথল হার।
লখে লেখি তহি হম হার গাথল
সে আবে তোড়ত গমার ॥ ৪ ॥
অরে রে পথিক ভেইয়া সমাদ লহ যইহ
যাহি দেশ বস মোর নাহ।
হমর সে দুখ সুখ তহি পিয়া কহিহ
সুন্দরী সমাইলি বাহ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি অরে রে যুবতি
অবে চিতে করহ উছাহ।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী বর নাহ ॥ ৬ ॥

৬৩

হমার নাগর রহল দূরদেশ।
কেউ নহি কহ সখি কুশল সন্দেশ ॥ ১ ॥
এ সখি কাহি করব অপতোস।
হমার অভাগি পিয়া নহি দোষ ॥ ২ ॥
পিয়া বিসরল সখি পূরুব পিরীতি।
যখন কপাল বাম সব বিপরীতি ॥ ৩ ॥
মরমক বেদন মরমহি জান।
আনক দুখ আন নহি জান ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ন পূরল কাম।
কি করতি নাগরি যাহি বিধি বাম ॥ ৫ ॥

৩। লেখে—পক্ষে। সমুদক—সমুদ্রের। গমার—মূর্খ।
৪। পটস্থতি—পট্ট সূত্র। কিনি—কিনিয়া। তোড়ত—ছিঁড়িয়া ফেলিবে।
৫। যইহ—যেখানে। যাহি—যে। বাহ—বহ্নি।
২। কাহি—কাহার। অপতোস—নিন্দা। অভাগি—অভাগ্য।
৩। বিসরল—বিস্মৃত হইল।

৬৪

পিয়া ছিল চন্দ হাম ছিল দেহা।
কে পাপী তোড়ল ঐসন নেহা ॥ ১ ॥
পিয়া ছিল খঞ্জন হাম ছিল খঞ্জনী।
কে বাঁধল পিয়া মরম নহি জানি ॥ ২ ॥
পিয়া ছিল শ্যাম তরু হাম ছিল লতা।
কে ভাঙ্গল তরু ন বুঝি বেবথা ॥ ৩ ॥
পিয়া ছিল কামকলা হাম ছিল কামিনী।
পিয়া বিনু নহি যায়ে দিন যামিনী ॥ ৪ ॥

৬৫

সেবল স্বামী সব গুণ-আগর
সদয় সুদৃঢ় নেহ।
তহু সবে সবে রতন পাবয়ে
নিন্দহু মোহি সন্দেহ ॥ ১ ॥
পুরুখ বচন হো অবধান।
ঐসন নহি এহি মহীমণ্ডল
যে পরবেদন জান ॥ ২ ॥
নহি হিত মিত কেউ বুঝাবয়ে
লাখ কোটী তোহে স্বামী।
সবক আশা তোহে পূরাবহ
হম বিসরহ কাঞী ॥ ৩ ॥

৬৬

ন জানল কোন দোষে গেলাহ বিদেশ।
অনুখণ ঝখইতে তনু ভেল শেষ ॥ ১ ॥
বুঝহি ন পারল নিজ অপরাধ।
প্রথমক প্রেম দৈবে করু বাধ ॥ ২ ॥
বেরি এক দৈব দাহিন জওো হোয়ে।
নিরধন ধন জকে ধরব মোওে গোয়ে ॥ ৩ ॥

১। তোড়ল—নষ্ট করিল।
৩। বেবথা—ব্যবস্থা।
১। নিন্দহু—নিদ্রাতেও।
৩। মিত—মিত্র। তোহে—তুমি। সবক—সবারই। পূরাবহ—পূর্ণ কর। কাঞি—কেন।
১। জানল—জানিলাম। গেলাহ—গেল। ঝখইতে—শোক করিতে।
২। বাধ—বাধা।
৩। দাহিন—প্রসন্ন। জওো—যদি। জকে—মত। গোয়ে—গোপন করিয়া।

ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয করি রহ মিলত মুরারি ॥ ৪ ॥

৬৭

দারুণ কান্ত নিঠুর হিয়
সখি রহল বিদেশ।
কেও নহি হিত মঝু সঞ্চরয়ে
যে কহত উপদেশ ॥ ১ ॥
এ সখি হরি পরিহরি গেল
নিজ ন বুঝিয় দোষ।
করম বিগতি গতি মাই হে
কাহি করবো রোষ ॥ ২ ॥
মোহি ছিল দিনে দিনে বাঢ়ত
দেখ হরি সওে নেহ।
আবে নিজ মনে অধারল
পহু কপটক গেহ ॥ ৩ ॥

৬৮

নয়নক ওত হোইতে হোয়ত ভানে।
বিরহ হোয়ত নহি রহত পরাণে ॥ ১ ॥
সে আবে দেশান্তর আতর ভেলা।
মনমথ মদন রসাতল গেলা ॥ ২ ॥
কওোন দেশ বসল রতল কওোন নারী।
স্বপনে ন দেখয়ে নিঠুর মুরারি ॥ ৩ ॥
অমৃত সিচলি সনি বোললহি বাণী।
মন পতিয়ায়ল মথুরাপতি জানি ॥ ৪ ॥
হম ছিল টুটত ন যায়েত নেহা।
দিনে দিনে বুঝলক কপট সিনেহা ॥ ৫ ॥

৬৯

এহন করম মোর ভেল রে।
পহু দূরদেশ গেল রে ॥ ১ ॥
দিয়ে গেল বচনক আশ রে।
হমহু আরব তুয় পাশ রে ॥ ২ ॥

২। বিগতি—মন্দ গতি। মাই হে—মাগো।
৩। মোহি ছিল—আমার ছিল অর্থাৎ আমার মনে ছিল।
১। ওত—অন্তরাল।
২। আতর—অন্তর, তফাৎ।
৩। রতল—অনুরক্ত হইল।

কতেক কয়ল অপরাধ রে।
পহু সঞে ছুটল সমাজ রে॥ ৩॥
কবি বিদ্যাপতি ভাণ রে।
সুপুরুখ ন কর নিদান রে॥ ৪॥

৭০

এত দিন হৃদয়ে হরখ ছিল
আবে সব দূর গেল রে।
রাঁকক রতন হারায়ল
জগতও শূন ভেল রে॥ ১॥
বিহি নিরদয় কোনে দোষে দহ
দেল দুখ মন মধ রে।
মনে করি গরল গরাসিয়
পাপ আতমবধ রে॥ ২॥
জীবন লাগ মরণ সম
মরণ শোহাবন রে।
মোর দুখ কে পতিয়ায়ত
শুনহ বিরহি জন রে॥ ৩॥
বিদ্যাপতি কহ সুন্দরি
মনে ধৈরয ধরু রে।
অচির মিলত তোর প্রিয়তম
মনদুখ পরিহরু রে॥ ৪॥

৭১

কত দিন আশা দিয়া ধরব হিয়া।
যৌবন কাল বিদেশে রহু পিয়া॥ ১॥
সে সব আগে নিয়র মঝু অছলা।
মনে কিছু ভাল মন্দ হাম নহি গণলা॥ ২॥
অব সে সব পরিচয় ভেল।
কানু নিঠুর পরিহরি গেল॥ ৩॥
এক দিশ বিষম কুসুমশর।
অওকাদিশ গুরুয় গরিম ডর॥ ৪॥

রাখব শীল কওন পরি।
ঐসন দোষ ন বুঝল হরি॥ ৫॥

৭২

পূরুব যত অপূরুব ভেলা॥
সময় বশে সেহঞো দূর গেলা॥ ১॥
কাহি নিবেদঞো কুগত পহু।
যে কিছু করিয় ভুজিয় সেহু॥ ২॥
সবহি সজনি ধৈরয সার।
নীরসি কহ কবি কণ্ঠহার॥ ৩॥

৭৩

মঞে ছলি পুরুষ পেম ভরে ভোরী।
ভান অছল পিয়া আইতি মোরি॥ ১॥
এ সখি স্বামী অকামিক গেলা।
জীবহু আরাধন ন আপন ভেলা॥ ২॥
যাইতে পুছলহি ভালও ন মন্দ।
মন বসি মনহি বঢ়াওল দ্বন্দ্ব॥ ৩॥
সুপুরুষ জানি কয়ল হাম মেরি।
পাওল পরাভব অনুভব বেরি॥ ৪॥
তিল এক লাগি রহল অছ জীবে।
বিনু সিনেহে বরই জনি দীবে॥ ৫॥
চাঁদবদনি ধনি ন ঝাঁখহ আনে।
তুয় গুণ সুমরি আওব পুনু কানে॥ ৬॥
ভণই বিদ্যাপতি এহু রস জানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে॥ ৭॥

৭৪

কৌতুক দুহু কুলকমল তিয়াগল
যে পদপঙ্কজ আশ।
পহুক ভিন দিন ন গণল
ন গণল মরণ তরাস॥ ১॥

৩। সমাজ—সঙ্গ, মিলন।
৪। নিদান—শেষ অবধি।
১। রাঁকক—দরিদ্রের।
২। মন মধ—মনের মধ্যে। আতমবধ—আত্মহত্যা।
২। অছলা—ছিল। গণলা—গণনা করিলাম।
৪। অওকাদিশ—অপরদিকে।

২। কাহি—কাহাকে। কুগত—বিরূপ।
১। ছলি—ছিলাম। ভোরী—মুগ্ধা। আইতি—আয়ত্ত। মোরি—আমার। ভান অছল—জ্ঞান ছিল।
২। অকামিক—অকস্মাৎ। জীবহু আরাধল—জীবন দিয়া আরাধনা করিলেও।
৪। মেরি—মিলন।
৫। রহল অছ—রহিয়াছে।
১। দুহু কুলকমল—দুই কুলকমল অর্থাৎ পিতৃকুল ও শ্বশুরকুল।

সজনি নিকরুণ হৃদয় মুরারি।
অব ঘর যাইত ঠাম নহি পাবিয়
পরিজন দেয়ই গারি॥ ২॥
গগন চাঁদ পানিমাহ বারল
সগর নগর বেভার।
অমিয় ঘট বোলি হাথ পসারল
পাওল গরলক ধার॥ ৩॥

৭৫

করও বিনতি যত যত মন লাই।
পিয়া পরিচয় পচতাব কে যাই॥ ১॥
ধন ধৈরয পরিহরি পথ সাচে।
করম দোষে কনকেও ভেল কাচে॥ ২॥
নিঠুর বল্লভ সোঁ লাওল সিনেহে।
ন পূরল মনোরথ ন ছাড়ু সন্দেহে॥ ৩॥
সুপুরুষ ভানে মান ধন গেল।
দিন দিন মলিন মনোরথ ভেল॥ ৪॥
যদি দূষণ গুণ পহু ন বিচার।
বড় ভই পসরও পিশুন পসার॥ ৫॥
পরিজন চিত নহি হিত পরথাব।
ধরষণে জীব কতয়ে নহি ধাব॥ ৬॥
হাম অবধারি হলল পরকার।
বিরহ সিন্ধু জীব দিয়ে বরু পার॥ ৭॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয করি রহ ভেটত মুরারি॥ ৮॥

৭৬

যতনহু ও রে যতেও ন নিরবহ।
এ কানু ততেও অঙ্গিরলহ॥ ১॥
সে সবে বিসরু তোঁহে ও রে বিনু হেতু।
মারয়ে মধথহি মকরকেতু॥ ২॥

কপট কইয়ে কত ও রে কহু হিত।
বড় বোল ছড় বড় অনুচিত॥ ৩॥
মোঞে অবলা বরু ও রে দয় জীব।
তরব দুসহ নদী শিব শিব॥ ৪॥
ভণই বিদ্যাপতি ও রে সহি লেহ।
সুপুরুষ বচন পাষাণ-রেহ॥ ৫॥

৭৭

বারি বয়স তেজি গেহ।
পিয় মন ওহয় সন্দেহ॥ ৯॥
তনি মন আছে ওহ ভান।
এতয় সময় ভেল আন॥ ২॥
তোরিত পাঠাওব সন্দেশ।
আবে নহি উচিত বিদেশ॥ ৩॥
যৌবন রূপ সিনেহ।
সেহে সুমরি খিণ দেহ॥ ৪॥
বিদ্যাপতি কবি ভাণ।
অচির হোয়ত সমাধান॥ ৫॥

৭৮

বড়ি বড়াই সবে নহি পাবই
বিধি নিহারই যাহি।
আপন বচন যে প্রতিপালয়
সে বড় সবহু চাহি॥ ১॥
সজনি সুজন জন সিনেহ।
কি দিয় অজর কনক উপাম
কি দিয় পাষাণ-রেহ॥ ২॥

৩। পানিমাহ—জল মাঝে। সগর—সকল।
১। বিনতি—প্রবোধ। লাই—লাগাইয়া।
২। সাচে—সত্য।
৫। পসার—প্রসারিত।
৬। পরথাব—প্রস্তাব।
৭। হলল—করা।
১। যতেও—যাহাও। নিরবহ—নির্ব্বাহ। ততেও—তাহাও। অঙ্গিরলহ—অঙ্গীকার করিল।
২। বিসরু—ভুলিলে। মারয়ে—মারে, পীড়ন করে। মধথ—মধ্যস্থ।

৩। কহু—কহে। বড়—মহৎ। ছড়—ছাড়া।
১। বারি- বালা। গেহ—গেল। ওহয়—ওই।
২। তনি—তাঁহার। ভান—ভাব। এতয়—এখানে। ভেল আন—অপরূপ হইল।
১। বড়ি—বড়। বড়াই—মহত্ত্ব। নহি পাবই—পায় না। নিহারই—দেখে, কৃপা করে। যাহি—যাহাকে।
২। কি দিয়—কি দিব। অজর—সুন্দর।

ও যদি অনল আনি পজারিয়
তইও ন হোয় বিরাম।
ই যদি অসি কি কসি কই কাটি
তইও ন তেজয় ঠাম ॥ ৩ ॥
গরল আনি সুধারসে সিঞ্চিয়
শীতল হোমায় ন পায়।
যইও সুধানিধি অধিক কুপিত
তইও ন বরিষ থার ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি শুন রমাপতি
সকল গুণ-নিধান।
আপন বেদন তাকো নিবেদিয়
যে পরবেদন জান ॥ ৫ ॥

৭৯

পহিলি নিপরীতি পরাণ আঁতর
তখনে অইসন রীতি।
সে আবে কবহু হেরি ন হেরথি
ভেলি নিম সনি তিতি ॥ ১ ॥
সজনি জীবথু শত পচাশ।
সহসে রমণী রয়নী খেপথু
হামার তাহার আশ ॥ ২ ॥
কতনে যতনে গৌরী আরাধিয়
মাগিয় স্বামি-সোহাগ।
তথুহু আপন করম ভুঞ্জিয়
যইসন যাকর ভাগ ॥ ৩ ॥
সময় গেলে মেঘ বরিষব
কি দহ তেঁ জলধার।
শীত সমাপলে বসন পাইয়
তেঁ দহু কি উপকার ॥ ৪ ॥
রয়নী গেলে দীপে নিবোধিয়
ভোজন দিবস অন্ত।
যৌবন গেলে যুবতী পিরীতি
কি ফল পাওত কন্ত ॥ ৫ ॥
ধন অছইতে যে নহি ভোগয়ে
তা মনে হো পচতাব।
যৌবন জীবন বড় নিরাপন
গেলে পলটি ন আব ॥ ৬ ॥
ভণ বিদ্যাপতি শুনহ যুবতি
সময় বুঝ সয়ান।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণ ॥ ৭ ॥

৮০

লোচন ধায়ে ফেধায়ল
হরি নহি আয়ল রে।
শিব শিব জীবও ন যায়ে
আশে অরুঝায়ল রে ॥ ১ ॥
মন করি তঁহা উড়ি যাইয়
যাঁহা হরি পাইয় রে।
পেম পরশমণি জানি
আনি উর লাইয় রে ॥ ২ ॥

৩। ও—সে। পজারিয়—জ্বালাই। ই—ইহা। কসি কই—কসিয়া, বলপূর্ব্বক। কাটি—কাটা যায়।

৪। সিঞ্চিয়—সিঞ্চন করে। হোমায়—হয়।

১। পহিলি—প্রথম। নিপরীতি—প্রীতি। আঁতর—অন্তর। কবহু—কখনও। হেরথি—দেখে। সনি—তুল্য। তিতি—তিক্ত।

২। জীবথু—জীবিত থাকুক। সহসে—সহস্র। খেপথু—ক্ষেপণ করুক।

৩। তথুহু—তথাপি। ভুঞ্জিয়—ভোগ করে। ভাগ—ভাগ্য।

৪। কি দহু—কিই বা। তেঁ দহু—তাহাতে কি। অসময়ে যদি বৃষ্টি হয়, তাহাতে কিই বা ফল। শীতান্তে যদি বস্ত্র পাওয়া যায়, তাহাতেই বা কি উপকার?

৫। নিবোধিয়—নিবদ্ধ করে, রচনা করে অর্থাৎ জ্বালে। রজনী গত হইলে দীপ জ্বালিয়া ফল কি? দিবাবসানে ভোজনেই বা উপকার কি! যুবতীর যৌবন যদি যায়, তাহাতে কান্তের প্রীতিরই বা কি ফল?

৬। অছইতে—থাকিতে। ভোগয়ে—ভোগ করে। তা—তাহার। নিরাপন—আপন নহে। ধন থাকিতেও যে ব্যক্তি সেই ধন উপভোগ করে না, তাহার মনে শেষে পশ্চাত্তাপ হয়। যৌবন ও জীবন নিতান্তই আপনার নহে; চলিয়া গেলে আর কখনও ফিরিয়া আসে না।

১। ধায়ে—ধাবিত হয়ে ফেধায়ল—ধাবমান হইল। জীবও—জীবনও। অরুঝায়ল—জড়াইল

২। লাইয়—রাখি।

স্বপনহু সঙ্গম পাওল
রঙ্গ বড়াওল রে।
সে মোর বিহি বিঘটাওল
নিন্দও হরায়ল রে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি গাওল
ধনি ধৈরয্ কর রে।
অচিরে মিলত তোহি বল্লভ
পূরত মনোরথ রে ॥ ৪ ॥

৮১

অবিরল পড়য়ে মদন-শরধারা।
একল দেহ কত সহত হমারা। ১ ॥
স্বপনেহু তিল এক তহি সঞো রঙ্গে।
নিন্দ বিদেশল তহি পিয়া সঙ্গে ॥ ২ ॥
কানু কান লাগি কহিহি ভমরা।
তোঁএ জানসি দুখ অহর্নিশি হমরা ॥ ৩ ॥
অথবা বোলি কহব মোরি সেবা।
তীরথ জানি জল অঞ্জলি দেবা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি এহু রস জানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৮২

নবমী দশা দেখি গেলাহে নড়ায়ে।
দশমী দশা উপগতি ভেলি আয়ে ॥ ১ ॥
সেহ অরজল অপযশ অপকার।
হমে জীবে অঙ্গিরল যম বণিজার ॥ ২ ॥

আবে সুখে কানাই করথু বিদেশ।
সুমরি জলাঞ্জলি দিহথি সন্দেশ ॥ ৩ ॥
বহ মলয়ানিল ঝর মকরন্দ।
উগও সহস দশ দারুণ চন্দ ॥ ৪ ॥
করও কমল বন কেলি ভমরা।
আবে কি ভাল মন্দ হোয়ত হমরা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নিরদয় কন্ত।
এহি সোঁ ভল বরু জীবক অন্ত ॥ ৬ ॥

৮৩

কমল শুখায়ল ভমর নই আব।
পথিক পিয়াসল পানি ন পাব ॥ ১ ॥
দিন দিন সরোবর হোই অগারি।
অবহু নই বরিষই মহী ভর বারি ॥ ২ ॥
যদি তোঁহে বরিষব সময় উপেখি।
কি ফল পাওব দিবস দীপ লেখি ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি অসময় বাণী।
মূরুছল জীবয় চুরু এক পানি ॥ ৪ ॥

৮৪

কুসুমে রচল শেয মলয়জ পঙ্কজ।
পেয়সী সুমুখী সমাজে।
কত মধু মাস বিলাসে গমাওল
অব পর কহইতে লাজে ॥ ১ ॥
সখি হে দিন জন্থু কাহু অবগাহে।
সুরতরু তর সুখে জনম গমাওল
ধুতুরা তর নিরবাহে ॥ ২ ॥

৩। সঙ্গম—মিলন, সাক্ষাৎ। বিঘটাওল—মন্দ ঘটাইল। নিন্দও—নিদ্রাও।

১। পড়য়ে—পড়িতেছে। একল—একেলা। সহত—সহিবে।

২। বিদেশল—বিদেশে যাইলাম। তহি—তিনি, সে।

৩। কান লাগি—কানের কাছে লাগিয়া অর্থাৎ কানে কানে। কহিহি—কহিবি।

৪। সেবা—নিবেদন। তীরথ—তীর্থ। দেবা—দিবে।

১। নবমী দশা—বিরহের নবমী দশা অর্থাৎ মূর্চ্ছা। নড়ায়ে—ফেলিয়া। উপগতি—উপগত, আগত। দশমী দশা—মৃত্যু।

২। বণিজার—বণিক, সদাগর।

৩। করথু বিদেশ—বিদেশে বাস করুক। সুমরি—স্মরণ হইলে অর্থাৎ মনে পড়িলে। দিহথি—দিবে।

২। অগারি—অগভীর। বরিষই—বর্ষণ করে। মহী ভর—পৃথিবী ভরিয়া।

৩। বরিষব—বর্ষণ করিবে। উপেখি—উপেক্ষা করিয়া। লেখি—লেশি অর্থাৎ জালিয়া।

৪। মুরুছল—মূর্চ্ছিত। চুরু—অঞ্জলি।

১। অব পর—এখন পরকে।

২। কাহু—কাহাকেও। অবগাহে—জানে।

দখিণ পবন সৌরভ উপভোগল
পিউল অমিয় রস সারে।
কোকিল কলরব উপবন পূরল
তঁহি কত কয়ল বিকারে ॥ ৩ ॥
পাতহি সঞো ফুল ভমরে অগোরল
তরুতর লেলহি বাসে।
সে ফল কাটি কীটে উপভোগল
ভমরা ভেল উদাসে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি কলিযুগ পরিণতি
চিন্তা জনু কর কোই।
আপন করম আপনে পএ ভুঞ্জিয়
জঞো জনমান্তর হোই ॥ ৫ ॥

৮৫

সরসিজ বিনু সর   সর বিনু সরসিজ
কি সরসিজ বিনু সূরে।
যৌবন বিনু তনু   তনু বিনু যৌবন
কি যৌবন পিয় দূরে ॥ ১ ॥
সখি হে মোর বড় দৈব বিরোধী।
মদন-বেদন বড়   পিয়া মোর বোল ছড়
অবহুঁ দেহ পরবোধি ॥ ২ ॥
চৌদিশ ভমর ভম   কুসুমে কুসুমে রম
নীরসি মাজরি পিবই।
মন্দ পবন বহ   পিক কুহু কুহু কহ
শুনি বিরহিণী কইসে জীব ॥ ৩ ॥
সিনেহ অছল যত   হম ভেল ন টুটত
বড় বোল যত সবেই থিরে।
অইসন করি বোল দহু   নিজ সীম তেজি কহু
উছলু পয়োনিধি নীরে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি   অরে রে কমলমুখি
গুণগাহক পিয় তোরা।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
সহজে একো নহি ভোরা ॥ ৫ ॥

৮৬

কুন্দ কুসুম ভরি শেয শোহাওন
চান্দ উজোরিয়ে রাতি।
তিল এক সুপহু সমাগম পাওল
মাস বরথ ভেল শাতি ॥ ১ ॥
হরি হরি পুনু কইসে পলটি মধুরপুর যায়ব
পুনু কইসে ভেটত মুরারি।
চিন্তা জাল পড়লি হরিণী সনি
কি করব বিরহিণী নারী ॥ ২ ॥
এক ভমর ভমি বহুল কুসুম রমি
কতহু ন কেও কর বাধ।
বহুবল্লভ সঞো সিনেহ বড়াওল
পড়ল হমর অপরাধ ॥ ৩ ॥
দিবসে দিবসে বেয়াধক অধিকায়ল
দারুণ ভেল পচবাণ।
আওর বরথ কত আশে গমাওব
সংশয় পড়ল পরাণ ॥ ৪ ॥

৩। উপভোগল—উপভোগ করিল। পিউল—পান করিল। তহি—তিনি, সে।

৪। পাতহি—পড়িতেই, আরম্ভ হইতেই। লেলহি—লইলেন।

১। বিনু—বিনা। সর—সরোবর। সূরে—সূর্য্য। যাহার প্রিয়তম দূরে, তাহার যৌবনেই বা প্রয়োজন কি?

২। দৈব—বিধাতা। বোল—কথা। ছড়—ছাড়িল। দেহ—দিতেছ। পরবোধি—প্রবোধ।

৩। মাজরি—মঞ্জরী। ভ্রমর সকল চারিদিকে প্রতি কুসুমের সহিত বিহার করিয়া মঞ্জরী নীরস করতঃ মধুপান করিতেছে। পবন মন্দ মন্দ বহিতেছে, কোকিল কুহু কুহু শব্দ করিতেছে, ঐ সমস্ত দেখিয়া শুনিয়া বিরহিণী কেমন করিয়া প্রাণ ধরিবে!

৪। অছল—আছিল। হম ভেল—আমার ধারণা ছিল। থিরে—স্থির। বোল দহু—বলে। কহু—কভু। উথলু—উদ্বেলিত।

১। উজোরিয়ে—উজ্জ্বল। শাতি—শাস্তি।

২। হরি হরি—আক্ষেপে।

৩। বাধ—বাধা।

একই ভ্রমর ঘুরিয়া ঘুরিয়া অনেক কুসুমে বিহার করে, তাহাতে কেহ কোথাও বাধা দেয় না; বহুবল্লভের সহিত প্রেম করিয়া আমিই মাত্র অপরাধী হইলাম!

৪। বেয়াধক—ব্যাধের। অধিকায়ল—অধিক হইল।

ভণই বিদ্যাপতি শুনু বর যৌবতি
মন চিন্তা কর ত্যাগ।
অচির মিলত হরি রহু ধৈরয ধরি
সুদিনে পলটত ভাগ ॥ ৫ ॥

৮৭

সখি হে কতহু ন দেখিয় মধাই
কাঁপ শরীর থির নহি মানস
অবধি নিয়র ভেল আই ॥ ১ ॥
মাধব মাস তিথি ভই মাধব
অবধি কইএ পিয়া গেল।
কুচযুগ শম্ভু পরশি করে বোললহি
তেঁ পরতীতি মোহি ভেল ॥ ২ ॥
মৃগমদ চন্দন পরিমল কুঙ্কুম
কে বোল শীতল চন্দা।
পিয়া বিশলেথে অনল জঞো বরিষয়ে
বিপতি চিহ্নিয় ভাল মন্দা ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বর যৌবতি
চিতে জনু ঝাঁখহ আজে।
পিয় বিশলেষ কলেশ মেটায়ত
বালস বিলসি সমাজে ॥ ৪ ॥

৮৮

সাহর মুঞ্জর ভমর গুঞ্জর
কোকিল পঞ্চম গাব।
দখিণ পবন বিরহ-বেদন
নিঠুর কান্ত ন আব ॥ ১ ॥
সজনি বলহ সেহে উপায়ে।
মধু মাস জঞো মাধব আবয়ে
বিরহ-বেদন যায়ে ॥ ২ ॥
আছিল অঙ্গজ ভেল অনঙ্গজ
ধনু ধাবল হাথ।
নাহ নিরদয় তেজি পলায়ল
ওড়ল হমর মাথ ॥ ৩ ॥
এক বেরি হর ভসম কএলাহে
দুসহ লোচন আগি।
পুনু আহির কুল জনম লেলহ
বিরহী বধয়ে লাগি ॥ ৪ ॥
জঞো তোহি পাবও অরে বিধাতা
বাঁধি ফেলও অন্ধ কূপ।
যাহেরি নাহ বিচখণ নহি
তাকে কাঁ দিয় রূপ ॥ ৫ ॥
আনকই রূপ হিত পএ করয়ে
হমর ই ভেল কাল।
দিনে দিনে দুখ সহয়ে না পারিয়ে
পড়য়ে অধিক ভার ॥ ৬ ॥

৫। পলটত—ফিরিয়া আসিবে। ভাগ—ভাগ্য।

১। নিয়র—নিকট। আই—আজি। অবধি—ফিরিবার শেষ দিন।

২। ভই—হইল। বোললহি—বলিলেন। পরতীতি—প্রতীতি।

৩। বিশলেথ—বিশ্লেষ, বিচ্ছেদ। চিহ্নিয়—চিনি।

৪। ঝাঁখহ—শোক কর। কলেশ—ক্লেশ।

১। সাহর—সহকার। মুঞ্জর—মুঞ্জরিত। গুঞ্জর—গুঞ্জন করে। গাব—গায়।

২। জঞো—যেন।

৩। ধাবল—তাড়া করিল।

৩। ওড়ল—ধরাইয়া দিল।

৪। হর—মহাদেব। আহির—আভীর, গোপ।

৫। ফেলও—ফেলিয়া দিই। যাহেরি—যাহার। কাঁ—কেন।

৬। আনকই—অন্যের।

সহকার মুঞ্জরিত হইয়াছে, ভ্রমর গুঞ্জন করিতেছে, কোকিল পঞ্চমে গান গাহিতেছে, দক্ষিণ পবনে বিরহ দুঃসহ হইয়া উঠিয়াছে কিন্তু নিষ্ঠুর কান্ত আসিতেছে না। সখি, সে উপায় আমাকে বল, যাহাতে মধু মাসে মাধব আসিয়া আমার বিরহ-বেদনা দূর করে। আগে মদন দেহী ছিল, এখন কিন্তু দেহহীন (অনঙ্গ) হইয়াও ধনু হাতে করিয়া তাড়া করিয়াছে, নির্দ্দয় নাথ মদনের ভয়ে নিজে পলায়ন করিল কিন্তু আমাকে ধরাইয়া দিল। একবার মহাদেব দুঃসহ লোচনাগ্নিতে মদনকে বধ করিয়াছিলেন; এখন পুনরায় বিরহিণীকে বধ করিবার জন্য সে গোপগৃহে জন্মগ্রহণ করিয়াছে। ওরে বিধাতা, যদি একবার তোকে পাই, তাহা হইলে বাঁধিয়া অন্ধকূপে নিক্ষেপ করি; যাহার স্বামী বিচক্ষণ নয়, তাহাকে কেন রূপ দিয়াছ! অপরের রূপ হিতের জন্য, কিন্তু আমার রূপ কাল হইল। আর দুঃখ সহ্য করিতে পারিতেছি না, দিন দিন অধিক ভার হইয়া পড়িতেছে।

৮৯

প্রথমহি উপজল নব অনুরাগে।
মনে করি প্রাণ ধরিয় তনু আগে ॥ ১ ॥
আব দিনে দিনে ভেল পেম পুরানে।
ভুকুতল কুসুম সুরভি কর আনে ॥ ২ ॥
হরিকে কহব সখি হমরি বিনতি।
বিসরি ন যাইয় পুরুব পিরীতি ॥ ৩ ॥
রভস সময় পিয়া যত কহি গেলা।
অধরাহু আধ সেহও দূর ভেলা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি এহো রস ভানে।
রাজা শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৫ ॥

৯০

কি পুছসি মোহে নিদান।
কহইতে দহই পরাণ ॥ ১ ॥
তেজলু গুরুকুল সঙ্গ।
পূরল দুকুল কলঙ্ক ॥ ২ ॥
বিহি মোরে দারুণ ভেল।
কানু নিঠুর ভই গেল ॥ ৩ ॥
হাম অবলা মতিবামা।
ন গণলু ইহ পরিণামা ॥ ৪ ॥
কি করব ইহ অনুযোগ।
আপন করমক দোখ ॥ ৫ ॥
কবি বিদ্যাপতি ভাণ।
ত্বরিতে মিলায়ব কান ॥ ৬ ॥

৯১

সুরতরুতল বব ছায়া ছোড়ল
হিমকর বরিখয় আগি।
দিনকর দিন কলে শীত ন বারল
হম জীয়ব কথি লাগি ॥ ১ ॥
সজনি অব নহি বুঝিয়ে বিচার।
ধনকা আরতি ধনপতি ন পূরল
রহল জনম দুখভার ॥ ২ ॥
জনমে জনমে হরগৌরী আরাধল
শিব ভেল শকতি বিভোর।
কাম ধেনু কত কৌতুকে পূজলো
ন পূরল মনোরথ মোর ॥ ৩ ॥
অমিয়া সরোবরে সাধে সিনায়লো
সংশয় পড়ল পরাণ।
বিহি বিপরীত কিয়ে ভেল
ঐসন বিদ্যাপতি পরমাণ ॥ ৪ ॥

৯২

মধুপুর মোহন গেল রে
মোরা বাহিরত ছাতি।
গোপী সকল বিসরলনি রে
যত ছিল অহিবাতী ॥ ১ ॥
শুতলি ছিলহুঁ আপন গৃহে রে
নিন্দই গেলউ স্বপনাই।
করসে ছুটল পরশমণি রে
কোন গেল আপনাই ॥ ২ ॥
কত কহবো কত সুমরব রে
হম ভরিয় গরাণী।
আনক ধন সো ধনবতী রে
কুবজা ভেলি রাণী ॥ ৩ ॥

১। মনে করি—মনে করিতে।
২। আব—এখন। ভুকুতল—ভুক্ত।
৪। রভস—আনন্দ। অধরাহু আধ—অর্দ্ধেকের অর্দ্ধেক।
১। নিদান—শেষ, চরম অবস্থা। দহই—দগ্ধ হয়।
৪। বামা—বাম। মতিবামা—হীনবুদ্ধি।
৬। ত্বরিতে—সত্বর।
১। বরিখয়ে—বর্ষণ করে। দিন কলে—কিরণের জন্য।
২। ধনকা আরতি—ধনের প্রার্থনা।
৩। আরাধলো—আরাধনা করিলাম। শিব ভেল শকতি বিভোর—শিব শক্তিতে বিভোর হইয়াছিলেন, অতএব আমার আরাধনায় নিশ্চয় তাঁহার চিত্ত আকৃষ্ট হয় নাই, নহিলে আমার এত দুঃখ কেন?
৩। পূজলো—পূজা করিলাম। থোর—অল্প।
৪। সিনায়লো—স্নান করিলাম।
১। বাহিরত—বাহির হইতেছে। ছাতি—বক্ষ, হৃদয়। বিসরলনি—বিস্মৃত হইলেন। অহিবাতী—প্রিয়, আদরিণী।
২। ছিলহুঁ—ছিলাম। নিন্দই—নিদ্রিত হইয়া। গেলউ—গেলাম। করসে ছুটল—হাত হইতে চলিয়া গেল।
৩। গরাণী—গ্লানি, ঘৃণা, লজ্জা।

গোকুলচাঁদ চকোরল রে
চোরী গেল চন্দা।
বিছুড়ি চললি দুহু জোড়ি রে
জীব দই গেল ধন্ধা ॥ ৪ ॥
কাক ভাষ নিজ ভাষহ রে
পহু আওত মোরা।
ক্ষীরি খাড় ভোজন দেব রে
ভরি কনক কটোরা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি গাওল রে
ধৈরয ধর নারি।
গোকুল হোয়ত শোহাওন রে
ফেরি মিলত মুরারি ॥ ৬ ॥

৯৩

প্রথম সমাগম ভেল রে।
হঠন রয়নী বিতী গেল রে ॥ ১ ॥
নব তনু নব অনুরাগ রে।
বিনু পরিচয় রস মাগ রে ॥ ২ ॥
শৈশবে পহু তেজি গেল রে।
যৌবন উপগত ভেল রে ॥ ৩ ॥
অব ন জীয়ব বিনু কান্ত রে।
বিরহে জীব ভেল অন্ত রে ॥ ৪ ॥
ভণহি বিদ্যাপতি ভান রে।
সুপুরুষ গুণক নিধান রে ॥ ৫ ॥

৯৪

সখি মোর পিয়া।
অবহুঁ ন আওল কুলিশ হিয়া ॥ ১ ॥
নখর খোয়ায়নু দিবস লিখি লিখি।
নয়ন অন্ধায়নু পিয়া পথ পেখি ॥ ২ ॥
যব হম বালা পরিহরি গেলা।
কিয়ে দোষ কিয়ে গুণ বুঝই ন ভেলা ॥ ৩ ॥
অব হম তরুণী বুঝল রস ভাষ।
হেন জন নহি মোর কহে পিয়া পাশ ॥ ৪ ॥
আয়ব হেন কহি মোর পিয়া গেলা।
পূরবক যত গুণ বিসরিত ভেলা ॥ ৫ ॥
ভণহি বিদ্যাপতি শুন অব রাই।
কানু সমুঝাইতে অব চলি যাই ॥ ৬ ॥

৯৫

যৌবন রূপ আছিল দিন চারি।
সে দেখি আদর কয়ল মুরারি ॥ ১ ॥
আব ভেল ঝাল কুসুম সবে ছুছ।
বারি বিহুন সর কেও নহি পুছ ॥ ২ ॥
হমরি এ বিনতি কহব সখি রোয়।
সুপুরুষ বচন অফল নহি হোয় ॥ ৩ ॥
যাবে রহই ধন আপন হাথ।
তাবে সে আদর কর সঙ্গ সাথ ॥ ৪ ॥
ধনীকহি আদর সব তঁহ হোয়।
নিরধন বাপুর পুছয় ন কোয় ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি রাখব শীল।
যো জগ জীবিয় নব নিধি মিল ॥ ৬ ॥

৯৬

প্রেমক অঙ্কুর জাত আত ভেল
ন ভেল যুগল পলাশা।
প্রতিপদ চাঁদ উদয় যৈসে যামিনী
সুখ লব ভৈ গেল নিরাশা ॥ ১ ॥
সখি হে অব মোহে নিঠুর মাধাই
অবধি রহল বিসরাই ॥ ২ ॥

৪। চকোরল—চকোরত্ব প্রাপ্ত হইল। বিছুড়ি—পৃথক্ করিয়া। জীব—জীবন।
৫। ভাষ—কথা। ভাষহ—কহিতেছে। ক্ষীরি—ক্ষীর। খাড়—খাঁড়, পিণ্ডাকৃত গুড়।
১। হঠন—হঠতায়। বিতী—অতীত হইয়া, কাটিয়া।
৩। উপগত—উপনীত।
১। খোয়ায়নু—ক্ষয় করিলাম।
২। অন্ধায়নু—অন্ধ করিলাম।
৩। বুঝই ন ভেলা—বুঝিতেই পারিলাম না।
২। ঝাল—কটু। ছুছ—অস্পৃশ্য। বিহুন—বিহনে।
৩। অফল—নিষ্ফল।
৪। যাবে—যত দিন। তাবে—তত দিন।
৫। বাপুর—বেচারা।
১। জাত—জন্মিবামাত্রই। আত—আতপ-দগ্ধ, রৌদ্রদগ্ধ। যুগল পলাশা—নবোদ্গত পত্রদ্বয়। লব—কণামাত্র।

কে জানে চাঁদ চকোরিণী বঞ্চব
মাধব মধুপ সুজান।
অনুভবি কানু পিরীতি অনুমানিয়ে
বিঘটিত বিহি নিরমাণ ॥ ৩ ॥
পাপ পরাণ আন নহি জানত
কানু কানু করি ঝুর।
বিদ্যাপতি কহ নিকরুণ মাধব
গোবিন্দদাস রস পূর ॥ ৪ ॥

৯৭

মোহি তেজি পিয়া মোর গেলহ বিদেশ।
কোন পরি খেপব বারি বয়েস ॥ ১ ॥
শেষ ভেল পরিমল ফুল ভেল বাস।
কতয় ভমর মোর পরল উপাস ॥ ২ ॥
সুমরি সুমরি চিত নহি রহ থির।
মদন দহন তনু দগধ শরীর ॥ ৩ ॥
ভণহি বিদ্যাপতি কবি জয় রাম।
কি করত নাহ দৈব ভেল বাম ॥ ৪ ॥

৯৮

সাঁঝহি নিজমুখপ্রেম পিয়াই।
কমলিনী ভমরী রাখল ছিপাই ॥ ১ ॥
শেষ ভেল পরিমল ফুল ভেল বাসে।
কতয় ভমরা মোর পরল উপাসে ॥ ২ ॥
ভমি ভমি ভমরী বল্লভ নিজ খোঁজে।
মধু পিবি মধুকর শুতল সরোজে ॥ ৩ ॥

নই ফুল কহে নই উগই ন সুরে।
সিনেহো নহি যায় জীব সো মোরে ॥ ৪ ॥
কেও নহি কহে সখি নাহক বাতে।
রজনী সমাগম ভই পেল প্রাতে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শুনিয়ে ভমরী।
বল্লভ আছে তোর আপনহি নগরী ॥ ৬ ॥

৯৯

বিনু দোষে পিয় পরিহরি গেল।
যৌবন জনম বিফল ভেল ॥ ১ ॥
জগতে জনমি সখি হম সনি।
নহি ধনী দোসরী করমহীনি ॥ ২ ॥
হরি সঙ্গ কয়ল রভস যত।
বিশলেখে বিষ সন ভেল তত ॥ ৩ ॥
নিরবধি বিরহ-পয়োনিধি।
কতহু মরণ নহি দেল বিধি ॥ ৪ ॥
বিরহ দহন হে তনু অতি।
মনোরথ মনহি রহল কতি ॥ ৫ ॥
বিদ্যাপতি কহ গুণবতি।
অচিরহি মিলত মথুরাপতি ॥ ৬ ॥

১০০

পহিল বয়স মোর ন পূরল সাধে।
পরিহরি গেল পিয়া কওন অপরাধে ॥ ১ ॥
হাম অবলা দুখ সহয় ন যায়।
বিরহ দারুণ তাহে মদন সহায় ॥ ২ ॥

৩। বঞ্চব—বঞ্চনা করিবে।
৪। ঝুর—ঝরে, শোকাশ্রু ঝরে।
১। কোন পরি—কেমন করিয়া। খেপব—ক্ষেপণ করিব, কাটাইব। বারি—বালা, কিশোরী। বয়েস—বয়স।
২। কতয়—কোথায়। উপাস—উপবাসী।
৩। সুমরি—স্মরণ করিয়া। দহন—দগ্ধ করে।
১। সাঁঝহি—সন্ধ্যাকালেই। নিজমুখপ্রেম—নিজের মুখের মধু। পিয়াই—পান করাইয়া। রাখল—রাখিল। ছিপাই—লুকাইয়া।
২। বাসে—বাসগৃহ।
৩। পিবি—পান করিয়া। সরোজে—সরোজের মধ্যে।

৪। উগই—উদিত হয়। সুরে—সূর্য্য। সিনেহো—স্নেহেও। জীব—জীবন। সো—সে।
৫। বাতে—কথা, সম্বাদ।
২। সনি—মত। ২। দোসরী—দ্বিতীয়া। করমহীনি—অভাগিনী।
৩। বিশলেখে—বিচ্ছেদে, বিরহে। সন—তুল্য। তত—যে সকল।
৪। কতহু—কেন।
৫। হো—হইতেছে। কতি—কত।
৬। অচিরহি—অচিরেই, শীঘ্রই।
১। পহিল বয়স—প্রথম বয়স অর্থাৎ নবীন যৌবন।

কোকিল কলরবে মতি ভেল ভোরা।
কহ জানি সজনি কওন গতি মোরা ॥ ৩ ॥
ঐসন সখি রে করম কিয়ে ভেল।
বিদ্যাপতি কহ হোয়ব পুন মেল ॥ ৪ ॥

১০১

উরে হার ন চীর চন্দন দেলা ॥
সে অব নদী গিরি আঁতর ভেলা ॥ ১ ॥
পিয়াক গরবে হাম কাহু ন গণলা।
সে পিয়া বিনা মোহে কে কি ন কহলা ॥ ২ ॥
বড় দুখ রহল মরমে।
পিয়া বিসরল জঞো কি অরু জীবনে ॥ ৩ ॥
পূরব জনমে বিহি লিখিল ভরমে।
পিয়াক দোখ নহি যে ছিল করমে ॥ ৪ ॥
আন অনুরাগে পিয়া আন সে গেলা।
পিয়া বিনা পাঁজর ঝাঝর ভেলা ॥ ৫ ॥
ভনয় বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয ধর চিতে মিলব মুরারি ॥ ৬ ॥

১০২

জলউ জলধি জল মন্দা।
যাঁহা বসে দারুণ চন্দা ॥ ১ ॥
বচন নহি কে পরমাণে।
সময় ন সহ পচবাণে ॥ ২ ॥
কামিনী পিয়া বিরহিণী।
কেবল রহলি কাহিনী ॥ ৩ ॥

অবধি সমাপিত ভেলা।
কইসে হরি বচন চুকলা ॥ ৪ ॥
নিঠুর পুরুষ পিরীতি।
জীব দিয়া সন্তব যুবতী ॥ ৫ ॥
নিচল নয়ন চকোরা।
ঢলিয়ে ঢলিয়ে পল লোরা ॥ ৬ ॥
পথয়ে রহঞো হেরি হেরি।
পিয়া গেল অবধি বিসরি ॥ ৭ ॥
বিদ্যাপতি কবি গাবে।
পুণ্যফলে সুপুরুষ কি নহি পাবে ॥ ৮ ॥

১০৩

কেও সুখে শুতয়ে কেও দুখে জাগ।
আপন আপন থিক ভিন ভিন ভাগ ॥ ১ ॥
কি করতি অবলা ন চেতয়ে হার।
একহি নগর রে বহুত বেবহার ॥ ২ ॥
মাজরী তোড়ি ভমর মধু পিব।
সে দেখি পথিক কণ্ঠাগত জীব ॥ ৩ ॥
কান্তা কান্ত মনোরথ পূর।
বিরহিণী বিরহে বেয়াকুলি ঝুর ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ এহ রস জান।
রাজা শিবসিংহ রূপিণী দেবী রমাণ ॥ ৫ ॥

১০৪

চাঁদ উগল হাম দেখল সজনী লো
দেখি বিকল মন হোয়।
এহন বিধাতা নিরদয় সজনী লো
পরদেশ পহু রহু সোয় ॥ ১ ॥

৩। ভোরা—বিহ্বল।
১। উরে—বক্ষে। পাছে মিলনে ব্যবধান হয়, এইজন্য যে বক্ষে হার, বস্ত্র বা চন্দন দিত না, সে এখন পর্ব্বত ও নদীর মত দূরে গিয়াছে।
২। কাহু ন গণলা—কাহাকেও গণনা করিলাম না। কে কি ন কহলা—কে কি না বলিতেছে।
৩। অরু—আর।
৪। লিখিল ভরমে—ভ্রমবশতঃ সুখ লিখিয়াছিল।
৫। আন—অন্য রমণীর। আন—অন্য দেশে।
১। জলউ—জলিয়া যাক, পুড়িয়া যাক। যাঁহা—যেখানে। বসে—বাস করে।
২। কে—কোন। পরমাণে—প্রমাণ।
৩। কাহিনী—কথা।

৪। অবধি সমাপিত ভেলা—আসিবার সীমা অতীত হইয়া গেল। চুকলা—চুক, ভুল করিল।
৫। জীব দিয়া—জীবন দিয়া। সন্তব—সন্তাপিত করে।
৬। নিচল—নিশ্চল। পল—পড়িতেছে। লোরা—অশ্রু।
১। কেও—কেহ। শুতয়ে—নিদ্রা যায়। ভিন ভিন ভাগ—ভিন্ন ভিন্ন ভাগ্য। থিক——হয়।
২। করতি—করিবে। ন চেতয়ে হার—হার পর্য্যন্ত সামলায় না।
৩। মাজরী—মঞ্জরী। তোড়ি—ভাঙ্গিয়া।
৪। ঝুর—ঝুরিতেছে, কাঁদিতেছে।
১। উগল—উদিত হইল। সোয়—সেই।

চীর চিকুর সাজি রাখল সজনী লো
যূথী জোগাওল আজ।
বালভু বিনু কইসে জীয়ব সজনী লো
আব জীবন কোন কাজ ॥ ২ ॥
অঙ্গহি উপজ অধর রস সজনী লো
ইহো থিক বিরহক আধি।
ভণই বিদ্যাপতি গাওল সজনী লো
ঔখধে নই ছুট বেয়াধি ॥ ৩ ॥

১০৫

যেহে লতা লঘু লায়ে কানাই।
জল দিয়ে দিয়ে কিছু গেলা হে বাড়াই ॥ ১ ॥
সে আবে ভরে কুসুমিত ভেল আই।
পরিমল পসরল দশ দিশ যাই ॥ ২ ॥
পিয়াকে কহব পিক সুললিত বাণী।
রভসক অবসর দুরজন জানি ॥ ৩ ॥
হঠে অবধারি বিলম্ব নহি সহই।
ফুলনা ফুলে মধু বসি নহিঁ রহই ॥ ৪ ॥

১০৬

কত কত সখি মোহে বিরহে
ভৈ গেল তিতা।
গরল ভখি মোঞে মরব
রচি দেহ মোর চিতা ॥ ১ ॥
সুরসরি তীরে শরীর তেজব
সাধব মনক সিধিঁ।
দুলহ পহু মোর সুলহ হোয়ব
অনুকূল হোয়ব বিধি ॥ ২ ॥
কি মোঞে পাঁতি লিখি পাঠাওব
তোহে কি কহব সম্বাদে।
দশমী দশা পর যব হম হোয়ব
টুটব সবহু বিবাদে ॥ ৩ ॥
অরু বচন কহিয় সুন্দরি
সহজে পুরুখ ভোরা।
নারী পরখি নেহ বড়াবয়
শুনিয় পুরুখ থোরা ॥ ৪ ॥
যৌ পাঁচশরে মরমে হানয়
থির ন রহব গেয়ানে।
সুতীরথে মজি মোহে অনুসরি
করব জলদানে ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি কহই সুন্দরি
বিরহ হোয়ব সমধানে।
জলনিধিময় কানু কামতীরথে
করব জলদানে ॥ ৬ ॥

২। সাজি—সাজাইয়া, বিন্যাস করিয়া। বালভু—বল্লভ।

৩। উপজ—উথলিত। থিক—হয়। নই—না। ছুট—যাইবে।

সজনি, চাঁদ উঠিতে দেখিয়া আমার মন বিকল হইয়া গিয়াছে। সজনি, বিধাতা এমন নির্দ্দয় যে, এ সময় প্রভু বিদেশে রহিয়াছেন, বস্ত্র ও কেশ সাজাইয়া রাখিয়াছি, আজ যূথী পুষ্পও আহরণ করিয়া রাখিয়াছি; সজনি, বল্লভ বিহনে কেমন করিয়া জীবন ধারণ করিব, এখন আর জীবনে প্রয়োজন কি? দেহে ও অধরে রস উথলিত হইতেছে; ইহাই বোধ হয় বিরহজনিত মনোবেদনা। বিদ্যাপতি বলিতেছেন, ওলো সজনি, ঔষধে এ ব্যাধি যাইবে না।

১। লঘু—ক্ষুদ্র। লায়ে—লাগাইয়া।

৪। ফুলনা ফুলে—প্রস্ফুটিত পুষ্পে। বসি—বসিয়া থাকা। ফোটা ফুলে অধিকক্ষণ মধু বসিয়া থাকে না।

২। সুরসরি—সুরসরিৎ, গঙ্গা। সিধি—সিদ্ধি। দুলহ—দুর্ল্লভ। সুলহ—সুলভ।

৩। পাঁতি—পত্র। দশমী দশা পর—যখন আমার শেষ অবস্থা হইবে।

৪। ভোরা—ভোলা। পরখি—পরোক্ষে, অনুপস্থিতিতে। শুনিয়—শুনা যায়।

৫। যৌ—যখন। অনুসরি—উদ্দেশে। সুতীরথে—সুতীর্থে। মজি—মগ্ন হইয়া।

৬। কামতীরথে—কামতীর্থে।

সখি, কত দীর্ঘবিরহে আমার মন তিক্ত হইয়া গেল। চিতা সজ্জিত করিয়া দাও, আমি বিষ পান করিয়া প্রাণত্যাগ করিব। গঙ্গাতীরে শরীর ত্যাগ করিয়া মনের সিদ্ধি সাধন করিব; তাহা হইলে বিধি অনুকূল হইয়া দুর্ল্লভ প্রভুকে সুলভ করিয়া দিবে। তাঁহাকে পত্র লিখিয়া পাঠাইয়াই বা কি হইবে—তোকে সংবাদই বা কি বলিব, যখন আমার শেষ অবস্থা হইবে, তখন সব বিবাদই মিটিয়া যাইবে।

১০৭

যহি দেশ পিক মধুকর নহি গুঞ্জর
কুসুমিত নহি কাননে।
ছও ঋতু মাস ভেদ নহি জানয়ে
সহজহি অবল মদনে ॥ ১ ॥
সখি হে সে দেশ পিয়া গেল মোরা।
রসবতী বাণী যতয়ে ন জানিয়
সুনিয় পেম বড় থোরা ॥ ২ ॥
কহলিও কাহিনী যতয়ে ন বুঝয়ে
কি করতি অঙ্গিত কাজে।
কওোন পরি ততয়ে রতল আছে বালভু
নিভয় নিগুণ সমাজে ॥ ৩ ॥
হাম আপনাকে ধিক কয় মানল
কি কহব তঁহিকি বড়াই।
কি হমে গুরুবি গমারি সব তহ
কি রতি-বিরত কানাই ॥ ৪ ॥

১০৮

প্রথমহি বিহি সিনেহ বড়াওল
যে বিধি উপজায়ে।
সে আবে হঠে বিঘটাওল
দূষণ কওোন মোর পায়ে ॥ ১ ॥
এ সখি হরি সমুঝায়ব
করি মোর পরথাব।
তহ্নিকে বিরহে মরি যায়েব
তিরিবধ কওোন আব ॥ ২ ॥
জীবন থির নহি অথিকএ
যৌবন তহু থোর।
বচন আপন নিরবাহিয়
নহি করিয়য়ে ওর ॥ ৩ ॥

১০৯

পিয়া সঞো কহব ভমরবর
পলটি আওব সেহে দেশ।
আয়ে দেখবি নিজ ভাবিনী
তঞো বরু যায়েব বিদেশ ॥ ১ ॥
শৈশব সময় বহিয়ে গেল
যৌবন তনু লেল বাস।
তহ্নিহু তোরিত চলি যায়েব
পূরয়ে রহতি মোরি আশ ॥ ২ ॥
দিনে দিনে ঝখইতে খীণ তনু
শুতঞো নলিনীদল লাগি।
চাঁদ ঐসন ছিল শীতল
সেহও বহয়ে তনু আগি ॥ ৩ ॥
মনমথ মন মথ সব তহ
সে শুনি হিয় মোর সাল।

সুন্দরি, আর এক কথা সহজভোলা পুরুষকে বলিবে, নারী পুরুষের অনুপস্থিতিতেও স্নেহ বাড়াইয়া থাকে কিন্তু শুনা যায় যে, পুরুষের স্নেহ স্বভাবতঃ অল্প। যখন পঞ্চশর আমার হৃদয়ে বাণ হানিবে, তখন আমার জ্ঞান থাকিবে না অর্থাৎ মরিব; তখন যেন তিনি সুতীর্থে স্নান করিয়া আমার উদ্দেশে জলদান করেন। কবি বিদ্যাপতি বলিতেছেন, সুন্দরি, তোমার বিরহের অবসান হইবে। জলনিধিময় কানাই আসিয়া কামতীর্থে জলদান করিবে।

১। সহজহি—স্বভাবতঃ। অবল—দুর্ব্বল।

৩। অঙ্গিত—ইঙ্গিত। কওোন পরি—কেমন করিয়া। রতল—অনুরক্ত। বালভু—বল্লভ। নিভয়—নির্ভয়। নিগুণ—নির্গুণ।

৪। তহ্নিকি—তাঁহার। বড়াই—মহত্ত্ব। রতি-বিরত—রতিবিমুখ।

১। বিঘটায়ল—ব্যাঘাত করিল। দূষণ—দোষ।

২। সমুঝায়ব—বুঝাইবে। পরথাব—প্রস্তাব। তিরিবধ—স্ত্রীবধ। কওোন আব—কাহাতে আসিবে অর্থাৎ কাহার লাগিবে?

৩। নিরবাহিয়—নির্ব্বাহ করিবে। ওর—সীমা।

১। আয়ে—আসিয়া। তঞো—তাহার পর।

২। শৈশব কাল চলিয়া গিয়াছে, যৌবন আমার দেহে বাস করিতেছে। তহ্নিও—সেও। সেও (যৌবনও) সত্বর চলিয়া যাইবে, আমার আশা অপূর্ণ রহিয়া যাইবে।

৩। ঝখইতে—শোক করিতে। চাঁদও ঐরূপ শীতল ছিল কিন্তু সেও দেহে অগ্নি বর্ষণ করিতেছে।

৪। সব তহ—সকলের অপেক্ষা। মনমথ—মন্মথ, মদন। মন মথ—মনকে মথিত করিতেছে।

বল্লভ হামর বিদেশে বস
তেঁ যৌবন ভেল কাল ॥ ৪ ॥

১১০

গুরুজন পরিজন কে নহি গঞ্জয়ে
কে নহি করয়ে বিগান।
আপন অপযশ যশ করি মানল
হৃদয় ন ভাবল আন ॥ ১ ॥
সখি হে কানুকে কহবি সম্বাদ।
এত দিন প্রেম গুপুত কয় রাখল
অবহু ভেল পরমাদ ॥ ২ ॥
গুণ লাগি প্রাণ তৃণহু করি মানল
কি করব কুলবতী জাতি।
কহ কবিশেখর অনুভবে জানল
পিরীতিক যৈসন ভাঁতি ॥ ৩ ॥

১১১

আশক লতা লগাওল সজনি
নয়নক নীর পটায়।
সে ফল আবে তরুণিত ভেল সজনি
আঁচর তর নই সমায় ॥ ১ ॥
কাঁচ সাঁচ পহু দেখি গেল সজনি
তসু মন ভেল কুহ ভান।
দিন দিন ফল তরুণিত ভেল সজনি
অহু খণ ন করু গেয়ান ॥ ২ ॥
সকলের পহু পরদেশ বসি সজনি
আয়ল সুমরি সিনেহ।
হমর এহন পতি নিরদয় সজনি
নহি মন বাড়য় নেহ ॥ ৩ ॥

ভণহি বিদ্যাপতি গাওল সজনি
উচিত আওত গুণসাহ।
উঠি বধাব করু মন ভরি সজনি
অব আওত ঘর নাহ ॥ ৪ ॥

১১২

আনহ কেতকীর পাত।
মৃগমদ মসি নখ কাপ ॥ ১ ॥
সবহি লিখবি মোরি নাম।
বিনতি দেবি সব ঠাম ॥ ২ ॥
সহি হে গইয়ে জনাবহ নাথ।
কর লিখন দিয়ে হাত ॥ ৩ ॥
নাম লইতে পিয় তোর।
স্বর গদগদ করু মোর ॥ ৪ ॥
আঁতর জনু হো তোহার।
তেঁ দূর কর উর-হার ॥ ৫ ॥
আবে ভেল নব গিরি সিন্ধু।
অবহু ন সমঝ সুবিন্দু ॥ ৬ ॥
বিধিগতি নহি পরকার।
সালয় শর কনিয়ার ॥ ৭ ॥
সুকবি ভণথি কণ্ঠহার।
কে সহ কাম পরহার ॥ ৮ ॥

১১৩

কানন ভমি ভমি কুহুক ময়ূর।
কট ভেল নিয়র কন্ত বড় দূর ॥ ১ ॥
কতি দূর মধুপুর কহ সখি জানি।
যাঁহা বস মাধব সারঙ্গপাণি ॥ ২ ॥

৪। আমার বল্লভ বিদেশে বাস করিতেছে, সেই জন্য যৌবন আমার কাল হইল।

১। বিগান—নিন্দা। আন—অন্যরূপ।

২। গুপুত—গুপ্ত, গোপন। অবহু—এখন।

৩। তৃণহু—তৃণতুল্য।

১। নয়নকনীর পটায়—নয়নের জল সিঞ্চন করিয়া। আঁচর—অঞ্চলের। তর—তলায়। নই সমায়—সামলান যায় না।

২। কাঁচ—কাঁচা। সাঁচ—সত্য। কুহ—কুয়াশা। ভান—মনে হয়। অহু খণ—এখন পর্য্যন্ত। ন করু গেয়ান—বুঝিতে পারে না।

৩। বসি—বাস করে। সুমরি—স্মরণ করিয়া।

৪। উচিত—ঠিক সময়ে। গুণসাহ—গুণাকর। বধাব—মঙ্গলগীতি।

১। পাত—পাতা, পত্র। কাপ—কলম।

২। দেবি—দিবি, জানাইবি।

৩। গইয়ে—গিয়া।

৫। আঁতর—অন্তর। জনু—না।

৬। সমঝ—সমঝায় না, বুঝে না।

৭। সালয়—বিদ্ধ করে। কনিয়ার—তীক্ষ্ণ।

১। ভমি—ভ্রমণ করিয়া। কুহুক—কেকা রব করে। কট—নির্দ্দিষ্ট সীমা।

২। সারঙ্গ—পদ্ম।

শুনি অপঝম্প কাঁপ মোর দেহ।
গরয় গরল বিষ সুমরি সিনেহ ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
ধৈরয় ধরি রহ মিলত মুরারি ॥ ৪ ॥

১১৪

সখি হে মোর বোলে পুছব কানাই।
হামর শপথ থিক বিসরি ন যাইয়
গয়ে তেজি অবসর পাই ॥ ১ ॥
যাহি সঞো পেম হঠহি হমে লাওল
হিত উপদেশ না লেলা।
তৃণতরুবর ছায়াতর বৈসলাহু
যইসন উচিত সে ভেলা ॥ ২ ॥
একে হমে নারী গমারি সবহু তহ
দোসরে সহজ মতিহীনী।
অপনুক দোষ দৈবকে কি কহব
ও নহি ভেলাহে চিনি ॥ ৩ ॥
অকুলীন বোল নহি ওর ধরি নিরবহ
ধরয়ে আপন বেবহার।
আগিল দূর কর পাহিল চিত ধর
যইসন বড়ি কুসিয়ার ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুন বর-যৌবতি
চিতে জনু মানহ আনে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
সকল কলারস জানে ॥ ৫ ॥

১১৫

এহি জগ নারী জনম লেল।
পহিলহি বয়স বিরহ ভেল ॥ ১ ॥
কথি লয়ে দৈব জনম দেল।
কঠিন অভাগ হমার ভেল ॥ ২ ॥
আপনহি কমল ফুলায়ল।
তাহি ফুল ভমর লোভায়ল ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি গাওল।
উচিত পূরবিল ফল পাওল ॥ ৪ ॥

১১৬

নমিত অলকে বেঢ়লা
মুখকমল শোভে।
রাহু কি বাহু পসারলা
শশিমণ্ডল লোভে ॥ ১ ॥
মদন-শরে মুরছলী
চিত চেতন বালা।
দেখলি সে ধনী হে
বাসি নিমালিনী মালা ॥ ২ ॥
কলস-কুচ লোটাইলি
ঘন শামরি বেণী।
কনয় পরয় শুতলী
জনি কারি নাগিনী ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি ভাবিনি
থির থাক ন মনে।
রাজা রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

৩। অপঝম্প—আশঙ্কার কথা। গরয়—গলিতেছে।

১। থিক—আছে। গয়ে—গমন করিলে

২। হঠহি—জিদ করিয়া। লাওল—ঘটাইলাম। লেলা—লইলাম। তৃণতরুবর—তালবৃক্ষ।

৩। গমারি—মূঢ়া। সবহু তহ—সকলের অপেক্ষা। দোসরে—দ্বিতীয়তঃ। সহজ—স্বভাবতঃ। ও—মাধব। চিনি—চেনা।

৪। ওর—সীমা। আগিল—আগের। পাহিল—প্রথম। কুসিয়ার—ইক্ষু।

১। জগ—জগতে। লেল—লইলাম।

২। কথি লয়ে—কিসের জন্য।

৩। ফুলায়ল—প্রস্ফুটিত হইল।

৪। তাহি—সেই। লোভায়ল—লুব্ধ হইল।

৫। পূরবিল—পূর্ব্ব জন্মের।

১। মুখকমল নমিত অলক দ্বারা বেষ্টিত হইয়া শোভা পাইতেছে। যেন রাহু শশিমণ্ডলের লোভে বাহু প্রসারিত করিয়াছে।

২। নিমালিনী মালা—নিবেদিত মালা।

৩। পরয়—পর্ব্বত। কারি নাগিনী—কালো নাগিনী।

ঘন কৃষ্ণবর্ণ বেণী গৌরবর্ণ কুচকলসে লুটাইয়া পড়িয়াছে, বোধ হইতেছে যেন, স্বুবর্ণ পর্ব্বতের উপর কালো নাগিনী শুইয়া রহিয়াছে।

৪। থাক—থাকে।

১১৭

পিয় বিরহিণী অতি মলিনী
দিলাসিনী কোনে পরি জীউতি রে।
অবধি ন উপগত মাধব
আবে বিষ পিউতি রে ॥ ১ ॥
আতপচর বিধু রবিকর
চরণ কি পরশহ ভীমা রে।
দিন দিন অবসন দেহ
সিনেহক সীমা রে ॥ ২ ॥
পহর পহর যুগ যামিনী
যামিনী জগইতে রে।
মুরছি পড়য় মহী মাঝ
সাঁঝ শশী উগইতে রে ॥ ৩ ॥
বিদ্যাপতি কহ সবর্তঁহ
জান মনোভব রে।
কেও জনু অনুভব জগজন
বিরহ পরাভব রে ॥ ৪ ॥

১১৮

কোন গুণে পহু পরবশ ভেল সজনি
বুঝলি তনিক ভাল মন্দ।
মনমথ মন মথ তনি বিনু সজনি
দেহ দহয় নিশিচন্দ ॥ ১ ॥

১। জীউতি—বাঁচিবে। উপগত—উপনীত। আবই—আসে। পিউতি—পান করিবে।

আজু মঝু গেহ গেহ করি মাননু
আজু মঝু দেহ ভেল দেহা।
আজু বিহি মোহে অনুকূল হোয়ল
টুটল সবহু সন্দেহা ॥ ২ ॥
সোহ কোকিলা অব লাখ ডাকউ
লাখ উদয় করু চন্দা।
পাঁচবাণ অব লাখ বাণ হউ
মলয় পবন বহু মন্দা ॥ ৩ ॥
অব সো ন যবহু মোহে পরিহোয়ত
তবহু মানব নিজ দেহা।
বিদ্যাপতি কহ অলপভাগি নহ
ধনি ধনি তুয়া নব লেহা ॥ ৪ ॥

৭

কি কহব রে সখি আনন্দ ওর।
চিরদিনে মাধব মন্দিরে মোর ॥ ১ ॥
পাপ সুধাকর যত দুঃখ দেল।
পিয়া-মুখ-দরশনে তত সুখ ভেল ॥ ২ ॥

৪। সুঝম্প—যাহার সুন্দর দোলন, কম্পন বা গতি।
৬। দ্বয় এক—দুই এক।
২। তঁহু করবে—তাঁহার করে।
৪। হঠিয়া—বলপূর্ব্বক সরিয়া। দিঠিয়া—আড়চোখে চাহিয়া।
৫। মো—আমার।
৬। ধনি—ধন্য।
১। দিঠি ভরি—দৃষ্টি ভরিয়া, নয়ন ভরিয়া।
৪। ও—সে, মাধব।

২। স্বপনেহি—স্বপ্নে।
১। নিরদন্দা—দ্বন্দ্বরহিত, সুপ্রসন্ন।
২। আজ আমার গৃহ প্রকৃতই গৃহ হইল।
৩। ডাকউ—ডাকুক।
৪। ধনি ধনি—ধন্য ধন্য।

আঁচর ভরিয়া যদি মহানিধি পাই।
তব হাম পিয়া দূরদেশে না পাঠাই ॥ ৩ ॥
শীতের ওঢ়নী পিয়া গিরীষের বা।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না ॥ ৪ ॥
নিধন বলিয়া পিয়া না কুলু যতন।
এবে হাম জানল পিয়া বড় ধন ॥ ৫ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
নাগর সঙ্গে করু রস পরিহরি ॥ ৬ ॥

৮

দারুণ ঋতুপতি যত দুখ দেল।
হরিমুখ হেরইতে সব দূর গেল ॥ ১ ॥
যতহু আছিল মম হৃদয়ক সাধ।
সো সব পূরল পিয়া পরসাদ ॥ ২ ॥
রভস আলিঙ্গনে পুলকিত ভেল।
অধরিক পানে বিরহ দূরে গেল ॥ ৩ ॥
চিরদিনে বিহি আজু পূরল আশ।
হেরইতে নয়নে নাহি অবকাশ ॥ ৪ ॥
ভণহ বিদ্যাপতি আর নাহি আধি।
সমুচিত ঔখধে না রহে বেয়াধি ॥ ৫ ॥

৯

চিরদিনে সো বিহি ভেলি অনুকূল।
দুহু মুখ হেরইতে দুহু সে আকুল ॥ ১ ॥
বাহু পসারিয়া দোঁহে দোঁহা ধরু।
দুহু অধরামৃতে দুহু মুখ ভরু ॥ ২ ॥
দুহু তনু কাঁপই মদনক বচনে।
কিঙ্কিণী রোল করত পুনঃ সঘনে ॥ ৩ ॥
বিদ্যাপতি অব কি কহব আর।
যৈছে প্রেম দুহুঁ তৈছে বিহার ॥ ৪ ॥

১০

দোঁহার দুলহ দুহু দরশন ভেল।
বিরহজনিত দুখ সব দূরে গেল ॥ ১ ॥
করে ধরি বৈসায়ল বিচিত্র আসনে।
রময়ে রতন শ্যাম রমণী-রতনে ॥ ২ ॥
বহুবিধ বিলসয়ে বহুবিধ রঙ্গ।
কমলে মধুপ যেন পাওল সঙ্গ ॥ ৩ ॥

নয়ানে নয়ান দোঁহার বয়ানে বয়ান।
দুহু গুণে দুহুঁ গুণ দুহু জনে গান ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি নাগর তোর।
ত্রিভুবন বিজয়ী নাগর চোর ॥ ৫ ॥

১১

হাতক দরপণ মাথক ফুল।
নয়নক অঞ্জন মুখক তাম্বূল ॥ ১ ॥
হৃদয়ক মৃগমদ গীমক হার।
দেহক সরবস গেহক সার ॥ ২ ॥
পাখীক পাখ মীনক পানি।
জীবক জীবন হাম তুহু জানি ॥ ৩ ॥
তুহু কৈছে মাধব কহবি মোয়।
বিদ্যাপতি কহ দুহু দোঁহা হোয় ॥ ৪ ॥

১২

এমন পিরার কথা কি পুছসি রে সখি
পরাণ নিছিয়া তারে দিয়ে।
খড়ের কুটাগাছি শিরে ঠেকাইয়া
আলাই বালাই তার নিয়ে ॥ ১ ॥
হাত দিয়া দিয়া মুখানি মাজিয়া
দীপ নিয়া নিয়া চায়।
দরিদ্র যেমন পাইয়া রতন
থুইতে ঠাঞি না পায় ॥ ২ ॥
কর্পূর তাম্বূল আপনি চিবিয়া
মোর মুখ ভরি দেয়।
চিবুক ধরিয়া ঈষৎ হাসিয়া
মুখে মুখ দিয়া লয় ॥ ৩ ॥
হিয়ার উপরে শোয়াইয়া মোরে
অবশ হইয়া রয়।
তাহার পিরীতি তোমার এমতি
কবি বিদ্যাপতি কয় ॥ ৪ ॥

১৩

সখি কি পুছসি অনুভব মোয়।
সোই পিরীতি অনুরাগ বাখানিতে
তিলে তিলে নূতন হোয় ॥ ১ ॥
জনম অবধি হাম রূপ নেহারনু
নয়ন না তিরপিত ভেল।

৪। বা—বাতাস। না—নৌকা।
২। পরসাদ—প্রসাদে, অনুগ্রহে।
৩। অধরিক—অধর-মধু।
৪। চিরদিনে—অনেক দিনের পর।
১। দুলহ—দুর্লভ।

২। গীমক—গলার।
১। নিছিয়া—ছাঁকিয়া, ভেদ করিয়া।

সোই মধুর বোল শ্রবণহি শুনমু
শ্রুতি-পথে পরশ না গেল ॥ ২ ॥
কত মধু-যামিনী রভসে গোঁয়ায়মু
না বুঝমু কৈছন কেলি।
লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখমু
তবু হিয়া জুড়ন না গেলি ॥ ৩ ॥
কত বিদগধ জন রসে অনুমগন
অনুভব কাহু না পেখ।
বিদ্যাপতি কহ প্রাণ জুড়াইতে
লাখে না মিলল এক ॥ ৪ ॥

১৪

শুন শুন মাধব কি কহব আন।
তুলনা দিতে নারি পীরিতি সমান ॥ ১
পূরবক ভানু যদি পশ্চিমে উদয়।
সুজনক পিরীতি কবহু দূর নয় ॥ ২ ॥
ক্ষিতিতলে লিখি যদি আকাশের তারা।
দুই হাতে সিঞ্চি যদি সিন্ধুক ধারা ॥ ৩ ॥
অচল চলয় যদি চিত্র কহ বাত।
কমল ফুটয় যদি গিরিবর মাথ ॥ ৪ ॥
দাবানল শীতল হিমগিরি তাপ।
চান্দ যদি বিষধর সুধা ধর সাপ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শিবসিংহ রায়।
অনুগত জনেরে ছাড়িতে না জুয়ায় ॥ ৬ ॥

১৫

সরস বসন্ত সময় ভাল পাওলি
দক্ষিণ পবন বহ ধীরে।
স্বপনহু রূপ বচন এক ভাখিয়
মুখ সৌ দূরী করু চীরে ॥ ১ ॥
তোহার বদন সম চাঁদ হোয়ত নহি
যইও যতন বিহি দেলা।
কই বেরি কাটি বনায়ল নব কই
তইও তুলিত নহি ভেলা ॥ ২ ॥
লোচন তুল কমল নহি ভই শক
সে জগ কে নহি জানে।
সে ফেরি যায় লুকায়ল জল ভয়
পঙ্কজ নিজ অপমানে ॥ ৩ ॥
ভণহি বিদ্যাপতি শুনু বর-যৌবতি
ই সব লছমী সমানে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী পতি জানে ॥ ৪ ॥

১৬

স্বপনে আয়ল সখি মঝু পিয়া পাশে।
তখনুক কি কহব হৃদয় উলাসে ॥ ১ ॥
ন দেখিয় ধনুগুণ ন দেখু সন্ধানে।
চৌদিশ পড়য়ে কুসুমশর বাণে ॥ ২ ॥
বক্ষ বিলোচন বিকসিত থোরা।
চাঁদ উগল জনি সমুদ্র হিলোরা ॥ ৩ ॥
উঠলি চেহায়ে আলিঙ্গন বেরি।
রহলি লজায়ে শূন শেষ হেরি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুনহ স্বপনে।
যত দেখলহ তত পূরতোহ মনে ॥ ৫ ॥

১৭

করে কুচমণ্ডল রহলিহুঁ গোয়ে।
কমলে কনক-গিরি ঝাঁপি ন হোয়ে ॥ ১ ॥

৩। রভসে—আনন্দে।
৪। বিদগধ—বিমুগ্ধ।
৩। সিন্ধুক ধারা—সমুদ্রের জল।
৬। জুয়ায়—উচিত হয়।
১। পাওলি—পাইলাম। রূপ—মূর্ত্তি, আকৃতি। ভাখিয়—কহিল। মুখ সৌ—মুখ হইতে।
সুন্দর সরস বসন্তকাল পাইলাম, তখন দক্ষিণ-পবন ধীরে ধীরে প্রবাহিত হইতেছিল। স্বপ্নে দেখিলাম, এক (পুরুষ) মূর্ত্তি কথা কহিয়া বলিতেছে, তোমার মুখ হইতে বস্ত্র দূর কর।
২। কই বেরি—কতবার। কাটি—কাটিয়া। বনায়ল—গড়িল, তৈয়ার করিল। নব কই—নূতন করিয়া।
৩। ভই শক—হইতে পারিল। সে—পঙ্কজ। ফেরি—ফিরিয়া।
১। আয়ল—আসিল। মঝু পিয়া—আমার প্রিয়তম। পাশে—পার্শ্বে।
২। দেখিয়—দেখি। পড়য়—পড়িতেছে।
৩। হিলোরা—হিল্লোল, তরঙ্গ।
৪। উঠলি—উঠিলাম। চেহায়—চমকিয়া।
৫। দেখলহ—দেখিয়াছ। পূরতোহ—পূর্ণ হইবে।
১। রহলিহুঁ—রহিলাম। গোয়ে—গোপন করিয়া। কর দ্বারা কুচমণ্ডল গোপন করিয়া রাখিলাম। কিন্তু কমল (করকমল) দিয়া কনক-গিরি (গৌরবর্ণ পয়োধর) ঢাকা যায় না।

হরখ সহিত হেরলহি মুখকাঁতি।
পুলকিত তনু মোর ধর কত ভাঁতি ॥ ২ ॥
তখনে হরল হরি অঞ্চল মোর।
রসভরে সসরু কষনিক ডোর ॥ ৩ ॥
স্বপন এক সখি দেখল মোহে আজ।
তখনুক কৌতুক কহইতে লাজ ॥ ৪ ॥
আনন্দ-নোরে নয়ন ভরি গেল।
পেমক আঁকুরে পল্লব দেল ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি স্বপন স্বরূপ।
রস বুঝ রূপনারায়ণ ভূপ ॥ ৬ ॥

১৮

স্বপনে দেখল হরি উপজল রঙ্গে।
পুলকে পূরল তনু জাগু অনঙ্গে ॥ ১ ॥
বদন মেরায়ে অধর-রস লেলা।
নিশি অবসান কানু কাঁহা গেলা ॥ ২ ॥
কা লাগি নিন্দ ভাঁগলি বিধি মোরা।
ন ভেলে সুরত-সুখ লাগল ভোরা ॥ ৩ ॥
মালতী পাওল রসিক ভমরা।
ভেল বিয়োগ করম দোষ মোরা ॥ ৪ ॥
নিধনে পাওল ধন নেক যতনে।
আঁচল সঞে খসি পলল রতনে ॥ ৫ ॥

১৯

শুতলি ছলিহু হম ঘরবা রে
গরবা মোতিহার।
রাতি যখনি ভিনসরবা রে
পিয়া আয়ল হামার ॥ ১ ॥
কর-কৌশল কর কাঁপইত রে
হারবা উর টার।
কর-পঙ্কজে উর থপইত রে
মুখ চন্দ নিহার ॥ ২ ॥
কেহনি অভাগলি বৈরিণী রে
ভাগলি মোর নিন্দ।
ভাল করি নহি দেখি পাওল রে
গুণময় গোবিন্দ ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি গাওল রে
ধনি মন ধরু ধীর।
সময় পায়ে তরুবর ফলে রে
কতবো সিচ নীর ॥ ৪ ॥

২০

স্বপন দেখল পিয়া মুখ-অরবিন্দ।
তেহি খণ হে সখি টুটলি নিন্দ ॥ ১ ॥
আজ সগুণ ফল সম্ভব সাঁচ।
বেরি বেরি বাম নয়ন মোর নাচ ॥ ২ ॥
আঙ্গন বইসি সগুণ কহ কাক।
বিরহ বিভঞ্জন দিনপরিপাক ॥ ৩ ॥
আজ দেখব পিয় অলখক চান।
বিদ্যাপতি কবিবর এহ ভাণ ॥ ৪ ॥

২। হরখ—হর্ষ। কাঁতি—কান্তি। ভাঁতি—ভাব।
৩। সসরু—স্রস্ত হইল, শিথিল হইয়া গেল অর্থাৎ খসিয়া পড়িল। কষনিক ডোর—কষনীডোর, নীবিবন্ধ। হরি তখন আমার অঞ্চল হরণ করিল অর্থাৎ কাড়িয়া লইল; রসভরে আমার নীবিবন্ধ খসিয়া পড়িয়া গেল।
৪। তখনুক—তখনকার।
৫। নোর—অশ্রু। আনন্দাশ্রুতে আমার নয়ন ভরিয়া গেল। সেই জলে প্রেমাঙ্কুরে পল্লব দেখা দিল।
১। জাগু—জাগরিত হইল।
২। মেরায়ে—মিলাইয়া।
৩। নিন্দ—নিদ্রা। ভোরা—ভ্রম। ভাঁগলি—ভঙ্গ করিলি।
৫। সঞে—হইতে।
১। ছলিহু—ছিলাম। ঘরবা—ঘর। গরবা—গলদেশ। ভিনসরবা—প্রাতঃকাল।
২। হারবা—হার। টার—সরাইয়া ফেলা। থপইত—স্থাপিত।
৩। কেহনি—কেমন। অভাগলি—অভাগিনী। ভাগলি—পলাইল।
৪। কতবো—কতই। সিচ—সিঞ্চন কর।
১। নিন্দ—নিদ্রা।
২। সগুণ—সুলক্ষণ। সাঁচ—সত্য। বেরি বেরি—বার বার।
৩। দিনপরিপাক—দিবাবসান।
৪। অলখক—অলক্ষ্য। চান—চাঁদ।

২১

মোরাহি রে অঙ্গন চাঁদনকেরি গছিয়া
তাহি চঢ়ি কুরুরয়ে কাক রে।
সোনে চঞ্চু বাঁধয়ে দেব মোঞে বায়স
জঞো পিয়া আওত আজ রে ॥ ১ ॥
গাবহ সহি লোরি ঝুমরি মদন
আরাধনে যাঞু ॥ ২ ॥
চৌদিশ চম্পা মউলি ফুললি
চান্দ উজোরিয়ে রাতি।
কইসে করি মদন আরাধব রে
হোইতি বড়ি রতি-শাতি ॥ ৩ ॥
বিদ্যাপতি কবি গাবিয়া রে
তোঁকে অছ গুণক নিধান।
রাজা ভোগীশ্বর গুণ নাগরা রে
পদমা দেবী রমাণ ॥ ৪ ॥

২২

সুরভি সময় ভাল চল মলয়ানিল
সাহর সৌরভ সার লো।
কাহুক বিপদ কাহুক সম্পদ
নানা গতি সংসার লো ॥ ১ ॥
কোইলী পঞ্চম রাগে রমণ-গুণ সুমরঞো
কুশলে আওত মোর নাহ লো।
আজ ধরিয়ে হমে আশহি অছলিহু
সুমরি ন ছাড়ল ঠাম লো ॥ ২ ॥
ভমর দেখি ভঞে ভাঙব পরায়ল
গহয়ে শরাসন কাম লো।
ভণই বিদ্যাপতি রূপনারায়ণ
শিরি শিবসিংহ দেব নাম লো ॥ ৩ ॥

২৩

গগন বলাহকে ছাড়ল রে
বারিষ কাল অতীত।
করিয় বিনতি সৌ এ আয়ব
জহি বিনু তিভুবন তিত ॥ ১ ॥
আবহো সুমতি সংঘাতিনী রে
বাট নিহারয় যাউ।
কুদিন সব দিন নহি রহ
সুদিবস মন হরথাউ ॥ ২ ॥
শামর চন্দ উগলাহ রে
চান্দ পুন গেলাহ আকাশ।
এতবহি পিয়াকে অয়বা রে
পলটত বিরহিণী শ্বাস ॥ ৩ ॥
শুতিয়ে দুরহি নিহরবা রে
যতি দূর হিয়রা ধাব।
কি করত হিয়রা আকুল রে
আগিহি বাত ন পাব ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি গাবয় রে
রস জানিয়ে রসমন্ত।
মন্তি মহেশ্বর সুন্দর রে
রেণুক দেবীকান্ত ॥ ৫ ॥

১। চাঁদনকেরি—চন্দনের। কুরুরয়ে—মৃদু-স্বরে শব্দ করে। সোনে—সোনা দিয়া। বাঁধয়ে—বাঁধাইয়া। জঞো—যদি।

২। গাবহ- গান কর। সহি—সখী। ঝুমরি—স্ত্রীলোকদিগের সঙ্ঘবদ্ধ সঙ্গীত।

৩। মউলি—মল্লিকা। ফুললি—ফুটিয়াছে। উজোরিয়ে—উজ্জ্বল। আরাধব—আরাধনা করিব। রতি-শাতি—রতি-শান্তি।

৪। তোঁকে—তোমার। পদমা—পদ্মা।

১। চল—বহিতেছে। সাহর—সহকার। কাহুক—কাহারও।

২। কোইলী—কোকিল। সুমরঞো—স্মরণ করাইয়া দিতেছে। আশহি—আশাতেই। ঠাম—স্থান, গৃহ।

৩। পরায়ল—পলাইলাম। গহয়ে—গ্রহণ করিল।

১। বলাহকে - মেঘ। এ—এ দিকে। জহি—যিনি। তিভুবন—ত্রিভুবন। তিত—তিক্ত।

২। আবহো—আয়, এস। সংঘাতিনী—সখী। যাউ—যাই, গমন করি। হরথাউ—হর্ষিত করে।

৩। শামর—শ্যাম। উগলহ—উদয় হইল। এতবহি—এই মাত্র। অয়বা—আসিবার। পলটত—ফিরিয়া।

৪। শুতিয়ে- শয়ন করিয়া। নিহরবা—দেখিবে। যতি—যত। হিয়রা—হৃদয়।

৫। গাবয়—গাহিতেছে। জানিয়ে—জানে। মন্তি—মন্ত্রী।

২৪

দুসহ বিয়োগে দিবস গেল বীতি।
প্রিয়তম দরশন অনুপম প্রীতি ॥ ১ ॥
আব লগইছথি বিধু অনুকুল।
নয়ন কর্পূর আঁজন সমতুল ॥ ২ ॥
গাবথু পঞ্চম কোকিল আবি।
গুঞ্জথু মধুকর লতিকা পাবি ॥ ৩ ॥
বহথু নিরন্তর ত্রিবিধ সমীর।
ভণ বিদ্যাপতি কবিবর ধীর ॥ ৪ ॥

২৫

যে দুখদায়ক সে সুখ দেথু।
অবলা জন সৌঁ আশিস লেথু ॥ ১ ॥
পিয় মোর আয়ল আন পরোস।
বিরহ ব্যথা জনি গেল লথ কোশ ॥ ২ ॥
নভ ছথি উগথু সহস দ্বিজরাজ।
কুদিবস হিতকর অনহিত কাজ ॥ ৩ ॥
ত্রিবিধ সমীর বহথু দিনরাতি।
পঞ্চমে গাবথু কোকিল জাতি ॥ ৪ ॥
সে গৃহ গৃহ নিত উতসব আজ।
বিদ্যাপতি ভণ মন নির্ব্যাজ ॥ ৫ ॥

২৬

বিহি মোরে পরসন ভেল।
হরি মোহি দরশন দেল ॥ ১ ॥
দেখলি বদন অভিরাম।
পূরল সকল মনকাম ॥ ২ ॥
জাগি উঠল পঞ্চবাণ।
বশে নহি রহল গেয়ান ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি ভান।
সুপুরুষ ন কর নিদান ॥ ৪ ॥

২৭

জনম কৃতারথ সুপুরুষ সঙ্গ।
সেহে দিবস জোঁ নহি মন ভঙ্গ ॥ ১ ॥
হৃদয়ক আনন্দে সুখ পরকাশ।
তরণি তেজেঁ হো কমল বিকাশ ॥ ২ ॥
ভাল ভেল মাই হে কুদিবস গেল।
হরি নিধি মিলল সকল সিধি ভেল ॥ ৩ ॥
এক দিশ মণিময় নব নিধি হেম।
অওকা দিশ নবরস সুপুরুষ পেম ॥ ৪ ॥
নিকুতি তৌলি কয়ল অনুমান।
প্রীতি অধিক থী কে নাহি জান ॥ ৫ ॥
প্রীতিক সম হে দোসর নহি আন।
যাহি তুলনা দিয় আপন পরাণ ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি অনুপম রীতি।
দম্পতি কাঁ হো অচল পিরীতি ॥ ৭ ॥

২৮

চিরদিন ছিল বিহি মোহে প্রতিকূল।
পিয়া পরসাদে ভেল অনুকূল ॥ ১ ॥
আছিনু দারুণ বিরহে বিভোর।
ত্বরিতে আসি পিয়া মোহে লেল কোর ॥২॥

১। বিয়োগ—বিরহ। বীতি—অতীত হইয়া।

২। লগইছথি—লাগিতেছে। আঁজন—অঞ্জন।

৩। গাবথু—গান করুক। আবি—আসিয়া। গুঞ্জথু—গুঞ্জন করুক। পাবি—পাইয়া।

৪। বহথু—বহুক। ত্রিবিধ সমীর—শৈত্য, সৌগন্ধ্য ও মান্দ্য।

১। দেথু—দান করুক। সৌঁ—হইতে। লেথু—লউক।

২। আন—অন্য। লথ—লক্ষ। পরোস—পাড়া।

৩। ছথি—আছে, হয়। উগথু—উদয় হউক। সহস—সহস্র। দ্বিজরাজ—চন্দ্র। অনহিত—অহিত।

৪। কোকিল জাতি—কোকিলসমূহ।

৫। নিত—নিত্য, উতসব—উৎসব। নির্ব্যাজ—ছলনাশূন্য।

১। পরসন—প্রসন্ন। ২। অভিরাম—সুন্দর।

১। কৃতারথ—কৃতার্থ। সেহে—সেই। জোঁ—যদি।

২। পরকাশ—প্রকাশ। তরণি—সূর্য্য।

৩। মাই হে—মাগো। সিধি—সিদ্ধি। অওকা দিশ—অপর দিকে।

৫। নিকুতি—নিক্তি। অনুমান—বিচার। থী—আছে।

১। পরসাদে—প্রসাদে।

২। আবি—আসিয়া। কোর—ক্রোড়।

তৃষিত চাতক জনি নব ঘন মেলি।
ভুখল চকোর চাঁদ করু কেলি ॥ ৩ ॥
জনি বনজানলে দগধ পরাণ।
ঐসন হোয়ল অমিয়া সিনান ॥ ৪ ॥

২৯

অরে রে পরম প্রেম সজনি
নয়ন গোচর কওন দিন জনি
নাহ নাগর গুণক আগর কলা-সাগর রে ॥ ১ ॥
যখনে মধুরিপু ভবন আওব
দূরে রহি মুঝে কহি পঠাওব
সকল দূখণ তেজি ভূখণ সম্যক সাজব রে ॥ ২ ॥
লাজ নতি ভয়ে নিকটে আওব
রসিক ব্রজপতি হিয়ে সম্ভাওব
কাম-কৌশল কোপ কাজর তবহু রাজব রে ॥ ৩ ॥
কবহু কোকিল মধুর কুহু কুহু
কবহু কপোত কণ্ঠরব মুহু
করজশাসন কলা আসন কছু ন গোয়ব রে ॥ ৪ ॥
কবহু দুহু মেলি সঙ্গীত গাওব
কবহু কর গহি কণ্ঠ লাওব
কবহু কৌতুক কোপ কিয়ে রস রাখি রুষব রে ॥৫॥
যতন করি হরি কত ন ভাখব
আশ দেই পিয়া পাশ রাখব
সময় বুঝি তহি মাজ্ঝি হোই পুন শাজ্ঝি হোয়ব রে ॥৬॥

৩। ভুখল—উপবাসী।
৪। বনজানল—দাবানল। অমিয়া সিনান—অমৃত স্নান।
১। কওন—কোন। জনি—যেন। নাহ—নাথ। আগর—অগ্রগণ্য।
২। মধুরিপু—মাধব। মুঝে—আমাকে। দূখণ—দূষণ, দোষ। ভূখণ—ভূষণ।
৩। হিয়ে সম্ভাওব—হৃদয়ে সম্ভাষণ করিবে অর্থাৎ আলিঙ্গন করিবে। কাজর—কার্য্য। রাজব—শোভা পাইবে।
৪। করজশাসন—করজ অর্থাৎ নখ, তাহার দ্বারা শাসন অর্থাৎ নখাঘাত। গোয়ব—হারাইবে, ভুলিবে।
৫। লাওব—লইব।
৬। ভাখব—ভাষিবে, কথা কহিবে। মাজ্ঝি—মহার্ঘ। শাজ্ঝি—শস্তা।

বচন ছলে যব সাধ মানব
মীনকেতন যুঝত জানব
মদন মদমত্ত হাতী মাতব অচিরে মুখল রে ॥৭॥
এতহু কহিতে সখী ত্বরিতে আওলি
সুধা সম বাত লাওলি
কানু সুন্দর চতুর মন্দির নিকটে আওল রে ॥৮॥
হরখি হসি হসি বোলয় রাধা
অচিরে বিহি কিয়ে পূরব সাধা
শরদ চাঁদ চকোর মিলল সিংহ ভূপতি গাবই রে ॥৯॥

৩০

অধর-সুধা মিঠি দুধে ধবরি চিঠি
মধু সম মধুরিম বাণী রে।
অতি অরথিত যে যতনে ন পাইয়
সবে বিহি তোহি দেল আনি রে ॥ ১ ॥
জনু রুষহ ভাবিনি ভাব জনাই।
তুয় গুণে লুবুধল সুপহু অধিক দিনে
পাহুন আয়ল মধাই ॥ ২ ॥
যসু গুণ ঝখইতে ঝামরী ভেলি হে
রয়নী গমওলহু জাগি রে।
সে নিধি বিধি অনুরাগে মিলল তোহি
কানু সম পিয়া অনুরাগী রে ॥ ৩ ॥

৭। সাধ মানব—সাধিলে মানিব। মীন কেতন—মদন। মুখল—অঙ্কুশ দ্বারা নিবারণ করিবে। কথার ছলে সাধিলে মানিব অর্থাৎ স্বীকার করিব। মদন যুদ্ধোদ্যত হইয়াছে বুঝিতে পারিব। মদমত্ত হস্তীর ন্যায় মদন মাতিয়া উঠিলে শীঘ্রই অঙ্কুশ দ্বারা নিবারণ করিবে।
৮। ত্বরিতে আওলি—ত্বরিতে আসিল। বাত লাওলি—কথা কহিল।
১। মিঠি—মিষ্ট। দুধে ধবরি—দুগ্ধের মত ধবল। দিঠি—দৃষ্টি। অরথিত—প্রার্থিত।
২। জনু রুষহ—রাগ করিও না। পাহুন—অতিথি। মধাই—মাধব।
৩। যসু—যাহার। ঝখইতে—শোক করিতে। ঝামরী—মলিনা।

ভণই বিদ্যাপতি গুণবতী রাখয়ে
বালভুকে অপরাধ রে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী আরাধ রে ॥ ৪ ॥

৩১

যা লাগি চাঁদন বিখ তহু ভেল
চাঁদ অনল যা লাগি রে।
যা লাগি দখিণ পবন ভেল সায়ক
মদন বৈরী যা লাগি রে ॥ ১ ॥
সে কানু কত দিনে পাহুন
হাসি ন নিহারসি তাহি রে।
হৃদয়ক হার হঠে টারহ জনু
প্রেম সুধা অবগাহি রে ॥ ২ ॥
রোয়ইতে নোরে আতুর ভেল লোচন
রয়নী যাম যুগে গেলি রে।
ফুজল চিকুর চীর নহি চেতয়ে
হার ভার তনু ভেল রে ॥ ৩ ॥
তপে তোর তরুণ করুণে কানু আয়ল
কাঁই বঢ়াবসি মান রে।
যেও ন আছিল মনে সেও ভেল সম্পন
কবি বিদ্যাপতি ভাণ রে ॥ ৪ ॥

৪। বালভুকে—বল্লভের। রাখয়ে—রাখে, দূরে রাখে অর্থাৎ ক্ষমা করে।
১। যা লাগি—যাহার জন্য। চাঁদন—চন্দন। বিখ—বিষ; তাহা—হইতে। সায়ক—শর, বাণ।
২। পাহুন—অতিথি। ন নিহারসি—দেখিতেছ না। তাহি—তাহাকে। হঠে—বলপূর্ব্বক। টারহ—ছুড়িয়া। জনু—না। অবগাহি—জানিয়া।
৩। ফুজল—মুক্ত, আলুলায়িত। চেতয়ে—চেতন করে, সম্বরণ করে।
৪। কাঁই—কেন। বঢ়াবসি—বাড়াও। সম্পন—সম্পন্ন। করুণে—করুণা করিয়া।

যাহার জন্য চন্দন বিষ হইতেও অধিক তীব্র, চন্দ্র অগ্নি অপেক্ষাও জালাময় বলিয়া মনে হইত; যাহার জন্য দক্ষিণ পবন বাণ এবং মদন শত্রু হইয়াছিল, সেই কানাই কতদিন পরে তোমার দ্বারে অতিথি,—কেন তাহাকে হাসিয়া না দেখিতেছ? প্রেম যে সুধা ইহা জানিয়া হৃদয়ের হার বলপূর্ব্বক ছুড়িয়া ফেলিও না। যাহার জন্য কাঁদিতে কাঁদিতে চোখের জলে চক্ষু আতুর হইয়াছে, রাত্রির যাম যুগের মত বোধ হইয়াছে, এলায়িত চিকুর ও বস্ত্র সম্বরণ করিতে পারিতে না, দেহের হারও ভার বোধ হইত, সেই কানু আজ তোমার তপস্যায় করুণা করিয়া আসিয়াছে, তবে কেন মান বাড়াইতেছ? কবি বিদ্যাপতি বলিতেছেন, মনে যাহা (যে ভাব) ছিল না, তাহাও সম্পন্ন হইল।

৩২

কত ন দিবস লয়ে আছিল মনোরথ
হরি সঞো বঢ়াওব নেহা।
সে সবে সফল ভেল বিহি অভিমত দেল
সহজে আয়ল মঝু গেহা ॥ ১ ॥
সখি হে জনম কৃতারথ ভেলা।
বদন নিহারি অধর-মধু পিবিকহু
হরি পরিরম্ভণ দেলা ॥ ২ ॥
পীন পয়োধর হরখি পরশ করু
নীবিবন্ধ খোয়েলহি পানি।
পুলকে পূরল তনু মোদিত কুসুমধনু
গাবয়ে সুললিত বাণী ॥ ৩ ॥
তোঞে ধনি পুণ্যবতি সব গুণে গুণবতী
বিদ্যাপতি কবি ভাণে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

১। নেহ—স্নেহ, প্রেম। সহজে—আপনিই।
২। কৃতারথ—কৃতার্থ। পিবিকহু—পান করিয়া। ৩। হরখি—আনন্দে। খোয়েলহি—খুলিয়া দিল।

কত দিন হইতে মনে সাধ ছিল যে, হরির সহিত প্রেম বাড়াইব। এতদিনে বিধির বিধানে তাহা সফল হইল, আজ আপনিই হরি আমার গৃহে আসিয়াছে। হে সখি, আজ আমার জন্ম কৃতার্থ হইল—বদন দেখিয়া, অধর-মধু পান করিয়া হরি আমাকে আলিঙ্গন করিল, আনন্দে পীন পয়োধর স্পর্শ করিল, হাত দিয়া নীবিবন্ধ খুলিয়া দিল, পুলকে আমার দেহ পূর্ণ হইল; মদন আনন্দে সুললিত গান গাহিয়া উঠিল। বিদ্যাপতি বলিতেছেন, হে ধনি, তুমি পুণ্যবতী এবং সর্ব্বগুণে গুণবতী।

৩৩

শরদক চান্দ সরিশ তোর মুখ রে।
ছাড়ল বিরহ আঁধারক দুখ রে॥ ১॥
অমিল মিলল অছ সুদৃঢ় সমাজ রে।
পূরবক পুণ্য পরিণত ভেল আজ রে॥ ২॥
হেরি ওলো সুন্দরি শুনহ বচন মোর রে।
পরিহর লাজ সুলভ মন তোর রে॥ ৩॥
রসবতী মালতি ভাল অবসর রে।
পিবও মধুর মধু ভুখল ভমর রে॥ ৪॥
উপনীত পাহুন ঋতুপতি সাহ রে।
অপনুক অঙ্গিরল কর নিরবাহ রে॥ ৫॥
সুপুরুখে পাওল সুমুখী সুনারী রে।
দৈবে মেরাওল উচিত বিচারি রে॥ ৬॥

৩৪

চিরদিনে সে বিহি ভেল নিরবাদ।
পূরাওল দুহুক মনোভব সাধ॥ ১॥
আওল মাধব রতি-সুখ বাস।
বাঢ়ল রমণীক মনহি উলাস॥ ২॥
সে তনু পরিমলে ভরল দিগন্ত।
অনুভবি মূরছি পড়ল রতিকান্ত॥ ৩॥
ভণই বিদ্যাপতি কুমুদিনী ইন্দু।
উছলল সখীগণ আনন্দ-সিন্ধু॥ ৪॥

৩৫

চিরদিনে সো বিহি ভেল অনুকূল রে।
দুহু মুখ হেরইতে দুহু সে আকুল রে॥ ১॥
বাহু পসারিয়া দু'হুঁ দুহু ধরু রে।
দুহু অধরামৃতে দুহু মুখ ভরু রে॥ ২॥
দুহু তনু কাঁপই মদন উছল রে।
কি কি কি করি কিঙ্কিণী রুচল রে॥ ৩॥
জাতহি স্মিত নব বদনে মিলল রে।
দুহু পুলকাবলি তে লহু লহু রে॥ ৪॥
রসে মাতল দুহু বসন খসল রে।
বিদ্যাপতি কহ রসসিন্ধু উছলল রে॥ ৫॥

৩৬

দুহু দুহুঁ নিরখই নয়নক-কোণে।
দুহু হিয় জর জর মনমথ বাণে॥ ১॥
দুহু তনু পুলকিত ঘন ঘন কম্প।
দুহু কত মদন সাগরে দেই ঝম্প॥ ২॥
দুহু দুহু আরতি পিরীতি নহি টুটে।
দরশন পরশে কতই সুখ উঠে॥ ৩॥

৩৭

সেই পিয়া গুণ কহি ন যায়।
দারিদ হেম জনি তিল এক ন ছোড়য়
রভসে রজনী গমায়। ১।

সে মোর শ্রমজল আঁচরে পোছয়ে
দেই বসনক বায়।
মৃণাল চম্পকদাম সম তনু
হিয়া বিনু শেয ন ছোয়ায়॥ ২॥
চিবুক কর গহি সঘন নিরখয়
মুখ ভরি তাম্বূল খাওয়ায়।
বৃন্দাবন ভরি রসক বাদর
কবিশেখর রস গায়॥ ৩॥

৩৮

মাধব-রজনী পুনু কতয়ে আউতি
সজনী শীতল ওরে চন্দা।
বড়ে পুণ্যে মিলিত গোবিন্দ না রে কি॥ ১॥
মুখশশী হেরি অধর অমিয় কত বেরি
আনন্দে ওরে পিবই মুহ লয়ে
মদন জীয়াবই না রে কি॥ ২॥
হরি দেল হরবা অলখিত রতন পবরবা
জীব লায়েরে ধরবা নিধন নাঞী
নিধানে না রে কি॥ ৩॥
কবি বিদ্যাপতি গাবই বড়ে পুণে পুণমত পাবই
মানস পূরলা সকল কলুখ বিহি হরলা
না রে কি॥ ৪॥

৩৯

যও হাম জনিতহু তনি তহ
উপজত মদন বেয়াধি।
বাহু ফাঁস লয় ফসিতহু
হসিতহু অভিমত সাধি॥ ১॥
সুমুখী ভইয়ে হসি হেরিতহু
ফেরিতহু সখি তনু খেদ।
মনসিজ শর নহি সজিতহু
রহিতহু হমে নিরভেদ॥ ২॥
পরসনি ভই রতি সহিতহু
বজিতহু লাজ নিবারি।
করি পরিরম্ভণ গবিতহু
ভরিতহু গুণ অবধারি॥ ৩॥
অবশ সুযশ কয় গুণিতহু
শুনিতহু নহি উপহাস।
মনও নই হরি পরিহরিতহু
করিতহু মন ন উদাস॥ ৪॥
নারী মনোরথ অভিমত
শত শত রহস নিরূপ।
কবি বিদ্যাপতি গাওল
রস বুঝ শিবসিংহ ভূপ॥ ৫॥

৪০

কুন্দল কনক কানাই হমহু কষৌটী তুল।
নিজ হিয় কমল বল্লভ বুঝল বহু মূল॥ ১॥

১। শরদক চান্দ—শরচ্চন্দ্র। সরিশ—সদৃশ। ছাড়ল—ছাড়িল।

২। অমিল—যাহার সহিত মিলন ছিল না।

৩। পরিহর ইত্যাদি—যে লজ্জা তোমার মনে সুলভ, সেই লজ্জা ত্যাগ কর।

৪। ভুখল—ক্ষুধিত। রসবতী মালতী, ভাল অবসর পাইয়াছ, ক্ষুধিত ভ্রমরকে মধুর মধু পান করাও।

৫। ঋতুপতির (বসন্ত) সহিত অতিথি (মাধব) উপনীত হইয়াছে, এখন আপনার অঙ্গীকার পালন কর। ৬। মেরায়ল—মিলাইল।

১। চিরদিনে—অনেক দিনের পর। নিরবাধ—নির্ব্বাধ, বাধাশূন্য। পূরাওল—পূর্ণ করিল।

২। উলাস—উল্লাস।

৪। চন্দ্রদর্শনে কুমুদিনী যেমন আনন্দিত হয়, সখীগণেরও সেইরূপ আনন্দ-সিন্ধু উথলিয়া উঠিল।

বহু দিন পরে আজ বিধি অনুকূল হইয়াছে। পরস্পরের মুখ দেখিয়া দুই জনই আকুল হইয়া বাহু প্রসারণ করতঃ উভয়কে ধরিল অর্থাৎ আলিঙ্গন করিল। দুইজনের অধরামৃতে দুইজনেরই মুখ ভরিয়া গেল। উভয়ের দেহ কাঁপাইয়া মদন উথলিয়া উঠিল। কি কি কি করিয়া কিঙ্কিণী বাজিয়া উঠিল। নব স্মিত হাস্য মুখে উঠিয়াই আবার মুখে বিলীন হইল এবং লঘু লঘু পুলকাবলীতে দেহ পূর্ণ হইল। রসে মাতিয়া উভয়ের বসন খসিয়া পড়িল। বিদ্যাপতি বলিতেছেন, রস-সিন্ধু উথলিয়া উঠিয়াছে।

১। নিরখই—দেখে।

৩। আরতি—আর্ত্তি।

১। কহি—বর্ণনা। দারিদ—দরিদ্র। রভসে—আনন্দে।

২। পোছয়ে—মুছাইয়া দেয়। সে আমার শ্রমজল আঁচল দিয়া মুছাইয়া দেয়, কাপড় দিয়া বাতাস করে; মৃণাল ও চম্পকদামসম আমার দেহ হৃদয় ব্যতীত অন্যত্র ছোয়ায় না অর্থাৎ আমাকে সর্ব্বদা বুকে করিয়া রাখে।

৩। রসক বাদর—রসের বর্ষা অর্থাৎ যে বর্ষায় রস বর্ষিত হয়।

১। না রে কি—নহে কি?

২। মাধব-রজনী—বৈশাখ মাসের রাত্রি; পক্ষান্তরে মাধবের সহিত অতিবাহিত রাত্রি। কতয়ে—কবে। আউতি—আসিবে।

২। জীয়াবই—বাঁচিবে।

৩। হরবা—হার। পবরবা—প্রবাল। ধরবা—রাখা। নাঞী—ন্যায়।

৪। কলুখ—কলুষ। হরলা—হরণ করিল।

১। যও—যদি। তনি—তিনি, মাধব। তহ—হইতে। উপজত উপজিবে। ফাঁস—পাশ। ফসিতহু—ফাঁসাইতাম, বাঁধাইতাম। হসিতহু—হাসিতাম।

২। সুমুখী—সম্মুখে ফিরিয়া। হেরিতহু—দেখিতাম। ফেরিতহু—ফিরাইতাম। তনু খেদ—দেহের যাতনা। নিরভেদ—নির্ভেদ, ভেদরহিত।

৩। পরসনি—প্রসন্না। বজিতহু—কথা কহিতাম। গবিতহু—গান করিতাম। ভরিতহু—ধারণ করিতাম।

৪। গুণিতহু—গণনা করিতাম। পরিহরিতহু—পরিহার করিতাম।

১। কুন্দল কনক—কুঁদা সোনা, পালিশ করা সোনা। কষৌটী—কষ্টিপাথর। তুল—তুল্য। বুঝল—বুঝিলাম। মূল—মূল্য।

এ সখি সুপহু সমাগম সুখ কহনি ন যায়ে।
মনে করি মনাও ন ছাড়িয় রাখিয় হিয় লায়ে॥ ২॥
পূরব গৌরী হমে পূজলি পুণ্যে পরিণত নেহ।
জীব এক করি মানল কি জঞো দুই দেহ॥ ৩॥
লছমীনারায়ণ নৃপ কহ তোঁহে গুণবতী নারি।
যা সঞো নেহ বঢ়াবহ সেহে দেব মুরারি॥ ৪॥

৪১

কে মোরা যায়েত দূরহুক দূর।
সহস সৌতিনী বস মধুরপুর॥ ১॥
আপনহি হাত চললি অছ নিধি।
যুগ দশ জপল আজি ভেলি সিধি॥ ২॥
ভাল ভেল মাই হে কুদিবস গেল।
চান্দ কুমুদ দুহু দরশন ভেল॥ ৩॥
কতয়ে দমোদর দেব বনমারি।
কতয়ে কহমে ধনী গোপ গোয়ারী॥ ৪॥
আজি অকামিক দুই দিঠি মেলি।
দেব দাহিন ভেল হৃদয় উবেলি॥ ৫॥
ভণই বিদ্যাপতি শুন বরনারি।
কুদিবস রহয়ে দিবস দুই চারি॥ ৬॥

৪২

মাধব কত তোর করব বড়াই।
উপমা তোহার হাম ককরা কহব
কহি তঁহু অধিক লজাই॥ ১॥
জোঁ শ্রীখণ্ড সৌরভ অতি দুল্লভ
তৌ পুন কাঠ কঠোর।
জো জগদীশ নিশাকর তৌ পুন
একহি পক্ষ উজোর॥ ২॥
মণি সমান অওরো নহি দোসর
তনিকঁহু পাথর নামে।
কনক কদলী ছোট লজ্জিত ভৈ রহু
কি কহু ঠামহি ঠামে॥ ৩॥
তোহার সরিশ এক তোহ মাধব
মন হোই অনুমানে।
সজ্জন জন সৌ নেহ কঠিন থিক
কবি বিদ্যাপতি ভাণে॥ ৪॥

৪৩

শুনু রসিয়া।
আব নই বাজাও বিপিনে বংশিয়া॥ ১॥
বার বার চরণারবিন্দ গহি
সদা রহব বনি দাসিয়া।
কি ছলিহুঁ কি হোয়ব সে কে জানে
বৃথা হোয়ত কুল হাসিয়া॥ ২॥
অনুভব ঐসন মদন ভুজঙ্গম
হৃদয় হামার গেল দংশিয়া।
নন্দনন্দন তুয় শরণ ন ত্যাগব
বরু জনু মঝু দুরযশিয়া॥ ৩॥
বিদ্যাপতি কহ শুনু বনিতামণি
তোরে মুখে জিতল শশিয়া।
ধন্য ধন্য তোর ভাগ গোয়ালিনি
হরি ভজু হৃদয় উলসিয়া॥ ৪॥

২। কহনি ন যায়—বলা যায় না। মনাও—মন হইতে। হিয় লায়ে—হৃদয়ে লাগাইয়া, হৃদয়ের মধ্যে।

৩। পূরব—পূর্ব্বে। আমাদের দেহ যদিও দুই, তথাপি প্রাণ যে এক, ইহা মানি।

১। সহস—সহস্র। সৌতিনী—সতিনী।

২। চললি অছ—চলিয়া গিয়াছিল। সিধি—সিদ্ধি।

৪। কতয়ে—কোথায়। কহমে—আমি কহি। উবেলি—উদ্বেলিত। ৫। দাহিন—প্রসন্ন।

১। বড়াই—প্রশংসা। ককরা—কাহাকে। কহিতহু—কহিতেও।

২। জোঁ—যদিও। শ্রীখণ্ড—চন্দনকাঠ। তৌ—সেই।

২। উজোর—উজ্জ্বল।

৩। তনিকহু—তাহারও। ভৈ রহু—হইয়া থাকে। ঠামহি ঠামে—আপনার স্থানে।

১। রসিয়া—রসিক। আব—এখন।

২। গহি—গ্রহণ করিয়া। বনি—বনিয়া, হইয়া। দাসিয়া—দাসী। ছলিহুঁ—ছিলাম। কুল হাসিয়া—কুলের হাসি, সাধারণের উপহাস।

৩। দংশিয়া—দংশন করিয়া। বরু—হয়। জনু—না। দুরযশিয়া—দুর্যশ, অপযশ।

৪। জিতল—জয় করিল। শশিয়া—চন্দ্র। ভাগ—ভাগ্য। উলসিয়া—উল্লাসে।

হে রসিক, শুন। এখন আর বনে বসিয়া বাঁশী বাজাইও না। বার বার তোমার চরণারবিন্দ গ্রহণ করিয়া তোমারই দাসী হইয়া থাকিব। কি ছিলাম—কি হইব, তাহা কে জানে! বৃথা কুলের উপহাসভাজন হইলাম। আমার মনে হয় যে, মদন-ভুজঙ্গম আমার হৃদয়ে দংশন করিয়া গিয়াছে। হে নন্দনন্দন, আমি তোমার শরণ ত্যাগ করিব না, কিন্তু দেখ' যেন তোমার অপযশ না হয়। বিদ্যাপতি বলিতেছেন, হে বনিতামণি, তোমার মুখ চন্দ্রকে জয় করিয়াছে। ধন্য ধন্য তোমার ভাগ্য; গোয়ালিনি, হৃদয়োল্লাসে হরিকে ভজনা কর।

আত্মনিবেদন

১

যতনে যতেক ধন পাপে বটারলো
মেলি মেলি পরিজন খায়।
মরণক বেরি কোই না পুছই
করম সঙ্গে চলি যায়॥ ১॥
এ হরি বন্দে তুয় পদ-নায়।
তুয়া পদ পরিহরি পাপ পয়োনিধি
পার হোয়ব কোন উপায়॥ ২॥
যাবত জনম হাম তুয়া পদ না সেবিনু
যুবতী মতি হাম মেলি।
অমৃত তেজি কিয়ে হলাহল পিয়নু
সম্পদে বিপদহি ভেলি॥ ৩॥
ভণহ বিদ্যাপতি লেহ মনে গুণি
কহিলে কি বাঢ়ব কাজে।
সাঁঝক বেরি সেব কোই মাগই
হেরইতে তুয়া পদ লাজে॥ ৪॥

২

তাতল সৈকতে বারিবিন্দু সম
সুত মিত রমনী-সমাজে।
তোহে বিসরি মন তাহে সমপিনু
অব মঝু হব কোন কাজে॥ ১॥
মাধব হাম পরিণাম নিরাশা।
তুহু জগতারণ দীন দয়াময়
অতয়ে তোহারি বিশোয়াসা॥ ২॥
আধ জনম হাম নিন্দে গোঙায়নু
জরা শিশু কত দিন গেলা।
নিধুবনে রমণী- রস সঙ্গে মাতনু
তোহে ভজব কোন বেলা॥ ৩॥
কত চতুরানন মরি মরি যাওত
না তুয়া আদি অবসানা।
তোহে জনমি পুনঃ তোহে সমাওত
সাগর লহরী সমানা॥ ৪॥
ভণয়ে বিদ্যাপতি শেষ শমন ভয়ে
তুয়া বিনু গতি নাহি আরা।
আদি অনাদিক নাথ কহায়সি
অব তারণ ভার তোহারা॥ ৫॥

৩

মাধব বহুত মিনতি করি তোয়।
দেই তুলসী তিল দেহ সমপিনু
দয়া জানি ছোড়বি মোয়॥ ১॥
গণইতে দোষ গুণ-লেশ না পাওবি
যব তুহুঁ করবি বিচার।
তুহুঁ জগন্নাথ জগতে কহায়সি
জগবাহির নহি মুঞি ছার॥ ২॥

১। পাপে বটারলো—পাপকর্ম্ম করিয়া সঞ্চয় করিয়াছি। ২। পদ নায়—পদরূপ নৌকা।

৩। মেলি—ডুবাইলাম। যুবতীতে আমার মতি ডুবাইলাম ৪। সাঁঝক বেরি—সন্ধ্যার সময়। সেব—সেবা, ভিক্ষা।

এ জীবনে যত ধন পাপ কর্ম্ম করিয়া সঞ্চয় করিলাম, পরিজনরা মিলিয়া তাহা খাইল; কিন্তু মরণের সময় কেহই জিজ্ঞাসা করে না, মাত্র কর্ম্ম সঙ্গে গমন করে। হে হরি, তোমার পদরূপ নৌকাকে বন্দনা করি। তোমার পদারবিন্দ ব্যতীত এই পাপ-সমুদ্র পার হইবার আর অন্য উপায় কি! আমি জীবনভোর তোমার পদসেবা করিলাম না, মাত্র যুবতীতে মতি ডুবাইলাম,—অমৃত ত্যাগ করিয়া হলাহল পান করিলাম—সম্পদ আমার বিপদ হইল। বিদ্যাপতি বলিতেছেন, স্নেহ মনেই গণনা করে, প্রকাশ করিয়া কি কাজ বাড়িবে। সন্ধ্যার সময় কেহ যদি ভিক্ষা (অন্ন) প্রার্থনা করে, তাহাতে গৃহস্থ যেমন লজ্জিত হয়, আমিও তদ্রূপ এই মরণসময়ে তোমার চরণপদ্ম দেখিতে (ভাবিতে) লজ্জিত হইতেছি।

২। তুমি যখন বিচার করিবে, তখন আমার দোষই গণনা করিবে, লেশমাত্র গুণ তুমি পাইবে না। জগতের লোক তোমাকে জগন্নাথ কহিয়া থাকে, ছার আমি ত জগৎ-ছাড়া নই!

কিয়ে মানুষ পশু পাখী যে জনমিয়ে
অথবা কীট পতঙ্গে।
করম-বিপাকে গতাগতি পুনঃ পুনঃ
মতি রহু তুয়া পদসঙ্গে ॥ ৩ ॥
ভণয়ে বিদ্যাপতি অতিশয় কাতর
তরইতে ইহ ভবসিন্ধু।
তুয়া পদ-পল্লব করি অবলম্বন
তিল এক দেহ দীনবন্ধু ॥ ৪ ॥

৪

ক্ষেত কয়ল রখবারে লুটল ঠাকুর সেবা ভোর।
বাণিজ্য কয়ল লাভ নহি পাওল
অলপ নিকট ভেল থোর ॥ ১ ॥
রাম-ধন বণিজহু বেজ আছে লাভ অনেক ॥ ২ ॥
মোতি মঞ্জিঠ কনক হমে বণিজল
পোষল মনমথ চোর।
জোখি পরেখি মনহি হাম নিরশল
ধন্ধ লাগল মন মোর ॥ ৩ ॥
ই সংসার হাট করি মানহ সবেও বণিক বণিজার।
যে যস বণিজয়ে লাভ তস পাবয়ে
সুপুরুষ মরহি গমার ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ শুনহ মহাজন
রাম-ভকতি আছে লাভ ॥ ৫ ।

১। রখবারে—রক্ষকরা। ভোর—ভুলিয়া।
২। বণিজহু—বাণিজ্যের। বেজ—ব্যাজ, সুদ।
৩। মঞ্জিঠ—মঞ্জিষ্ঠা। জোখি—গণিয়া। নিরশল—নিরাশ করিলাম।
৪। বণিজার—বিক্রেয় বস্তু। যস—যেমন। তস—তেমন। গমার—মূর্খ।

ক্ষেত প্রস্তুত করিলাম কিন্তু দেবসেবা ভুলিয়া রক্ষকরা তাহা লুটিয়া লইল। ব্যবসা করিলাম, লাভ হইল না, অল্প যাহা মূলধন ছিল, তাহাও কমিল। রাম-ধনের ব্যবসায় সুদ ও লাভ অনেক আছে। মুক্তা, মুঞ্জিষ্ঠা ও সুবর্ণের ব্যবসা করিয়া মাত্র মন্মথ চোরকে পোষণ করিলাম। গণনা ও পরীক্ষা করিয়া আমি নিরাশ হইলাম, আমার মনে সংশয় উপস্থিত হইল। এই সংসার হাটের মত মনে করিবে, সবাই বণিক ও বিক্রেয় বস্তু।

৫

বয়স কতয়ে তেজি গেলা।
তোঁহ সেবইতে জনম বহল
তইঅও ন আপন ভেলা ॥ ১ ॥
শৈশব দশা চাহি খোয়াওল হে মধুর মায়েক খীর।
দুই শিরীফল ছায়ায় সোয়ায়ল হে
কোমল কাঁচ শরীর ॥ ২ ॥
দাঁত ঝরি মুখ থোথড় ভই গেল
ঝরি গেল সবে দাপ।
তিন ভুবন বইসল দেখিয় জনি কচুমায়ল সাপ ॥ ৩ ॥
আঁখি মলামলি দূর ন দেখিয়ে বনে ফুটি গেল কাশ।
দুয়ও ধরাধর ধরি নিরোধিয় তার উপর উকাস ॥ ৪ ॥

যে যেমন ব্যবসা করে, সে সেইরূপ লাভ পায় (অর্থাৎ ইহজগতে সৎকর্ম্ম করিলেই পুণ্য এবং অসৎ কর্ম্ম করিলেই পাপ মাত্র লাভ করিয়া থাকে।) সুপুরুষ অর্থাৎ চতুর ব্যক্তি সাফল্য লাভ করে এবং মূর্খ মরে। বিদ্যাপতি বলিতেছেন, হে মহাজন, শুন, রামচন্দ্রে ভক্তি করিলে লাভ আছে।

২। খোয়ায়ল—খাওয়াইলে। মায়েক—মাতার। খীর—দুগ্ধ। শিরীফল—শ্রীফল সদৃশ কুচ। শোয়ায়ল—শয়ন করাইলে।
৩। থোথড়—ফোকলা। ঝরি—ঝরিয়া। দাপ—দর্প। কচুমায়ল—কঞ্চুকিত।
৪। মলামলি—জ্যোতিহীন। কাশ—কাশ-কুসুম। উকাস—উৎকট কাসরোগ।

হে বয়স, তুমি আমাকে ত্যাগ করিয়া কোথায় চলিয়া গেলে! তোমারই সেবার জন্য জীবন বহিয়া গেল, তথাপি তুমি আপনার হইলে না। বাল্যকালে তুমি মধুর মাতৃদুগ্ধ পান করাইলে, যৌবনে দুই শ্রীফল তুল্য পয়োধরের ছায়ায় এই কোমল কাঁচা শরীরকে শয়ন করাইলে। এখন বৃদ্ধ বয়সে দাঁত পড়িয়া গিয়াছে, ফোকলা হইয়াছি—সমস্ত দর্প চূর্ণ হইয়াছে, কঞ্চুকিত সর্প যেমন হীনবীর্য্য হইয়া পড়ে, সেইরূপ ত্রিভুবন দেখিতেছি। নয়ন জ্যোতিহীন, দূরের বস্তু দেখিতে পাই না; বনে কাশ পুষ্প ফুটিয়াছে অর্থাৎ মাথার চুল সাদা হইয়াছে। দুই হাতে মাটী ধরিয়া তবে উঠিতে পারি, আবার তাহার উপর উৎকট কাস রোগ।

উপসংহার

হরগৌরী

১

বিদিতা দেবি বিদিতা হো
অবিরলকেশ শোভন্তী।
একানেক সহসকো ধারিণী
অরিরঙ্গ পূরণন্তী ॥ ১ ॥
কজ্জলরূপে তুয় কালী কহিয়ও
উজ্জলরূপে তুয় বাণী।
রবিমণ্ডলে পরচণ্ডা কহিয়ে
গঙ্গা কহিয়ে পানি ॥ ২ ॥
ব্রহ্ম-ঘর ব্রহ্মাণী কহিয়ে
হর-ঘর কহিয়ে গৌরী।
নারায়ণ-ঘর কমলা কহিয়ে
কে জান উতপতি তোরি ॥ ৩ ॥
বিদ্যাপতি কবিবর এহো গাওল
যাচক জনকে গতি।
হাসিনী দেবী পতি গরুড়নারায়ণ
দেবসিংহ নরপতি ॥ ৪ ॥

১। বিদিতা—প্রকাশমানা, জ্ঞাতা। হো—হও। শোভন্তী—শোভমানা। অরিরঙ্গ—শত্রুর যুদ্ধ কামনা। একানেক—একাই অনেক। পূরণন্তী—পূর্ণকারিণী, পূর্ণ কর।
২। পরচণ্ডা—প্রচণ্ডা।
৩। উতপতি—উৎপত্তি।

হে অবিরলকেশশোভিনি দেবি, তুমি বিদিতা (প্রকাশমানা) হও—বিদিতা হও। তুমি একাই অনেক সহস্র রূপ ধারণ করিয়া শত্রুর যুদ্ধকামনা পূর্ণ কর। কালো রূপে তোমাকে কালী, উজ্জ্বল (শুভ্রবর্ণ) রূপে তোমাকে সরস্বতী বলিয়া থাকে। রবিমণ্ডলে প্রচণ্ডা, জলরূপে তোমাকে গঙ্গা কহিয়া থাকে। ব্রহ্মাগৃহে ব্রহ্মাণী—শিবগৃহে গৌরী, নারায়ণগৃহে তোমাকে কমলা বলিয়া থাকে। কে তোমার উৎপত্তি জানে!

২

জয় জয় ভৈরবি অসুর-ভয়াউনি
পশুপতি-ভাবিনি মায়া।
সহজ সুমতি বর দিয়ও গোসাঁমিনি
অনুগতি গতি তুয় পায়া ॥ ১ ॥
বাসর রজনী শবাসন-শোভিত
চরণ চন্দ্রমণি চূড়া।
কতওক দৈত্য মারি মুখ মেলল
কতও উগিল কৈলে কূড়া ॥ ২ ॥
শামর বরণ নয়ন অনুরঞ্জিত
জলদ যোগ ফুল কোকা।
কট কট বিকট ওঠ ফুট পাটলী
রুধির ফেন উঠ ফোকা ॥ ৩ ॥
ঘন ঘন ঘনয় ঘুঙ্ঘুর কত বাজয়
হন হন কর তুয় কাতা।
বিদ্যাপতি কবি তুয় পদ-সেবক
পুত্রে বিসরু জনু মাতা ॥ ৪ ॥

৩

জয় জয় ভগবতি জয় মহামায়া।
ত্রিপুরসুন্দরি দেবি করু দয়া ॥ ১ ॥
দালিম কুসুম সম তুয় তনু ছবি।
তখনে উদিত ভেল জনি রবি ॥ ২ ॥

কবিবর বিদ্যাপতি গাহিতেছেন, হে মা, তুমি যাচকগণের একমাত্র গতি।

১। ভয়াউনি—ভয়জনক।
২। কতওক—কত। মেলল—নিক্ষেপ করিল। উগিল—উদগীরণ করিয়া। কূড়া—কুলা, কুলকুচা, মুখ প্রক্ষালণ করা।
৩। কোকা—কোকনদ। ওঠপুট—ওষ্ঠ-পুট। পাটলী—পাটলবর্ণ। ফোকা—ফোস্কা, বুদ্বুদ।
৪। কাতা—খড়্গ। বিসর জনু—বিস্মৃত হইও না।

ধনু শর পাশ অঙ্কুশ হাথ।
তেতিশ কোটি দেব নাব মাথ ॥ ৩ ॥
চন্দ্রিম উপমা না পাব।
কাম-রমণী দাসী পদ দাব ॥ ৪ ॥

৪

জয় জয় ভগবতি ভীমা ভবানী।
চারি বেদে অবতরু ব্রহ্মবাদিনী ॥ ১।
হরি হর ব্রহ্মা পুছইত ভ্রমে।
একও ন জান তুয় আদি মরমে ॥ ২ ॥
ভণই বিদ্যাপতি রায় মুকুটমণি।
জীবও রূপনারায়ণ নৃপতি ধরণী ॥ ৩॥

৫

কনক-ভূধর-শিখরবাসিনি
চন্দ্রিকাচয়-চারু-হাসিনি
দশন-কোটিবিকাশ-
বঙ্কিম-তুলিত-চন্দ্র-কলে।
ক্রুদ্ধসুররিপুবলনিপাতিনি
মহিষ-শুম্ভনিশুম্ভঘাতিনি
ভীতভক্ত-ভয়াপনোদন-
পাটল-প্রবলে ॥ ১ ॥
জয় দেবি দুর্গে দুরিতহারিণি
দুর্গমারি-বিমর্দ্দকারিণি
ভক্তিনম্র সুরাসুরাধিপ-
মঙ্গলায়তরে।
গগনমণ্ডল-গর্ভগাহিনি
সমরভূমিষু সিংহবাসিনি
পরশু-পাশ কৃপাণশায়ক-
শঙ্খচক্রধরে ॥ ২ ॥
অষ্ট-ভৈরবীসঙ্গশালিনি
সুকরকৃত্তকপালকদম্বমালিনি
দনুজশোণিত-পিশিতবর্দ্ধিত-
পারণারভসে।
সংসারবন্ধনিদানমোচিনি
চন্দ্রভানুকৃশানু-লোচিনি
যোগিনীগণ-গীত-শোভিত-
নৃত্যভূমিরসে ॥ ৩ ॥
জগতি পালন-জনন মারণ-
রূপকার্য্যসহস্র-কারণ-
হরিবিরিঞ্চি-মহেশ-শেখর
চুম্ব্যমানপদে।
সকল পাপকলা পরিচ্যুতি
সুকবি বিদ্যাপতি কৃত স্তুতি
তোষিতে শিবসিংহ ভূপতি
কামনা ফলদে ॥ ৪ ॥

৬

ভাল হর ভাল হরি ভাল তুয় কলা।
খণে পীতবসন খণহি বাঘছলা ॥ ১ ॥
খণে পঞ্চানন খণে ভুজ চারি।
খণে শঙ্কর খণে দেব মুরারি ॥ ২ ॥
খণে গোকুল ভই চরাইয় গায়ে।
খণে ভিখি মাঁগিয় ডমরু বজায়ে ॥ ৩ ॥
খণে গোবিন্দ ভই লিহ মহাদান।
খণহি ভসমে ভরু কাঁখ বোকান ॥ ৪ ॥
এক শরীর লেল দুই বাস।
খণে বৈকুণ্ঠ খণহি কৈলাস ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি বিপরীত বাণী।
ও নারায়ণ ও শূলপাণি ॥ ৬ ॥

৭

জয় জয় শঙ্কর জয় ত্রিপুরারি।
জয় আধ পুরুষ জয় আধ নারী ॥ ১ ॥
আধ ধবল আধ তনু গোরা।
আধ সহজ কুচ আধ কটোরা ॥ ২ ॥
আধ হাড়মালা আধ গজমোতি।
আধ চন্দন শোভে আধ বিভূতি ॥ ৩ ॥
আধ চেতন মতি আধ ভোরা।
আধ পটোর আধ মুজ ডোরা ॥ ৪ ॥
আধ যোগ আধ ভোগ বিলাসা।
আধ পিধান আধ নগবাসা ॥ ৫ ॥

৩। নাব—নত।
৪। কাম-রমণী—রতি। দাব—দাও।
১। অবতরু—অবতীর্ণ হইয়াছ।
২। পুছইত—জিজ্ঞাসা করিয়া। ভ্রমে—ভ্রমণ করে, বেড়ায়। একও—একজনও। মরমে—মর্ম্মে।

১। তুয়—তোমার। কলা—লীলা।
৪। কাঁখ—কাঁধের। বোখান—ঝুলি।

আধ চান্দ আধ সিন্দূর শোভা।
আধ বিরূপ আধ জগ-লোভা ॥ ৬ ॥
ভণে কবিরঞ্জন বিধাতা জানে।
দুই করি বাটল এক পরাণে ॥ ৭ ॥

৮

এতয়ে কতয়ে আয়ল যতি গৌরী আছে তপে।
রাজার কুমারী বেটী ডরিবে দেখি সাপে ॥ ১ ॥
তোড়ব মোঞে জটাজূট ফোড়ব বোকানে।
হটল ন মানো যতি হোয়ত অপমানে ॥ ২ ॥
তিন নয়ন হর বিষম জর দহনু।
উমা মোরি নবুমি হেরহ জনু ॥ ৩॥
ভণই বিদ্যাপতি শুন জগমাতা।
ও নহি উমত ত্রিভুবন-দাতা ॥ ৪ ॥

৯

পাহুন আয়ল ভবানী বাগছাল
বইসয়ে দিয় আনি ॥ ১ ॥
বৃষহ চড়ল বুঢ় আবে।
ধুথুর গজায়ে ভোজন তনি ভাবে ॥ ২ ॥
ভসম বিলেপিত আঙ্গে।
জটা বসথি শির সুরসরি গাঙ্গে ॥ ৩ ॥
হাড়মাল ফণিমাল শোভে।
ডমরু বজাব হর যুবতীক লোভে ॥ ৪ ॥
বিদ্যাপতি কবি ভাণে।
ও নহি বুঢ়বা জগত কিষাণে ॥ ৫ ॥

১০

এ মা কহয়ে মোঞে পুছো তোহি।
ওহি তপোবন তপসী ভেটল
কুসুম তোড়য়ে দেল মোহি ॥ ১ ॥
আঁজাল ভরি কুসুম তোড়ল
যে যত আছল যাঁ হা।
তিন নয়নে খণে মোহি নিহারয়ে
বসইলি রহলি যাঁহা ॥ ২ ॥
গরা গরল নয়ন অনল
শির শোভইহি শশী।
ডিমি ডিমি করি ডমরু বাজয়ে
এহে আয়ল তপসী ॥ ৩ ॥
শির সুরসার ভ্রম কপালা
হাথ কমণ্ডলু গোটা।
বৃষহ চড়ল আয়ল দিগম্বর
বিভূতি কয়ল ফোঁটা ॥
ভণ বিদ্যাপতি স্বামিক নিন্দা
না কর গৌরী মাতা।
তোহার স্বামী জগত ঈশ্বর
ভুকুতি-মুকুতিদাতা ॥ ৫ ॥

১১

আজ অকামিক আয়ল ভেখধারী।
ভিখি ভুগুতি লয়ে চললি কুমারী ॥ ১ ॥
ভিখিয়া ন লেই বঢ়াবয় রিখি।
বদন নিহারয়ে বিহুসি হসি ॥ ২ ॥
এহি ঠাম সখী সঙ্গে নিকহি অছলি।
ওহি যোগিয়া দেখি মুরুছি পড়লি ॥ ৩ ॥
দূর কর গুণপণ অরে ভেখধারী।
কাঁ দিঠি অওলয়ে রাজকুমারী ॥ ৪ ॥

৫। উমত—উন্মত্ত।
কোথা হইতে এ যতি আসিল, গৌরী যে এখানে তপস্যায় নিযুক্ত আছে। কুমারী রাজার কন্যা, সাপ দেখিয়া ভয় পাইবে। আমি তোমার জটাজূট ও ভিক্ষার ঝুলি ছিঁড়িয়া দিব। যতি, তুমি যদি না হটিয়া (চলিয়া) যাও, তাহা হইলে অপমানিত হইবে। হে হর, তোমার ত্রিনয়ন হইতে বিষম অগ্নিজ্বালা দহন করিতেছে, উমা আমার নবনীত কোমল, যেন উহাকে দেখিও না। বিদ্যাপতি বলিতেছেন, শুন জগন্মাতা (মেনকা), উনি উন্মত্ত নহেন পরন্তু ত্রিভুবনদাতা।
১। পাহুন—অতিথি। বইসয়ে—বসিবার জন্য।
২। চড়ল—চড়িয়া। ধুথুর—ধুতুরা। গজায়ে—গাঁজা।

১। কহয়ে—কহ, বল। মোঞে—আমি। তোহি—তোমাকে। তোড়য়ে—ছিঁড়িয়া।
২। আঁজলি—অঞ্জলি।
৩। গরা—গলায়। শোভইহি—শোভা পাইতেছে।
১। ভুগুতি—উপযোগী। ভিখি—ভিক্ষা।
২। রিখি—রাগ।
৪। কাঁ—কেন। দিঠি অওলহে—দৃষ্টি দিতে আসিলে।

কেও বোল দেখয়ে দেহে অম্বু কাহু।
কেও বোল ওঝা আনি চাহু ॥ ৫ ॥
কেও বোল যোগী আহি দেহে দহ আনি।
তনি কি অভয় বরু জীবও ভবানী ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি অভিমত সেবা।
চন্দল দেবীপতি বৈজল দেবা ॥ ৭ ॥

১২

যোগিয়া মন ভাবই হে মনাইনি।
আয়ল বৃষহু চঢ়ি বিভূতি লগায়ে হে।
মন মোর হরলনি ডমরু বাজায়ে হে ॥ ১ ॥
সুন্দর গাত অজর পতি সে নাহে।
চিত সোঁ নই ছুটথি জানথি কিছু মন্ত্র হে ॥২ ॥
তিন নয়ন এক অগনিক জ্বালা হে।
ভাল তিলক চান ফটিকক মালা হে ॥ ৩ ॥
ওহ সিংহেশ্বর নাথ থিক মোর পতি হে।
বিদ্যাপতি কহ মোর গৌরীহর গতি হে ॥৪॥

১৩

অগে মাই এমন উমত বর লইলা
হেমত গিরি দেখি দেখি লগইছ রঙ্গ
এহন উমত বুঢ় ঘোড়বো ন চঢ়ইক
যাহি ঘোড় রঙ্গ রঙ্গ জঙ্গ ॥ ১ ॥
বাঘছাল যে বৃষহা পলানল
সাপক লাগলে তঙ্গ।
ডিমিকি ডিমিকি যে ডমরু বজইন
খটর খটর করু অঙ্গ ॥ ২ ॥
ভকর ভকর যে ভাঙ্গ ভকোসথি
ছটর পটর কর বঙ্গ।
চানন সোঁ অনুরাগ ন থিকইন
ভসম চঢ়াবথি অঙ্গ ॥ ৩ ॥
ভূত পিশাচ অনেক দল সিরিজল
সির সোঁ বহি গেল গঙ্গ।
ভণই বিদ্যাপতি শুনিয়ে মনাইনি
থিকাহ দিগম্বর ভঙ্গ ॥ ৪ ॥

১৪

ঘর ঘর ভরমি জনম নিত
তনিকা কেমন বিবাহ।
সে অব করব গৌরী বর
ই হোয় কতয় নিরবাহ ॥ ১ ॥
কতয় ভবন কত আঙ্গন
বাপ কতয় কত মায়।
কতহু ঠহোর নহি ঠেহর
কে কর এহন জমায় ॥ ২ ॥
কোন কয়ল এহো অসুজন
কেও ন ইনিক পরিবার।
যে কয়ল ইনিক নিবন্ধন
ধিক থিক সে পাজরার ॥ ৩ ॥
কুল পরিবার একো নহি যনিকা
পরিজন ভূত বৈতাল।

১। ভাবই—মোহিত করে। মনাইনি—মেনকা।
২। গাত—গাত্র। অজর—জরাশূন্য, দেবতা।
৩। অগনিক—আগুনের।

১। অগে মাই—মা—গো! উমত—উন্মত্ত। লইলা—লইয়া আসিল। হেমত গিরি—হেমন্ত গিরি অর্থাৎ হিমালয়। রঙ্গ—হাসি। ঘোড়বো—ঘোড়া। চঢ়ইক—চড়িবার। যাহি—যে স্থানে। রঙ্গ রঙ্গ—হরেক রকম। জঙ্গ—বহুতর।
২। বৃষহা—বৃষের। পলানল—জিন করিয়াছে। সাপক—সাপের। লগলে—লাগাইল। তঙ্গ—জিন আঁটিবার ফিতা। বজইন—বাজান। খটর খটর—খট্ খট্ শব্দ। করু—করে।
৩। ভকর ভকর—ঢক্ ঢক্ করিয়া খাইবার শব্দ। ভকোসথি—খাইয়া ফেলেন। ছটর পটর—হাড়সমূহের শব্দ। বঙ্গ—পঞ্জর। থিকইন—আছে। চঢ়াবথি—চড়ায়, মাথায়। চানন—চন্দন। সোঁ—সহিত।
৪। শির সো—মস্তক হইতে। মনাইনি—মেনকা। থিকহ—হয়েন। ভঙ্গ—ভগ্না।

১। ভরমি—ভ্রমণ করিয়া। নিত—নিত্য। তনিকা—তাঁহার। নিরবাহ—নির্ব্বাহ, সম্ভব।
২। ঠহোর—স্থান। ঠেহর—বিশ্রামস্থান, আলয়। জমায়—জামাই।
৩। অসুজন—অ-সুজন, যে সুজন নহে। ইনিক—ইঁহার। নিবন্ধন—নিবন্ধ অর্থাৎ বিবাহ। পজিয়ার—ঘটক।
৪। যনিকা—যাঁহার।

দেখি দেখি ঝুর হোয় তনু
কে সহয় হৃদয়ক শাল ॥ ৪ ॥
বিদ্যাপতি কহ সুন্দরি
ধৈরয মন অবগাহ।
যে আছে যনিক বিবাহিনী
তনিকা সেহ পয় নাহ ॥ ৫ ॥

১৫

মঙ্গল বিলুবিয় সিন্দূর পিঠারে।
তোঁহে ভাল সোপলি সাজলি ছারে ॥ ১ ॥
চলহ চল হর পলটি দিগম্বর।
হমরি গোসাঞুনি তোহ ন যোগ্য বর ॥ ২ ॥
হর চহ গুরু গৌরবে গোরী।
কি করক তবে জপমালা তোরি ॥ ৩ ॥
নয়নে নিহারব সম্ভ্রম লাগি।
হিমগিরি কন্যা সহব কইসে আগি ॥ ৪ ॥
ভালে চন্দ্র নয়নানল রাশি।
ঝরকত মউল ডাঢ়তি পটবাসী ॥ ৫ ॥
বড় সুখে শাশু চুমওবাহ মাথা।
ওঠ বুড়ত সুরসরিকে সথা ॥ ৬ ॥
করব সখীজনে কেলি আলাপে।
বিলগ হোয়ত ফুফুয়ায়ত সাপে ॥ ৭ ॥
বিদ্যাপতি ভণ বুঝহ যুকুতি।
মেলি করাউবি হমে শিব শকতি ॥ ৮ ॥

১৬

জটাজুট দশ দিশ দএ হমু নমায়ে।
বৃষহ চঢ়ল উপগত ভেল আয়ে ॥ ১ ॥
দূর সঞো মনায়িনি হলিয় পুছায়ে।
কে বরিয়াতী কে ইথি জমায়ে ॥ ২ ॥
কণ্ঠে আয়ল ছইহি বাসুকি রায়ে।
সেহে বরিয়াতী ঈশ্বর জমায়ে ॥ ৩ ॥
অইসন ঠাকুর হর সম্পতি থোরি।
ভর উঠি আইলিছইহি ভসমক ঝোরি ॥ ৪ ॥
বিধি ন করয়ে হর খেলয়ে পাশা সারি।
সাপক সঙ্গে শিব রচলি ধমারি ॥ ৫ ॥
খিরি ন খায়ে হর চুকাত গজায়ে।
এহন উমত কোনে জোহল জমায়ে ॥ ৬ ॥
ভণই বিদ্যাপতি এহো রস ভান।
ও নাহ উমতা জগত কিষাণ ॥ ৭ ॥

১৭

যখন শঙ্কর গৌরী-করে ধরি
আনলি মণ্ডপমাঝ।
শরদ সঁপুণ জনি শশধর
উগল সময় সাঁঝ ॥ ১ ॥
চৌদহ ভুবন শিব শোহাওন
গৌরী রাজকুমারী।
হেরি হরখিত ভেলি মনাইনি
আয়ল জনি জভারি ॥ ২ ॥

৪। ঝুর—শুষ্ক, জলিয়া যায়।
৫। অবগাহ—দৃঢ়। বিবাহিনী—কুমারী।

১। মঙ্গল—মাঙ্গলিক দ্রব্য। বিলুবিয়—সাজাইলাম। সোপলি—সমর্পণ করিলে। সাজলি সাজান। ছারে—খারে, ছাইয়ে।
২। চলহ চল—যাও যাও। পলটি—ফিরিয়া গোসাঞুনি—গোস্বামিনী, গৌরী।
৩। গোরী—গৌরী।
৫। ভালে ললাটে। নয়নানল—নয়নে অগ্নি। ঝরকত মউল—মস্তকে (গঙ্গা) প্রবাহিতা। ডাঢ়াত—ডালিবে অর্থাৎ দিবে। পটবাসী—পট্টবস্ত্র।
৬। শাশু—শ্বশ্রূ। চুমওবাহ চুম্বন করিবে। ওঠ—ওষ্ঠ। বুড়ত—বুড়িয়া যাইবে। সুরসরিকে—সুরসরিৎ, গঙ্গা। সথা—স্রোতঃ। বিলগ হোয়েত—বিলগ্ন হইলেই অর্থাৎ নিকটে গেলেই। ফুফুয়ায়ত—ফোঁস করিয়া উঠিবে।

১। নমায়ে—নামাইয়া, ঝুলাইয়া। বৃষহ—বৃষে। মনাইনি—মেনকা। হলিয় পুছায়ে—জিজ্ঞাসা করিলেন। বরিয়াতী—বরযাত্রী। জমায়ে—জামাই।
৩। আয়লিছইহি—আসিয়াছেন। রায়ে—রাজা। ৪। থোরি—অল্প। ভসমক—ভস্মের। ঝোরি—ঝুলী।
৫। বিধি—বিধান। রচলি ধমারি—হুটোপাটি করে।
৬। খিরি—ক্ষীর, দুগ্ধ। জোহন—জুটাইল।
৭। জগত কিষাণ—জগতের কৃষক অর্থাৎ জগতের সৃষ্টিকর্তা।

১। সঁপূণ—সম্পূর্ণ। সাঁঝ—সন্ধ্যা।
২। চৌদহ—চৌদ্দ। শোহাওন—শোভন। মনাইনি—মেনকা। জভারি—জম্ভারি, ইন্দ্র।

হেমত শরীর পুলকে পূরল
  সফল জনম মোরি।
হরি বিরঞ্চি দুহু জন বৈসল
  হরকে দেল গৌরী ॥ ৩ ॥
নারদ তুম্বুক মঙ্গল গাবথি
  আওর কত না নারী।
কৌতুকে কোবর কৌশলে কামিনী
  সবে সবে দেয় গারি ॥ ৪ ॥
ভণ বিদ্যাপতি গৌরী পরিণয়
  কৌতুক কহয়ে ন যায়ে।
সাপ ফুফুকারে নারী পলায়ল
  বসন ঠাম নড়ায়ে ॥ ৫ ॥

১৮

উমতা ন তেজয়ে আপন বাণী।
বস শ্বশুরা কত কর উবানি ॥ ১ ॥
গঙ্গাজলে-সিচু রঙ্গভূমি।
পিছরি খসল হর ঘুমি ঘুমি ॥ ২ ॥
অবলম্বনে গৌরী তোরিত যায়ে।
করকঙ্কণ ফণী উঠ ফাঁফয়ে ॥ ৩ ॥
সবে সবতহু বোল গিরিজমায়।
বৃষহ চঢ়য় হর রূষল যায় ॥ ৪ ॥
জমাইক পরিধান বাঘছাল।
চরণ ঘাঘর বাজয়ে মুণ্ডমাল ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শিব বিলাস।
গৌরী সহিত হর পূরথু আশ ॥ ৬ ॥

১৯

গৌরীসখী:—

কতহু সমস্তধর   কতহু পয়োধর
  ভাল বর মিলল সুশোভে।
অধঙ্গ ধইলি নারী   ন গুণলি নিজ গারি
  গুরুয় গৌরী গুণিলোভে ॥ ১ ॥
আলো শিব শম্ভু   তুমি শিব শম্ভু
  তুমি যে বধিলো পচবাণে ॥ ২ ॥
হর :—গাঙ্গ লাগি গিরিজাক মনউলি হে
  কাহে তুমি বোলহ মন্দা।

৩। হেমত—হিমালয়, গিরিরাজ।

৪। কৌতুক কোবর—কৌতুকাগার, বাসর গৃহ গাবথি গাহিতেছে।

১০। ফুফুকারে—ফুৎকারে, নিশ্বাসে। পলায়ল—পলাইল। ঠাম—সেই স্থানে, তথায়। নড়ায়ে—ফেলিয়া।

শঙ্কর যখন গৌরীর হস্তধারণ করিয়া মণ্ডপমধ্যে আনয়ন করিলেন, তখন বোধ হইল যেন, শারদীয় পূর্ণচন্দ্র সন্ধ্যার সময় উদিত হইলেন। শিব চৌদ্দ ভুবনের শোভাসম্পদকারী এবং গৌরীও রাজকুমারী, স্বয়ং ইন্দ্র যেন আগমন করিলেন। ইহা দেখিয়া মেনকারাণী আনন্দিত হইলেন; গিরিরাজের শরীর পুলকে পরিপূর্ণ হইল, তিনি বলিলেন, 'আজ আমার জন্ম সফল বিষ্ণু ও ব্রহ্মা দুই জনেই বসিয়া আছেন, তাঁহাদের সাক্ষাতে আমি হরকে গৌরীদান করিলাম। নারদ, তুম্বুরু ও অন্যান্য নারীগণ মঙ্গল-গীতি গাহিতেছে।' বাসরগৃহে রমণীগণ কৌশল করিয়া পরস্পরকে গালি দিতেছে। বিদ্যাপতি বলিতেছেন, গৌরী-পরিণয়ের কৌতুক বলিয়া শেষ করা যায় না; সাপের নিশ্বাসে বসন সকল তথায় দেখিয়া রমণীগণ পলাইল।

১। উমতা—উন্মত্ত। বস—বাস করিয়া। শ্বশুরা—শ্বশুরালয়। উবানি—বিপরীত ব্যবহার।

২। সিচু—সিঞ্চন করে। রঙ্গভূমি—নৃত্যভূমি। পিছরি—পিছলাইয়া। খসল—পড়িয়া গেলেন। ঘুমি—ঘুরিয়া।

৩। অবলম্বনে—অবলম্বন করিবার জন্য, ধরিবার জন্য। তোরিত—ত্বরায়। ফাঁফয়ে—ফোঁস্ করিয়া।

৪। বৃষহ—বৃষ। রূষল—রাগ করিয়া।

৫। ঘাঘর—ঘুঙ্ঘুর

১। কতহু—কোথায়। সমস্তধর—যিনি সমস্ত ধারণ করেন অর্থাৎ বিরাট দেহ। সুশোভে—সুশোভিনী। অধঙ্গ—অর্দ্ধাঙ্গ। ধইলি—ধরিল। গুণলি—গণনা করিল। নিজ গারি—নিজের গালি। গুরুয়—গুরু।

২। বধিলো—বধ করিলে।

৩। গাঙ্গ—গঙ্গা। লাগি—লাগিয়া, জন্য। গিরিজাক—গিরিবালার। মনউলি—মান করিল। বোলহ—বলিতেছ। মন্দা—মন্দ, কটু।

চরণ নমিত ফণী মণিময় ভূষণ
  ঘর খিখিয়ায়ল চন্দা ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ ত্রিলোচন
  পদ-পঙ্কজ মোরি সেবা।
চন্দা দেবীপতি   বৈদ্যনাথ গতি
  নীলকণ্ঠ হর দেবা ॥ ৪ ॥

২০

প্রথমহি শঙ্কর শ্বাশুর গেলা।
বিনু পরিচয়ে উপহাস পড়লা ॥ ১ ॥
পুছিও ন পুছল কে বৈসলাহ যাঁহা।
নিরধন আদর কে কর কঁহা ॥ ২ ॥
হেমগিরি-মণ্ডপে কৌতুকে বসি।
হেরি হসল সবে বুঢ় তপসী ॥ ৩ ॥
সে শুনি গৌরী রহলি শির নায়ে।
কে কহত মাকে তোহার জামায়ে ॥ ৪ ।
সাপ শরীর কাঁখ বোকানে।
প্রকৃতি ঔষধ কে নহ জানে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি সহজ কহ।
আডমুরে আদর হো সব তহ ॥ ৬ ॥

২১

অঞ্জলি ভরি ফুল তোড়ি লেল আনি।
শম্ভু আরাধয়ে চলিল ভবানী ॥ ১ ॥
জাতি যূথী তোড়ল মোঞে আওর বেলপাতে।
উঠিয় মহাদেব ভই গেল পরাতে ॥ ২ ॥
যখনে হেরলি হরে তিনিহু নয়নে।
তাহি অবসর গৌরী পীড়লি মদনে ॥ ৩ ॥
করতল কাঁপু কুসুম ছিড়িয়াউ।
বিপুল পুলক তনু বসন ঝাপাউ ॥ ৪ ॥
ভাল হর ভাল গৌরী ভাল ব্যবহারে।
জপ তপ দূরে গেল মদন-বিকারে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি ই রস গাবে।
হর দরশনে গৌরী মদন স তাবে ॥ ৬ ॥

২২

মাটী ভাল জোহিকহু আনলি বাণী।
শম্ভু আরাধয়ে চললি ভবানী ॥ ১ ॥
আক ধুথুর ফুল দেল মোঞে জোহি।
জগত জনমি ডর ছাড়ল মোহি ॥ ২ ॥
যমকিঙ্কর মোর কি করত অঙ্গে।
রহ অপরাধী বলিয় সঙ্গে ॥ ৩ ॥
যে সবে কয়ল হর সবে মোর দোষে।
সে সবে কয়ল হর তোহারি ভরোসে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শঙ্কর শুনু।
অন্তকালে মোহি বিসরহ জনু ॥ ৫ ॥

২৩

হম সৌ রূষল মহেশে।
গৌরী বিকল মন করথি উদেশে ॥ ১ ॥
  পুছিয় পথিকজন তোহি।
এ পথে দেখল কহুঁ বুঢ় বটোহী ॥ ২ ॥

৩। খিখিয়ায়ল—রাগ করিয়াছে।

৪। চন্দন—চণ্ডালিকা, গৌরী। বৈদ্যনাথ—মহাদেব।

১। শ্বাশুর—শ্বশুরালয়।

২। বৈসলাহ—বসিলেন।

৪। নায়ে—নমিত করিয়া।

৫। কাঁখ—কক্ষে। বোকান—ঝুলী।

৬। আডমুরে—ধনী ব্যক্তি।

১। তোড়ি ছিঁড়িয়া। আনি—আনিয়া। আরাধয়ে—আরাধনা করিতে।

২। জাতি—জাতিফুল। যূথী—যূথিকা পুষ্প। আওর—আর। বেলপাত—বিল্বপত্র। পরাতে—প্রাতঃকাল।

৩। তিনিহু—তিন। পীড়লি—পীড়িতা হইলেন।

৪। ছিড়িয়াউ—ছড়াইয়া পড়িল। ঝাঁপাউ—ঢাকা দিলেন। সঁতাবে—সন্তাপিত করিবে।

১। জোহিকহু—খুঁজিয়া। বাণী—সরস্বতী।

২। আক—অর্ক, আকন্দ। ধুথুর—ধুতুরা। জোহি—খুঁজিয়া। ডর—ভয়। মোহি—আমাকে।

৩। বলিয়—বলী, যমদূত।

৪। ভরোসে—ভরসায়।

১। হম সৌ—আমার প্রতি। রূষল—রাগ করিয়াছেন। উদেশ—উদ্দেশ, অনুসন্ধান।

২। পুছিয়—জিজ্ঞাসা করি। তোহি—তোমাকে। কহুঁ—কোথাও। বুঢ়—বুড়া। বটোহী—বাটবাহী অর্থাৎ পথিক।

অঙ্গমে বিভূতি অনুপে।
কতেক কহব হুনি যোগিক স্বরূপে ॥ ৩ ॥
বিদ্যাপতি ভণ তাহি।
গৌরী হর লয়ে ভেলি বতাহী ॥ ৪ ॥

২৪

কেহু দেখল নগনা।
ভিখিয়া মগইতে বুল আঙ্গনে আঙ্গনা ॥ ১ ॥
উগন উমত কেহু দেখল বিধাতা।
গোরীক নাহ অভয় বরদাতা ॥ ২ ॥
বিভূতিভূষণ কর বিষ আহারে।
কণ্ঠে বাসুকি শির সুরসরি-ধারে ॥ ৩ ॥
কেলি ভূত সঙ্গে রহয়ে মশানে।
ত্রৈলোক ঈশ্বর হর কে নহি জানে ॥ ৪ ॥

২৫

উগনা হে মোর কতয় গেলা।
কতয় গেলা শিব কি দহু ভেলা ॥ ১ ॥
ভাঙ নহি বটুয়া রুষি বৈসলাহ।
জোহি হেরি আনি দেল হসি উঠলাহ ॥ ২ ॥
যে মোর কহতা উগনা উদেশ।
তাহি দেবঁও করকঙ্কণা বেশ ॥ ৩ ॥
নন্দন বন মে ভেটল মহেশ।
গৌরী মন হরষিত মেটল কলেশ ॥ ৪ ॥

বিদ্যাপতি ভণ উগনা সো কাজ।
নহি হিতকর মোর ত্রিভুবন-রাজ। ৫ ॥

২৬

পিষল ভাঁগ রহল এহি গতি।
কথি লই মনায়ব উমতা যতি ॥ ১ ॥
আন দিন নিকহি ছলাহ মোর পতি।
আই বঢ়ায়ে দেল কোন উদমতী ॥ ২ ॥
আনক নীক আপন হো ক্ষতি।
ঠামে এক ঠেসত: পড়ত বিপতি ॥ ৩ ॥
ভণহি বিদ্যাপতি শুন হে সতি।
ই থিক বাউর ত্রিভুবনপতি ॥ ৪ ॥

২৭

মোর নিরধন ভোরা।
আপনি ভিখারী বিলহ নহি থোরা ॥ ১ ॥
ধরি কচোটা হর ঈশ্বর বোলাবে।
মগত জন সবে কোটি কোটি পাবে ॥ ২ ॥
সবে বোল হুনি হর জগত কিষাণে।
বুঢ় বলদ কুদ কাঁখ বোকানে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি পুছু হুনি দহু।
কি লয়ে পোষব পরিজন পুত বহু ॥ ৪ ॥

৩। অঙ্গমে—অঙ্গে। অনুপে—অনুপম। হুনি—তিনি। স্বরূপে—অবয়ব, আকৃতি।

৪। তাহি—তাহাতে। বতাহী—উন্মাদিনী।

১। নগনা—নগ্ন, উলঙ্গ। ভিখিয়া—ভিক্ষা। বুল আঙ্গনে আঙ্গনা—অঙ্গনে অঙ্গনে ভ্রমণ কর।

২। উগন—উলঙ্গ। উমত—উন্মত্ত। গোরীক—গৌরীর।

৩। সুরসরিধারে—গঙ্গার ধারা।

১। উগনা—উন্মত্ত, পাগলা। কতয়—কোথায়। কি দহু—কি।

২। বটুয়া—থলিতে। রুষি—রাগ করিয়া। বৈসলাহ—বসিলেন। জোহি—খুজিয়া।

৩। কহতা—কহিবে উদেশ—উদ্দেশ। তাহি—তাহাকে। দেবঁও—দিব। বেশ—ভূষণ।

৪। ভেটল—মিলিল, সাক্ষাৎ হইল। মেটল—মিটিল। কলেশ—ক্লেশ।

১। পিষল—পিষ্ট, পেষা। কথি লই—কি লইয়া। উমতা—উন্মত্ত।

২। নিকহি—ভাল। ছলাহ—ছিলেন। আই—আজি। উদমতী—উন্মত্ততা।

৩। নীক—ভাল। ঠামে—স্থানে, কোথাও। ঠেসতা—হোঁচোট।

৪। ই থিক—এই হয়। বাউর—বাতুল।

১। ভোরা—ভোলা। বিলহ—বিলাইয়া দেন। থোরা—থোড়া, অল্প।

২। কচোটা—কৌপীন। বোলাবে—বলায়, কহায়। মগত—প্রার্থী।

৩। হুনি—তিনি। কিষাণে—কৃষাণ। কুদ—ককুদ। বোকানে—থলি।

৪। পোষব—পুষিবে, পালন করিবে। পুত—পুত্র। বহু—বধু।

২৮

কওনে উমতওলা হে ত্রৈলোকনাথ।
নিতে উগারিয়া নিতে ভসম সাথ ॥ ১ ॥
পাট পটম্বর ধর উতারি।
বাঘছাল নিতে পহির ঝারি ॥ ২ ॥
তুরয় ছাড়ি চঢ় বৃষহ পীঠি।
লাজে মরিয় জঞো হেরিয় দীঠি ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ গোরি।
হর নহি উমতা তোঁহহি ভোরি ॥ ৪ ॥

২৯

পঞ্চ বদন হর ভসমে ধবলা।
তিন নয়ন এক বরয়ে অনলা ॥ ১ ॥
দুখে বোলয়ে ভবানী।
জগত ভিখারী হাম মিলল স্বামী ॥ ২ ॥
বিষধর ভূষণ দিগ পরিধান।
বিষু বিত্তে ঈশ্বর নাম উগন ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ ভবানি।
হর নহি নিধন জগত-স্বামী ॥ ৪ ॥

৩০

শিব হে সেবয়ে অয়লাহু সুখ লাগি।
বিষম নয়ন অনুখণে বর আগি ॥ ১ ॥
বৃষহা পলায়ল আগে।
পৈশি পাতাল লুকায়ল নাগে ॥ ২ ॥
শশী উঠি চলল আকাশে।
গৌরী চলিল গিরিরাজক পাশে ॥ ৩ ॥

উচিত বোলয়ে নহি যাই।
উমত বুঝওব কওনে উপাই ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি দাস।
গৌরী শঙ্কর পুরাবথু আশ ॥ ৫ ॥

৩১

বেরি বেরি অরে শিব মোঞে তোকেঁ বোলঞো
কিরিষি করিয় মন লাই।
বিনু সরমে হর ভিখিয়ে পএ মাগিয়
গুণ-গৌরব দূর যাই ॥ ১ ॥
নিরধন জন বোলি সবে উপহাসয়ে
নহি আদর অনুকম্পা।
তোহেঁ শিব পাওল আক ধুথুর ফুল
হরি পাওল ফুল চাঁপা ॥ ২ ॥
খটগ কাটি হরে হল যে বাঁধাওল
ত্রিশূল ভাঁগয় করু ফারে।
বৃষহ ধুরন্ধর হর লয়ে যোতিয়
পায়েট সুরসরিধারে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মহেশ্বর
ই জানি কইলি তুয় সেবা।
এতয়ে যে বরু সে বরু হোয়ও
ওতয়ে শরণ দেবা ॥ ৪ ॥

৩২

মোর বাউরা দেখল কেও কতহু যাত।
বৃষহা চঢ়ল বিষ ভাঙ্গ খাত ॥ ১ ॥

১। উমতওলা—উন্মত্ত করিল। নিতে—নিত্য। উগারিয়—উলঙ্গ। ভসম সাথ—ভস্মের সহিত থাক, ভস্ম মাখ।

২। ধর উতারি—খুলিয়া রাখ। পহির—পরিধান কর। ঝারি—ঝাড়িয়া।

৩। তুরয়—তুরঙ্গ, ঘোটক। বৃষহ—বৃষ।

১। ধবলা—ধবল। অনলা—অনল। বরয়ে—বর্ষণ করে।

৩। উগন—উন্মত্ত।

১। অয়লাহু—আসিলাম। বর—বর্ষণ, জলে।

২। বৃষহা—বৃষ। পৈশি—প্রবেশ করিয়া। নাগে—নাগ, সর্প।

৩। গিরিরাজক—গিরিরাজের।

১। কিরিষি—কৃষি। মন লায়—মন দিয়া। সরমে—লজ্জায়।

২। আক—আকন্দ।

৩। খটগ—খট্টাঙ্গ। কাটি—কাটিয়া। হল—লাঙ্গল। ভাঁগয়—ভাঙ্গিয়া। ফার—ফাল। ধুরন্ধর—ভারবাহক, শ্রেষ্ঠ। লয়ে—লইয়া। যোতিয়—যুতিও। পায়েট—পাট কর।

৪। এতয়ে—এখানে। যে বরু সে বরু হোয়ও—যাহা হইবার তাহাই হইবে। ওতয়ে—ওখানে, পরকালে।

১। বাউরা—পাগল। কতহু—কোথাও। যাত—যাইতে। খাত—খাইতে।

আঁখি নিচল মুহ বয়ই লার।
পথকে চলত বাউরা বিশম্ভার ॥ ২ ॥
ধাট যাইত কেও হলব ঠেলি।
অব-হুনি বাউরা বিহু মর অকেলি ॥ ৩ ॥
হাত ডমরু কর লোইয়া সাথ।
যোগ যুগুতি কৃমি ভরল মাথ ॥ ৪ ॥
অজগর চটাইয় আটো আঙ্গ।
শির সুরসরি জটা বোল গাঙ্গ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি শম্ভুদেব।
অবসর অকশ হমর সুধি লেব ॥ ৬ ॥

৩৩

বিকট জটাচয় কিছু নই লোকভয় হে
উর ফণিপতি দিগ বাস।
কওন পথে ভেটতাহ হে, অগে মাই
আইত উমত হামার ॥ ১ ॥
ত্রিপুরদহন কর ছারই থাল ভরু হে
বৃষহ চঢ়ল বর বুড়।
তিন নয়ন হর এক অনল ভর হে
শিরে সুরসরি জলধার ॥ ২ ॥
ভণই বিদ্যাপতি গোঈ বিকলমতি হে
ওহি উমতাক উদ্দেশ ॥ ৩ ॥

৩৪

তোহি কোন বুধি দেল হে উমতা।
ললিত ধাম তেজি বসথি মশানে হে।
অমিয় নহি পিবথি করথি বিষপানে হে ॥ ১ ॥
চানন নহি হিত বিভূতি ভূষণে হে।
মণি নই ধরহ ফণী কওন ভূষণ হে ॥ ২ ॥
হয় গজ রথ তেজি বৃষহা পলানে হে।
পলঙা নই শুতথি ও ভূমি শয়ানে হে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি বিপরীত কাজে হে।
আপনই ভিখারী সেবক দিয় রাজে হে ॥ ৪ ॥

৩৫

বাঁধয়ে বিকট জটা।
তঁই থিহ চাঁদক ফোঁটা ॥ ১ ॥
কত যুগ সহস বয়স বিতি গেলা।
উমত মহাদেব সুমত ন ভেলা ॥ ২ ॥
মৌলি মেলয়ে ছার।
সহজই ন তেজয়ে পহর ॥ ৩ ॥
সুকবি বিদ্যাপতি গাউ।
জীব শিবসিংহ রাউ ॥ ৪ ॥

৩৬

আজি তা শুনিয় উমা ভাল পরিপাটী।
উমগল ফিরে মুষ ঝোরী মোর কাটি ॥ ১ ॥

২। নিচল—নিশ্চল, স্থির। মুহ—মুখ। বয়ই—বহিতেছে। লার—লালা। বিশম্ভার—বিশ্বম্ভর, হর।

৩। হলব—নড়াইবে। হুনি—তিনি, ঐ।

৪। লোইয়া—চিমটা। যুগুতি—যুগব্যাপী। কৃমি—কীট।

৫। চটাইয়—চাটিতেছে। আটো আঙ্গ—অষ্টাঙ্গ। বোল—বুলিয়া বেড়াইতেছে, ভ্রমণ করিতেছে।

৬। সুধি—সন্ধান, জিজ্ঞাসা।

১। লোকভয়—লোকলজ্জা। উর—বক্ষে। ভেটতাহ—দেখিয়াছ। অগে মাই—মা গো। আইত—আসিতে।

২। ত্রিপুরদহন—ত্রিপুরারি। ছারই—ছাইয়ে, ভস্মে। থাল—থোসা, বল্কল, থলি। ভরু—ভরিয়াছে। চঢ়ল—আরোহিত। বর—সুন্দর।

১। বুধি—বুদ্ধি। হে উমতা—হে উন্মত্ত। বসথি—বাস কর। পিবথি—পান কর। করথি—করিয়া থাক।

২। চানন—চন্দন। নহি হিত—ভাল নয়।

৩। পলানে—আরোহণ। পলঙা—পালঙ্ক। শুতথি—শয়ন কর।

৪। রাজে—রাজ্য।

১। বাঁধয়ে—বাঁধিয়াছে। তঁই থিহ—তাহাতে আছে। চাঁদক ফোঁটা—চাঁদের ফোঁটা অর্থাৎ শশিকলা।

২। বিতি—অতীত।

৩। মেলয়ে—মিলাইয়াছে। ছার—ছাই।

৪। গাউ—গায়। জীব—জীবিত থাকুন। রাউ—রাজা।

১। শুনিয়—শুনিলাম। পরিপাটী—পূর্ব্বাপর। উমগল—দৌড়াদৌড়ি করিয়া। মুষ—মূষিক। ঝোরী—ঝুলি

ঝোরিয়ে কাটিয়ে মূষ জটা কাটি জীবে।
শিরমে বৈসল সুরসরি-জল পীবে ॥ ২ ॥
বেটারে কাতিক এক পোষল ময়ূর।
সেহো দেখি ডর মোর ফণিপতি ঝুর ॥ ৩ ॥
তোঁহ যে পোষল গৌরি সিংহ বড় মোটা।
সেহো দেখি ডর মোর বৃষহ গোটা ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি বাঁশক সিঙ্গা।
তপোবনে নাচথি ধতিঙ্গা ধিঙ্গা ॥ ৫ ॥

৩৭

বুঢ়হ বয়স হর বেসন ন ছড়লে
কি ফল বৃষহ ধবাই।
ভাগ ভেল শিব চোট ন লগলে
কে জান কি হোই আই ॥ ১ ॥
বৃষহ পলায়ল কে জান কতয়ে গেল
হাড় মাল কি ভেলা।
ফুটি গেল ডমরু ভসম ছিড়িয়ায়ল
অপথে সম্পতি দূর গেলা ॥ ২ ॥

হমর হটল শিব তোঁহহি ন মানহ
আপনা হঠ বেবহারে।
সকল জগত সবহু কাঁয়ে শুনিয়
ঘরণীক বোল নহি টারে ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মহেশ্বর
ই জানি ঐলাহু তুয় পাশে।
তোহার লাগি শিব বিঘনি বিনাশব
আনক কোন ভরোসে ॥ ৪ ॥

৩৮

শিব :—নিতে মোঞে যাঞো ভিখি আনও মাগি।
কবহু ন গেল মোরা সঙ্গহু লাগি ॥ ১ ॥
ঝোরি আছ লেবাকে নহি উসাস।
উপোসি হোয়ত পরতরক আশ ॥ ২ ॥
এহে গৌরি মোর কওোন দোষ।
বইসলে জেম গণ কওোন ভরোস ॥ ৩ ॥

২। জীবে—প্রাণ ধারণ করে। শিরমে—শিরে, মাথায়। বৈসল—বসিয়া।

৩। ঝুর—অবসন্ন হইয়া।

৪। বৃষহা—বৃষ। গোটা—নিরীহ।

৫। বাঁশক—বাঁশের। নাচথি—নৃত্য করেন। ধতিঙ্গা ধিঙ্গা—ধেই ধেই করিয়া।

উমা, ভাল করিয়া আজ পূর্ব্বাপর সব শুনিলাম। ইন্দুর আমার ঝুলি কাটিয়া চারিদিকে দৌড়াদৌড়ি করিয়া বেড়াইতেছে। সে প্রথমে আমার ঝুলি কাটে, পরে জটা কাটিয়া প্রাণধারণ করে; মাথায় বসিয়া গঙ্গার জল পান করে। কার্ত্তিক বেটা একটা ময়ূর পুষিয়াছে; তাহাকে দেখিয়া ফণিপতি ভয়ে অবসন্ন হইয়াছে। গৌরি, তুমিও যে একটা মোটা সিংহ পুষিয়াছ, তাহা দেখিয়া আমার নিরীহ ষাঁড় ভয় পায়। বিদ্যাপতি বলিতেছেন, মহাদেব তপোবনে বাঁশের শিঙ্গা বাজাইয়া ধেই ধেই করিয়া নৃত্য করেন।

১। বুঢ়হ—বৃদ্ধ। বেসন—স্বভাব। ছড়লে—ছাড়িলে। ধবাই—ধাবিত করিয়া, দৌড় করাইয়া। ভাগ—ভাগ্য। চোট—আঘাত। আই—আজি।

২। পলায়ল—পলাইল। ফুটি—ভাঙ্গিয়া। ছিড়িয়ায়ল—ছড়াইয়া পড়িল। সম্পতি—সম্পত্তি।

৩। হটল—বারণ, নিষেধ। হঠ—জিদ। সবহু কাঁয়ে—সকলের কাছে। ঘরণীক—ঘরণীর, স্ত্রীর। বোল—কথা। টারে—ঠেলে, উপেক্ষা।

হে মহাদেব, বুড়া বয়সেও স্বভাব ছাড়িতে পারিলে না, ষাঁড়কে দৌড় করাইয়া কি ফল হইল? শিব, ভাগ্যক্রমে আঘাত লাগে নাই, তাহা হইলে আজ কি হইত কে জানে! ষাঁড় পলাইয়া কোথায় গেল, হাড়ের মালা কি হইল, ডমরু ভাঙ্গিয়া গিয়াছে, ভস্ম ছড়াইয়া পড়িয়াছে; অকারণ সম্পত্তি দূর হইয়া গেল। শিব, নিজের জিদ ব্যবহারে আমার নিষেধ তুমি মান না। সমস্ত জগতে সকলের নিকটেই শুনি যে, সব লোকই নিজের স্ত্রীর কথা উপেক্ষা করে না। বিদ্যাপতি বলিতেছেন, হে মহেশ্বর, শুন, আমি ইহা জানিয়া তোমার নিকট আসিয়াছি যে, শিব বিঘ্ন বিনাশ করিবেন, অপরের কাছে ভরসা কোথায়?

১। নিতে—নিত্য। মোঞে—আমি। যাঞো—যাই। ভিখি—ভিক্ষা।

২। ঝোরি—ঝুলি। উসাস—উৎসাহ। উপোসি—উপবাসী। পরতরক—পরকালের।

৩। জেম—ভোজন। গণ—গণেশ। ভরোস—ভরসা।

গৌরী :—থুল পেট ভূমি নড়য়ে ন পার।
শিব দেথয়ে ন পারহ হামার বার ॥ ৪ ॥
থেদি দেহ বরু নিকলি যাউ।
মোরে নামে ভিথি মাগি থাউ ॥ ৫ ॥
দেথহ লোক হে অইসনি জোয়ে।
মানুষ উপরি বইসে মাউগ হোয়ে ॥ ৬ ॥
আপনা পুত কে ন জানয়ে কাজ।
নিঠুর ভই কত মোহ সঞো বাজ ॥ ৭ ॥
ভণই বিদ্যাপত্তি দেবহি দেও।
করিয় করম যইসে হস ন কেও ॥ ৮ ॥

৪। থুল—স্থূল, মোটা। বার—বাছা, পুত্র।
৫। থেদি—তাড়াইয়া। নিকলি—চলিয়া গিয়া।
৬। জোয়ে—খুঁজিয়া।
৭। মোহ সঞো—আমার সহিত। বাজ—কথা।
৮। দেবহি দেও—দেবতার দেবতা।

ভিক্ষা হইতে প্রত্যাবৃত্ত হইয়া বিরক্তিভরে মহাদেব গৌরীকে বলিতেছেন, আমি প্রত্যহ ভিক্ষা মাগিয়া আনিতে যাই, গণেশ আমার সহিত কথনও গমন করে না; তাহার ঝুলি লইবার উৎসাহ নাই, পরকালের আশায় উপবাসী থাকে। হে গৌরি, তাহাতে আমার কি দোষ? গণেশ কেবল বসিয়া বসিয়া ভোজন করিবে। তবে তাহার আর ভরসা কি? গৌরী উত্তর দিতেছেন:—গণেশের মোটা পেট ভূমিতে ঠেকিয়াছে, তাই সে নড়িতে পারে না; শিব, তুমি আমার বাছাকে দেখিতে পার না, বরং তাহাকে তাড়াইয়া দাও, সে চলিয়া গিয়া আমার নাম লইয়া ভিক্ষা করিয়া থাক। হে লোকসকল, তোমরা দেখ, খুঁজিয়া এইরূপ (স্বামী) পাইয়াছি; ভিক্ষুক হইলে কি হয়, মানুষ হওয়া চাই। নিজের পুত্র যথন কাজ জানে না, তথন নিষ্ঠুর হইয়া তুমি আমার কাছে অত কথা বলিতেছ কেন? বিদ্যাপতি বলিতেছেন, হে দেবতার দেবতা, এরূপ কাজ করিবে, যাহাতে লোক না হাসে। গণপতিকে দেখিলে কার্য্যসিদ্ধি হয়, রাজা শিবসিংহ একচ্ছত্র রাজা।

গণপতি দেথলে হোয় কাজ।
রাজা শিবসিংহ একুছত্র রাজ ॥ ৯ ॥

৩৯

গৌরী :—আনে বোলব কুল-অথিকহ হীন।
তেঁহি কুমার আছিল এত দিন ॥ ১ ॥
তোহার হামার শিব বয়স ভেল আয়ে।
আবহু ন চিন্তহ বিবাহ উপায়ে ॥ ২ ॥
ভাল শিব ভাল শিব ভাল বেবহার।
চিতে চিন্তা নাহি বেটা কুমার ॥ ৩ ॥
হর :—হসি হর বোলথি শুনহ ভবানি।
কাহে জনিতহু দেবি হোহ অগেয়ানী ॥ ৪ ॥
দেশ বুলিয়ে বুলি থোজঞো কুমারী।
তহিক সরিশ মোহি ন মিলয়ে নারী ॥ ৫ ॥
কার্ত্তিকেয় :—এত শুনি কাতিক মনে ভেল লাজ।
হম ন হে মায়ে বিবাহক কাজ ॥ ৬ ॥
নহি বিবাহব হাম রহব কুমার।
না কর কন্দল ওমা শপথ হামার ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি এহে ভাল ভেল।
কাতিক বচনে কন্দল দূর গেল ॥ ৮ ॥
হে হর জগত বুলিয়ে দিয় অভয় বর।
জগ জনি জীবথু মন্ত্রী মহেশ্বর ॥ ৯ ॥

৪০

থেলে লথমী ভবানী ঋতু বসন্ত।
গৌরী ভ্রূকুটিল দেবী করে অনন্ত ॥ ১ ॥
লক্ষ্মী :—ঈশ্বর নাম ধরু কোন অজ্ঞান।
ছাড়ি তুরগ বৃষহা পলান ॥ ২ ॥
জটা ভুজঙ্গম অঙ্গ চাহ।
এহন উমত গৌরি তোহার নাহ ॥ ৩ ॥

১। অথিকহ—অধিক।
২। বয়স ভেল আয়ে—অধিক বয়স হইল। আবহু—এথনও।
৪। জনিতহু—জানিয়াও, বুঝিয়াও। হোহ—হও।
৫। বুলিয়ে বুলি—খুঁজিয়া। তহিক—তাহার, কার্ত্তিকেয়ের।
৬। কাতিক—কার্ত্তিকেয়ের।
১। থেলে—খেলিতেছেন। লথমী—লক্ষ্মী। অনন্ত—অনবরত।
২। পলান—আরোহণ।

গৌরী :—মাছ কছ ব্যাধ বরাহ।
বামন কুবজা তোহার নাহ ॥ ৪ ॥
দছিণা যাচথি বলিক থান।
তব ন বরজলহ আপন কান ॥ ৫ ॥
লক্ষ্মী :—কুলবিহীন তপসীক বেশ।
সঙ্গ লাগি গৌরি ফিরহ দেশ ॥ ৬ ॥
তোহরা নহি সুর মুনিক লাজ।
স্বামী নচৌলহ কোন কাজ ॥ ৭ ॥
গৌরী :—উদধিতনয়া হরু তোহার জ্ঞান।
খোজি বিয়হলহ আহীর কান ॥ ৮ ॥
সদা বসথি যমুনাক তীর।
পরযুবতীকের হরথি চীর ॥ ৯ ॥
হস শিবশঙ্কর ও মুরারি।
দুহু জনিকে ভাল হোইছ গারি ॥ ১০ ॥
ভণ জয়দেব হরি-হরক দাস।
নীলকণ্ঠ হরি পূরথু আশ ॥ ১১ ॥

৪১

কাঞ্চন ঝোরি সিন্দূর ভরলি
ভসমে ভরু বোকান।
বৃষহা কেশরী ময়ূর মূষা
চারিহু পলু পলান ॥ ১ ॥
ডিমিকি ডিমিকি ডমরু বাজই
ঈশ্বর থেলই ফাগু।
ভসমে সিন্দূরে দুয়ও থেলা
একহি দিবস লাগু ॥ ২ ॥

৪। কছ—কচ্ছপ।
৫। দছিণা—দক্ষিণা। যাচথি—যাচ্ঞা করে।
৬। বলিক থান—বলির নিকট। বরজলহ—বর্জ্জন করিলে, ত্যাগ করিলে।
৭। সুর—দেবতা। নচৌলহ—নাচাইয়া।
৮। উদধিতনয়া—লক্ষ্মী। বিয়হলহ—বিবাহ করিলে। আহীর—গোপ।
৯। বসথি—বাস করে। হরথি—হরণ করে।
১১। পূরথু—পূর্ণ করুন।
১। কাঞ্চন ঝোরি—কাঞ্চনথচিত ঝুলি। বোকান—ব্যাঘ্রচর্ম্ম-নির্ম্মিত থলি। পলু পলান—পৃষ্ঠে জিন কষিল।

সঞ্চায় সিন্দূর ভরু সরস্বতী
লছিহি ভরলি গৌরী।
ঈশ্বর ভসমে ভরু নারায়ণ
পীত বসন বোরি ॥ ৩ ॥
এক তৌ নাঁগট অওকে তৌ উমত
ঈশ্বর ধুথুর থায়।
অওকে উমতি থেলি থেলাবয়
কিছু ন বোলই যায় ॥ ৪ ॥
গরুড়বাহন দেব নারায়ন
বৃষহা চঢ়ু মহেশ।
ভণই বিদ্যাপতি কৌতুক গাওল
সঙ্গহি ফিরথু দেশ ॥ ৫ ॥

৪২

তোঁহ প্রভু ত্রিভুবন নাথ।
হে হর হাম নিরুদেশ অনাথ ॥ ১ ॥
করম-ধরম-তপহীনে।
পড়লহু পাপ অধীনে ॥ ২ ॥
নাব ভাসল মাঝ ধারে।
ভৈরব ধরু করুয়ারে ॥ ৩ ॥
সাগর সম দুথভারে।
অবহু করিয় প্রতিকারে ॥ ৪ ॥
ভণহি বিদ্যাপতি ভানে।
সঙ্কট করিয় তরানে ॥ ৫ ॥

৪৩

শিব শঙ্কর হে
ভাল অনুগতি ফল ভেলা।
এতয়ে সঙ্গতি এতি পরতর কোন গতি
মনোরথ মনহি রহলা ॥ ১ ॥

৩। সঞ্চায়—সন্ধ্যার সময়। লছিহি—লক্ষ্মী।
৪। এক তৌ—একে ত। নাঁগট—ন্যাংটা। অওকে তৌ—তাহাতে আবার। ধুথুর—ধুতুরা। উমতি—উন্মত্ত হইয়া। থেলি থেলাবয়—থেলিয়া থেলায়।
১। নিরুদেশ—নিরুদ্দেশ।
৩। নাব—নৌকা। ধার—স্রোত। ভৈরব—হে মহাদেব। করুয়ার—নৌকার হাল।
১। এতয়ে—এথানে। সঙ্গতি—সম্বন্ধ। এতি—এত। পরতর—পরকাল। কোন গতি—কোন উপায়ে।

তোঁহে হোয়ব পরসন পাওব অমোল ধন
জনম বহলি এহি আশে।
যমহ-সঙ্কট পুনু উপেখি হলহ জনু
সেওলা হে বড়ে পরয়াসে ॥ ২ ॥
শ্রবণ নয়ন গেল তনু অবসন ভেল
যদি তোহে হোয়ব পরসনে।
কি করব ততিখণে হয় গজ মণি-ধনে
ঝখইতে বেয়াকুল মনে ॥ ৩ ॥
ইন্দ্র চাঁদ গণ. হরি কমলাসন
সবে পরিহরি হমে দেবা।
ভকত বছল প্রভু বাণ মহেশ্বর
ই জানি কইলি তুয় সেবা ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ পূরহ হামার মন
ছাড়ও যমক তরাসে।
হরহ হামার দুখ তথিহু তোহার সুখ
সব হোয়ও তুয় পরসাদে ॥ ৫ ॥

৪৪

এ হর গোসাঞে নাথ তোহার
শরণ কয়েলঞো।
কিছু ন ধরব সবে বিসরব
পছা যে যত কয়েলঞো ॥ ১ ॥
কপট মহ পড়ু কলেবর
গিলল মদন গোহে।
ভাল মন্দ সবে কিছু ন গুণল
জনম বহল মোহে ॥ ২ ॥
কয়েল উচিত ভেল অনুচিত
মনে মনে পচতাবে।
আবে কি করব শির-পয়ে ধুনব
গেল দিন নহি আবে ॥ ৩ ॥
অপথ পথে চরণ চলাওল
ভকতি মন ন দেলা।
পরধনী ধন মানস বাঢ়ল
জনম নিফলে গেলা ॥ ৪ ॥
চরিত চাতর মন বেয়াকুল
মোর মোর অনুবন্ধা।
পুত কলত্ত সহোদর বান্ধব
অন্তকাল সবে ধন্ধা ॥ ৫ ॥
ভণ বিদ্যাপতি শুনহ শঙ্কর
কইলি তোহারি সেবা।
এতয়ে যে বরু সে বরু করব
ওতয়ে শরণ দেবা ॥ ৬ ॥

বিবিধ

১

বড় সুখ সাধে পাওল তুয় তীরে।
ছাড়ইতে নিকট নয়নে বহ নীরে ॥ ১ ॥
কর জোড়ি বিনমও বিমল-তরঙ্গে।
পুন দরশন হোইহ পুণ্যবতি গঙ্গে ॥ ২ ॥

২। পরসন—প্রসন্ন। বহলি—বহিল। যমহ-সঙ্কটে—যমসঙ্কটে অর্থাৎ মৃত্যুকালে। হলহ—যাইও। সেওলা—সেবা করিলাম। পরয়াসে—প্রয়াসে।

৩। তিতিখণে—তখন, সে সময়। ঝখইতে—শোক করিতে। মণিধনে—সম্পদে।

৪। গণ—গণপতি। দেবা—দেবতা। বছল—বৎসল। বাণ মহেশ্বর—বাণেশ্বর মহাদেব।

৫। ছাড়ও—ছাড়ুক। যমক—যমের। তথিহু—তাহাতে।

১। গোসাঞে—গোঁসাই। কয়েলঞো—করিলাম। ন ধরব—ধরিবে না। সবে বিসরব—সব বিস্মৃত হইবে। পছা—পূর্ব্বে। কয়েলঞো—করিয়াছি।

২। মহ—মধ্যে। গিলল—গিলিয়া ফেলিল। মদন-গোহে—মদনরূপ হাঙ্গরে।

২। বহল—বহিয়া গেল।

৩। কয়েল—করিতে। পচতাবে—পশ্চাত্তাপ। ধুনব—খুঁড়িব।

৪। চলাওল—চালাইলাম। ভকতি—ভক্তিতে। পরধনী—পরস্ত্রী। ধন—পরধন।

৫। চরিত—চরিত্র। চাতুর—চাতুরীতে। অনুবন্ধ—চেষ্টা। পুত—পুত্র। কলত্ত—কলত্র। ধন্ধা—সংশয়।

৬। এতয়ে—এখানে, ইহকালে। যে বরু সে বরু করব—যাহা ইচ্ছা হয় তাহা করিও। ওতয়ে—ওখানে, পরকালে।

২। বিনমও—নিবেদন করি।

এক অপরাধ খেমব মোর জানি।
পরশল মাতা পায়ে তুয় পানি ॥ ৩ ॥
কি করব জপ তপ যোগ ধেয়ানে।
জনম কৃতারথ একহি সিনানে ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি সমদও তোহি।
অন্তকাল জনু বিসরহ মোহি ॥ ৫ ॥

২

সুরসরি সেবি মোর কিছুও ন ভেলা।
পুণমতি গঙ্গা ভগীরথ লয়ে গেলা ॥ ১ ॥
যখন মহাদেব গঙ্গা কয়ল দানে।
শূন ভেল জটা ও মলিন ভেল চানে ॥ ২ ॥
উঠবহ বণিয়া তোঁ হাট বাজারে।
এহি পথ আয়োত সুরসরি-ধারে ॥ ৩ ॥
ছোট মোট ভগীরথ ছিতনী কপারে।
সে কোনা লওতাহ সুরসরি-ধারে ॥ ৪ ॥
বিদ্যাপতি ভণ বিমল-তরঙ্গে।
অন্তে শরণ দেব পুণমতি গঙ্গে ॥ ৫ ॥

৩

ব্রহ্ম-কমণ্ডলু বাস-সুবাসিনি
সাগর-নাগর-গৃহবালে।
পাতক মহিষ-বিদারণকারণ
ধৃতকরবাল-বীচিমালে ॥ ১ ॥
জয় গঙ্গে জয় গঙ্গে।
শরণাগত-ভয়ভঙ্গে ॥ ২ ॥
সুরমুনিমনুজরচিতপূজোচিত-
কুসুমবিচিত্রিততীরে।
ত্রিনয়ন-মৌলিজটাচয়চুম্বন-
ভূতিভূষিত-সিত-নীরে ॥ ৩ ॥
হরিপদকমলগলিতমধুসোদর-
পুণ্যপুলিত-সুরলোকে।
প্রবিলসদমরপুরীপদদান-
বিধানবিনাশিতশোকে ॥ ৪ ॥
সহজদয়ালুতয়া পাতকিজন-
নরকবিনাশনিপুণে।
রুদ্রসিংহনরপতি-বরদায়ক-
বিদ্যাপতিকবিভণিতগুণে ॥ ৫ ॥

৪

তাতবচনে বেকলে খেপল
জনম দুখহি দুখে গেলা।
স্ত্রীয়ক শোকে স্বামী সন্তাপল
বিরহে বিখিণ তনু ভেলা ॥ ১ ॥
মনে রাঘব জাগে।
রামচরণ চিত লাগে ॥ ২ ॥
কনক মিরিগ মারি বিরাধ বধল বালি
বানর সেনা বটুরাই।
সেতুবন্ধ দিয় রাম লঙ্কা লিয়
রাবণ মারি নড়াই ॥ ৩ ॥
দশরথনন্দন দশশিরখণ্ডন
তিভুবন কে নহি জানে।
সীতা দেবীপতি রামচরণ গতি
কবি বিদ্যাপতি ভাণে ॥ ৪ ॥

৫

কুসুমরস অতি মোদিত মধুকর
কোকিল পঞ্চম গাব।
ঋতু বসন্ত বিদেশে বল্লভ
মানস দশো দিশ ধাব সজনি লো ॥ ১ ॥
তেজল তেল তাম্বূল তাপন
স্বপন নিশি সুখ-রঙ্গ।
হেমন্ত বিরহ অনন্ত পাবিয়
সুমরি সুমরি পিয়া সঙ্গ সজনি লো ॥ ২ ॥

৪। কৃতারথ—কৃতার্থ। সিনানে—স্নানে।

৫। সমদও—প্রার্থনা করি। জনু—না।

১। সুরসরি—সুরসরিৎ, গঙ্গা। সেবি—সেবা।

২। কয়ল—করিলেন। শূন—শূন্য। চানে—চন্দ্র।

৩। উঠবহ—উঠাও। বণিয়া—বণিক্। আয়োত—আসিবে। ধারে—ধারা।

৪। ছিতনী কপারে—ধুচুনীর মত মাথা। লওতাহ—লইয়া আসিবে।

১। বেকলে—বল্কল পরিধান করিয়া। স্ত্রীয়ক—স্ত্রীর।

৩। মিরিগ—মৃগ। বটুরাই—সঞ্চয় করিল। লিয়—লইল। নড়াই—ফেলিল।

২। তাপন—অগ্নির উত্তাপ। পাবিয়—পাই। সুমরি—স্মরণ করিয়া।

মোর দাদুর সোর অহোনিশি
বরিষ বুঁদ সবুন্দ।
বিষম বারিষ বিনা রঘুবর
বিরহিণী জীবন অন্ত সজনি লো॥ ৩॥
সুমুখি ধৈরয সকল সিধি মিল
শুনহ কত সুবাণী।
শিশির শুভ দিন রাম রঘুবর আওব
তুয় গুণ জানি সজনি লো॥ ৪॥

৬

কীর কুটিল মুখ ন বুঝ বেদন-দুখ
বোল বচন পরমাণে।
বিরহ-বেদন দহ কোক করুণ সহ
স্বরূপ কহত কে আনে॥ ১॥
হরি হরি মোরি উরবশী কি ভেলি।
জোহইতে ধাবও কতহু ন পাবও
মুরছি খসও কত বেলি॥ ২॥
গিরি নদী তরুবর কোকিল ভ্রমরবর
হরিণ হাতী হিমধামা।
সভক পরও পয় সবে ভেল নিরদয়
কেও ন কহে তসু নামা॥ ৩॥
মধুর মধুর ধ্বনি নূপুর রব শুনি
ভমও তরঙ্গিণী-তীরে।
মোরে করমে কলহংস নাদ ভেল
নয়ন বিমুংঞ্চা নীরে॥ ৪॥
হরি হরি কোন পরি মিলতি সে পরসনি
কবি বিদ্যাপতি ভাণে।
লখিমা দেবীপতি সকল সুজনগতি
নৃপ শিবসিংহ রস জানে॥ ৫॥

৭

কুন্দ পরিমল সঙ্গ সুন্দর
নব্য পল্লব পূজিতে।
কামদৈবত কর্ম্ম-নির্ম্মিত
কোকিলাকলকূজিতে॥ ১॥
দেহি নবীন দেব দৈব সমীর
বিভ্রতি বোধতি বিভ্রমে।
মাধবীলতয়া সমং
পরিনৃত্যতীব বনদ্রুমে॥ ২॥
মাধবমাস মধুসময়ে।
রাজতি রাধা রভসময়ে॥ ৩॥
বিরহি-চিত্তবিভেদলক্ষণ
চূতমুকুল ভয়ঙ্করে।
পাটলা মধুলব্ধ মধুকরনিকর
নাদ মনোহরে॥ ৪॥
চন্দ্র চন্দন কুঙ্কুমাগুরুহার
কুন্তলমণ্ডিতা।
হার ভার বিলাস-কৌশল
নিধুবন-ক্ষণ-পণ্ডিতা॥ ৫॥
কুলিশকঠিনা কঠিন মানস
সাবসীদতি সুন্দরী।
দুর্ব্বলাতি দুরাশয়া বরবেদি
মধ্য কৃশোদরী॥ ৬॥
গচ্ছ গচ্ছ বদন্তি কিন্তব
সাম্বুজীবতি কামিনী।
পদ্মমিব মধুপাবলী নব শস্ত্র-
মিবা মধুযামিনী॥ ৭॥
অন্যথা সা শরণমেষ্যতি
বিরহি-খেদ-নিবারণম্।
দেবসিংহ নরেন্দ্র-নন্দন
সিন্ধুমন্ধমিবারণম্॥ ৮॥
ভূমিপতি শিবসিংহ বেদমনস্তু
বিক্রমসাহসম্।
সুকবি বিদ্যাপতি নিবেদিত
মুদিত কাম-কলারসম্॥ ৯॥

৮

মাই হে বল্লভ অবহু ন আব।
যাহি দেশ সখি ন মনোভব ভাব॥ ১॥

৩। মোর—ময়ূর। দাদুর—দর্দ্দুর, ভেক। বুঁদ সবুন্দ—বিন্দু বিন্দু। সোর—রব।

৪। সুমুখি—সুন্দরি। সিধি—সিদ্ধি।

১। কীর—শুকপক্ষী। পরমাণে—প্রামাণ্য, সত্য। কোক—চক্রবাক।

২। হরি হরি—আক্ষেপে। উরবশী—উর্ব্বশী। জোহইতে—খুঁজিতে। বেলি—বার।

৩। সভক—সকলেরই। পরও পয়—পায়ে পড়ি।

৪। ভমও—ভ্রমণ করি।

৫। পরসনি—প্রসন্না।

১। মাই হে—সখীসম্বোধনে। অবহুঁ—এখন। ন আব—আসিল না।

তরুণ শাল রসাল কানন
কুঞ্জ কুড্মল-পুষ্পিতে।
পদ্ম পাটলি পরম পরিমল
বকুল সকুল বিকশিতে॥ ২॥
অরুণ কিসলয় রাগ মুদ্রিত
মঞ্জরীভর লম্বিতে।
মধুলুব্ধ মধুকরনিকর মুদ্রিত
লোভ চুম্বন চুম্বিতে॥ ৩॥
চুম্বতি মধুকর কুসুমপরাগ।
কোরকপরশে বাঢ়ল অনুরাগ॥ ৪॥
চৌদিশ করয়ে ভৃঙ্গ ঝঙ্কার।
সে শুনি বাঢ়য় মদন-বিকার॥ ৫॥
চীর চন্দন চন্দ্রতারক
পাবকো সম মানসে।
হার কালভুজঙ্গমেব হি বিষ সরস
ঘন রসচয় বিষে॥ ৬॥
মানিনী-মন মানহারক
কোকিলারব কলকলে।
বহয়ে মারুত মলয় সংযুত
সরল সৌরভ শীতলে॥ ৭॥
শীতল দখিণ পবন বহ মন্দ।
তা তমু তাবয় চন্দন চন্দ॥ ৮॥
হৃদয়হার ভেল ভুজগ সমান।
কোকিল-কলরবে পীড়ল পরাণ॥ ৯॥
শরদ নির্ম্মল পূর্ণচন্দ্র সুবক্ত্র
সুন্দরলোচনী।
কথং সীদতি সুন্দরী
প্রিয়-বিরহ-দুঃখ-বিমোচিনী॥ ১০॥
তাহি তর তরুণ পয়োধর ধনী।
ওজা শঙ্কর কৃষ্ণজনী॥ ১১॥
অবসর পাউতি এতি খণে।
বিদ্যাপতি কবি সুদৃঢ় ভণে॥ ১২॥

৯

গোর পয়োধর নখরেখ সুন্দর
মৃগমদ-পঙ্কে লেপলা।
জনি সুমেরু শশিখণ্ড উদিত ভেল
জলধরজালে ঝপলা॥ ১॥
অভিসারিণি হে কপট করহ কা লাগি।
কোন পুরুষ-গুণে লুবুধ তোহার মন
রয়নী গমউলহ জাগি॥ ২॥
কারণে কোন অধর ভেল ধূসর
পুনু কোনে আরতি দেলা।
দুধক পরশ পবার ধবল ভেল
অরুণ মজিঠ ভই গেলা॥ ৩॥
নবি পঞ্চোনারি গজে গঞ্জি নড়াইলি
পরশলি সুরকিরণে।
অইসন দেখিয় তনু কপট করহ জনু
বেকত লুকাওব কোনে॥ ৪॥

১০

সজনি নিহুরি ফুকু আগি।
তোহার কমল ভ্রমর দেখল
মদন উঠল জাগি॥ ১॥
জোঁ তোঁহ ভাবিনি ভবন যৈবহ
ঐবহ কোনহু বেলা।
জোঁ ই সঙ্কট সোঁ জী বঁচত
হোয়ত লোচন মেলা॥ ২॥
ভণ বিদ্যাপতি চাহথি যে বিধি
করথি সে সে লীলা।
রাজা শিবসিংহ বন্ধন মোচন
তখন সুকবি জীলা॥ ৩॥

১১

নীল কলেবর পীতবসন ধর
চন্দন তিলক ধবলা।
শামর মেঘ সৌদামিনী মণ্ডিত
তথিহি উদিত শশিকলা॥ ১॥

১। গোর—গৌরবর্ণ। লেপলা—লিপ্ত রহিয়াছে। ঝপলা—ঢাকিয়াছে। শশিখণ্ড—চন্দ্রকলা।

২। গমউলহ—কাটাইয়াছ।

৪। নবি—নূতন। পঞ্চোনারি—পদ্মনাল, মৃণাল। গজে—গজ দ্বারা। নড়াইলি—প্রক্ষিপ্ত হইলি।

১। নিহুরি—নীচু হইয়া। ফুকু—ফুঁ দিতেছ।

২। যৈবহ—যাইবে। ঐবহ—আসিবে। জী—জীবন।

৩। চাহথি—চাহেন, ইচ্ছা করেন। করথি—করেন। জীলা—বাঁচিলেন।

হরি হরি অনতয় জনু পরচার।
স্বপনে মোয়ে দেখল নন্দকুমার ॥ ২ ॥
পূরুব দেখল পয় স্বপনে ন দেখিয়
ঐসনি ন করবি বুধা।
রস শিঙ্গার পার কে পাওত
অমোল মনোভব সিধা ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি অরে বরযৌবতি
জানল সকল মরমে।
শিবসিংহ রায় তোরা মন জাগল
কাহ্নু কাঁহু করসি ভরমে ॥ ৪ ॥

১২

অনল রন্ধ্র কর লক্ষ্মণ নরবর
শক সমুদ্র কর অগিনি শশী।
চৈত্র কৃষ্ণ ষষ্ঠী জ্যেষ্ঠা মিলিও
বার বৃহস্পতি যাউলসি ॥ ১ ॥
দেবসিংহ যব পৃথিবী ছাড়িয়
অর্দ্ধাসন সুররাজ সরু।
দুহ সুলতান নীন্দে সব শোয়উ
তপনহীন জগ তিমিরে ভরু ॥ ২ ॥
দেখহু ও পৃথিবীকে রাজা
পৌরুষ মাঝ পুণ্য বলিও।
শত বলে গঙ্গা মিলিত কলেবর
দেবসিংহ সুরপুর চলিও ॥ ৩ ॥
এক দিশ সকল যবন বল চলিও
অওকা দিশ সে যম রাজা বরু।
দুয়ও দলটি মনোরথ পূরও
গুরুয় দাপ শিবসিংহে করু ॥ ৪ ॥
সুরতরুকুসুম চৌদিশ পূরও
দুন্দভি সুন্দর সাজ ধরু।
বীরছত্র দেখনকো কারণ
সুরগণ শতে গগন ভরু ॥ ৫ ॥
আরম্ভিয় অন্ত্যেষ্টি মহামখ
রাজসূয় অশ্বমেধ যঁহা।
পণ্ডিত ঘর আচার বাখানিয়
যাচককাঁ ঘর দান কঁহা ॥ ৬ ॥
বিদ্যাপতি কবিবর এহু গাবয়ে
মানব-মন আনন্দে ভরও
সিংহাসনে শিবসিংহ বইসল
উচ্ছবে বিরস বিসরি গয়েও ॥ ৭ ॥

১৩

দুর দুর্গম দমসি ভঞ্জেও
গাঢ় গঢ় গূঢ়ীয় গঞ্জেও
পাতিসাহ সসীম সীমা
সমর দরশও রে ॥ ১ ॥
ঢোল তরল নিশানু শব্দহি
ভেরি কাহল শঙ্খ নদ্দহি
তিন ভুবন নিকেত
কেতকী সম ভরিও রে ॥ ২ ॥
কোহে নীরে পয়াণ চলিও
বায়ু মধ্যে রায় গুরুও
তরণি তেজ তুলাধার
পরতাপ গহিও রে ॥ ৩ ॥
মেরু কনক সুমেরু কম্পিয়
ধরণী পূরিয় গগন ঝম্পিয়
হাতী তুরয় পদাতি পদভর
কমন সহিও রে ॥ ৪ ॥
তরল তর তরবারি রঙ্গে
বিদ্যুদ্দাম-ছটা-তরঙ্গে
ঘোর ঘন সজ্যাত
বারিষ কাল দরশেও রে ॥ ৫ ॥

২। অনতয়—অন্যত্র। জনু—না। পরচার—প্রচার।
৩। বুধা—বুদ্ধি। সিধা—সিদ্ধি।
১। অনল—৩। রন্ধ্র—৯। কর—২। অঙ্কস্য বামা গতিঃ, সুতরাং ২৯৩ লক্ষ্মণাব্দ।
সমুদ্র—৭। কর—২। অগিনি—অগ্নি—৩। শশী—১। অতএব উক্ত নিয়মানুসারে ১৩২৭ শকাব্দে। জ্যেষ্ঠা—জ্যেষ্ঠা নক্ষত্র। যাউলসি—শেষসময়ে, অস্তসময়ে অর্থাৎ সন্ধ্যার সময়।
২। সরু—গ্রহণ করা।
৬। মহামখ—মহাযজ্ঞ।
১। দমসি—আঘাত করিয়া। গূঢ়ীয়—কঠিন। গঞ্জেও—তাচ্ছিল্য করিল।
২। শব্দহি—শব্দে। নদ্দহি—নিনাদিত হইল।
৩। কোহে—পর্ব্বত। তরণি—সূর্য্য। তুলাধার—তুল্য। গহিও—গ্রহণ করিল।

তুরয় কোটি চাপ চুরিয়
চার দিশ চৌ বিদিশ পূরিয়
বিষম সায় আসার
ধারা ধরণী ভরিও ॥ ৬ ॥
অন্ধকূপ কবন্ধ লাইয়
ফেরবি ফফ্ফরিস গাইয়
রুধির মত্ত প্রেত ভূত
বেতাল বিছলিও ॥ ৭ ॥
পার ভই পরিপন্থি গঞ্জিয়
ভূমিমণ্ডল মুণ্ডে মণ্ডিত
চারুচন্দ্র কলেব কীর্ত্তি
সুকেত কি তুলিও ॥ ৮ ॥
রামরূপে স্বধর্ম্ম রাখিয়
দানদর্পে দধীচি রথ থিয়
সুকবি নব জয়দেব
ভণিও রে ॥ ৯ ॥
দেবসিংহ নরেন্দ্রনন্দন
শত্রু নরপতিকুলনিকন্দন
সিংহ সম শিবসিংহ রাজা
সকল গুণক নিধান গণিও রে ॥ ১০ ॥

১৪

স্বপন দেখল হাম শিবসিংহ ভূপ।
বতিশ বরস পর শামর রূপ ॥ ১ ॥
বহুত দেখল গুরুজন প্রাচীন।
আব ভেলহু হাম আয়ুবিহীন ॥ ২ ॥
সমটু সমটু নিজ লোচননীর।
ককরহু কাল ন রাখথি থির ॥ ৩ ॥
বিদ্যাপতি সুগতিক প্রস্তাব।
ত্যাগ কে করুণা রসক স্বভাব ॥ ৪ ॥

১৫

কন্যকা তোহার কতয়ে আছে মায়।
কহু ন ও আবথু এখন নাহায় ॥ ১ ॥
বৃথা বুঝথু সংসার বিলাস।
পল পল নানা তরহক ত্রাস ॥ ২ ॥
মায় বাপ জোঁ সদগতি পাব।
সন্ততি কাঁ অনুপম সুখ আব ॥ ৩ ॥
বিদ্যাপতি আয়ু অবসান।
কাতিক ধবল ত্রয়োদশী জান ॥ ৪ ॥

১৬

তোহেঁ জলধর সহজহি জলরাজ।
হাম চাতক জলবিন্দুক কাজ ॥
জল দিয়া জলদ জীব মোর রাখ।
অবসর দেলে সহস হো লাখ ॥ ২ ॥
তনু দেয় চাঁদ রাহু কর পান।
কবহু কলা নহি হোয় মলান ॥ ৩ ॥
বৈভব গেলে রহয়ে বিবেক।
তইসন পুরুখ লাখ থিক এক ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি দূতী সে।
দুই মন মেল করাবয়ে যে ॥ ৫ ॥

১৭

অপার পয়োধি মগন ভেল সূর।
নখিকুলে সঙ্কুল বাট বিদূর ॥ ১ ॥
নদী পরিহরি নাবিক ঘর গেল।
পথিক গমনপথ সংশয় ভেল ॥ ২ ॥
অনতয়ে পথিক করিয় পরবাস।
হমে ধনী একলি কান্ত নহি পাশ ॥ ৩ ॥
একে চিন্তা অওকে মনমথ শোষ।
দশমী দশা মোহি কওোনক দোষ ॥ ৪ ॥
রজনী ন জাগ সখীজন মোর।
অনুখণ সগর নগর ভম চোর ॥ ৫ ॥
তোহেঁ তরুণত হমে বিরহিণী নারী।
উচিতহু বচন উপজ কুলগারি ॥ ৬ ॥

৭। লাইয়—নিক্ষেপ করিল। ফেরবি—শৃগাল। ফফ্ফরিস—ফেউ, শৃগালরব।
১। বতিশ—বত্রিশ। বরস—বৎসর।
৩। সমটু—মুছিয়া। ককরহু—কাহারও।
১। কন্যকা—কন্যা। মায়—মাতা। আবথু—আসিতেছে। নাহায়—স্নান করিয়া।
২। তরহক—প্রকার।
৪। কাতিক—কার্ত্তিক। ধবল—শুক্ল।
১। মগন ভেল—অস্তগমন করিল। সূর—সূর্য্য। নখিকুলে—হিংস্র প্রাণী দ্বারা। বাট—পথ। বিদূর—অধিক দূর।
৩। অনতয়ে—অন্যত্র। পরবাস—প্রবাস। শোষ—শোষণ।
৫। সগর—সকল।
৬। তরুণত—তরুণ, যুবক। উপজ—উৎপন্ন।

বামা বচন বাম পথ ধাব।
আপন মনোরথ উকুতি বুঝাব ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি নারী সঞানি।
ভাল করি রথলক দুহু অনুমানি ॥ ৮ ॥

১৮

আপন মন্দিরে বৈসলি অছলহু
ঘর নহি দোসর কেবা।
তহিখণে পথিক পাহুন আয়ল
বরিষয়ে লাগল দেবা ॥ ১ ॥
কে জান কি বোলতি পিসুন পরৌসিনী
বচনক ভেল অবকাশে ॥ ২ ॥
ঘর আন্ধার নিরন্তর ধারা
দিবসহি রজনী ভানে।
কওোনক কহব হমে কে পতিয়ায়ত
জগত বিদিত পচবাণে ॥ ৩ ॥

১৯

পরতহু পরদেশ পরহিক আশ।
বিমুখ ন করিয় অবশ দিয় বাস ॥ ১ ॥
এতহি জানিয় সখি পিয়তম কথা।
ভাল মন্দ ননন্দ হে মনে অনুমানি।
পথিককে ন বোলিয় টুটলি বাণী ॥ ২ ॥
চরণ পখালল আসন দান।
মধুরহি বচনে করিয় সমধান ॥ ৩ ॥
এ সখি অনুচিত এতে দূর যাই।
আব করিয় যত অধিক বড়াই ॥ ৪ ॥

২০

কমল মিলল দল মধুপ চলল ঘর
বিহগে গহল নিজ ঠামে।
অরে রে পথিক জন থির রে করিয় মন
বড় পাঁতর দূর গ্রামে ॥ ১ ॥

ননদি রুষিয়ে রহু পরদেশ বস পহু
শাশুহি ন সুঝ সমাজে।
নিঠুর সমাজ পুছায় উদাসীন
আওর কি কহব বেয়াজে ॥ ২ ॥
চন্দন চারু চম্প ঘন চামর
অগর কঙ্কুম ঘরবাসে।
পরিমল লোভে পথিক নিত সঞ্চর
তঁই নহি বোলয় উদাসে ॥ ৩ ॥
বিদ্যাপতি ভণ পথিক বচন শুন
চিতে বুঝি কর অবধানে।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
লখিমা দেবী রমাণে ॥ ৪ ॥

২১

অনত পথিক জনু যাহে।
দূর দেশান্তর বস মোর নাহে ॥ ১ ॥
হমে অনুগতি সবে কেরি।
কতয় যায়ব তোঁহে সাঁঝক বেরি ॥ ২ ॥
নিভরম ঐসন ঠামা।
সবে পরদেশিয়া বসে এহি গামা ॥ ৩ ॥
ভ্রমি ভ্রমি ভ্রম কোতোয়ারে।
পয়লহু লোথ ন নৃপতি বিচারে ॥ ৪ ॥
হমরা কোন আতঙ্গে।
পুর পরিজন সব হমরে অঙ্গে ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি গাবে।
ভ্রমি ভ্রমি অবলা উকুতি বুঝাবে ॥ ৬ ॥

২২

হাম যুবতী পতি গেলাহ বিদেশে।
লগ নহি বসয় পড়োসিয়াক লেশে ॥ ১ ॥

১। অছলহু—ছিলাম। পাহুন—অতিথি। বরিষয়ে—বর্ষণ করিতে।
২। পরৌসিনী—প্রতিবাসিনী।
৩। পতিয়ায়ত—প্রত্যয় করিবে।
১। পরতহু—প্রত্যহ। অবশ—অবশ্য।
২। টুটলি বাণী—স্খলিতকথা।
১। গহল—গ্রহণ করিল। পাঁতর—প্রান্তর।
২। রুষিয়—রোষ করিয়া। সুঝ—দেখা।
৩। অগর—অগুরু। বোলয়—ব'ল।
১। অনত—অন্যত্র। জনু—না। যাহে—যাইও। নাহে—নাথ।
২। সবে কে'র—সবাকার।
৩। নিভরম—ভ্রমশূন্য, বাধ শূন্য।
৪। কোতোয়ারে—কোতোয়াল। পয়লহুঁ—পাইলেও। লোথ—বামাল চো'রাই মাল।
১। লগ—নিকট। বসয়—বাস করে। পড়োসিয়াক—প্রতিবাসীর, পড়্সীর।

শাশু দোসরি কিছুও নহি জান।
আঁখি রতৌধী শুনয় নই কান ॥ ২ ॥
জাগহ পথিক যাহ জনু ভোর।
রাতি আঁধার গাম বড় চোর ॥ ৩ ॥
ভরমহু ভাউরি ন দেয় কোতোয়ার।
কাহুক কেও নহি করয় বিচার ॥ ৪ ॥
অধিপ ন কর অপরাধহুঁ শাতি।
পুরুষ মহতে সব হমর সজাতি ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি এহ রস গাব।
উকুতিহি অবলা ভাব জনাব ॥ ৬ ॥

২৩

বল্লভ নিঠুর বসয় পরবাস।
চেতন পড়োসিয়া নহি মোর পাশ ॥ ১ ॥
ননদী বালক বোলউ ন বুঝ।
পহিলহি সাঁঝ শাশু নহি সূঝ ॥ ২ ॥
হমে ভরা যৌবতী রজনী অন্ধার।
স্বপনেহুঁ নহি পুর ভ্রম কোটবার ॥ ৩ ॥
পথিক বাস অনতয় ভ্রমি লেহ।
হমরা তৈসন দোসর নহি গেহ ॥ ৪ ॥
একশরী জানি আয়োত চলি চোর।
মোরা সঁপতি মোরা অগোর ॥ ৫ ॥
সুকবি বিদ্যাপতি কহথি বিচারি।
পথিক বুঝাবয় বিরহিণী নারী ॥ ৬ ॥

২৪

শাশু জরাতুলি ভেলি।
ননদী ছলি সেও শ্বাশুর গেলি ॥ ১ ॥
তৈসন ন দেখিয় কোই।
রজনী জগায় সঁভাষণ হোই ॥ ২ ॥
এহি পুর এহি বেবহারে।
কাহুক কেও নহি করয় পুছারে ॥ ৩ ॥
প্রাণনাথ কে কহবা।
হম একশরী ধনী কত দিন রহবা ॥ ৪ ॥
পথিক কহব মঝু কান্তা।
হম সনি রমণী ন তেজ রসমন্তা ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি গাবে।
ভ্রমি ভ্রমি বিরহিণী পথিক বুঝাবে ॥ ৬ ॥

২৫

হমে একশরী পিয়তম নহি গাম।
তেঁ মোহি তরতম দেইতে ঠাম ॥ ১ ॥
অনতহু কতহু দেয়ইতহু বাস।
জৌ কেও দোসরি পড়উসিনী পাশ ॥ ২ ॥
চল চল পথিক চলহ পথ মাহ।
বাস নগর বোলি অনতহু যাহ ॥ ৩ ॥
আঁতর পাঁতর সাঁঝক বেরি।
পরদেশ বসিয় অনাগত হেরি ॥ ৪ ॥
ঘোর পয়োধর যামিনী ভেদ।
যাকর রহ তাকর পরিছেদ ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি নাগরী-রীতি।
ব্যাজ বচনে উপজাব পিরীতি ॥ ৬ ॥

২। শাশু—শ্বশ্রূ। দোসরি—দ্বিতীয়। রতৌধী—রাতকাণা।
৩। যাহ—যাইও। ভোর—ভুলিয়া।
৪। ভরমহু—ভ্রমেও। ভাউরি—ঘুরা-ফেরা।
৫। শাতি—শাস্তি।
১। বসয়—বাস করে। পরবাস—প্রবাস। চেতন—চতুর। পড়োসিয়া—পড়সী।
২। পহিলহি—প্রথম হইতেই। সূঝ—দেখিতে পায়। বালক—বালিকা। বোলউ—কথাও।
৪। অনতয়—অন্যত্র।
৫। একশরী—একেশ্বরী, একাকিনী। আয়োত—আসিবে। সঁপতি—সম্পত্তি। অগোর—আগলান, রক্ষা করা।
১। জরাতুলি—জরাতুরা। ছলি—ছিল। শ্বাশুর—শ্বশুর'লয়।
৪। কহবা—কহিবে। রহবা—রহিব।
১। গাম—গ্রাম। মোহি—আমার। তরতম—তারতম্য, দ্বিধা।
২। অনতহু—অন্যত্র। কতহু—কোথাও। দেয়ইতহু—দেওয়াইত ম। জৌ—য'দ। পড়উসিনী—পড়সী। ৩। চল চল—যাও, যাও।
৪। আঁতর—অন্তর। পাঁতর—প্রান্তর।
৫। পয়োধর—মেঘ, স্তন। যামিনী—রাত্রি, পক্ষান্তরে যামী অর্থাৎ কুলস্ত্রী। পরিছেদ—পরিচ্ছেদ, সীমা।
৬। ব্যাজ—ছল। উপজাব—উৎপন্ন করে।

২৬

হমরাহু ঘর নহি ঘরিনীক লেশ।
তেঁ কারণে গুণিয় পরদেশ ॥ ১ ॥
নানা রতন আছয়ে মঝু হাথ।
সেবক চাকর কেও নহি সাথ ॥ ২ ॥
সহজক ভীরু থিকাহু মতিভোর।
রজনী জগায়ে কে করত অগোর ॥ ৩ ॥
বৈসি গমাওব কওনক মাঝ।
অবগুণ আছয়ে রতউঁধী সাঁঝ ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি ছইল স্বভাব।
নাগর পথিক উকুতি বিরমাব ॥ ৫ ॥

২৭

পথিক :—সুন্দরি হে তোঁ সুবুধি সেয়ানী।
মরি পিয়াস পিয়াবহ পানি ॥ ১ ॥
নায়িকা :—কে তোঁ থিকাহ ককর কুল জানি।
বিনু পরিচয় নহি দি। পিডি পানি ॥ ২ ॥
পথিক :—থিকহু পথিকজন রাজকুমার।
ধনীকে বিয়োগে ভরমি সংসার ॥ ৩ ॥
নায়িকা :—আবহ বৈসহ পিব লহ পানি।
যে তোঁ খোজবহ সে দেব আনি ॥ ৪ ॥
শ্বশুর ভাসুর মোর গেলাহ বিদেশ।
স্বামিনাথ গেল ছথি তনিক উদেশ ॥ ৫ ॥
শাশু ঘর আন্ধরী নয়ন নহি সূঝ।
বালক মোর বচন নহি বুঝ ॥ ৬ ॥

১। ঘরিনীক—ঘরনীর, স্ত্রীর। তেঁ—সেই। গুণিয়—গণনা করিয়া, মনে হয়।
৩। থিকাহু—আছি। মতিভোর—ভোলা-মন।
৪। কওনক মাঝ—কাহাদের মধ্যে। রতউঁধী—রাতকানা।
৫। ছইল—চতুর। বিরমাব—বিরাম।
১। তোঁ—তুমি। সুবুধি—সুবুদ্ধি। সেয়ানী—সেয়ানা, চতুরা। পিয়াবহ—পান করাও।
২। থিকাহ—হও।
৩। থিকহু—হই। ধনীকে—স্ত্রীর। ভরমি—ভ্রমণ করি।
৪। আবহ—আইস। পিব—পান কর। খোজবহ—খুঁজবে।
৫। গেল ছথি—গিয়াছেন। তনিক—তাঁহাদের।
৬। শাশু—শাশুড়ী, শ্বশ্রূ। আন্ধরী—অন্ধ। নহি সূঝ—দেখিতে পায় না।

ভণহি বিদ্যাপতি অপরূপ নেহ।
যেহন বিরহ হো তেহন সিনেহ ॥ ৭ ॥

২৮

পিয়া মোর বালক হাম তরুণী।
কোন তপ চুকলেঁহ ভেলেঁহ জননী ॥ ১ ॥
পহিহর লেল সখি এক দখিণক চীর।
পিয়া কে দেখৈতি মোর দগধ শরীর ॥ ২ ॥
পিয়া লেলি কোরে চললি বাজার।
হটিয়াক লোক পুছে কে লাগু তোহার ॥ ৩ ॥
নহি মোর দেওর কি নহি ছোট ভাই।
পুরব লিখল ছিল স্বামী হামার ॥ ৪ ॥
বাট রে বটোহিয়া কি তোঁহি মোর ভাই।
হমরো সমাদ নৈহর লেনে যাই ॥ ৫ ॥
কহিহুন বাবা কিনয় ধেনু গাই।
দুধবা পিলায়কঁ পোষত জামাই ॥ ৬ ॥
নহি মোরা টাকা অছি নহি ধেনু গাই।
কওনই বিধি পোষব বালক জামাই ॥ ৭ ॥
ভণই বিদ্যাপতি শুনু ব্রজনারি।
ধৈরয ধরি রহু মিলত মুরারি ॥ ৮ ॥

২৯

মোরাহিরে অঙ্গনা পাকড়ী শুনু বালহিয়া।
পটেবা আইয় বাস পরম হরি বালহিয়া ॥ ১ ॥
পটেবা ভইয়া হিত নীত শুন বালহিয়া।
কাচুলী এক বিনি দেহি পরম হরি বালহিয়া ॥ ২ ॥

১। তপ চুকলেঁহ—তপোভ্রষ্ট। ভেলেঁহ হইয়াছি।
২। পহিহর লেল—পরিধান করিলাম। দখিণক—দক্ষিণ দেশের। দেখৈতি—দেখিয়া।
৩। কোরে—কোলে। হটিয়াক—হাটের। লাগু—হয়।
৫। বটোহিয়া—পথিক। তোঁহি—তুমি। সমাদ—সম্বাদ। নৈহর—বাপের বাড়ী। লেনে—লইয়া। যাই—যাও।
৬। কহিহুন—কহিও। কিনয়—ক্রয় কর। পিলায়কঁ—পান করাইয়া। পোষত—পোষণ করে।
১। পাকড়ী—পাকুড় গাছ। বালহিয়া—বাল্যসখী। পটেবা—পটুয়া, যাহারা ধুনন করে।

জক্ৰো হমে কাঁচনী বিনহি শুন বালহিয়া।
কাহু বিনক্রনী দেহ পরম হরি বালহিয়া ॥ ৩ ॥
বহুড়ী দেউ রাতাসনা শুন বালহিয়া।
ননদ বিনক্রনী দেক্রঁ পরম হরি বালহিয়া ॥ ৪ ॥
কাঁচুলী পহিরি হমে হাট গক্রে শুন বালহিয়া।
চোর পরীখন লাগু পরম হরি বালহিয়া ॥ ৫ ॥
বিদ্যাপতি কবি গাবিয়া শুন বালহিয়া।
রাজা শিবসিংহ গুণ জান পরম হরি বালহিয়া ॥ ৬ ॥

৩০

মৌরাহি যে আঁগনা চঁদনকের গাছে।
সৌরভে আবয়ে ভ্রমর পচাশে ॥ ১ ॥
আরে আরে ভ্রমরা ন ফেরু কবারে।
আঁচর শুতল অছ পদুম-কুমারে ॥ ২ ॥
সঙ্গহি সখিয়ে শুত দেহরি ভইসুরে।
কইসে করি বাহর হোয়ব বাজত নূপুরে ॥ ৩ ॥
গোড়হুক নূপুর ভেল জীব কালে।
লহু লহু পয়ের দও উঠ ঝঁঝকারে ॥ ৪ ॥
মাই বাপে দয়ে হলু নূপুর গঢ়াই।
নূপুর ভঁগবইতে জীব আঁকুরাই ॥ ৫ ॥
ভণই বিদ্যাপতি এহ রস জানে।
রাজ শিবসিংহ লখিমা দেবী রমাণে ॥ ৬ ॥

২৮

হমে ধনী কুটনী পরিণতি নারী।
বয়স বাস ন কহোঁ বিচারি ॥ ১ ॥

৩। বিনক্রুনী—বুনিবার পারিশ্রমিক।
৪। বহুড়ী—লাড়ু। রাতাসনা—রাত্রের খাদ্য।
১। আঁগনা—অঙ্গন। চঁদনকের—চন্দনের। পচাশে—পঞ্চাশ।
২। ফেরু—ফেরাও। কবারে—কবাট। শুতল অছ—শয়ন করিয়া আছে। পদুম-কুমারে—পদ্মকুমার।
৩। শুত—শয়ন করে। দেহরি—দেউড়ি। ভইসুর—ভাসুর। কইসে করি—কেমন করিয়া।
৪। গোড়হুক—পায়ের। দও—দিলে। ঝঁঝকারে—ঝমঝম শব্দ। পয়ের—পা।
৫। দয়ে হলু—দিয়াছেন। গঢ়াই—গড়াইয়া। ভঙ্গবইতে—ভাঙ্গিতে। আঁকুরাই—আকুল হয়।
১। কুটনী—কুট্‌নী। পরিণতি—বৃদ্ধা।

কাহুকে পান কাহু দিয় সান।
কত ন হকারি কয়ল অপমান ॥ ২ ॥
কত পরমাদ ধিয়া মোর ভেল।
আহে যৌবন কতয় চলি গেল ॥ ৩ ॥
ভাঙ্গল কপোল অলক ভরি সাজু।
সঙ্কুল লোচনে কাজর আজু ॥ ৪ ॥
ধবলা কেশ কুসুম করু বাস।
অধিক শিঙ্গারে অধিক উপহাস ॥ ৫ ॥
থোথর থৈয়া থন দুও ভেল।
গুরুয় নিতম্ব কাঁহা চলি গেল ॥ ৬ ॥
যৌবন শেষ শুখায়ল অঙ্গ।
পাছু হেরি বিলুলইতে উমত অনঙ্গ ॥ ৭ ॥
খণে খস ঘোঘট বিঘট সমাজ।
খণে খণে আব হকারলি লাজ ॥ ৮ ॥
ভণহি বিদ্যাপতি রস নহি ছেও।
হাসিনী দেবীপতি দেবসিংহ দেও ॥ ৯ ॥

২। সান—সঙ্কেত করিয়া ডাকা। হকার—হাঁক দিয়া, ডাকিয়া।
৩। ধিয়া—কন্যা। আহে—হায়।
৪। ভাঙ্গল—ভগ্ন, কোটরগত। সঙ্কুল—নিস্তেজ।
৬। থোথর থৈয়া—থোঁতা, লম্ববান্। থন—স্তন।
৮। ঘোঘট—ঘোমটা। ৯। ছেও—ছিটাও।

আমি বুড়ো কুট্‌নী, বয়স বা স্থান বিচার করিয়া কথা কহিতে পারি না। কাহাকে পান দিয়াছি, কাহাকেও ইঙ্গিতে ডাকিয়াছি, আবার কত লোককে ডাকিয়া অপমান করিয়াছি। আমার কত জারজ কন্যা হইয়াছিল; হায়, আমার যৌবন কোথায় চলিয়া গিয়াছে! কপোল ভাঙ্গিয়াছে অর্থাৎ ঢুকিয়া গিয়াছে, কিন্তু অলকদাম সজ্জিত, নিস্তেজ চক্ষুতে আজও কাজল দিয়াছি; চুল সাদা হইয়া গিয়াছে, তথাপি তাহাতে কুসুম দিয়াছি, এ বয়সে অধিক সজ্জায় লোক অধিক উপহাস করে। স্তন দুইটি লম্ববান হইয়াছে, গুরু নিতম্ব কোথায় চলিয়া গিয়াছে! যৌবন গিয়াছে—দেহ দেহ শুকাইয়াছে, পশ্চাদ্দিকে দেখি—পাগলা মদন উপহাস করিয়া গড়াগড়ি দিতেছে; কখন লোক-সাক্ষাতে ঘোমটা খসিয়া পড়ে—আবার মুহুর্মুহু ডাকিলে লজ্জা আসিয়া উপস্থিত হয়। বিদ্যাপতি বলিতেছেন, আর ছিটামাত্র রস নাই।

অ-প্রকাশিত পদাবলী

১

কঁ'হা লাগি সজনি দরশন ভেল।
বর কি আপন জীউ পরহাথে দেল॥ ১॥
এত রস আদর গেও দরশাই।
যত বিছুরয়ে তত িছুর ন যাই॥ ২॥
না জানিয়ে কিয়ে করু মোহন চোর।
হেরইতে চিত হরি লে গেও মোর॥ ৩॥
ভণয়ে বিদ্যাপতি শুন বরনারি।
পেখলু তুয়া লাগি আকুল মুরারি॥ ৪॥

২

চাঁচর চিকুর কুসুম ভরি লেল।
জনু আন্ধিয়ারে উড়ু উগি গেল॥ ১॥
তাহে অধিক মুখমণ্ডল গোরা।
পূর্ণমিক চন্দ কিয়ে কমল উজোরা॥ ২॥
তড়িতলতা সম তনু তনু দরশি।
যনু দশ দিশ দৈবে নিহলি॥ ৩॥
মঝু মনে মনমথ রাখলি গোরী।
বিছুরিতে চাহি নহি হোয়ে বিছোরি॥ ৪॥
দেখনুঁ কামিনী কহন না যায়।
পুন দরশন লাগি রচহ উপায়॥ ৫॥
বয়ন উজোর তহি নয়ন সান্দা।
নীল নলিনী দউ পুছল চন্দা॥ ৬॥
পীন পয়োধর রোচি উজোরি।
শ্রীফল-ফলিনী কনক মুজোরি॥ ৭॥
ভণয়ে বিদ্যাপতি কানুক সহায়।
যে৷ গুণবন্ত সো পুন পায়॥ ৮॥

৩

সখা হে তোহে কহু আজুক ভাখি।
সিনানক বেরি যৈছে হাম পেখলুঁ
কি কহব নহে মুখ লাখি॥ ১॥
যমুনা-কিনারে সোই রামা।
সিনায়ত গোরী হাম রহু দূর
কটাখে নিহারত হামা॥ ২॥
হেরইতে মঝু জীউ তুল ধুড়'ন গেও
মুরতি রহল তহি থাড়ি।
তিরিজগ ভরমি উপমা নহি পাইয়
পুন জীউ মুরতে সঞ্চারি॥ ৩॥
তৈখনে দেখলু সমাধল সিনান
চলব করত অনুমানি।
অপরশ বিরহ সহই নহি পারই
আগু তরঙ্গিত পানি॥ ৪॥
তনু সঞে মিলি গেও সজল নীলাম্বর
বিন্দু বিন্দু ঝরু বারি।
রোয়ত শাটী মোহে ধনী তেজব
পহিরব আনহি সাড়ী॥ ৫॥

১। কাঁহা লাগি—কিসের জন্য। জীউ—জীবন।

২। গেও—গেল। দরশাই—দেখাইয়া। বিছুরয়ে—বিস্মৃত হইতে যাই। বিছুর—বিস্মৃত।

২। উজোরা—উজ্জ্বল।

৩। যনু—যেন। তনু—তাহার। দৈবে—দৈবাৎ। নিহলি—দেখিলাম।

৪। গোরী—গৌরী, রাধা। বিছুরিতে—বিস্মৃত হইতে।

৫। রচহ—রচনা কর, স্থির কর।

৬। দউ—দিয়া।

১। ভাখি—ভাষা, কথা। সিনায়ক বেরি—স্নানের সময়। লাখি—লক্ষ।

২। সিনায়ত গোরী—গৌরী অর্থাৎ রাধা স্নান করিতেছিল। কটাখে—কটাক্ষে। নিহারত—দেখিতেছিল।

৩। জীউ—জীবন, প্রাণ। তুল—তুলনা। ধুঁড়নে—ধুঁড়িতে, খুঁজিতে। গেও—গেল। থাড়ি—স্থির হইয়া রহিল। তিরি জগ—ত্রিজগৎ। মুরতে—দেহে। সঞ্চারি—সঞ্চারিত হইল, ফিরিয়া আসিল।

৪। অপরশ বিরহ—অস্পৃশ্য বিরহ।

তাকর দুখ দেখি মঝু আঁখি দোন
রোই চলি গেও তসু সঙ্গে।
আপক দুখ মিটব যব পেখব
কহ কবিরঞ্জন রঙ্গে॥ ৬॥

৪

ভাবিনি শুন কিছু করি অবধান।
রাধা নাম কহই যব পন্থিক
শুনইতে আকুল কান॥ ১॥
কি রসে রিঝায়লি সো বর-নাগর
অনুখণ তোহারি দেয়ান।
রমণী-শিরোমণি জানলু তুহু ধনী
কথি লাগি সাধসি মান॥ ২॥
কত কত নাগরী গোরী আরাধই
যো পদ করইতে লাভ।
সো জন আকুল তুয়া লাগি সুন্দরি
কি ফল কঠিন স্বভাব॥ ৩॥
আপন পীতাম্বর হেরি চমকিত মন
তোহারি ভরমে দেই কোর।
বিদ্যাপতি কহ শুন দেবি মাধবি
রাখবি রাই ইহ বোল॥ ৪॥

৫

সুন্দরি মাধব তুহে অনুরাগী।
তুহু ধনী ঐছন ভেলি কথি লাগি॥ ১॥
যা ধ'র তো সঞে ভেল সম্ভাষি।
তা ধরি সব সুখ ভেল উদাসী॥ ২॥
তোহারি কাহিনী বিনু না শুনয়ে আন।
তুয়া গুণে বান্ধল প্রেম পরাণ॥ ৩॥
খণে খণে রাই বলি ছোড়য়ে নিশাস।
মুন্দল নয়ন না করে পরকাশ॥ ৪॥
চৌদিগে উছলি উছলি পড়ু লোর।
অন্তর বেদন কো কহু ওর॥ ৫॥
নাথ কলাবতী আছে উহ ঠাম।
স্বপনেহু কাহুক না করয়ে নাম॥ ৬॥
এক তুয়া তুয়া করি তেজয়ে পরাণ।
বড়কা প্রেম বড়হি এক জান॥ ৭॥
বিদ্যাপতি কহে প্রেম অগেয়ান।
তনু সঞে পরবশ করত পরাণ॥ ৮॥

৬

দখিণ মলয়ানিল বহই অনুকূল
কুসুমিত কানন সাজ।
তৈখন মধু ঋতু সুবল শুভহেতু
সমুখে আয়ল দ্বিজরাজ॥ ১॥
মাধব সুশুভ করহ পয়াণ।
মেলি মধুকর সমুখে শঙ্খপুর
কোকিল মঙ্গল গান॥ ২॥
তুয়া মানস যহু বিপিন দেশ তহি
পূরব তুয়া সব কামে।
হামারি মিনতি এহ তুয়া পদে রাখবি
এক করিয়ে পরণামে॥ ৩॥
বিদ্যাপতি কহ নায়ক শুনি শুনি
চিতক পুতলী যনু ভেল।
নয়ন-লোরে ধনী ডুবইতে অছলহ
হরি পরি তিরিবধ দেল॥ ৪॥

৭

রসবতী নাগরী অভিনব কান।
রাইক মন্দিরে কয়ল পয়াণ॥ ১॥
রস প্রবন্ধে বিদগধ রমণী।
কপটে ঘুমাওল শুতি রহ ধরণী॥ ২॥
তহি এক রভসে রভস ভই গেল।
কানু কুচ উপর করাঘাত দেল॥ ৩॥

৬। দোন—দুটি।

১। পন্থিক—পথিক।

২। রিঝায়লি—আনন্দিত করিলে।

১। তুহে—তোমাতে। কথি লাগি—কিসের জন্য।

৪। মুন্দল—মুদিত। পরকাশ—প্রকাশ।

৫। ওর—সীমা।

৬। উহ ঠাম—সেইখানে।

১। মধুঋতু—বসন্তকাল। দ্বিজরাজ—চন্দ্র, পক্ষান্তরে সুব্রাহ্মণ; যাত্রাকালে সুব্রাহ্মণ দর্শন শুভ লক্ষণ।

৪। চিতক পুতলী—চিত্রপুত্তলী। যনু—যেন, মত। হরি পরি—হরির উপর। তিরিবধ—স্ত্রীবধজনিত পাতক।

২। রস প্রবন্ধ—রঙ্গ-কৌশলে। বিদগধ রমণী—রসিকা রমণী।

৩। রভসে—বলাৎকারে। রভস—আনন্দ।

পুথি পড়াওল আলিঙ্গন দান।
বিরতি পড়াওল অধরক পান ॥ ৪ ॥
স্বস্তি পড়াওল খুলি নীবিবন্ধ।
বেদ পড়াওল সুরতি তরঙ্গ ॥ ৫ ॥
হাসি কহয়ে ধনী পরিহরি লাজ।
গুরু করি কান কহবি মোরে আজ ॥ ৬ ॥
ভণয়ে বিদ্যাপতি অপরূপ মেলি।
প্রেম-সরোবর দক্ষিণা দেলি ॥ ৭ ॥

৮

দেখ দেখ রে সখি অপরূপ রঙ্গ।
কিয়ে কিয়ে না কর মদন-তরঙ্গ ॥ ১ ॥
নাহ-আরতি যত কহল ন হোয়।
ধনী রহু নিচলে আঁচরে গোয় ॥ ২ ॥
কত কত আদর করতহি কান।
করে ধরি চিবুক চুম্বয় বয়ান ॥ ৩ ॥
সঘন আলিঙ্গন হরখহি দেল।
নবঘনে হেরিয়ে বিজুরিক খেল ॥ ৪ ॥
কবি বিদ্যাপতি হেরি রহু ধন্দ।
চান্দ কমলে কিয়ে ভাঙ্গল দ্বন্দ ॥ ৫ ॥

৯

চাতুরি পরিহর নাগর চোর।
সাখী দেয়ত সব অঙ্গহি তোর ॥ ১ ॥
ভালে বিরাজিত সিন্দুর-রেখ।
মুকুর করে ধরি দেখ পরতেখ ॥ ২ ॥
লোহিত লোচন পঙ্কজ ভাঁতি।
মদন বয়ানে অধর করু কাঁতি ॥ ৩ ॥
ভণই বিদ্যাপতি শুনহ মুরারি।
তাহি চলত যাঁহা বৈঠে বরনারী ॥ ৪ ॥

১০

কাহে এত কুহ হরি তুহু হাম এক।
এত দিনে সে সব ভেল্ পরতেক ॥ ১ ॥
লোরে খসল যত অঞ্জন মোর।
সে সব অধরে লাগি রহু তোর ॥ ২ ॥
তুহারি অধরে সে দশন-ক্ষত দেল।
হামারি হৃদয়ে শাল রহি গেল ॥ ৩ ॥
অতয়ে সে তুহু হাম একই পরাণ।
বিদ্যাপতি কহ ইথে নাহি আন ॥ ৪ ॥

১১

না করি দোখ না বলি অনুচিত।
গমনকি গৌণ নিশাপতি-ভীত ॥ ১ ॥
ধনি মোহে করহ সঞ্জাত।
তুয়া কুচ হেমঘট হার ভুজঙ্গম
তাহি উপরে দেও হাত ॥ ২ ॥
তুয়া বিনু আন রমণী যদি ছোয়।
এহি ভুজঙ্গমে দংশব মোয় ॥ ৩ ॥
ভুজযুগ পাশ সঘনে দেহ হার।
পয়োধর-পাথর বুকে দেহ ভার ॥ ৪ ॥
গলে গলে বান্ধই রাখহ চিত।
ভণহ বিদ্যাপতি এহি ত উচিত ॥ ৫ ॥

১২

সখীগণ গণইয়তে তুহু সে সেয়ানী।
তোহে কি শিখায়ব চতুরিম বাণী ॥ ১ ॥
যাই বৈঠবি তুহুঁ শ্যাম করি বামা।
ইঙ্গিতে জানায়বি মঝু পরণামা ॥ ২ ॥

৪-৫। কবি এখানে নিষেক-কর্ম্মোক্ত মন্ত্রদ্বয়কে লক্ষ্য করিতেছেন বলিয়াই মনে হয়।
১। কিয়ে—কি।
২। নাহ-আরতি—নাথের আর্ত্তি। নিচলে—নিশ্চল।
৪। হরখহি—সহর্ষে। বিজুরিক—বিদ্যুতের।
১। সাখী—সাক্ষী।
২। পরতেখ—প্রত্যক্ষ।
৩। ভাঁতি—রূপ, শোভা। কাঁতি—কান্তি।
১। পরতেক—প্রত্যক্ষ।
২। লোরে—নয়নাশ্রুতে।
১। দোখ—দোষ। গৌণ—বিলম্ব। নিশাপতি ভীত—চন্দ্রোদয়ে চারিদিক্ আলোকিত হইয়াছিল; তজ্জন্য ভীত হইয়াছিলাম অর্থাৎ পাছে আমার কুঞ্জে আগমন কেহ দেখিতে পায়, তজ্জন্য ভীত হইয়াছিলাম।
২। সঞ্জাত—শাসিত। তুয়া কুচ ইত্যাদি—তোমার হেমঘট সদৃশ কুচের উপর যে হাররূপ ভুজঙ্গম রহিয়াছে, তাহার উপর আমি হাত দিই।
২। পরণামা—প্রণাম। ৪। ফেরি—ফিরাইয়া।

রাত কহবি পুন আনন ফেরি।
চন্দ্রাবলী-নাথ কহবি বেরি বেরি ॥ ৩ ॥
মিনতি করবি দূতি ন ধরবি পায়।
মান-গরব ধন যনি মিটি যায় ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি চতুর সুজান।
মান রাখবি পুন আনবি কান ॥ ৫ ॥

১৩

মাধব :—
এ ধনি এক নিবেদন তোয়।
কলঙ্ক-শম্ভু এক ভেখ বিলোকন
দোসর দেখায়বি মোয় ॥ ১ ॥
করপল্লবে হাম ইহ হর পূজব
খোলহ নীল-নীচোল।
পানিকতলে হাম কপোল বজায়ব
করতালি তুহুঁ কর বোল ॥ ২ ॥

শ্রীমতী :—
শুন ব্রজবল্লভ ইথে কিয়ে সম্ভব
সহজই জাতি আহীর।
আদি বিশ্বেশ্বর দেব পুরন্দর
কৈছে পরশবি উহ শির ॥ ৩ ॥

মাধব :—
দেব বিশ্বেশ্বর আদি পুরুষবর
আকুল জন নাহি জান।
নিবেদয়ে পুন পুন কহে কবিরঞ্জন
দেহ আলিঙ্গন দান ॥ ৪ ॥

১৪

হার-উর মরকত-মুকুরক জ্যোতি।
তাহি পেখল ধনী আপন মূরতি ॥ ১ ॥
গুরুয় দুখ কিছু ফুরত ন বোল।
বৈঠলি সুধামুখী পাণি কপোল ॥ ২ ॥
ঢর ঢর ঢরকত নয়নক লোর।
নখ দই লিখত ধরণীক ওর ॥ ৩ ॥
কহ কবিরঞ্জন দৈবক রীত।
সাজল মনমথ দৈবহি কীত ॥ ৪ ॥

১৫

বদন-সরোরুহ হাসি লুকায়সি
তাহে লুবধ মন মোরা।
উদিতহ চান্দ অমিয় নহি বরিখয়ে
কি পিয়ে জীয়ে চকোরা ॥ ১ ॥
সুন্দরি দেহি পলটি দিঠি তোরা।
সকল রজনী ধনি কোপে গোঙায়লি
কেলি করবি কোন বেরা ॥ ২ ॥
আধ পয়োধর দরশি লুকায়সি
কাঞ্চন-কলস সমানে।
মদন-ভাণ্ডার স্বরূপহি জানলো
তহি লাগি লইলু শরণে ॥ ৩ ॥
করিবর-কুম্ভ নিতম্ব পুন ঝাঁপসি
যতনে বাঁধলি নীবি-পাশে।
ভণহ বিদ্যাপতি রজনীক ইহ রীতি
বঞ্চবি কোন বিলাসে ॥ ৪ ॥

১৬

আলসে আঙ্গিনা শুতলি রাই।
দোঁহ আকুল বদন চাই ॥ ১ ॥
চকোর-ভ্রমরে লাগল দ্বন্দ।
ও বোলে কমল ও বোলে চন্দ ॥ ২ ॥
বিহি কৈল তাহে উত্তম কাজ।
সীমা বাঁটি দিল ভুরুক মাঝ ॥ ৩ ॥
বাঁটন সীমা ভাঙ্গল দ্বন্দ।
আধ কমল আধ চন্দ ॥ ৪ ॥
কহ বিদ্যাপতি বুঝব কে।
যে জন রসিক বুঝব সে ॥ ৫ ॥

১৭

শ্রীমতী :—দূতি স্বরূপ কহবি তুহু মোহে।
মুঞি নিজ কাজে সাজি তুয়া ভূষণ
বিরচি পঠাওল তোহে ॥ ১ ॥
মুখজ তাম্বুল দেই অধর সুরঙ্গ লেই
সো কাহে ভেল ধূমেলা।
দূতী :—তুয়া গুণ কহইতে রসনা ফিরাইতে
তথিহু মলিন ভৈ গেলা ॥ ২ ॥

১। ভেখ—সজ্জা। দোসর—দ্বিতীয়, আবার।
২। নীচোল—উত্তরীয় বস্ত্র, ওড়না।
২। ফুরত—স্ফূর্ত্তি।
৪। কীত—কৃত।
১। বরিখয়ে—বর্ষণ করে।
১। শুতলি—শয়ন করিল।
৩। বিহি—বিধি।
২। ধূমেলা—ধূম্রবর্ণ।

শ্রীমতী :—মুঞি নিজ কর দেই সীমন্ত সোঙারলু
সো কাহে ভেল কুবেশা।
দূতী :—তুয়া ইথে লাগি পাও দুহু পড়ইতে
ততহি উধসি ভৈ কেশা ॥ ৩ ॥
শ্রীমতী :—বিনহি ছরমে উর ধক ধক ধকি কুরু
উসসি উসসি ভৈ শাসা।
দূতী :—তোহারি বচন দেই উনক বচন লেই
ত্বরিতে আয়লু তুয়া পাশা ॥ ৪ ॥
শ্রীমতী :—আপন বসন দেই উনক বসন লেই
আয়লি কোন চরিতে।
দূতী :—গেলি ন গেলি যবহি উপযায়ব
আনলুঁ তুয়া পরতীতে ॥ ৫ ॥
ভণহ বিদ্যাপতি শুন বর-যৌবতি
কহইতে হোয়ে থথেরা।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
দূতীক ইহ উপচারা ॥ ৬ ॥

১৮

যাকর মুকুলিত অরুণ নয়নযুগ
তাকর ঢল ঢল পাতি।
নিরমল রাতা উতপল অন্তর
ভ্রমর রহল জনু মাতি ॥ ১ ॥
মাধব কৈছে ছপায়সি মোয়।
অঙ্গক সাখী অঙ্গ অনুরঞ্জই
বেকত জগভরি হোয় ॥ ২ ॥
তনু ভেল অতি ক্ষীণ পিঠে কঙ্কণ-চিন
তাড় নিশান দু-পাশ।
নিবিড় আলিঙ্গনে হারক নিশানহি
শোভিত কণ্ঠক মাঝ ॥ ৩ ॥
বেকত বিভূষণ, অঙ্গ পসারল
অধরে মিলায়ই বোল।
বিদ্যাপতি কহ আর কি বিচারহ
সিন্ধে ধরলি যনু চোর ॥ ৪ ॥

১৯

শুন শুন সুন্দরি কর অবধান।
নহি অপরাধ না ভাবিহ আন ॥ ১ ॥
পূজল ভগবতী যামিনী জাগি।
গমন বিলম্বন ভেল তথি লাগি ॥ ২ ॥

৩। সোঙারলু—সাজাইলাম। উধসি—উস্ক-খুস্ক।

৪। ছরমে—শ্রমে। উসসি উসসি ভৈ শাসা—তোমার নিশ্বাস অত দ্রুত পড়িতেছে কেন? উনক—তাঁহার, মাধবের।

৫। চরিতে—চরিত্র, ব্যবহার। পরতীতে—প্রতীতি।

৬। থথেরা—কলঙ্ক।

অভিসার-প্রত্যাগতা দূতীকে দেখিয়া শ্রীমতী তাহাকে জিজ্ঞাসা করিতেছেন, "দূতি, তুই আমাকে সত্য বলিবি। আমি নিজের কাজের জন্য ভূষণ দ্বারা সাজাইয়া ও বেশ রচনা করিয়া তোকে পাঠাইয়াছিলাম। আমি তোর মুখে তাম্বূল দিয়া যে সুন্দর রং করিয়া দিয়াছিলাম, তাহা ধূম্রবর্ণ অর্থাৎ মলিন হইল কেন?"

দূতী :—তোমার গুণবর্ণনা করিতে করিতে রসনা ফিরাইয়াছিলাম, তাই মলিন হইয়া গিয়াছে।

শ্রীমতী। আমি নিজ হাতে তোর সীমন্ত সাজাইয়াছিলাম, তাহা কেন বিশৃঙ্খল হইল?

দূতী। তোমার জন্য মাধবের দুটি পায়ে পড়িয়াছিলাম, তাই চুল উস্ক-খুস্ক হইয়াছে।

শ্রীমতী। বিনা পরিশ্রমে তোর বুক ধক্ ধক্ করিতেছে এবং তোর নিশ্বাস অত দ্রুত পড়িতেছে কেন?

দূতী। তোমার কথা তাঁহাকে বলিয়া এবং তাঁহার নিকট হইতে উত্তর লইয়া তাড়াতাড়ি আসিয়াছি, তাই এরূপ হইয়াছে।

শ্রীমতী। নিজের কাপড় তাঁহাকে দিয়াছিস্, তাঁহার কাপড় নিজে লইয়াছিস্, এ তোর কিরূপ ব্যবহার?

দূতী। আমি গিয়াছিলাম—কি, না গিয়াছিলাম, তাহার প্রতীতির জন্য এরূপ করিয়াছি।

১। পাতি—পত্র। রাতা—রক্তবর্ণ। উতপল—উৎপল।

২। ছপায়সি—লুকাইতেছ। সাখী—সাক্ষী। অনুরঞ্জই—অনুরঞ্জিত হয়।

৩। তাড়—বাহুর অলঙ্কার বিশেষ, তাগা। নিশান—চিহ্ন।

৪। পসারল—প্রসারিত হইল। সিন্ধে—সন্ধি, সিঁদ, সিঁদপথে।

তুয়া কুচ-কুম্ভ হার ফণিরাজ।
কহইতে হাত দিয়ে তথি মাঝ ॥ ৩ ॥
তুয়া বিনে স্বপনে আন যদি হোয়।
ওহি ভুজঙ্গিনী দংশব মোয় ॥ ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি কি কহব তোয়।
শপথি করহ যদি সম্মতি হোয় ॥ ৫ ॥

২০

সজনি ছোড়লু জীবন-আশা।
দারুণ বরিখা জীউ ভেল অন্তর
নাহ রহল দূরদেশা ॥ ১ ॥
বাদর-দর দর নহি দিন অবসর
গর গর গরজই রাতি।
অনিল অধীর থির নহে অম্বর
দমকত দামিনী পাঁতি ॥ ২ ॥
ঘন ঘন ডাহুকী ডহ ডহ ডাকই
চাতক পিউ পিউ বোল।
নাচত মত্ত শিখণ্ডক মণ্ডল
নিশি দিশি দাদুরী রোল ॥ ৩ ॥
কোন কলাবতী কঠিন-হৃদয় অতি
পিয়া বিনে রাখব প্রাণ।
বিদ্যাপতি কহ ধনী উতপত নহ
তুরতহি মিলব কান ॥ ৪ ॥

২১

আর কত আশা দেই ধরব হিয়া।
যৌবনকালে বিদেশে রহু পিয়া ॥ ১ ॥
সো যব আগে নিয়ড়ে মঝু আছলা।
মনে কিছু ভাল মন্দ হাম নহি গণলা ॥ ২ ॥
অব সো সবহু পরিচয় ভেল।
কানু নিঠুর মুঝে পরিহার গেল ॥ ৩ ॥
অব মদনানলে দগধে শরীর।
শীতল শশধর ভেল মিহির। ৪ ॥
ভণয়ে বিদ্যাপতি শুন বিনোদিনি।
নিয়ড়ে মিলব অব শ্যাম গুণমণি ॥ ৫ ॥

২২

সখি হে বৈরী ভেল মোর নিন্দ।
মদন থরশরে দেহ জরজর
ছাড়ি চলল গোবিন্দ ॥ ১ ॥
যে পথে গেল মোর প্রাণবল্লভ
সে পথ বলিহারি যাও।
চাঁপা নাগেশ্বর কি ফুল ফুটল
কোকিল ঘন করে রাও ॥ ২ ॥
এ কূলে গঙ্গা ও কূলে যমুনা
মাঝে চন্দন কোক।
যে কানুর গুণে হিয়া জরজর
সে কানু সে দিল শোক ॥ ৩ ॥
ভণে বিদ্যাপতি শুনহ যুবতি
মনে না করিহ রোখ।
রাজা শিবসিংহ রূপনারায়ণ
যাঁহা গুণ তাঁহা দোখ ॥ ৪ ॥

২৩

শুনহ এক অবধান মাধব
গহনে পড়ু ধনী-জীব রে।
গুরুয়া বিরহে সে বিকল শশিমুখী
লখই যনু দিন-দীপ রে ॥ ১ ॥
ধরণী ধামিনী ধূলি ধূসর
ধনী না সম্বর চীর রে।
মাহ শাওণ বরিখে বৈছন
ঐছন নয়নক নীর রে ॥ ২ ॥
শ্বাসভরে কুচকুম্ভ উপর
চীর থির নহি থেহ রে।
পবনে কম্পিত কনক ভূধর
শিখরে শারদ মেহ রে ॥ ৩ ॥

২। গর গর—ঘর্ঘর শব্দ। গরজই—গর্জ্জন করে।

৩। দাদুরী-রোল—ভেকদিগের ডাক।

৪। উতপত—সন্তাপিত।

১। নিন্দ—নিদ্রা।

৩। কোক—চক্রবাক।

৪। রোখ—রোষ। দোখ—দোষ।

১। ধনী-জীব—ধনীর অর্থাৎ শ্রীমতীর প্রাণ। দিন-দীপ—দিবার প্রদীপের ন্যায় নিষ্প্রভ।

২। ধরণী-ধামিনী—মাটিতে অবস্থিতা। চীর—বস্ত্র।

৩। থেহ—থাকা। মেহ—মেঘ।

শুনহ নাগর বিরহ-সাগর
পান কর একবার রে।
কুসুমশর-শরে দেহ জরজর
মূরছি পড়ু বর নার রে ॥ ৪ ॥
কুমুদিনী দল কিরণে তাপিত
ঐছে আমার দেহ রে।
ভরমে বিধর হার তেজল
জীবনে পড়ল সন্দেহ রে ॥ ৫ ॥
এতহু সখীগণ সিঁচই চন্দন
গরল সম উঠে ভীত রে।
কো কহে সাধক কো কহে বাধক
শেষর কহ বিপরীত রে ॥ ৬

২৪

হিম হিমকর পেখি কাঁপয়ে ঘন ঘন
অনুখন ঝরয়ে নয়ান।
হরি হরি বোলি ধরণী ধরি লুঠই
সখী-বোধে না পাতয়ে কান ॥ ১ ॥
মাধব পেখলুঁ তৈছন রাই।
সবিষম খরশরে অঙ্গ ভেল জরজর
কহইতে কো পতিয়াই ॥ ২ ॥
বিগলিত কেশ শ্বাস বহে খরতর
না রহে নাবিনিবন্ধ।
কম্বু কন্ধর ধরই ন পারই
টুটল পঞ্জর-বন্ধ ॥ ৩ ॥

৪। বর নার—বরনারী, নারীশ্রেষ্ঠা।
৫। ভরমে—ভ্রমে।
৬। সিঁচই—সিঞ্চন, লেপন।
১। সখী বোলে—সখীর কথায়।
২। পতিয়াই—প্রত্যয় করিবে।

নব কিশলয়ে রচি শয়নে শুতায়ই
অধিক ভেল যনু আগি।
কিয়ে ঘর বাহির পড়ুয়ে নিরন্তর
অহনিশি খেপয়ে জাগি ॥ ৪ ॥
ভণই বিদ্যাপতি শুনহ রসিকবর
ত্বরিতে মিলহ ধনী পাশে।
সকল সখীগণ ফেরত বিনোদিনী
দশমী দশা পরকাশে ॥ ৫ ॥

২৫

সুন্দরি বিদগধ সুপুরুখ সোই।
কানুক হৃদয় সকল হাম জানলু
তিলেক না বিসরই তোই ॥ ১ ॥
ওহি দিবস হাম মথুরা সমাগম
পন্থহি দরশন ভেল।
তুহারি কুশল হরি পুছই বেরি বেরি
লোরে লোচন ভরি গেল ॥ ২ ॥
পীত বসনে লোচনযুগ মোছই
তুয়া বিনু আন না হেরি।
উপর পর পাণি হানি ক্ষিতি লুঠই
ফুকরি রোয়ে কত বেরি ॥ ৩ ॥
তুয়া বিনে রাতি দিবস নহি জানত
অতয়ে বুঝলু অনুমানে।
তুয়ে বিসরব ধনী কবহু নু বোলবি
সুকবি বিদ্যাপতি ভাণে ॥ ৪ ॥

১। বিদগধ—রসিক। বিসরই—বিস্মৃত হয়।
২। পন্থহি—রাস্তায়।
৪। তুয়ে—তোমাকে। বিসরব—বিস্মৃত হইব। কবহু—কখনও।

সম্পূর্ণ

বিদ্যাপতির সংক্ষিপ্ত জীবনী

দ্বারভাঙ্গা জেলার জরাইল পরগণায় গড়বিসপী নামে একটি গ্রাম ছিল। এই গড়বিসপীই কালে 'বিসপী' নামে অভিহিত হয়। বিদ্যাপতির পূর্ব্বপুরুষগণ এই বিসপী গ্রামেই বাস করিতেন।

কোন্ শতাব্দে বিদ্যাপতির আবির্ভাব হয়, তাঁহা সুনির্দ্দিষ্ট না হইলেও, অনুমান করা কঠিন হয় না যে, খৃষ্টীয় চতুর্দ্দশ শতাব্দীর শেষভাগে তিনি মিথিলায় আবির্ভূত হইয়াছিলেন।

"অনল রন্ধ্র কর লক্ষ্মণ নরবর
শক সমুদ্র কর অগিনি শশী।
চৈত্র কৃষ্ণা ষষ্ঠী জ্যেষ্ঠা মিলিও
বার বৃহস্পতি যাউলসী ॥"

এই পদ হইতে বুঝা যায় যে, ২৯৩ লক্ষ্মণাব্দে, ১৩২৭ শকাব্দের চৈত্র মাসে জ্যেষ্ঠা নক্ষত্রে বৃহস্পতিবার সন্ধ্যার সময় রাজা শিবসিংহের পিতা রাজা দেবসিংহ দেহত্যাগ করেন; সুতরাং বিদ্যাপতি যে ঐ শকাব্দে বর্ত্তমান ছিলেন, ইহা নিঃসন্দেহ। ১৩২৭ শকাব্দ চতুর্দ্দশ খৃষ্টাব্দেরই শেষভাগ। কর্ম্মাদিত্য ত্রিপাঠী নামে জনৈক সম্ভ্রান্ত মনীষী পণ্ডিত বিদ্যাপতির পূর্ব্বপুরুষ। এই কর্ম্মাদিত্য রাজমন্ত্রিপদে প্রতিষ্ঠিত ছিলেন। ইঁহারা বিসইবার বিসপী ব্রাহ্মণ। ইঁহাদিগের উপাধি ঠাকুর।

রাজা শিবসিংহের জ্যেষ্ঠতাত গণেশ্বর যখন মিথিলায় রাজ্যশাসন করেন, বিদ্যাপতি ঠাকুরের পিতা গণপতি ঠাকুর তখন তাঁহার সভাপণ্ডিত ছিলেন। এই গণপতি ঠাকুরই 'গঙ্গা-ভক্তি-তরঙ্গিণী' নামক সংস্কৃত গ্রন্থের রচয়িতা। ঐ গ্রন্থে রাজা গণেশ্বরের গুণগরিমা কীর্ত্তিত আছে।

জনরবে জানা যায়, রাজা শিবসিংহ বিদ্যাপতি অপেক্ষা বয়সে কনিষ্ঠ ছিলেন। প্রবাদ—বিদ্যাপতি শিবসিংহ অপেক্ষা দুই বৎসরের বড়। অল্প-বয়সেই বিদ্যাপতির কবিত্বশক্তি বিকসিত হইয়া উঠে; সুকবিত্বের সম্মানস্বরূপ তিনি বিসপী নামক গ্রাম প্রাপ্ত হন। শিবসিংহ যখন যুবরাজ-স্বরূপে অবস্থিত থাকিয়া রাজকার্য্য নির্ব্বাহ করিতেন, বোধ হয়, সেই সময়েই তিনি বিসপী গ্রাম বিদ্যাপতিকে দান করেন। বিদ্যাপতি শিবসিংহের অত্যন্ত প্রিয়পাত্র ছিলেন; কথিত আছে, এক সময়ে দিল্লীশ্বর রাজা শিবসিংহকে কারারুদ্ধ করিবার জন্য মিথিলা হইতে লইয়া যাইলে বিদ্যাপতি তাঁহার উদ্ধারমানসে দিল্লীশ্বরের দরবারে উপনীত হইয়াছিলেন। পরে সুযোগক্রমে স্বীয় কবিতাপ্রবাহে দিল্লীশ্বরকে মুগ্ধ করিয়া শিবসিংহের উদ্ধার-সাধন করেন। কিংবদন্তী আছে, সার্দ্ধ তিন বর্ষমাত্র রাজ্যশাসনের পর শিবসিংহ যবনের হস্তে যুদ্ধে নিধনপ্রাপ্ত হন। অনেকে বলেন, যুদ্ধের পর তিনি নিরুদ্দেশ হইয়া যান। ফল কথা, এ জনরব অনুমানমূলক।

বিদ্যাপতির বিদ্যাবত্তা অলৌকিকী। তিনি সংস্কৃত ভাষায় অদ্বিতীয় পণ্ডিত ছিলেন বলিলেও অত্যুক্তি হয় না। বহু শাস্ত্রগ্রন্থ তৎকর্ত্তৃক অধীত হইয়াছিল। তাঁহার পূর্ব্বে মৈথিলী ভাষায় কেহ কোন কাব্য রচনা করেন নাই। অল্পবয়সেই তিনি কাব্যরচনায় প্রবৃত্ত হন। তিনি তরুণ বয়সে দুইখানি গ্রন্থ রচনা করেন:—"কীর্ত্তিলতা" ও "কীর্ত্তিপতাকা।" সংস্কৃত ও প্রাকৃত এই উভয় ভাষার সংমিশ্রণে এই দুইখানি গ্রন্থ বিরচিত। কিন্তু পদাবলীর কোমল মার্জ্জিত ভাষা এই গ্রন্থদ্বয়ে লক্ষিত হয় না। কবি নিজে ইহাকে 'অবহট্ট ভাষা' আখ্যা দিয়াছেন।

বিসপী গ্রামের দানপত্র দেখিলে বুঝিতে পারা যায়, শিবসিংহের সিংহাসনারোহণের চারি মাস পরে বিদ্যাপতি রাজসভাপণ্ডিতের পদে নিযুক্ত হন। তৎকালে মিথিলা বিদ্যানুশীলনের প্রধান স্থান বলিয়া গণিত হইত এবং বহুসংখ্যক কৃতবিদ্য পণ্ডিত তথায় বাস করিতেন সত্য, কিন্তু

বিদ্যাপতিই যে সকলের অগ্রণী ছিলেন, তাহাতে অণুমাত্র সন্দেহ নাই।

শিবসিংহ যৎকালে রাজ্যশাসন করেন, তৎকালে বিদ্যাপতি "পুরুষ-পরীক্ষা" নামক একখানি সংস্কৃত গ্রন্থ রচনা করিয়াছিলেন। এই গ্রন্থে গদ্য ও পদ্য দুই প্রকার রচনাই দৃষ্ট হয়। এতদ্ভিন্ন রাধাকৃষ্ণ সম্বন্ধীয় বহুসংখ্যক পদ ও অনেকগুলি গীতও তিনি রচনা করেন।

শিবসিংহের দেহত্যাগের পর বিদ্যাপতি রাজ-বনৌলি নামক স্থানে প্রস্থান করেন। পুরাদিত্য নামে তথায় এক রাজা ছিলেন। তাঁহার আদেশে বিদ্যাপতি "লিখনাবলী" নামক একখানি সংস্কৃত গ্রন্থ প্রণয়ন করেন। উহাতে পত্রলিখন-প্রণালী বিশদরূপে বিবৃত আছে। এই গ্রন্থখানি রচনার প্রায় দশ বৎসর পরে তিনি উক্ত রাজ-বনৌলি নামক স্থানে থাকিয়াই ভাগবত গ্রন্থ রচনা করেন। তরৌণি গ্রামে এই বৃহৎ ভাগবত গ্রন্থ অদ্যাপি দেখিতে পাওয়া যায়। তিনি যে 'পুরুষ-পরীক্ষা' নামক গ্রন্থ প্রণয়ন করেন, তাহাতে তাঁহার 'মহামহোপাধ্যায়' উপাধি দৃষ্টিগোচর হয়।

রাজ-বনৌলি হইতে পুনরায় মিথিলায় প্রত্যাগত হইয়া বিদ্যাপতি অনেকগুলি গ্রন্থ রচনা করেন। তন্মধ্যে 'শৈবসর্ব্বস্বসার' 'দুর্গা ভক্তি-তরঙ্গিণী,' 'দানবাক্যাবলী' ও 'বিভাগসার' নামক ব্যবহারশাস্ত্রবিষয়ক গ্রন্থ বিশেষ উল্লেখযোগ্য।

বিদ্যাপতি-রচিত অনেক পদাবলীতে 'মহারাজ-পণ্ডিত' ও 'অভিনব জয়দেব' এই উভয় উপাধি-যুক্ত ভণিতা দেখিতে পাওয়া যায়। ফল কথা, বিসপী গ্রামের দানপত্রেও তাঁহার ঐ দুইটি উপাধি দৃষ্টিগোচর হইয়া থাকে।

বিদ্যাপতিকৃত পদাবলীর মধ্যে অনেক স্থানে "মন্দাকিনি" ও "দুল্লহি" এই দুইটি নাম দৃষ্ট হইয়া থাকে। সেই সকল পদাবলী পাঠে বুঝিতে পারা যায়, বিদ্যাপতির স্ত্রীর নাম মন্দাকিনী' এবং কন্যার নাম 'দুর্ল্লভা' ছিল। অনেকে "মন্দাকিনি' শব্দের 'মেনকা' অর্থও করিয়া থাকেন।

শিবসিংহের মৃত্যুর পর বিদ্যাপতি দ্বাত্রিংশৎ বর্ষ জীবিত ছিলেন। তাঁহার পুত্রের নাম 'হরপতি।' যখন বিদ্যাপতি গঙ্গাতীরে দেহত্যাগের মানসে যাত্রা করেন, তখন তিনি পুত্র হরপতিকে এইরূপ উপদেশ দিয়া যান—"বৎস! প্রজারঞ্জন করিবে, অতিথিসৎকার করিবে এবং রমণীকুলকে জননী তুল্য দর্শন করিবে।"

প্রবাদ আছে—যদি স্বপ্নে কোন আত্মীয় বা পরিচিত স্বর্গগত ব্যক্তিকে দৃষ্টিগোচর করা যায়, তবে স্বপ্নদ্রষ্টা আপনাকে আসন্নমৃত্যু বিবেচনা করিবে। বিদ্যাপতিও আসন্নকালে ঐরূপ একটি স্বপ্ন দেখিয়া যে পদাবলী রচনা করেন, তাহা এই স্থলে উদ্ধৃত হইল :—

"সপন দেখল হম শিবসিংহ ভূপ।
বতিস বরস পর সামর রূপ॥
বহুত দেখল গুরুজন প্রাচীন।
আব ভেলহু হম আয়ুবিহীন॥"

অর্থাৎ দ্বাত্রিংশৎ বর্ষ পরে আমি শ্যামলকান্তি শিবসিংহ ভূপতিকে স্বপ্নে দেখিলাম। গুরুজন ও প্রাচীন অনেককেও দেখিয়াছি। এখন আমি আয়ুর্হীন হইলাম।

কবিকুলতিলক জয়দেব যে প্রেমময় প্রস্রবণের দ্বার উদ্ঘাটিত করিয়া জগতে অমরত্ব লাভ করিয়াছেন, বিদ্যাপতি সেই অমৃতধারার প্রবাহ পথ সুবিস্তৃত করিয়া বঙ্গের শত সহস্র নরনারীর বিশুষ্ক হৃদয়ক্ষেত্র সুধাধারায় অভিষিক্ত করিয়া দিয়াছেন; তাঁহার সেই প্রেমময় সুখস্পর্শ হিল্লোলে রসিকের হৃদয়-বেলা পরিধৌত হইয়াছে। যে প্রেম ক্ষুদ্র হৃদয়মধ্য হইতে উদ্ভূত হইয়া নায়ক-নায়িকার ক্রীড়ারূপে সমস্ত বিশ্বব্রহ্মাণ্ডকে আলিঙ্গন করিতে সমর্থ হয়, আদিকবি বিদ্যাপতি সেই প্রেমপ্রতিষ্ঠার মধুময় বর্ণনের পথপ্রদর্শন করিয়া গিয়াছেন। যত দিন চন্দ্রসূর্য্য বিদ্যমান থাকিবে, আদিকবি বিদ্যাপতির যশঃপ্রভা তত দিন প্রোজ্জ্বল থাকিবে সন্দেহ নাই।
